মহাত্মা তুলসীদাস।

কৃত

বিনয় পত্রিকা।

প্রথম খণ্ড।

শ্রীযুক্ত মদন মোহন চৌধুরী বি এল

কর্ত্তৃক

বাঙ্গলা অক্ষরে মূল ও দুরূহ শব্দের

অর্থসহ

বাঙ্গলা পদ্যে অনুবাদিত

প্রকাশিত

লালগোলা মহারাজ প্রেসে

মহম্মদ কোবাদ আলির দ্বারা মুদ্রিত

সন ১৩৩৩ সাল।

মূল্য ১।০

বিজ্ঞাপন।

জগদ্বিখ্যাত এই মহাগ্রন্থ সুধী পাঠক পাঠিকগণের অবিদিত নহে। বঙ্গ ভাষাভিজ্ঞ ভাই ভগ্নি গণকে ইহার অমৃতোপম রসাস্বাদ দিবার অভিপ্রায়ে অনুবাদক স্বীয় মাতৃভাষায় ইহার অনুবাদ করিবার লোভ সম্বরণ করিতে না পারিয়া যথা সাধ্য এই অনুবাদ করিয়াছেন ও তাহাই লালগোলাধিপতি মহানুভব মহারাজা শ্রীযুত যোগীন্দ্র নারায়ন রায় বাহাদুরের সাহায্যে পাঠক পাঠিকাগণের কৌতুহল পরিতৃপ্তি নিমিত্ত খণ্ডাকারে ৫০০ পাঁচ শত কপি মাত্র মুদ্রিত হইতেছে। ইহা দুই খণ্ডে সম্পূর্ণ হইবে। উপস্থিত প্রথম খণ্ড যাহা মুদ্রিত হইয়াছে অনুবাদকের সাহায্যার্থে তাহার খরচানুযায়ী নাম মাত্র মূল্য ১।০ ধরিয়া ইহা তাড়াতাড়ি পাঠক পাঠিকাগণের সম্মুখে উপস্থিত করা হইতেছে। সহৃদয় পাঠক পাঠিকাগণ এই অমূল্য রত্নের সারবত্তার প্রতি দৃষ্টি রাখিয়া অনুবাদকের ত্রুটী ও ছাপার দোষ মার্জ্জনা করিলে চরিতার্থ হইব।

গ্রাহকগণ সত্বর হউন এবং আপাততঃ ভিপি যোগে এই প্রথম খণ্ড গ্রহণ করতঃ নিম্ন লিখিত ঠিকানায় নিজেদের নাম রেজেষ্টরী করুন তাহা হইলে দ্বিতীয় খণ্ড ছাপা হইবামাত্র অগ্রে তাঁহাদের নিকট প্রেরিত হইবে। বিলম্বে বিফল মনোরথ হইবার সম্ভব। বিস্তরেণালম।

বিনীত

শ্রীমদন মোহন চৌধুরী বি এল

পুরুলীয়া পোঃ

মহাত্মা তুলসী দাস।

কৃত

বিনয় পত্রিকা।

শ্রীযুত মদন মোহন চৌধুরী বি, এ

কর্তৃক

বাঙ্গলা অক্ষরে মুল ও দুরূহ শব্দের

অর্থসহ

বাঙ্গলাপদ্যে অনুবাদিত

ও

প্রকাশিত

শ্রীগণেশায় নমঃ।

শ্রীমদ্ গোস্বামী তুলসীদাস বিরচিত

বিনয় পত্রিকা।

বিনয় পত্রিকা (১)

মূল।

(রাগ বিলাবল :)

গণেশ স্তুতি :

গাইয়ে গণপতি [১]জগবন্দন।
[২]শঙ্করসুবন [৩]ভবানীনন্দন ॥১॥
[৪]সিদ্ধিসদন গজবদন বিনায়ক।
কৃপাসিন্ধু সুন্দর [৫]সবলায়ক ॥২॥
[৬]মোদকপ্রিয় মুদমঙ্গলদাতা।
বিদ্যাবারিধি বুদ্ধিবিধাতা ॥৩॥
মাঁগত তুলসীদাস করজোরে।
বসহিঁ রামসিয় মানস মোরে ॥৪॥

---

(১) বিশ্বপূজ্য। (২) শিবসুত। (৩) ভবানীর আনন্দদায়ক। (৪) অষ্ট সিদ্ধির আগার। অষ্ট সিদ্ধি যথা :—অণিমা, মহিমা, গরিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব। (৫) সকল বিষয়ে সমর্থ। (৬) মোদকে মুদিত।

অনুবাদ।

গণেশের স্তুতি।

বিশ্বপূজ্য ১গণপতিযশ গান কর।
শিবাণীর সুখপ্রদ ২শিবসুত বর ॥১॥
গজানন বিনায়ক সিদ্ধির আগার।
৩সবসমরথ রম্য কৃপাপারাবার ॥২॥
৪মোদকে ৫মুদিত ৬মুদমঙ্গলের দাতা।
বিদ্যার ৭বারিধি প্রভু বুদ্ধির বিধাতা ॥৩॥
যাচয়ে তুলসীদাস করযোড় করি।
বসুন শ্রীরাম সীতা মম হিয়াপরি ॥৪॥

---

(১) গণপতির (গণেশের) যশ। (২) শিবের পুত্র। (৩) সকল বিষয়ে সমর্থ। (৪) মিষ্টান্নে। (৫) সন্তুষ্ট, খুসী। (৬) আনন্দ। (৭) সাগর।

মূল ।

সূর্য্যস্তুতি ।

দীনদয়ালু দিবাকর দেবা
কর মুনি মনুজ সুরাসুর সেবা ॥১॥
হিম [১]তম [২]করি [৩]কেহরি করমালী ।
[৪]দহন দোষদুখ [৫]দুরিত [৬]রুজালী ॥২॥
[৭]কোক [৮]কোকনদ [৯]লোক প্রকাশী ।
তেজ প্রতাপরূপ [১০]রসরাশী ॥৩॥
সারথি পঁগু দিব্যরথগামী ।
হরিশঙ্করবিধিমূরতি স্বামী ॥৪॥
বেদ পুরাণ প্রগটযশ জাগৈ ।
তুলসী রামভক্তিবর মাঁগৈ ॥৫॥

---

(১) অন্ধকার। (২) করী (হস্তি)। (৩) কেশরী (সিংহ)। (৪) দগ্ধকারী বহ্নি। (৫) পাপ। (৬) রোগ সমূহ। (৭) চক্রবাক। (৮) কমল। (৯) সংসার। (১০) উৎপাদিকা শক্তি।

অনুবাদ।

সূর্য্যস্তুতি।

দীনে দয়াবান প্রভো দেব! দিবাকর।
তব সেবা করে মুনি সুরাসুর নর ॥১॥
[1]হিমতমকরীহরি [2]করমালাধারী।
[3]দোষ দুখ পাপ রোগচয় নাশকারী ॥২॥
[4]কোক ও কমল [5]লোকে প্রফুল্লিত কর।
তেজ পরতাপরূপ রসরাশি ধর ॥৩॥
সারথি যদিও পঙ্গু দিব্যরথগামী।
হরি শিব বিধির [6]মূরতি তুমি স্বামী ॥৪॥
বেদ ও পুরাণে পরকাশ্যে যশ জাগে।
তুলসী রামের প্রতি ভক্তিবর মাগে ॥৫॥

---

(১) হিম ও অন্ধকার রূপ করীর পক্ষে সিংহস্বরূপ। (২) কিরণ-মালাধারণকারী (৩) অপরাধ। (৪) রাত্রিকালে চক্রবাক ও চক্র-বাকীর বিচ্ছেদ জনিত বিরহ হয় এবং সূর্য্যোদয়ে বিরহগতে প্রফুল্লিত হয়। (৫) লোককে, সংসারকে। (৬) মূর্ত্তি—অর্থাৎ উদয়ে ব্রহ্মার স্বরূপ, মধ্যাহ্নে শিবের স্বরূপ ও অস্তকালে বিষ্ণু স্বরূপ।

মূল।

শিবস্তুতি।

কো জাচিয়ে শম্ভু তজি আন।
দীনদয়ালু [১]ভক্তআরতহর, সব
প্রকার সমরথ ভগবান ॥১॥
কালকূটজ্বর জরত সুরাসুর নিজ
পণ লাগি কীহ্ন বিষ পান।
দারুণ দনুজ জগত দুখ দায়ক
মার্‍য়ো ত্রিপুর একহী বান ॥২॥
জো গতি অগম মহামুনিদুর্লভ,
কহত [২]সন্ত শ্রুতি সকল পুরাণ।
সো গতি মরণকাল অপনে পুর,
দেত সদা শিব সবহিঁ সমান ॥৩॥
সেবত সুলভ [৩]উদার কল্পতরু,
পারবতীপতি পরম [৪]সুজান।
দেহু কামারিপু রামচরণ রতি,
তুলসিদাসকহঁ কৃপানিধান ॥৪॥

১। ভক্তের আর্ত্তি (পীড়া) হরণকারী। ২। সাধুসন্ত।
৩। দাতা। ৪। সুবিজ্ঞ।

অনুবাদ।

শিবস্তুতি।

শম্ভুকে ভজিয়া কেবা যাচিবে অপরে।
দীনে দয়াবান-[১]ভক্তআরতি যে হরে
ভগবান সমরথ সকল প্রকারে ॥১॥
[২]কালকূটজ্বরে সুরাসুর যবে[৩]জরে।
নিজ পণ লাগি প্রভু বিষ পান করে ॥
দারুণ [৫]দনুজ বিশ্বে দুখ দেয় যবে।
মারেন [৬]ত্রিপুরে প্রভু একি বাণে তবে ॥২॥
[৭]মহামুনিদুরলভ অগম্য যে গতি।
নিগম পুরাণ সব কহে সাধুমতি ॥
সেই গতি [৮]নিজপুরে মৃত্যুকালে দান।
করেন সতত শিব সকলে সমান ॥৩॥
[৯]সেবিলে সুলভ দাতা কল্পতরু সম।
[১০]পারবতীপতি প্রভু সুবিজ্ঞ পরম ॥
দেহ [১১]কামরিপো ! রতি রামের চরণে।
কৃপার নিধান প্রভো ! তুলসীর মনে ॥

১। ভক্তের আর্ত্তি (পীড়া)। ২। কাল কূট বিষের জ্বালায়। ৩। দগ্ধ হয়। ৪। দীনের দুঃখ নিবারণ রূপ নিজ প্রতিজ্ঞা পূরণ হেতু। ৫। দৈত্য। ৬। ত্রিপুরাসুরকে। ৭। মহামুনিগণ দুর্লভ। ৮। আপন পুরী কাশীধামে। ৯। সামান্য সেবা করিলেই। ১০। পার্ব্বতীর পতি। ১১। হে কামের রিপু (বৈরী)।

মূল।

রাগ ধনাশ্রী।

দানী কহুঁ শঙ্কর সম নাহীঁ।
দীন দয়ালু [১]দিবোই ভাবৈ, যাচক
সদা [২]সোহাহীঁ ॥১॥
মারিকৈ মার থপ্যো জগমেঁ, জাকী
প্রথম [৩]রেখ [৪]ভটমাহীঁ। তা [৫]ঠাকুরকো
[৬]রীঝি [৭]নিবাজিবো, কহ্যৌ ক্যোঁ পরত
মোপাহীঁ ॥২॥
যোগ কোটি করি জো গতি [৮]হরিসোঁ,
মুনি মাঁগত [৯]সকুচাহীঁ। বেদ বিদিত
তেহি পদ [১০]পুরারিপুর কীট পতঙ্গ
সমাহীঁ ॥৩॥
ঈশ উদার উমাপতি পরিহরি,
অনত যে যাচন জাহীঁ। তুলসিদাস
তে মূঢ় [১১]মাঁগনে, কবহুঁ ন পেট
[১২]অঘাহীঁ ॥৪॥

১। (যাঁহার) দানই ভাল লাগে। ২। শোভা পায়। ৩। গণনা। ৪। বীর মধ্যে। ৫। ঠাকুরের। ৬। প্রসন্ন হইয়া। ৭। কৃপা করণ। ৮। হরির নিকট। ৯। সঙ্কুচিত হন। ১০। কাশীধামে। ১১। যাচক। ১২। পূরে না।

অনুবাদ।

কোথাও শঙ্কর সম দাতা নাহি আর।
[১]দীনে দয়াবান, দান ভাল লাগে যার।
সতত যাচকগণ শোভয়ে তাঁহার ॥১॥
মারিয়া [২]মারকে বিশ্বে [৩]থাপিলা আবার।
প্রথমেই বীরমাঝে গণনা যাহার ॥
প্রসন্ন হইয়া সেই প্রভুর করণ।
কি সাধ্য আমার কহি করি বরণন ॥২॥
কোটি যোগ করি হরিপাশে যেই গতি।
যাচিতেও মুনিগণ সঙ্কুচিত অতি ॥
কহে বেদ সেই [৪]ধাম শিবের নগরে।
কীট ও পতঙ্গগণ [৫]পরবেশ করে ॥৩॥
ঈশ্বর [৬]উদার উমাপতি পরিহরি।
অন্যত্র যাচক যেহ যায় ধরাপরি ॥
যাচক তুলসীদাস। মূঢ় সেইনর।
কখনো কোথাও তার না পূরে উদর ॥৪॥

---

(১) দীনের প্রতি। (২) কামদেবকে। (৩) স্থাপন করিলেন অর্থাৎ রতির বিলাপে দয়া করিয়া অনঙ্গরূপে জগতে রাখিলেন। (৪) মোক্ষধাম। (৫) প্রবেশ। (৬) দাতা।

মূল।

[১]বাবরো [২]রাবরো [৩]নাহ ভবানী।
দানিবড়ো দিন দেত [৪]দয়েবিন,
বেদ বড়াই [৫]ভানী ॥১॥
নিজ ঘরকী বরবাত বিলোকহু,
হো তুম পরম [৬]সয়ানী শিবকীদই
সম্পদা দেখত, শ্রীসারদা [৭]সিহানী ॥২॥
জিনকে ভাল লিখী লিপি মেরী,
সুখকী নহীঁ [৮]নিশানী। তিহু [৯]রঙ্কনকো
[১০]নাক সঁবারত হৌঁ আয়ো [১১]নকবানী ॥৩॥
দুখী দীনতা দুখিয়নকে দুখ, যাচকতা
অকুলানী। য়হ অধিকার সৌঁপিয়ে
ঔরহি, ভীখ ভলিমৈঁ জানী ॥৪॥
প্রেমপ্রশংসা বিনয় ব্যঙ্গযুত সুনি
বিধিকী বরবাণী। তুলসী মুদিত
মহেশ মনহিঁ মন জগত মাতু [১২]মুসুকানী ॥৫॥

---

(১) বাতুল। (২) তোমার। (৩) পতি। (৪) দান না করিলেও। (৫) (বেদ বাক্যের মর্য্যাদা) নষ্ট করিয়া। (৬) চতুরা। (৭) প্রশংসা করেন। (৮) চিহ্ন। (৯) গরীবের জন্য। (১০) স্বর্গ। (১১) ক্লান্ত। (১২) হাস্য করিলেন।

অনুবাদ।

(পার্ব্বতীর প্রতি ব্রহ্মার উক্তিচ্ছলে শিবস্তুতি)

বাতুল তোমায় পতি হেরহ ভবানী।
[১]দান বিনা দেননিত অতিশয় দানী,
অসত্য করিয়া তায় নিগমের বাণী ॥১॥
আপন ঘরের দশা কর বিলোকন।
পরম চতুরা তুমি বিদিত ভুবন ॥
শিবদত্ত সম্পদ করিয়া দরশন।
করেন [২]সারদা [৩]রমা অতি প্রশংসন ॥২॥
হেরহ কপালে লিপি লিখিত আমার।
সুখের নাহিক চিহ্ন তাহাতে যাহার ॥
সেই গরবের [৪]ভালে স্বরগলিখন।
করিতে করিতে ক্লান্ত হয়েছি এখন ॥৩॥
দীনতা দুঃখিত, দুঃখ দুঃখী অতিশয়।
যাচকতা আকুলিত না পেয়ে [৫]আলয় ॥
এই অধিকার আনে করি সমর্পণ।
"ভিক্ষাকরা ভাল মোর বুঝেছি এখন ॥৪॥
প্রেম পরশংসা ব্যঙ্গযুত সুবিনয়।
বিধাতার বর বাণী শুনি অতিশয় ॥
তুলসি! মহেশ মনে মনে প্রমুদিত।
জগতজননী হাসে হয়ে হরষিত ॥৫॥

---

(১) দান না করিলেও, বেদের বচন এই যে যে দান করে সেই দান পায়। (২) সরস্বতী। (৩) লক্ষ্মী। (৪) কপালে। (৫) থাকিবার স্থান অর্থাৎ মহাদেবের কৃপায় জগতে দীনতা দুঃখ ও যাচকতা কুত্রাপি থাকিবার স্থান পাইতেছে না।

মূল।

(রাগ রামকলী।)

যাচিয়ে গিরিজাপতি কাশী।
জাসু ভবন [১]অনিমাদিক দাসী ॥১॥
[২]ঔঢর দানি [৩]দ্রবত পুনি থোরে।
সকত ন দেখি দীন করজোরে ॥২॥
সুখ সম্পতি [৪]মতি [৫]সুগতি [৬]সুহাই।
সকল সুলভ শঙ্কর সেবকাই ॥৩॥
গয়ে শরণ [৭]আরতকে লীন্হে।
নিরখি [৮]নিহাল নিমিষমহঁ কীন্হে ॥৪॥
তুলসিদাস যাচক যশ গাবৈ।
বিমল ভক্তি রঘুপতিকী পাবৈ ॥৫॥

---

(১) অনিমা, মহিমা, গরিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব এই অষ্ট সিদ্ধি। (২) অতিশয়। (৩) করুণায় দ্রবীভূত (বিগলিত)। (৪) বুদ্ধি। (৫) মোক্ষ। (৬) সুন্দরতা। (৭) দুঃখীকে। (৮) অতীব সৌভাগ্যশালী।

অনুবাদ।

গিরিজাপতির পাশে করহ যাচন।
অনিমাদি দাসী যাঁর কাশী সুভবন ॥১॥
দানী অতি [১]অলপেই [২]দ্রবীভূত পুন।
হেরিতে [৩]অশক্ত করযোড়ে [৪]দীনে শুন ॥২॥
সুকৃতি সম্পত্তি সুখ সুগতি [৫]সুকায়।
সকল সুলভ অতি শিবের [৬]সেবায় ॥৩॥
শরণ লইতে গেলে দুঃখীকে নেহারি।
করেন নিমেষে তায় ভাগ্যবান ভারি ॥৪॥
যাচক তুলসীদাস যশ গান করে।
রামের বিমল ভক্তি লভিবার তরে ॥৫॥

১। অল্পমাত্র ভজন করিলেই। ২। করুণার্দ্র চিত্ত। ৩। অক্ষম—অর্থাৎ দীনের দীনতা দেখিতে না পারিয়া তৎক্ষণাৎ তাহার দুঃখের অবসান করেন। ৪। দীনকে। ৫। সুন্দর কায়া। ৬। সেবা করিলে।

কসন দীনপর দ্রবহু [১]উমাবর।
দারুণ বিপতি [২]হরণ করুণাকর ॥১॥
বেদ পুরাণ কহত উদার হর।
[৩]হমারিবার কস ভয়হু কৃপণতর ॥২॥
কবনি ভক্তি কীহ্নী [৪]গুণনিধি দ্বিজ।
হৈ্‌ প্রসন্ন দীন্হেহু শিব পদ নিজ ॥৩॥
জো গতি অগম মহামুনি গাবহিঁ।
তব পুর কীট পতঙ্গহু পাবহিঁ ॥৪॥
দেহু কামরিপু রামচরণ রতি।
তুলসিদাস প্রভু হরহু ভেদমতি ॥৫॥

১। উমার পতি। ২। হরণকারী। ৩। আমার বেলায়। ৪। গুণনিধি নামে এক ব্রাহ্মণ অতিশয় চোর ছিল। একদিন সে শিবের মাথায় পা দিয়া মন্দিরের সোণার ঘণ্টা পাড়িতেছিল। পূজারী দেখিতে পাইয়া উহাকে এরূপ প্রহার করে যে সে তাহাতে পঞ্চত্ব প্রাপ্ত হয়। পরন্তু মহাদেব উহার প্রতি দয়া করিয়া উহাকে কৈলাস বাস প্রদান করেন।

অনুবাদ ।

দীনে দয়া কেন নাহি কর [১]উমাবর ।
বিপত্তিনাশক তুমি দয়ার আকর ।।১।।
বেদ ও পুরাণ কহে [২]হর দাতা হন ।
আমার বেলায় কেন হইলে কৃপণ ।।২।।
দ্বিজ [৩]গুণনিধি কিবা করিল ভকতি ।
নিজ [৪]পদ দিলে তায় দয়াকরি অতি ।।৩।।
যে [৫]গতি অগম্য অতি [৬]মহামুনি গায় ।
কীট ও পতঙ্গ তাহা [৭]ভবপুরে পায় ।।৪।।
দেহ [৮]কামরিপু [৯]রামচরণে [১০]সুরতি ।
[১১]হর প্রভু তুলসীদাসের [১২]ভেদমতি ।।৫।।

১। উমাপতি। ২। মহাদেব। ৩। গুণনিধি নামক ব্রাহ্মণ। ৪। কৈলাসবাস। ৫। অর্থাৎ মোক্ষ। ৬। বড় বড় মুনিগণ। ৭। কাশীধামে। ৮। কামদেবের বৈরী। ৯। রামের চরণে। ১০। অনুরাগ। ১১। হরণ কর। ১২। অহঙ্কার অর্থাৎ নিজকে বড় ও অপরকে ছোট জ্ঞান করা অথবা জীব ও ব্রহ্মে পার্থক্য জ্ঞান করা।

মূল।

দেব বড়ে দাতা বড়ে [১]শঙ্কর বড়ে [২]ভোরে।
কিয়ে দূর দুখ সবনকে জিন জিন করজোরে ॥১॥
সেবা সুমিরণ পূজিবো, [৩]পাত [৪]অখত থোরে।
দইজগ জহঁ লগি সম্পদা, সুখগজরথ [৫]ঘোরে ॥২॥
[৬]গাঁব বসত মৈঁ বামদেব, কবহুঁন [৭]নিহোরে।
[৮]অধিভবতিক বাধা ভই, তে কিঙ্কর তোরে ॥৩॥
বেগি [৯]বোলি [১০]বরজিয়ে, [১১]করতূতি কঠোরে।
তুলসী [১২]দল রুঁধ্যো চহৈঁ, শঠ [১৩]শাখি [১৪]সিহোরে ॥৪॥

১। কল্যাণকারী। ২। ভোলা অর্থাৎ সহজেই প্রসন্ন হও। ৩। বেলপাত। ৪। অক্ষত (চাউল)। ৫। ঘোড়া। ৬। (তোমার) গ্রাম অর্থাৎ কাশী। ৭। অনুরোধ করিয়াছি, প্রার্থনা করিয়াছি। ৮। আধিভৌতিক অর্থাৎ শারীরিক। ৯। ডাকিয়া। ১০। নিষেধ করিয়া দেন। ১১। কর্ম্ম। ১২। দলন করিয়া অর্থাৎ উৎপাটন করিয়া। ১৩। শাখী, তরু। ১৪। শেওড়া।

অনুবাদ ।

[১]দেব বড় দাতা বড় শুভকর হন ।
সহজেই পরসন্ন করিলে ভজন ॥
সকলেরি দুখ দূর করেন শঙ্কর ।
যেবা যেবা ভজে তাঁয় যুড়ি দুই কর ॥১॥
সেবিলে স্মরিলে কিম্বা পূজন করিলে ।
সামান্য অক্ষত বেলপাতা পদে দিলে ॥
জগতে সম্পদ বলি আছে যতদূর ।
গজ রথ ঘোড়া সুখ দেন পরচুর ॥২॥
[২]বামদেব ! [৩]ভবপুরে বাস করি আমি ।
যাচন না করিয়াছি কভু কিছু [৪]স্বামি ॥
দেয় অতিশয় পীড়া শরীরে আমার ।
কাম ক্রোধ আদি ভূত কিঙ্কর তোমার ॥৩॥
ত্বরা করি ডাকি বল ভূতগণে মোর ।
না করে তাহারা যেন করম কঠোর ॥
[৫]তুলসী [৬]দলিয়া চাহে করিতে রোপণ ।
শেওড়া [৭]বিটপী প্রভো ! সেই শঠগণ ॥৪॥

---

(১) মহাদেব । (২) মহাদেবের নাম । (৩) কাশীধামে । (৩) হে স্বামী । (৫) অর্থাৎ আমার হৃদয়ে আপনার প্রতি ভক্তিরূপ তুলসী বৃক্ষকে । (৬) নাশিয়া উৎপাটন করিয়া । (৭) অর্থাৎ বিষয়বাসনারূপ শেওড়া গাছ ।

মূল।

শিব শিব হোই প্রসন্ন করু দায়া।
করুণাময় উদারকীরতি বলি [১]জাউঁ
হরহু নিজ মায়া ॥১॥
জলজনয়ন [২]গুণঅয়ন [৩]ময়নরিপু, মহিমা
জান ন কোই। বিনু তব কৃপা [৪]রামপদপঙ্কজ,
সপনেহু ভগতি ন হোই ॥২॥
রিষী সিদ্ধ মুনি [৫]মনুজ [৬]দনুজ সুর, অপর জীব
জগমাহীঁ। তব পদ বিমুখ ন পার পাব
কোউ কলপকোটি চলি জাহীঁ ॥৩॥
[৭]অহিভূষণ [৮]দূষণারিপুসেবক, দেব দেব
ত্রিপুরারী। [৯]মোহনিহারদিবাকর শঙ্কর,
শরণ শোক ভয়হারী ॥৪॥
গিরিজামনমানস মরাল, কাশীশ
[১০]মশান নিবাসী। তুলসিদাস হরিচরণ
কমলবর, দেহু ভগতি অবিনাশী ॥৫॥

১। (তোমার) বালাই লই। ২। গুণালয়। ৩। কাম-রিপু। ৪। রামের পাদপদ্মে। ৫। নর। ৬। দৈত্য। ৭। অহি (সর্প) ভূষণ যাঁর। ৮। দূষণ রাক্ষসের রিপু (রাম-চন্দ্র) সেবক (দাস) যাঁর বা যিনি রামচন্দ্রের দাস। ৯। মোহ-রূপ নিহার নাশ করিতে দিবাকর (সূর্য্য) স্বরূপ। ১০। শ্মশান-বাসী।

অনুবাদ।

[১]শিবশিব ! পরসন্ন হয়ে মোর প্রতি ;
দয়াকর কৃপাময় উদারকীরতি ॥
বালাই লইয়া করি চরণে মিনতি।
হরহ আপন মায়া মোহকরী অতি ॥১॥
[২]কামরিপু গুণালয় [৩]কমলজনয়ন।
তোমার মহিমা নাহি জানে কোন জন ॥
তবকৃপাবিনা [৪]রামচরণকমলে।
স্বপনেও কদাচ ভকতি নাহি মিলে ॥২॥
ঋষি সিদ্ধ মুনি নর দৈত্য সুরগণ।
জগতে অপর যত আছে জীবগণ ॥
তব পদ-বিমুখ ন কেহ পার পায় ;
যদিও কলপ কোটি কোটি চলি যায় ॥৩॥
[৫]ভুজগভূষণ [৬]দূষণারি-সুসেবক।
[৭]দেবদেব ত্রিপুরারি ! তুমি মাত্র এক ॥
[৮]মোহনীহারের তুমি হও দিবাকর।
[৯]শরণে [১০]শঙ্কর তুমি শোকভয়হর ॥৪॥
[১১]গিরিজামনমানসে তুমিহ মরাল।
কাশীশ শ্মশানবাসী তুমি মহাকাল ॥
তুলসীকে দেহ বর দয়া করি অতি।
হরিপদে হয় যেন অচলা ভকতি ॥৫॥

১। কল্যাণ স্বরূপ (হে শিব!) ২। কামদেবের শত্রু। ৩। কমল সদৃশ নয়ন বিশিষ্ট। ৪। রামের পাদপদ্মে। ৫। ভুজগ (সর্প) তোমার ভূষণ। ৬। দূষণারি (রামচন্দ্র) তোমার সুসেবক। ৭। দেবতারও দেবতা। ৮। মোহরূপ তুষারের। ৯। শরণ লইলে। ১০। মঙ্গলকারী। ১১। গিরিজার মন রূপ মানস সরোবরে।

মূল।—(রাগ ধনাশ্রী)

মোহতম [১]তরণি হর রুদ্র শঙ্কর [২]শরণ,
[৩]হরণ মম শোক লোকাভিরামং। বাল-
শশীভাল, সুবিশাল লোচনকমল, কাম
শত কোটি [৪]লাবণ্য-ধামং ॥১॥
[৫]কম্বু [৬]কুন্দেন্দু-কর্পূর [৭]বিগ্রহ রুচির, তরুণ
রবি কোটি [৮]তন-তেজ [৯]ভ্রাজৈ। ভস্ম সর্ব্বাঙ্গ
অরধাঙ্গ শৈলাত্মজা, [১০]ব্যাল-নৃকপালমালা
বিরাজৈ ॥২॥
[১১]মৌলিসঙ্কুলজটামুকুট [১২]বিদ্যুতচ্ছটা, তটিনি
[১৩]বরবারি [১৪]হরিচরণপূতং। শ্রবণকুণ্ডল
গরলকণ্ঠ [১৫]করুণাকন্দ, সচ্চিদানন্দবন্দেহং
[১৬]বধূতং ॥৩॥
শূলসায়ক পিনাকাসিকর শত্রুবনদহন
ইব [১৭]ধূমধ্বজ বৃষভযানং। ব্যাঘ্রগজচর্ম্ম
পরিধান বিজ্ঞানঘন, সিদ্ধি-সুর-মুনি-মনুজ-
সেব্যমানং ॥৪॥

১। রবি। ২। শরণ লইলাম। ৩। হরণকারী। ৪। লাবণ্যভবন। ৫। শঙ্খ। ৬। কুন্দ কবরী পুষ্প বিশেষ+ইন্দু-চন্দ্র। ৭। দেহ অর্থাৎ শঙ্খাদির ন্যায় শুভ্র দেহকান্তি বিশিষ্ট। ৮। তনুর তেজ—জ্যোতি। ৯। শোভা পায়। ১০। সর্প ও নরকপালের মালা। ১১। মস্তক। ১২। বিদ্যুতের ন্যায় দীপ্তিমান। ১৩। গঙ্গা নদীর শ্রেষ্ঠ সলিল। ১৪। হরির চরণ হইতে নিঃসৃত হেতু সুপবিত্র। ১৫। কৃপাঘন। ১৬। সন্ন্যাসী। ১৭। অনল।

অনুবাদ ।

[১]মোহতমরবি [২]লোকাভিরাম শঙ্কর ।
লইনু শরণ মম শোক নাশ কর ॥
[৩]বালশশী [৪]ভালে শোভে কমললোচন ।
শতকোটি কাম জিনি [৫]লাবণ্যভবন ॥১॥
কুন্দেন্দু কর্পূর কম্বু সম শুভ্র কায় ।
কোটি যুবা রবি জিনি তনু শোভাপায় ॥
সরবাঙ্গে [৬]ভসম গিরিজা অরধাঙ্গে ।
শোভে মালা [৭]গাথা নরকপালভুজঙ্গে ॥২॥
জটার মুকুট শিরে [৮]তড়িতাভাযুত ।
[৯]হরিপদবিনিঃসৃত গঙ্গাবারি পূত ॥
শ্রবণে কুণ্ডল কণ্ঠে বিষ, [১০]কৃপাঘন ।
প্রণমি সচ্চিদানন্দ সন্ন্যাসী রতন ॥৩॥
[১১]সায়ক [১২]পিনাক [১৩]অসি [১৪]শূল ধরি করে ।
[১৫]বৃষযান অনলেব শত্রুবন [১৬]জরে ॥
[১৭]জ্ঞানঘন ব্যাঘ্রগজচর্ম্ম পরিধান ।
সিদ্ধ-সুর মুনি-মানবের [১৮]সেব্যমান ॥৪॥

১। মোহরূপ অন্ধকার নাশিতে সূর্য্য স্বরূপ। ২। লোকের মনোরঞ্জনকারী। ৩। বক্র। ৪। কপালে। ৫। শোভার আলয়। ৬। ভস্ম ছাই। ৭। গ্রথিত। ৮। বিদ্যুতের ন্যায় দীপ্তি বিশিষ্ট। ৯। হরির চরণ হইতে নির্গত। ১০। কৃপারূপ বারি বর্ষণে মেঘ স্বরূপ। ১১। বাণ। ১২। ধনু। ১৩। খড়্গ। ১৪। ত্রিশূল. ১৫। বৃষ বাহন যাঁর। ১৬। দগ্ধ করে। ১৭। জ্ঞান বর্ষণে মেঘ স্বরূপ। ১৮। পূজনীয়।

মূল।

[১]তাণ্ডবিত নৃত্যপর ডমরু ডিণ্ডিম [২]প্রবর,
অশুভইব ভাতি কল্যাণরাশী। মহা-
[৩]কল্পান্ত ব্রহ্মাণ্ডমণ্ডল [৪]দবন, ভবন
কৈলাস আসীন কাশী ॥৫॥
[৫]তত্ত্বজ্ঞ সরবজ্ঞ যজ্ঞেশ [৬]অচ্যুত [৭]বিভো,
বিশ্ব ভবদংশসম্ভব পুরারী। ব্রহ্মেন্দ্র
[৮]চন্দ্রার্ক বরুণাগ্নি বসু মরুত যম, [৯]অরচি
[১০]ভবদংঘ্রি সর্ব্বধিকারী ॥৬॥
অকল [১১]নিরুপাধি নিরগুণ নিরঞ্জন
ব্রহ্ম, কর্ম্মপথমেকমজ নির্ব্বিকারং।
অখিল বিগ্রহ উগ্ররূপ শিবভূপসুর
সর্ব্বগত সর্ব সর্বোপকারং ॥৭॥
জ্ঞান বৈরাগ্য ধন ধর্ম [১২]কৈবল্য সুখ,
সুভগ সৌভাগ্য শিবসানুকূলং। তদপি
নর মূঢ় আরূঢ় সংসারপথ, ভ্রমতভব
বিমুখ তব পাদমূলং। ৮॥
নষ্টমতি দুষ্টঅতি,কষ্টরত খেদগত,
দাস তুলসী শম্ভু শরণ আয়া। দেহি
কামারি শ্রীরামপদপঙ্কজে, ভক্তি-
মনবরত গতভেদমায়া ॥৯॥

১। তণ্ড নামক মুনি প্রথমে নৃত্য প্রণালি শিক্ষা দেন সেই হেতু শিবের নৃত্যকে তাণ্ডব নৃত্য বলে। ২। অতি সুন্দর। ৩। মহাপ্রলয়ে। ৪। নাশকারী। ৫। তত্ত্বজ্ঞ। ৬। অক্ষয়। ৭। সমর্থ। ৮। চন্দ্র+সূর্য্য। ৯। অর্চনা করিয়া। ১০। আপনার চরণ। ১১। শুদ্ধ স্বরূপ। ১২। মোক্ষ।

বিনয় পত্রিকা (১০)

অনুবাদ।

ডিম ডিম ডমরু বাজায়ে নৃত্য কর।
শুভরাশি হয়ে অশুভের, বেশ ধর ॥
[১]মহাপরলয়েতুমি ব্রহ্মাণ্ড [২]বিনাশী।
কাশীতে আসীন সদা কৈলাস নিবাসী ॥৫॥
তত্বজ্ঞ সর্বজ্ঞ বিভো! যজ্ঞেশ অক্ষয়।
তব অংশে সমুদ্ভব বিশ্বে সমুদয় ॥
ব্রহ্মেন্দ্র বরুণ যম [৩]বসুগণ আর।
তব পদ পূজি লভিয়াছে অধিকার ॥৬॥
[৪]অকল নির্গুণ শুদ্ধ [৫]নিরঞ্জন আর।
অজ ব্রহ্ম [৬]করমারগে নির্বিকার ॥
[৭]সুরভূপ শিব উগ্র বিশ্বরূপধারী।
[৮]সর্বগত সর্বপ্রকারে হিতকারী ॥৭॥
ধন ধর্মজ্ঞান সুখ বৈরাগ্য মুকতি।
শোভন সৌভাগ্য [৯]শিব-সানুকূলে অতি ॥
তথাপি সংসারপথে মূঢ় নরগণ।
তব পাদমূল তজি করয়ে ভ্রমণ ॥৮॥
মতিহীন দুষ্ট কষ্টে পড়ি দুঃখী মন।
আইলা তুলসী শিব লইতে শরণ ॥
কামারি! শ্রীরামপদকমলে [১০]নিরত।
দাও [১১]ভেদমায়াহীন ভকতি সতত ॥৯॥

১। প্রলয়ে। ২। বিনাশকারী। ৩। অষ্ট বসু যথা:— ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যুষ, প্রভাস, রবি। ৪। কলা রহিত অর্থাৎ সম্পূর্ণ সর্ব্বদা একরূপ। ৫। মায়ামোহশূন্য। ৬। কর্ম্মপথে। ৭। দেবতার রাজা। সর্ব্বব্যাপী। ৯। শিবের প্রসাদে। ১০। আসক্ত। ১১। দ্বৈতভাব ও মায়াহীন।

মূল।

ভীষণাকার ভৈরব ভয়ঙ্কর ভূতপ্রেত-
[১]প্রমথাধিপতি বিপত্তিহরতা ॥
মোহমূষকমার্জার সংসার ভয়হরণ
তারণতরণ অভয়করতা ॥১॥
অতুল বল বিপুল বিস্তার [২]বিগ্রহ
গৌর, অমল অতি ধবল ধরণীধরাভং।
[৩]শিরসি সঙ্কুলিত[১৪]কল [৫]জূট পিঙ্গল
জটা, পটল শত কোটি বিদ্যুচ্ছটাভং ॥২॥
ভ্রাজ [৬]বিবুধাপগা [৭]আপ [৮]পাবন
পরম [৯]মৌলি [১০]মালেব শোভা বিচিত্রং।
ললিত ললাটপর রাজ [১১]রজ-
নীশ কল কলাধর নৌমি হর
ধনদমিত্রং ॥৩॥

১। শিবের গণ বা চর। ২। তনু। ৩। শিরে। ৪। সুন্দর। ৫। সমূহ। ৬। বিবুধ—দেবতা + আপগা—নদী = দেবনদী। ৭। নীর। ৮। পূর্ণ ৯। মাথায়। ১০। মালা + ইব = মালার মত। ১১। চন্দ্রমা।

অনুবাদ।

ভৈরব! ভীষণাকার ভয়ঙ্কর অতি।
বিপত্তিনাশক ভূতপ্রেত [১]গণপতি॥
[২]মোহমুষমার্জার ভবভয়হারী।
[৩]তারণতরণ প্রভো! নিরভয়কারী॥১॥
গৌর তনু সুবিস্তার অতুলিত বল।
[৪]ধরণীধরাভ অতি ধবল অমল॥
[৫]সঙ্কুলিত সুপিঙ্গল জটা শিরে তেন।
শতকোটি [৬]তড়িতপটল শোভে যেন॥২॥
[৭]ভ্রাজে [৮]দেবনদী অতি [৯]পূত নীর তায়।
মাথায় মালারমত বিচিত্র শোভায়॥
সুললিত [১০]ভালে [১১]রাজে [১২]কল [১৩]কলাধর।
প্রণমামি হর! [১৪]ধনদের মিত্রবর॥৩॥

---

(১) প্রমথ, রুদ্রানুচর। (২) মোহরূপ মুষের ইন্দুরের পক্ষে মার্জার—বিড়াল স্বরূপ। (৩) ত্রাণকারীর ও ত্রাণকর্ত্তা। (৪) ধরণীধর—হিমালয় পর্ব্বত, তাহার ন্যায় আভা-শোভা বিশিষ্ট। (৫) পরিব্যাপ্ত। (৬) বিদ্যুতের পংক্তি। (৭) শোভে। (৮) গঙ্গা। (৯) পবিত্র। (১০) কপালে। (১১) শোভে। (১২) সুন্দর। (১৩) চন্দ্র। (১৪) কুবেরের।

মূল।

[১]ইন্দু [২]পাবক [৩]ভানু নয়ন মর্দন [৪]ময়ন,
জ্ঞানগুণঅয়ন বিজ্ঞানরূপং।
[৫]রবনগিরিজা, ভবন [৬]ভূধরাধিপ সদা,
শ্রবণকুণ্ডল বদনচ্ছবি অনূপং ॥৪॥
চর্ম্মঅসিশূলধর, ডমরু শর চাপ কর,
যান বৃষভেশ, করুণানিধানং।
জরত সুর অসুর নরলোক শোকাকুলং
মৃদুল চিত্ত [৭]অজিত কৃত গরল পানং ॥৫॥
ভস্মতনুভূষণং ব্যাঘ্র চর্ম্মাম্বরং,
উর নর [৮]মৌলি [৯]উরমালধারী।
ডাকিনী শাকিনী খেচরং ভূচরং,
যন্ত্র মন্ত্র ভঞ্জন প্রবল [১০]কল্মষারী ॥৬॥

---

(১) শশী। (২) বহ্নি। (৩) রবি। (৪) মদন কাম-দেব, তাহার মর্দনকারী—বিনাশকারী। (৫) গিরিজারমণ। (৬) গিরিপতি—কৈলাস। (৭) অজেয়। (৮) শির। (৯) হৃদয়ে। (১০) কল্মষ—পাপ, তাহার অরি—শত্রু।

অনুবাদ।

রবি শশী বহ্নি চক্ষু [১]মারমরদন।
বিজ্ঞান [২]স্বরূপ [৩]জ্ঞানগুণের [৪]অয়ন ॥
[৫]গিরিজারমণ নিত [৬]ভবন [৭]অচল।
অনুপম মুখছবি শ্রবণে কুণ্ডল ॥৪॥
ডমরু [৮]চরম অসি শূল চাপ শর।
করে ধর কৃপানিধি, [৯]যান বৃষবর ॥
সুরাসুর [১০]ডরে যবে শোকাকুলনর।
অজেয়! মৃদুলচিত্তে বিষ পান কর ॥৫॥
[১১]ভসমভূষণ দেহে [১২]ব্যাঘ্রচর্ম্মাম্বর।
[১৩]উরগ ও নরশিরমালা হৃদে ধর ॥
[১৪]ডাকিনী [১৫]শাকিনী আর ভূচর খেচর।
[১৬]যন্ত্র মন্ত্র পরবল পাপ নাশ কর ॥৬॥

১। মারের—কামদেবের, বিনাশকারী। ২। আত্মজ্ঞানের স্বরূপ। ৩। ক্ষমা দয়া আদিগুণের। ৪। আলয়, স্থান। ৫। পার্ব্বতীর সহ বিহারকারী। ৬। বাসস্থান। ৭। কৈলাস পর্ব্বত। ৮। চর্ম্ম, ঢাল। ৯। বাহন। ১০। দক্ষ হর। ১১। ভস্ম, ছাই। ১২। ব্যাঘ্র চর্ম্ম, অম্বর—বস্ত্র। ১৩। সর্প। ১৪। ডাইন। ১৫। দুর্গার অনুচরী স্ত্রীভূত। ১৬। তন্ত্রোক্ত লেখাদির অধিষ্ঠান চক্র।

মূল।

কাল অতিকাল কলিকালব্যালাদি[১]
খগ [২]ত্রিপুর-মর্দন ভীম কর্ম্ম ভারী।
সকল লোকান্তকল্পান্ত শূলাগ্রকৃত
দিগ্গজা [৩]ব্যক্তগুণ নৃত্যকারী ॥৭॥
[৪]পাপসন্তাপঘন ঘোর [৫]সংসৃতি দীন,
ভ্রমত [৬]জগযোনি নহিঁ কোপিত্রাতা।
[৭]পাহি ভৈরবরূপ রামরূপী রুদ্র,
বন্ধুগুরু জনক জননী বিধাতা ॥৮॥
যস্য গুণগণ [৮]গণতি বিমল মতি
সারদা, [৯]নিগম নারদপ্রমুখ ব্রহ্মচারী।
শেষ সর্ব্বেশ আসীন আনন্দবন,
দাসতুলসীপ্রণত ত্রাসহারী ॥৯॥

১। কলিকালরূপ ব্যালের—সর্পের আদি ভক্ষক। ২। ত্রিপুরাসুরকে নিধনকারী। ৩। অব্যক্তগুণ—নির্গুণ। ৪। পাপ ও সন্তাপে পরিপূর্ণ। ৫। ভব। ৬। বিশ্বযোনি। ৭। রক্ষ। ৮। গণনা করেন। ৯। শ্রুতি।

অনুবাদ ।

কাল অতি [১]কাল কলিকাল- [২]উরগারি ।
ত্রিপুরনিধন আদি ভীম কর্ম্ম ভারি ॥
[৩]কল্পান্তে লোকান্তে সব শূলাগ্র উপর ।
দিগ্‌গজে ধরিয়া নিরগুণ নৃত্য কর ॥৭॥
পাপ ও সন্তাপপূর্ণ ঘোর [৪]ভবে এহ্‌ ।
ভ্রমে দীন [৫]বিশ্বযোনি নাহি ত্রাতা কেহ ॥
রামরূপী রুদ্র ভৈরবরূপ ঘোর ।
[৬]রক্ষ, পিতা মাতা ধাতা বন্ধু গুরু মোর ॥৮॥
যাঁর গুণগণ [৭]গণেবাণী শুদ্ধ মতি ।
নারদাদি ব্রহ্মচারী [৮]শ্রুতি [৯]শেষ অতি ॥
আসীন [১০]আনন্দবনে সেই সর্বেশ্বরে ।
প্রণমে তুলসীদাস ত্রাসনাশ তরে ॥৯॥

১। একপক্ষে—কালের মধ্যে ঘোর কাল—কলিকালের বিশেষণ। অপর পক্ষে—কালেরও মহাকাল—শিবের বিশেষণ। ২। কলিকালরূপ সর্পের অরি গরুড় স্বরূপ। ৩। প্রলয়ে। ৪। সংসারে। ৫। বিশ্বে অনেক যোনি। ৬। রক্ষা কর। ৭। গণনা করেন। ৮। বেদ। ৯। সহস্র বদন অনন্ত। ১০। কাশীধামে।

মূল।

শঙ্করং শম্প্রদং সজ্জনানন্দদং,
শৈলকণ্যাবরং পরমরম্যং। কাম-
মদমোচনং তামরসলোচনং, বাম-
দেবং ভজে ভাবগম্যং ॥১॥

কম্বুকুন্দেন্দুকর্পূর গৌরং শিবং,
সুন্দরং সচ্চিদানন্দ কন্দং। সিদ্ধ
সনকাদি যোগীন্দ্র বৃন্দারকা,
বিষ্ণুবিধিবন্দ্য চরণারবিন্দং ॥২॥

[১]ব্রহ্মকুলবল্লভং [২]সুলভমতি [৩]দুর্লভং,
বিকট বেষং বিভুং বেদপারং। নৌমি
করুণাকরং গরলগঙ্গাধরং, নির্ম্মলং
নির্গুণং নির্ব্বিকারং ॥৩॥

লোকনাথং শোকশূল নির্মূলিনং
[৪]শূলিনং মোহতম[৫] ভূরিভানুং। কাল-
[৬]কালং [৭]কলাতীতমজরং হরং, কঠিন
কলিকালকাননকৃশানুং ॥৪॥

ভক্তমজ্ঞানপাথোধিঘটসম্ভবং, সর্ব্বগং
সর্ব্বসৌভাগ্যমূলং। প্রচুর ভবভঞ্জনং
প্রণতজনরঞ্জনং, দাস তুলসীশরণ
সানুকূলং ॥৫॥

১। ব্রহ্মকুলের প্রিয় বা ব্রহ্মকুল যাঁর প্রিয়। ২। ভক্তের সুলভ। ৩। পাপীর দুর্লভ। ৪। শূলধারী। ৫। মোহ-রূপ ভূরিতম-প্রচুর অন্ধকার নাশে ভানু—সূর্য্য স্বরূপ। ৬। কালেরো কাল—মহাকাল। ৭। অখণ্ড, একরূপ।

অনুবাদ।

[১]সজ্জনানন্দদ অতি [২]শর্ম্মপ্রদ [৩]শঙ্কর।
অতিশয় রমণীয় [৪]শৈলকন্যাবর ॥
[৫]কামমদমরদক কমললোচন।
[৬]ভাবগম্য [৭]বামদেবে করিনু ভজন ॥১॥
[৮]কুন্দেন্দু কর্পূরকম্বু[৯] জিনি গৌর অতি।
শিবরম্য সত-চিত-আনন্দ-মূরতি ॥
দেবতা যোগীন্দ্র সনকাদি সিদ্ধগণ।
বিধি বিষ্ণু বন্দে সদা কমলচরণ ॥২॥
[১০]ব্রহ্মকুলপ্রিয় [১১]বিভু ভকতসুলভ ॥
ঘোরবেশ বেদপার পাপীর দুর্লভ ॥
প্রণমামি কৃপাকর বিষ-গঙ্গা-[১২]ধর।
নিরমল নিরগুণ সদা অবিকার ॥৩॥
লোকনাথ শোকশূল নিরমূলকারী।
ভূরি [১৩]মোহতমনাশে ভানু শূলধারী ॥
হর মহাকাল [১৪]কলাতীত ও অজর।
[১৫]কলিকালবননাশে বহ্নি ঘোরতর ॥৪॥
অজ্ঞানবারিধিপানে [১৬]ঘটযোনিতুল।
তত্ত্বজ্ঞ ব্যাপক সর্ব সৌভাগ্যের মূল ॥
ভবের ভঞ্জক ভাধি প্রণত রঞ্জন।
হও সানুকূল, লয় তুলসী শরণ ॥৫॥

১। সজ্জনের আনন্দদাতা। ২। সুখপ্রদ। ৩। শুভ-কর। ৪। শৈলকন্যার—উমার বর—পতি। ৫। কামের-মদনের মদ—গর্ব মর্দ্দনকারী—নাশকারী। ৬। ভক্তিভাবে প্রাপ্তব্য। ৭। মহাদেবকে। ৮। কুন্দ—পুষ্পবিশেষ+ইন্দু-চন্দ্র। ৯। শঙ্খ। ১০। ব্রহ্মকুলের প্রিয় বা ব্রহ্মকুল যাঁর প্রিয়। ১১। সমর্থ। ১২। কণ্ঠে বিষ ও মস্তকে গঙ্গা ধারণকারী।

মূল।

সেবহু শিবচরণ সরোজ রেণু।
কল্যাণ অখিলপ্রদ কামধেনু ॥১॥
[1]কর্পূরগৌর করুণাউদার।
সংসারসারভুজগেন্দ্রহার ॥২॥
[2]সুখজন্মভূমি মহিমা অপার।
নির্গুণ গুণনায়ক নিরাকার ॥৩॥
ত্রয়নয়ন [3]ময়নমর্দন মহেশ।
অহঙ্কার-নিহার-উদিত দিনেশ ॥৪॥
বরবাল[4] [5]নিশাকর [6]মৌলি [7]ভ্রাজ।
ত্রৈলোকশোকহর [8]প্রমথরাজ ॥৫॥
জিহুকহঁ বিধি সুগতি ন লিখি ভাল।
তিহুকীগতি কাশীপতি কৃপাল ॥৬॥
উপকারী কোহ্পর হর সমান।
সুর অসুর [9]জরত কৃত গরল পান ॥৭॥
বহু [10]কল্প [11]উপায়ন করি অনেক।
বিনু শম্ভু কৃপা নহিঁ [12]ভব বিবেক ॥৮॥
বিজ্ঞান ভবন গিরিসুতারবন।
কহ তুলসিদাস মম ত্রাসশমন ॥৯॥

১৩। মোহরূপ তম—অন্ধকার নাশ করিতে। ১৪। অখণ্ড। ১৫। কলিকালরূপ বন নাশ করিতে। ১৬। অগস্ত্যের তুল্য।

১। কর্পূরের সমান গৌরবর্ণ। ২। সুখের জন্মভূমি অর্থাৎ মূল। ৩। মদক মর্দনকারী। ৪। শিশু অর্থাৎ বক্র। ৫। চন্দ্র। ৬। মস্তকে। ৭। শোভে। ৮। প্রমথের—শিবের অনুচরের নাম—রাজা। ৯। দগ্ধকারী। ১০। মন্বন্তর। ৪,৩২০,০০০০০০ বৎসর। ১১। চেষ্টা। ১২। হইবে।

ভজন করহ শিবপাদপদ্ম রেণু।
অখিল কল্যাণপ্রদ যেন কামধেনু ॥১॥
করপূর সম গৌর [১]করুণাউদার।
[২]ভুজগেন্দ্রহারধারী সংসারের [৩]সার ॥২॥
সুখের জনমভুমি মহিমা অপার।
[৪]নিরগুণ [৫]গুণের নায়ক নিরাকার ॥৩॥
[৬]মদনমর্দ্দন ত্রয়নয়ন মহেশ।
অহঙ্কারনিহারের উদিত [৭]দিনেশ ॥৪॥
শোভয়ে মস্তকে বর বাল নিশাকর।
পরমথরাজ ত্রৈলোক্যের শোক হর ॥৫॥
বিধাতা যাহার ভালে না লেখে সুগতি
তার গতি দয়াবান প্রভু কাশীপতি ॥৬॥
উপকারী কেবা আর হরের সমান।
করিলেন [৮]সুরাসুরজারী বিষ পান ॥৭॥
করিলেও বহু কল্প উপায় অনেক।
শম্ভু কৃপাবিনা নাহি হইবে বিবেক ॥৮॥
বিজ্ঞানভবন গিরিসুতার [৯]রমণ।
কহেন তুলসী তাঁর ত্রাসের [১০]শমন ॥৯॥

---

(১) কৃপাদাতা। (২) সর্পরাজকে হরি স্বরূপ ধারণকারী। (৩) তত্ত্ব। (৪) সত্ত্বাদি গুণরহিত। (৫) কৃপালুতা উদারতাদি গুণের। (৬) কামদেবের বিনাশকারী। (৭) সূর্য্য। (৮) সুরাসুর দগ্ধকারী। (৯) পতি। (১০) নাশকারী যম।

মূল।

দেখো দেখো বন [১]বন্যো আজ উমাকান্ত।
মনোঁ দেখন তুমহিঁ আই ঋতু বসন্ত ॥১॥
জনু তনুদুতি চম্পক কুসুম মাল।
বর বসন নীল নূতন তমাল ॥২॥
কল কদলি জঙ্ঘ পদ কমল লাল।
সূচত কটি কেশরী গতি মরাল ॥৩॥
ভূষণ [২]প্রসূন বহু বিবিধ রঙ্গ।
নূপুর কিঙ্কিনি কলরব বিহঙ্গ ॥৪॥
কর [৩]নবল বকুল পল্লব রসাল।
শ্রীফল কুচ, [৪]কঞ্চুকি লতাজাল ॥৫॥
আনন সরোজ, [৫]কচ [৬]মধুপ [৭]পুঞ্জ।
লোচন বিশাল নবনীল [৮]কঞ্জ ॥৬॥
পিক বচন চরিত বর [৯]বরহিকীর।
[১০]সিত সুমন হাস, লীলা সমীর ॥৭॥
কহ তুলসিদাস সুনু শিব সুজান।
উরবসি [১১]প্রপঞ্চ রচ পঞ্চবান ॥৮॥
করি কৃপা হরিয় ভ্রম ফন্দ কাম।
জেহি হৃদয় বসহিঁ সুখরাশি রাম ॥৯॥

১। হইয়াছ—এস্থলে তুলসীদাস হর গৌরীর যুক্ত দেহের শোভা কাননের সহিত তুলনা করিয়া বর্ণনচ্ছলে স্তুতি করিতেছেন ইহা। উৎপ্রেক্ষালঙ্কার। ২। কুসুম। ৩। নূতন। ৪। কঞ্চুক। ৫। কেশ। ৬। অলি। ৭। সমূহ। ৮। কমল। ৯। ময়ূর। ১০। শ্বেত। ১১। মায়া।

অনুবাদ।

দেখ শিব বন হেন শোভে তব কায়।
আইলা বসন্ত যেন দেখিতে তোমায় ॥১॥
মনে হয় [১]সুদ্যুতি চম্পকের মাল।
সুন্দর বসন নীল নূতন তমাল ॥২॥
[২]কল রম্ভা জঙ্ঘা যেন পদ পদ্ম লাল।
[৩]কেশরী সূচয়ে কটি সুগতি [৪]মরাল ॥৪॥
কুসুম বিবিধ রঙ্গ বিভূষণ সব।
নূপুর [৫]কিঙ্কিনি ধ্বনি [৬]খগকলরব ॥৪॥
কর নব বকুল পল্লব [৮]রসাল।
শোভে [৯]কুচ [১০]শ্রীফল, [১১]কঞ্চুক লতাজাল ॥
আনন [১২]সরোজ যেন কেশ অলিদল।
লোচন বিশাল নব সুনীল কমল ॥৬॥
বাণী [১৩]পিক চরিত ময়ূরবর [১৪]কীর।
হাস্য শ্বেত পুষ্প, লীলা ত্রিবিধ সমীর ॥৭॥
কহেন তুলসী শুন শিব জ্ঞানবান।
হৃদে বসি [১৫]পরপঞ্চ রচে [১৬]পঞ্চবাণ ॥৮॥
কৃপা করি [১৭]হর সেই কাম ভ্রম [১৮]ফাঁসি।
বসেন হৃদয়ে যেন রাম সুখরাশি ॥৯॥

১। দেহকান্তি। ২। মনোহর। ৩। সিংহ। ৪। হংস। ৫। ঘুঙুর। ৬। পক্ষীর অব্যক্ত মধুর ধ্বনি। ৭। হস্ত। ৮। আম্র ও বকুলের পল্লব। ৯। স্তন। ১০। বেল। ১১। কাঁচুলী। ১২। পদ্ম। ১৩। কোকিল। ১৪। শুকপক্ষী তোতা। ১৫। মায়াজাল। ১৬। মদন। ১৭। হরণকর, ছিন্নকর। ১৮। কামের মায়া জাল অর্থাৎ মিথ্যা সংসারকে সত্য প্রতীয়মান জন্য ভ্রমরূপ ফাঁদ।

মূল।

দেবী স্তুতি (রাগ মারু)

দুসহ দোষ দুখদলনি করু দেবি দায়া।
বিশ্বমূলাহসি জনসানুকুলহসি
কমশূলধারিণি মহামূলমায়া ॥১॥
তড়িত [1]গর্ভাঙ্গ সর্বাঙ্গ সুন্দর লসত
দিব্য পট ভব্য ভূষণ বিরাজৈ। বাল
মৃগমঞ্জু খঞ্জন বিলোচনি চন্দ্রবদনি
লখি কোটি রতি মার লাজৈ ॥২॥
রূপসুখশীল সীমাহসি ভীমাহসি
রামাহসি বামাহসি বর বুদ্ধি বাণী।
[2]ছমুখ [3]হেরম্ব [4]অম্বাসি [5]জগদম্বিকে
শম্ভুজায়াসি জৈ জৈ ভবানী ॥৩॥
চণ্ড ভুজ দণ্ড খণ্ডনি [6]বিহণ্ডনি
মহিষ মুণ্ডমদ ভঙ্গকর[7] অঙ্গ [8]তোরে।
শম্ভু নিশুম্ভ কুম্ভীশ রণ কেশরিণি
[9]ক্রোধ-বারিধি অরিবৃন্দ [10]বোরে ॥৪॥
নিগম আগম অগম গুর্বি তব গুণ
কথন, [11]উর্বিধর করত জেহি সহসজীহা।
দেহি মা মোহিপণ প্রেম য়হ [12]নেম নিজ
রাম ঘনশ্যাম তুলসী [13]পপীহ ॥৫॥

১। তড়িত ভরা অঙ্গ অর্থাৎ অঙ্গ যেন বিদ্যুৎ ভরা আছে অরূপ দীপ্তমান। ২। ষড়ানন। ৩। গণেশ। ৪। মাতা হও। ৫। জগজ্জননী। ৬। মর্দিনী। ৭। করিণী। ৮। ভঙ্গ কর। ৯। রোষ রূপ পারাবার। ১০। নিমজ্জন কর ১১। পৃথিবী ধারণকারী অনন্তনাগ। ১২। নিয়ম ব্রত। ১৩। চাতক।

অনুবাদ।

দলনকারিণী দুর্বিসহ দুখ দোষ।
করুণা করহ দেবি। তজি মনে রোষ॥
জন [1]সানুকূলা তুমি জগতের মূল।
[2]মহামায়ামূল তুমি করে ধর শূল॥১॥
ভড়িত পূরিত সরবাঙ্গে মনোহর।
শোভে দিব্য [3]পট [4]ভব্য বিভূষণ বর॥
চক্ষু হেরি [5]বালমৃগ খঞ্জন লুকায়।
চন্দ্রমুখ হেরি রতি [6]মার লাজ পায়॥২॥
রূপ সুখশীল [7]সীমা হও [8]ভীমা অতি।
[9]রামা [10]বামা [11]বাণী তুমি অতি বুদ্ধি মতি॥
কার্ত্তিকগণেশমাতা জগত জননী।
শম্ভু জায়া[12] জয় জয় হরের ঘরণী॥৩॥
চণ্ডভুজ [13]খণ্ডিনী [14]মহিষ [15]মরদিনী।
[16]মুণ্ডমদভঙ্গকরি অঙ্গ [17]বিভঞ্জিনী॥
[18]কুম্ভীশ নিশুম্ভ শুম্ভ নাশে কেশরিণী।
[19]রোষপারাবারে অরিবৃন্দ [20]নিমজ্জিনী॥৪॥
অগম তোমার গুণ করিতে কথন।
নিগম আগম নারে সহস্র বদন॥
দেহ মোরে মাতঃ! ব্রত প্রেম পণ তেন।
রামের উপরে, [21]ঘনে চাতকের যেন॥৫॥

১। দাসের প্রতি সানুকূলা। ২। মহামায়ারো মূল—জননী। ৩। বসন। ৪। যোগ্য। ৫। শিশু। ৬। কামদেব। ৭। অন্ত। [illegible]। ভয়ঙ্করী। ৯। জানকী বা লক্ষ্মী। ১০। পার্ব্বতী।

মূল।

(রাগ রামকলী)

জয় জয় জগজ্জননি দেবি, সুরনরমুনি
অসুরসেবি, ভুক্তিমুক্তিদায়িনি ভয়হরণি,
কালিকা। মঙ্গলমুদসিদ্ধি সদনি, পর্ব্ব-শর্ব্বরীশ[১]-
বদনি, তাপতিমিরতরুণতরণিকিরণ মালিকা[২] ॥১॥
বর্ম্মচর্ম্ম কর কৃপাণ, শূলশেলধনুষবাণ,
ধরণিদলনিদানবদল, রণ-করালিকা[৩]।
পূতনা পিশাচ প্রেত, ডাকিনীশাকিনি সমেত,
ভূতগ্রহবেতাল, খগ-মৃগালিজালিকা[৪] ।।২॥
জয়মহেশভামিনী, অনেকরূপনামিনী সমস্ত
লোক স্বামিনী, হিমশৈলবালিকা[৫]। রঘুপতি-
পদ পরমপ্রেম, তুলসীচহ অচলনেম[৬],
দেহু হৈব প্রসন্ন, পাহি প্রণতপালিকা ।।৩॥

১১। সরস্বতী। ১২। রাক্ষস বিশেষ। ১৩। খণ্ডকারিণী। ১৪। অসুর বিশেষ। ১৫। মর্দ্দিনী। ১৬। মুণ্ড নামক রাক্ষসের গর্ব। ১৭। ভঞ্জকারিণী। ১৮। কুম্ভী হস্তী + ঈশ—করীশ। ১৯। ক্রোধ রূপ সাপকে। ২০। নিরঞ্জনকারিণী। ২১। দেবের প্রতি।

১। পর্ব্বের—পূর্ণিমার—শর্ব্বরীর—রজনীর ঈশ—পূর্ণচন্দ্র তাহার ন্যায় বদন বিশিষ্টা। ২। আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিতাপরূপ তিমির—অন্ধকার নাশিতে তরুণ—মধ্যাহ্নকালীন তরণির সূর্য্যের কিরণমালা স্বরূপা। ৩। রণে ভয়ঙ্করী। ৪। বেতালরূপ খগের পক্ষীর মৃগের—পশুর অলিকে—দলকে ধরিতে জাল স্বরূপা। ৫। হিমালয়ের কন্যা। ৬। নিয়ম।

জগতজননি ! দেবি ! জয় জয় জয় ।
সুরাসুর নর মুনি সকলে [১]সেবয় ॥
[২]ভুকতিদায়িনী পুন [৩]মুকতিদায়িকা ।
[৪]ভবভয়হারিণী কালিকা করালিকা[৫] ॥
মুদ [৬]মঙ্গল সিদ্ধিগুণের সদন[৭] ।
পূর্ণিমার চন্দ্রসম [৮]শোভেন বদন ॥
নাশিতে [৯]তিমিররূপ ত্রিতাপের জ্বালা ।
তুমিহ [১০]তরুণ [১১]তরণির [১২]করমালা ॥১॥
[১৩]বরম [১৪]চরম শূল শেল ধনুবাণ ।
ধারণ করহ করে ভীষণ [১৫]কৃপাণ ॥
দলিতে দানবদল করি মহারণ ।
ভয়ঙ্কর বেশ তুমি করহ ধারণ ॥
পূতনা পিশাচ প্রেত ভূতগ্রহ আর ।
ডাকিনীশাকিনী সব ভীষণ আকার ॥
বেতালের রূপধারী খগমৃগপাল ।
তাহাদিকে ধারতে তুমিহ দৃঢ় জাল ॥২॥
মহেশভামিনি ! জয় ত্রিলোক স্বামিনি ! ।
বহুরূপ নাম হিমাচলের নন্দিনি ।
রঘুপতিচরণকমলে প্রেম অতি ।
অচল নিয়ম চাহে তুলসীর মতি ।
পরসন্ন হইয়া আমায় সেইবর ।
দান করি [১৬]প্রণতপালিকা রক্ষা কর ॥৩॥

১। সেবা করে। ২। ভুক্তি—উপভোগ। ৩। মুক্তি। ৪। ভবের+জন্মমরণের—ভয়নাশিনী। ৫। ভয়ঙ্করী। ৬। আনন্দ। ৭। আলয়। ৮। সুন্দর। ৯। অন্ধকার। ১০। যুবা, মধ্যাহ্নকালীন প্রখর। ১১। সূর্য্যের। ১২। কিরণমালা।

মূল।

গঙ্গা স্তুতি (রামকলী)

জৈ জৈ ভগীরথনন্দিনি [১]মুনিচয়চকোরচন্দনি,
[২]নরনাগবিবুধ বন্দিনি জয় জহ্নু বালিকা। [৩]বিষ্ণু
পদসরোজ-জাসি [৪]ঈশশীষপর বিভাসি,
ত্রিপথ-গাসি[৫] পুণ্যরাশি [৬]পাপছালিকা ॥১॥
বিমল বিপুল বহসিবারি, শীতল ত্রয়তাপ-
হারি, ভঁবর [৭]বরবিভঙ্গ [৮]তর তরঙ্গমালিকা।
পুরজন [৯]পূজোপহার, শোভিত শশিধবলধার[১০],
ভঞ্জনি ভবভার, ভক্তি [১১]কল্পথালিকা ॥২॥
নিজতটবাসী বিহঙ্গ, জলথলচরপশু পতঙ্গ,
কীট জটিল তাপস সব [১২]সরিসপালিকা।
তুলসী তব তীর তীর, সুমিরত রঘুবংশবীর
বিচরত মতি দেহ মোহমহিষকলিকা ॥৩॥

১৩। বর্ষ—চমূরাপ সাঁজোয়া। ১৪। চূর্ম—চাল। ১৫। খড়্গ। ১৬। ভক্তের পালনকারিণী।

১। মুনিগণ রূপ চকোরের পক্ষে চন্দ্র স্বরূপ। ২। নর নাগ ও বিবুধ—দেবতার পূজনীয়া। ৩। বিষ্ণুর পাদপদ্মজাতা। ৪। ঈশ্বের—মহাদেবের মস্তকের উপর। ৫। স্বর্গ মর্ত্ত পাতাল তিন পথে গমন কর। ৬। পাপক্ষালনকারিণী। ৭। সুন্দর ঘূর্ণী। ৮। অত্যন্ত চঞ্চল। ৯। পূজার উপহার। ১০। শশীর ন্যায় শুভ্রধারা। ১১। ভক্তিরূপ কল্পতরুর আধার। [illegible] আবাদ।

অনুবাদ।

জয় জয় জয় ভগীরথের নন্দিনী।
জয় নরনাথ দেবগণের বন্দিনী ॥
জহ্নুর বালিকা তুমি শশী সুধাময়।
তব পানে চাহে [১]চকোরের [২]মুনিচয় ॥
বিষ্ণুপদকমল হইতে [৩]নিঃসরিয়া।
শিবের মস্তকপরে [৪]বিভাস যাইয়া ॥
স্বর্গ মর্ত্ত্য [৫]রসাতলে করিয়া গমন।
পুণ্যরাশি দেবি! পাপ করহ [৬]ক্ষালন ॥১॥
বিপুল বিমল বারি শীতল বহন।
করি দেবি! ত্রয়তাপ [৭]করহ হরণ ॥
সুন্দর ঘুরণীযুত স্রোতধারাধর[৮]।
চঞ্চল তরঙ্গমালা তাহে মনোহর ॥
পুরজনগণের পূজিত [৯]উপহার।
শোভিত করয়ে তব শশিশুক্লধার[১০] ॥
ভঞ্জনকারিণী অতি গুরুভবভার।
হওতুমি ভক্তিকল্পতরুর আধার ॥২॥
নিজ তটবাসী পশু জল থলচর।
বিহঙ্গ পতঙ্গ কীট সহ সব নর ॥
জটীল তাপস পুনং অতি জ্ঞানবান।
পালন বরহ দেবি! সকলে সমান ॥
তুলসী তোমার তীরে তীরে বিচরণ।
করিতে করিতে যাহে করয়ে স্মরণ ॥
রঘুবংশবীরে, দেহ সেই মতি করি।
[১১]মোহমহিষের দেবি! [১২]কালিকা সুন্দরি ॥৩॥

১। চকোরের মত। ২। মুণি সকল। ৩। নির্গত হইয়া। ৪। শোভা পাও। ৫। পাতালে। ৬। ধৌত করণ।

মূল।

জয়তি জয় সুরসরী জগদখিল পাবনী।
বিষ্ণুপদকঞ্জ [1]মকরন্দ [2]ইব [3]অম্বুবর বহসি,
দুখ দহসি [4]অঘবৃন্দ [5]বিদ্রাবনী ॥১॥
মিলিত জলপাত্র [6]অজ, যুক্তহরিচরণরজ[7],
[8]বিরজ বরবারি ত্রিপুরারিশিরধামিনী।
জহ্নু কন্যা ধন্য [9]পুণ্য কৃতসগরসুত ভূধর-
দ্রোনি [10]বিদ্দরনি বহু নামিনী ॥২॥
যক্ষ গন্ধর্ব মুনি কিন্নরোরগ দনুজ মনুজ
মজ্জহিঁ সুকৃতপুঞ্জয়ত কামিনী। স্বর্গ সোপান
বিজ্ঞান জ্ঞানপ্রদে মোহমদমদনপাথোজ[11]
হিমযামিনী ॥৩॥
হরিত [12]গম্ভীর বাণীর দুহুঁ তীরবর, মধ্য
ধারা বিশদ বিশ্ব অভিরামিনী। নীল
পরজঙ্ক[13]কৃত শয়ন সর্পেশ জনু, সহস
শীষাবলীস্রোতসুরস্বামিনী ॥৪॥
অমিত মহিমা অমিত রূপ ভূপাবলীমুকুট
মণিবন্দিত ত্রৈলোকপথগামিনী।
দেহি রঘুবীরপদ প্রীতি [14]নিরভর মাতু, দাস
তুলসীত্রাস হরণি ভবভামিনী ॥৫॥

৭। আধ্যাত্মিকাদি ত্রিতাপ। ৮। প্রবল বেগবতী। ৯। ফুল-চন্দনাদি। ১০ শশীর ন্যায় শুভ্র ধারাকে স্রোতকে। ১১। মোহরূপ মহিষাসুরের পক্ষে। ১২। দুর্গা।

১। বিষ্ণুর পদরূপ কঞ্জের—পদ্মের মকরন্দ মধু। ২। তুল্য। ৩। শ্রেষ্ঠ বারি। ৪। পাপরাশি। ৫। দূরকারিণী। ৬। অজের ব্রহ্মার জলপাত্র—কমণ্ডলু। ৭। হরির পদরজ যুক্ত। ৮। নির্ম্মল। ৯। পূত। ১০। বিদারণকারিণী। মোহমদ ও মদন কামরূপ পাথোজের—পদ্মের পক্ষে। ১২। ঘন। ১৩। [illegible] ১৪। অতিশয়, প্রগাঢ়।

অনুবাদ।

জয়তি জাহ্নবি! সব বিশ্বে কর পূত
জগতের পাপরাশি করি দূরীভূত ॥
বিষ্ণুপাদপদ্মমধু সমবর বারি।
করহ বহন, দহ ভব দুখ ভারি ॥১॥
হরিপদরজ সহ মিলিত হইয়া।
বিধাতার কমণ্ডলু পূরণ করিয়া ॥
নিরমল তব বর বারি মনোহর।
অবস্থান করে ত্রিপুরারি-শিরপর ॥
ধন্য ধন্য জহ্নুকন্যা অতিশয় পূত।
করিলে সগর নৃপতির সব সুত ॥
তুমিহ ভূধর [২]দ্রোণি বিদারণ করি।
বিচর ধরায় দেবি! বহু নাম ধরি ॥২॥
গন্ধর্ব কিন্নর নাগ যথা মুনিবর।
দনুজ মনুজ নারী করি সহচর ॥
[৩]সুকৃতের রাশি সবে করিয়া গমন।
বিমল সলিলে তব করয়ে মজ্জন ॥
স্বরগ সোপান, জ্ঞান [৪]বিজ্ঞানদায়িনী।
মোহাদি [৫]কঞ্জের তুমি শিশির [৬]যামিনী ॥৩॥
বাণীর [৭]হরিত [৮]বন দুই তীরবরে।
বিশ্ব মনোরমা [৯]ধারামাঝে শোভা করে ॥
সুনীল [১০]পর্য্যঙ্কপরে নাগেশ যেমন।
সহসর ফণা ধরি করেছে শয়ন ॥৪॥
অমিত মহিমা রূপ সুরের স্বামিনী।
ভূপ শিরোমণি পূজ্য ত্রিলোকগামিনী ॥
দেহরামপদে রতি অতীব জননি!।
ভবজায়া তুলসীর [১১]তরাসহরণি! ॥৫॥

মুল

হরণি পাপ ত্রিবিধ তাপ। সুমিরত সুরসরিত।
বিলসতি মহি কল্পবেলি [১]মুদ মনোরথ [২]ফরিত ॥১॥
সোহত শশিধৌল [৩]ধার সুধাসলিল [৪]ভরিত।
বিমলতর তরঙ্গ [৫]লসত [৬]রঘুবরকেসে চরিত ॥২॥
তো বিনু জগদম্ব গঙ্গ কলিযুগ কা করিত।
ঘোর ভব অপার সিন্ধু তুলসী কিমিতরিত ॥৩॥

[৭]ঈশশীষ বসসি ত্রিপথ লসসি নভ
পতাল ধরণি। সুরনরনাগমুনিসিদ্ধ
সুজন মঙ্গল করণি ॥১॥
দেখত দুখ দোষ দুরিত দাহ দারিদ্র
[৮]দরণি। [৯]সগরসুবন [১০]সাসতি [১১]শমণি
জলনিধিজলভরণি ॥২॥
মহিমাকী [১২]অবধি করসি বহুবিধি হরি-
[১৩]হরণি। তুলসী করু বানি বিমল,
বিমলবারিবরণি ॥৩॥

১। দহনকর। পরমেশ্বরের বুদ্ধি। ৩। পুণ্যের। ৪। আত্মজ্ঞান
৫। পদ্মের। ৬। শীতকালীন রাত্রি। ৭। বেতগাছ ৮। নিবিড়।
৯। স্রোত। ১০। পালঙ্ক। ১১। ত্রাস হরণকারিণী।

১। সুখ। ২। ফলিত, সফল। ৩। শশী সম শুভ্র স্রোত।
৪। পূর্ণ। ৫। শোভে। ৬। রঘুবরের যশের। ৭। মহাদেবের
শিরে। ৮। হরণকারিণী। ৯ সগরের সুত। ১০। যম
যাতনা। ১১। প্রশমনকারিণী ১২। শেষ সীমা। ১৩।
বিধি হরি হরের অর্থাৎ তুমি হরির চরণ হইতে নিঃসৃত হইয়া
ব্রহ্মার কমণ্ডলু মধ্যে প্রবেশ করিয়া ও হরের মস্তকে রহিয়া তাঁহা-
দের মহিমা এরূপ বাড়াইয়াছ যে তাহার সীমা নাই।

অনুবাদ।

দেবি ! সুরসরি ! তব করিলে স্মরণ।
ত্রয়বিধ তাপ পাপ করহ হরণ ॥
ধরায় ১কলপলতা অতি সুশোভন।
সুখ দাও মনে কর কামনা পূরণ ॥১॥
সুধাকর সম ২সুধাসলিলে পূরিত।
৩সুধবল ধারা তব কিবা সুশোভিত ॥
বিমল বিশদ তব তরঙ্গ শোভন।
শোভা পায় রঘুবরচরিত যেমন ॥
তোমা বিনা জগদম্বে ! গঙ্গে ! কলি ঘোর।
বলনা করিত কিবা করম কঠোর ॥
অগম অপার ঘোর ৪ভবপারাবার।
বল মাতঃ ! হইত তুলসী কিসে পার ॥৩॥

(২০)

শঙ্করের শির তব আবাস ভবন।
আকাশ পাতাল ধরা ৫ত্রিপথ শোভন ॥
সুরনর নাগ মুনি সিদ্ধ সাধুজন।
সকলের শুভকর তোমার করণ ॥১॥
দরশনে ৬দুরিত দারিদ্র দোষগণ।
দুখ ৭দাহ ত্রয়বিধ করহ হরণ ॥
সগরসুতের ৮যমযাতনা ৯শমন।
করিয়া জলধিজলে করিলে পূরণ ॥২॥
বাড়াইলে বিধি হরিহরের মহিমা।
বহুবিধ কেহ তার দিতে নারে সীমা ॥
তুলসীর বাণী মাতঃ ! করহ বিমল।
তব ১০বারিবরণ যেমন নিরমল ॥৩॥

১। কল্পলতা। ২। সুধা সম সলিলে। ৩। শুভ্র। ৪। ভব-

মূল।

যমুনা স্তুতি (রাগ বিলাবল)

যমুনা জ্যোঁ জ্যোঁ লাগী বাঢ়ন।
ত্যোঁ ত্যোঁ সুকৃতসুভট কলিভূপহিঁ,
[1]নিদরি লগে বহু [2]কাঢ়ন॥
জ্যোঁ জ্যোঁ জলমলীন ত্যোঁ ত্যোঁ
[3]যমগণ মুখ মলীন হৈ [4]আঢ় ন।
তুলসিদাস [5]জগদঘজবাস জ্যোঁ
[6]অনঘমেঘ লাগে [7]ডাঢ়ন ॥২॥

(২১)

কাশী স্তুতি (রাগ ভৈঁরব)

সেইয় সহিত সনেহ [8]দেহভর, কামধেনু
কলি কাশী। [9]শমনি শোক সন্তাপ
পাপ [10]রুজ, সকল সুমঙ্গল রাশী ॥১॥
[11]মরযাদা চহুঁওর চরণবর, সেবত সুর
পুরবাসী। তীরথ সব শুভ অঙ্গ, রোম
শিবলিঙ্গ অমিত অবিনাশী ॥২॥
[12]অন্তরঅয়ন অয়ন ভল [13]থনু ফল,
[14]বচ্ছ বেদ বিশ্বাসী। গল কম্বল বরুণা
বিভাতি জনু [15]লূম লসতি সরিতাসী ॥৩॥

সাগর। ৫। তোমার তিন পথ। ৬। পাপ। ৭। তাপ।
৮। নরক যন্ত্রণা। ৯। শান্ত। ১০। বারির বর্ণ।

১। অনাদর করি। ২। বহিষ্করণ। ৩। যমদূত। ৪। লহার।
৫। জগতে অঘ—পাপরূপ জবাস—তৃণ। ৬। অনঘ—পুণ্যরূপ
মেঘ। ৭। জারণ, নাশকরণ। ৮। জন্মভরি। ৯। বিনাশ
কারিণী। ১০। রোগ। ১১। মর্য্যাদা—সীমা। ১২। অন্তর
গৃহী। ১৩। স্তন। ১৪। বৎস। ১৫। পুচ্ছ।

অনুবাদ।

যমুনা বাড়িছে বরষায় যেন যেন।
[১]সুকৃতসুভট [২]কলিভূপে তেন তেন ॥
গলাধরি অনাদর করি পরচুর।
তাড়িতে লাগিছে যেন করিবারে দুর ॥১॥
সলিল মলিন হইতেছে যেন যেন।
হইতেছে যমদূতমুখ তেন তেন।
মলিন, হেরিয় স্রোতে পাপ ভাসমান।
তাহাদিকে সহায়তা কে করিবে দান ॥
তুলসী জগতে পাপরূপ তৃণগণে।
জারিতেছে পুণ্যমেঘ বারিবরষণে ॥২॥

(২২)

সেবা কর স্নেহ সহ ভরিয়া জনম।
কলিযুগে কাশীধাম কামধেনু সম ॥
করে পাপ রোগ শোক সন্তাপ [৩]শমন।
সব সুমঙ্গলরাশি শিবের ভবন ॥১॥
চারি সীমা চারিদিকে চারি [৪]সুচরণ।
সেবা করে সুর হেন পুরবাসীগণ ॥
তীরথ সকল শুভকর অঙ্গ যেন।
অমিত অমর শিবলিঙ্গ রোম হেন ॥২॥
[৫]অয়ন [৬]অন্তরগৃহী [৭]ফল চারি স্তন।
[৮]নিগম বিশ্বাসী জন [৯]বৎস সুশোভন ॥
[১০]বিরাজে [১১]বরুণা [১২]গলকম্বল যেমন।
[১৩]অসীসরী পুচ্ছ যেন অতি সুশোভন ॥৩॥

১। সুকৃত-পুণ্যরূপ সুভট—সুযোদ্ধা। ২। কলিরূপ ভূপকে—রাজাকে। ৩। বিনাশ। ৪। সুন্দর পদ। ৫। আশ্রয়। ৬। অন্তরে—কাশীর মধ্যে স্থিত গৃহী গৃহাশ্রমী, গৃহস্থ। ৭। ধর্ম

মূল ।

দণ্ডপানি ভৈরব [১]বিষাণ মলরুচি-
খলগণ [২]ভয়দাসী ॥ [৩]লোলদিনেশ
ত্রিলোচন লোচন করণঘণ্ট ঘণ্টাসী ॥৪॥
মণিকর্ণিকা বদন- [৪]শশীসুন্দর, সুরসরী
[৫]সুখ সুষমাসী । স্বারথ পরমারথ পরিপূরণ,
পঞ্চকোশি মহিমাসী ॥৫॥
বিশ্বনাথ পালক কৃপালচিত, লালতি
নিত গিরিজাসী । সিদ্ধি সচী [৬]সারদ পূজহি
মন [৭]জুগবত রহতি রমাসী ॥৬॥
পঞ্চাক্ষরী প্রাণ, [৮]মুদ মাধব, গব্য
সুপঞ্চ [৯]নদাসী । ব্রহ্মজীব সম রামনাম
[১০]জুগ আথর বিশ্ব বিকাশী ॥৭॥
চারিতু চরতি করম কুকরম করি,
মরত জীবগণ ঘাসী । লহত পরম
পদ পয় পাবন, জেহি চহত প্রপঞ্চ-
[১১]উদাসী ॥৮॥
কহত পুরাণরচী কেশব নিজ কর
করতূতি-[১২]কলাসী । তুলসী বসি হরপুরী
রাম জপু জো ভয়ো চহৈ [১৩]সুপাসী ॥৯॥

অর্থ কাম মোক্ষ । ৮ । বেদ বিধানকারী । ৯ । বাছুর । ১০ । পোতে । ১১ । নদী বিশেষ । ১২ । গলদেশে স্থিত কম্বলাকৃত মাংস । ১৩ । অলী নদী ।

১ । শৃঙ্গ । ২ । ভয়দা—ভয়দাতা+অসি—হও । ৩ । লোলার্ক ৪ । শশীমুখ । ৫ । সুহিমতা । ৬ । সরস্বতী । ৭ । যোগাইতে । ৮ । আনন্দ । ৯ । নদ+অসি—হয় । ১০ । যুগল । ১১ । সংসার বিরাগী । ১২ । কর্ম্মকলা । ১৩ । সুখী ।

অনুবাদ।

দণ্ডপাণি ভৈরব ভীষণ শৃঙ্গদ্বয়।
[1]মলরুচি খলগণে দিতে অতি ভয়॥
[2]লোলার্ক ও [3]ত্রিলোচন যুগল লোচন।
ভীরথ [4]করণঘণ্টা ঘণ্টা সুশোভন ॥৪॥
মণিকরণিকা শশীমুখ মনোহর।
সুস্থির জাহ্নবী তথা সুষমা সুন্দর ॥
স্বারণ পরমারথে হইয়া পূরণ।
পঞ্চকোশি তীর্থ করে মহিমা সূচন ॥৫॥
বিশ্বনাথ পালক, কৃপালু অতি হন–
সাদরে গিরিজা নিত করেন লালন॥
সিদ্ধি শচী সরস্বতী করেন পূজন।
কমলা রহেন সদা যোগাইতে মন ॥৬॥
আনন্দ [5]মাধববিন্দু প্রাণ [6]পঞ্চাক্ষরী।
গব্যরূপে বিরজিত রহে [7]পঞ্চসরী ॥
ব্রহ্ম জীব "রাম" এই যুগল আখর।
প্রকাশিত করে যাহা এই চরাচর ॥৭॥
শুভাশুভ কর্ম্মকারী মৃত জীবগণ।
তৃণ সম, করে যারা ইহার সেবন॥
লভয়ে পরমপদ রূপ পূত [8]পয়।
সংসার বিরাগী যাহা চাহে অতিশয় ॥৮॥
কহয়ে পুরাণ হরি রচি নিজকরে।
দেখান [9]করমকলা জগত ভিতরে॥
রাম জপ কর [10]হরপুরে বসি।
হইবারে চাহ সুখী যদিচ তুলসী ॥৯॥

১। মল-পাপে রুচি যাহাদের। ২। নামককুণ্ড। ৩। নামক তীর্থ। ৪। [illegible]ঘণ্টা কর্ণ। ৫। বিন্দুমাধব। ৬। মন্ত্র

মূল।

চিত্রকূট স্তুতি (রাগ বসন্ত)

সব শোক বিমোচন চিত্রকূট।
কলিহরণ করণ কল্যাণ [১]বুট ॥১॥
শুচি অবনি [২]সুহাবনি আলবাল।
কানন বিচিত্র [৩]বারি বিশাল ॥২॥
মন্দাকিনি মালিনি সদা সীঁচ।
বরবারি, [৪]বিষম নরনারি নীচ ॥৩॥
শাখা সুশৃঙ্গ, [৫]ভূরুহু সুপাত।
[৬]নিরঝর মধুবর, [৬]মৃদু মলয় বাত ॥৪॥
শুক পিক মধুকর মুনিবর বিহারু।
সাধন [৭]প্রসূন ফল চারি চারু ॥৫॥
ভবঘোরঘামহর[৮] সুখদ ছাঁহ।
থপ্যো [৯]থিরপ্রভাব জানকীনাহ[১০] ॥৬॥
সাধক সুপথিক বড়ে [১১]ভাগ পাই।
পাবত অনেক অভিমত [১২]অঘাই ॥৭॥
রসএক, রহিতগুণকরমকাল।
সিয় রাম লখণ পালক কৃপাল ॥৮॥
তুলসী জো রামপদ চহিয় প্রেম।
সেইয় গিরি করু [১৩]নিরুপাধিনেম ॥৯॥

বিশেষ। ৭। নদী। ৮। স্তূপ। ৯। শিল্পকর্ম। ১০। কালি-ধামে।

১। সবুজ বৃক্ষ। ২। সুন্দর। ৩। বাড়ী, বাগান। ৪। ছোট বড়। ৫। তরু। ৬। মৃদুতা। ৭। কুসুম। ৮। ভব-রূপ ঘোর ঘাম—তাপ হর—হরণকারী। ৯। অচল। ১০। জানকীপতি। ১১। ভাগ্য। ১২। পূর্ণ হয়, তৃপ্ত হয়। ১৩। অবাধ, বাধাহীন।

অনুবাদ ।

[1]চিত্রকুট গিরি সব শোকনাশকারী ।
শুভকর তরুসম [2]কলিমলহারী ॥১॥
[3]পাবন অবনি সুশোভিত [4]আলবাল ।
কানন বিচিত্র অতি বাগান বিশাল ॥২॥
সুমালিনী মন্দাকিনী [5] সেচয়ে সতত ।
বর [6]বারি ছোট বড় নরনারী মত ॥৩॥
সুশাখা সুশৃঙ্গ, সুপল্লব তরুচয় ।
মধুরব [7]নিরঝর [8]মৃদুতা [9]মলয় ॥৪॥
শুক পিক মধুকর মুনিবরগণ ।
সুচারু সুফল [10]চারি কুসুম সাধন ॥৫॥
সুখপ্রদ ছায়া ঘোর [11]ভবতাপহর ।
প্রভাব অচল করিলেন [12]সীতাবর ॥৬॥
সাধক পথিক লভি ভাগ্যে অতিশয় ।
অভিমত অনেক পাইয়া তৃপ্ত হয় ॥৭॥
[13]একরূপ কালগুণ [14]করমরহিত ।
কৃপালু লক্ষ্মণ সীতা রামের পালিত ॥৮॥
তুলসি ! চাহিলে প্রেম রামপদপরে ।
[15]অবধি নিয়ম করি ভজ গিরিবরে ॥৯॥

১। চিত্রকূট গিরিকে কল্পতরুর সহিত তুলনা করা হইয়াছে। ২। কলির মলা—পাপ হরণকারী। ৩। পবিত্র। ৪। বৃক্ষাদির মূল সেচনার্থ বাঁধবাঁধা। ৫। সেচন করে। ৬। নির্ম্মল পবিত্র জল। ৭। নির্ঝর, ঝরণা। ৮। সুগন্ধ ও কোমলতা। ৯। (মলয়) বায়ু। ১০। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ। ১১। সংসারের ত্রিবিধ তাপ হরণকারী। ১২। সীতার বরপতি। ১৩। নির্ব্বিকার। ১৪। রজ আদি গুণ ভাল মন্দ কর্ম্ম ও কলির পাপবিহীন। ১৫। বাধাহীন।

মূল। (রাগ কান্হরা)

অব চিত্ত [১]চেতি চিত্রকূটহি চলু।
[২]কোপিত কলি, [৩]লোপিত মঙ্গল [৪]মগ,
[৫]বিলসত [৬]বঢ়ত মোহমায়ামলু ॥১॥
ভূমি বিলোক রামপদ অঙ্কিত, বন বিলোক
রঘুবরবিহারথলু। শৈল শৃঙ্গ ভবভঙ্গহেতু
[৭]লথ, দলন [৮]কপট [৯]পাখণ্ড দম্ভ দলু ॥২॥
জহঁ জনমে জগজনক জগতপতি,
বিধি হরিহর পরিহরি [১০]প্রপঞ্চ চছলু।
[১২]সকৃত প্রবেশ করত জেহি আশ্রম,
বিগত বিষাদ ভয়ে পারথ নলু ॥৩॥
ন করু বিলম্ব বিচারু চারুমতি বরষ,
[১৩]পাছিলে সম [১৪]অগিলে পলু। মন্ত্র সো
জাই জপহি জো জপত ভে, অজর অমর
[১৫]অঁচইহলাহলু ॥৪॥
রামনাম জপ যাগ করত নিত মজ্জন
পয় পাবন পীবত জলু। করিহৈঁ রাম
ভাবতো মনকো সুখ, সাধন অনয়াস মহাফলু ॥৫॥
[১৬]কামদমণি কামতা কল্পতরু, সো জুগ জগ
[১৭]জাগতি জগতীতলু। তুলসী তোহিঁ বিশেষি
বূঝিয়ে, এক প্রতীত প্রীতি এক বলু ॥৬॥

১। মনে বুঝি। ২। কুপিত। ৩। লুপ্ত। ৪। মার্গ। ৫। শোভে। ৬। বাড়িয়া। ৭। হের। ৯। ছল। ১০। পাষণ্ড। ১১। মায়া। ১২। একবার। ১৩। গত-কাল ১৪। আগামী-কাল। ১৫। পান করি। ১৬। চিন্তামণি। ১৭। প্রকাশিত।

অনুবাদ।

চিত্রকূটে চল এবে মনে বুঝি [১]চিত।
হইয়াছে কলিকাল অতীব কুপিত ॥
লুপ্ত হইয়াছে শুভ [২]মারগ সকল।
শোভিতেছে বাড়ি অতি [৩]মোহমায়ামল ॥১॥
রামের [৪]বিহারস্থল হেরহ কানন ॥
[৫]ভবভঙ্গহেতু শৈলশৃঙ্গবর হের।
বিনাশক ছল দম্ভ পাষণ্ডদলের ॥২॥
জনমেন যথা বিশ্বপিতা বিশ্বপতি।
বিধি হরিহর তজি ছল মায়া অতি ॥*
যে আশ্রমে পরবেশ করি একবার।
গতখেদ হইলা পারথ নল আর ॥৩॥
না কর বিলম্ব চারুমতি ভাব পুন।
গত কাল বরষ, আগামী পল গুণ ॥
সেই মন্ত্র জপ গিয়া যার জপ ধরি।
অজর অমর শিব বিষপান করি ॥৪॥
রামনাম জপ যাগ নিত অনুষ্ঠান।
কর পূত নীর পান করি তাহে স্নান ॥
করিবেন রাম পূর্ণ কামনা সকল।
সাধনআয়াসবিনা লভিবে সুফল ॥৫॥
চিন্তামণি কল্পতরু কামতা শোভিত।
যুগে যুগে ধরাতলে সদা প্রকাশিত ॥
তুলসি! বিশেষ করি ইহা বুঝি চল।
ইহাতে প্রতীতি প্রীতি কর ইহা বল ॥৬॥

১। চিত্ত। ২। মার্গ (ধর্ম্ম পথ)। ৩। মোহ—অজ্ঞান মায়া—সংসার আসক্তি মল+পাপ। ৪। লীলাভূমি। ৫। ভব+জন্ম মরণ, ভঙ্গ+নাশ, হেতু+জন্য।

*চিত্রকূটে অত্রি মুনি ও অনসূয়ার তপে প্রসন্ন হইয়া ব্রহ্মা বিষ্ণু

মূল।

হনুমানজীর স্তুতি (রাগ ধনাশ্রী)

জয়তি অঞ্জনী গর্ভ অম্বোধিসম্ভূত বিধু
বিবুধকুল কৈরবানন্দকারী। কেশরীচারুলোচন-
চকোরকসুখদ, লোকগণ শোকসন্তাপহারী ॥১॥
জয়তি জয় বালকপি কেলি কৌতুক উদিত
চণ্ড কর মণ্ডলগ্রাসকর্ত্তা। রাহু রবি শক্র পরি-
গর্ব্ব খর্ব্বীকরণ শরণভয়হরণ জয় ভুবনভর্ত্তা ॥২॥
জয়তি রণধীর রঘুবীর হিত দেবমণি রুদ্রঅবতার
সংসারপাত। বিপ্রসুরাসিদ্ধমুনি আশিসাকার
বপু বিমলগুণ বুদ্ধিবারিধিবিধাতা ॥৩॥
জয়তি সুগ্রীব শিক্ষাদিরক্ষণ নিপুণ বালি-
বলশালি বধমুখ্যহেতু। জলধিলঙ্ঘনসিংহ
সিংহিকামদমথন রজনিচরনগরউৎপাতকেতু ॥৪॥
জয়তি ভূনন্দিনীশোচমোচন বিপিনদলন
ঘননাদবশ বিগতশঙ্কা। লুমলীলা অনল-
জ্বালমালকুলিত হোলিকাকরণ লঙ্কেশলঙ্কা ॥৫॥

মহেশ্বর বর দিয়াছিলেন যে ব্রহ্মার অংশে চন্দ্রমা, বিষ্ণুর অংশে দত্তাত্রেয় আর শিবের অংশে দুর্ব্বাসা এই তিন পুত্র তাহাদের হইবে সেইজন্য ব্রহ্মা জগত রচনা, বিষ্ণু জগতের পালন ও শিব সংহার পরিত্যাগ করিয়া চিত্রকূটে জন্মগ্রহণ করিয়াছিলেন।

॥২॥ একদিন হনুমান শৈশবকালে উদিত সূর্য্যকে লাল ফল মনে করিয়া বালোচিত কুতুহলে তাহাকে গ্রাস করিতে গেলে সেই সময় গ্রহণ হওয়ায় রাহুও গ্রাস করিতে গিয়া হনুমানের বলে পরাস্ত হইয়া ইন্দ্রের শরণাগত হয় তাহাতে ইন্দ্র, রাহুকে সঙ্গে করিয়া হনু-মানের নিকট গেলে হনুমান রাহুকেও গ্রাস করিতে যায় তাহাতে রাহু পলাইলে হনুমান ইন্দ্রকে আক্রমণ করায় ইন্দ্র তাহার ওষ্ঠে বজ্রাঘাত করে, তাহাতে হনুমান মাত্র মূর্চ্ছিত হইয়া পড়ে ও হনু-মানের ওষ্ঠ চেপ্টা হইয়া যায়। কিন্তু বজ্রের ধারও ভোতলাইয়া যায়।

অনুবাদ।

[১]অঞ্জনীগরভসিন্ধু সম্ভূত [২]নিশেশ।
জয় দেব [৩]কৈরবের সুখদ অশেষ ॥
কেশরীলোচন চারু চকোর সুন্দর।
সুখদ তাহার, লোকশোকতাপহর ॥১॥
জয় জয় [৪]বালকপি কেলি [৫]কুতুহলে।
গ্রাস কর [৬]চণ্ডোদিত কিরণ [৭]মণ্ডলে ॥
রাহু-রবি [৮]শত্রু [৯]পরি-গর্ব্ব খর্ব্বকর্ত্তা।
আশ্রিতের ভয়হারী জয় বিশ্বভর্ত্তা ॥২॥
জয় [১০]দেবমণি [১১]রামহিত রণধীর।
জয় বিশ্বপাতা রুদ্র অবতার বীর ॥
বিপ্রসুরসিদ্ধ মুনি আশিস [১২]আকার।
বুদ্ধির বিধাতা গুণবুদ্ধি [১৩]পারাবার ॥৩॥
সুগ্রীবের সুশিক্ষা দিয়া করিলে রক্ষণ।
[১৪]বলী বালিবধে হও প্রধান কারণ ॥
জলধি লঙ্ঘন করি সিংহিকার গর্ব্ব।
তুমিহ করিলে বীর সিংহ সম খর্ব্ব ॥
রজনীচরের পুরে উতপাতগণ।
কেতু সম তবোদয়ে হইল ঘটন ॥৪॥
হরিলে সীতার শোক [১৫]বিপিন দলিলে।
মেঘনাদবশে আসি শঙ্কা না করিলে ॥
লীলা করি পুচ্ছ নিজ করি বরধন।
জ্বলিলে অনল শিখা মালার মতন ॥
তাহে আকুলিত অতি করি নিশাচরে।
করিলে উৎসব হোলী লঙ্কেশনগরে ॥৫॥

১। গর্ভ। ২। নিশা+ঈশ—চন্দ্র। ৩। দেবতারূপ কুমু-দের। ৪। শিশু। ৫। ক্রীড়া কৌতুক। ৬। চণ্ড—প্রচণ্ড+

মুল ।

জয়তি সৌমিত্র রঘুনন্দনানন্দকর
রিক্ষকপিকটক [১]সংঘট বিধাই ।
বদ্ধবারিধিসেতু অমরমঙ্গলহেতু
ভানুকুলকেতু রণ বিজয়দাই ॥৬॥
জয়তি জয় বজ্রতনু দশাননখমুখ
বিকট, চণ্ড ভুজদণ্ড তরুশৈল পাণী ।
সমর তৈলিকযন্ত্র তিল [২]তমীচরনিকর
[৩]পেরি ডারে সুভট ঘালি ঘানী ॥৭॥
জয়তি দশকণ্ঠ [৪]ঘটকরণ [৫]বারিদনাদ
[৬]কদনকারণ কাল নেমিহন্তা ।
অঘট ঘটনা [৭]সুঘট সুঘট [৮]বিঘটন
বিকট ভূমিপাতালজলগগন [৯]চাণ্ডা ॥৮॥
জয়তি বিশ্ববিখ্যাত [১০]বানৈত বিরদাবলী
বিদুষ বরণত বেদ বিমলবাণী ।
দাস তুলসী [১১]ত্রাসশমন সীতারমণ-
সঁগ শোভিত রামরাজধানী ॥৯॥

উদিত। ৭। সূর্য্যকে। ৮। ইন্দ্র। ৯। বজ্র। ১০। দেবতার শিরোমণি। ১১। রামের হিতকারী। ১২। মূর্ত্তি। ১৩। সাগর। ১৪। বলবান। ১৫। অশোকবন।

১। সংগ্রহ। ২। নিশাচর। ৩। পেষি। ৪। কুম্ভকর্ণ। ৫। মেঘনাদ। ৬। বিনাশকারী। ৭। যে ঘটনা ঘটিবার যোগ্য নয় সহজেই তাহা ঘটাও (অর্থাৎ সমুদ্র লঙ্ঘনাদি)। ৮। যাহা ঘটিয়াছে তাহা সহজেই বিগড়াইয়া দাও (যথা বালী ও রাবণের ঐশ্বর্য্য ধূলিসাৎ করণ)। ৯। গমনকারী। ১০। বীরবেশধারী (বানা—বেশ)। ১১। আসহারী।

অনুবাদ ।

জয় রঘুনন্দন [১]সৌমিত্রানন্দকর ।
[২]ঋক্ষ [৩]কপিকটক সংগ্রহকারী বর ॥
বন্ধন করিলে সেতু বারিধি-উপরে ।
অমরগণের হিত করিবার তরে ॥
রণজয়ী হইলেন ভানুকুল [৪]কেতু ।
তাহাতে তুমিহ বীর হও মুখ্য হেতু ॥৬॥
[৫]বজ্রতনু মুখ [৬]রদ বিকট [৭]নখর ।
পরচণ্ড ভুজদণ্ডে তরু শৈল ধর ॥
সমর [৮]তৈলিকযন্ত্র তিল নিশাচর ।
তাহে [৯]পেষি চূর কর সুযোদ্ধা [১০]নিকর ॥৭॥
দশানন কুম্ভকর্ণ মেঘনাদ আর ।
কালনেমি তুমিহ [১১]নিহন্তা সবাকার ॥
[১২]অঘটে [১৩]সুঘট কর সুঘটে অঘট ।
গগন পাতাল জলস্থলগামীভট[১৪] ॥৮॥
ভুবন বিখ্যাত বীর তবগুণগণে ।
[১৫]বরণে বিদ্বান বেদ বিমল বচনে ॥
তুলসী [১৬]তরাসহারী রামের সহিত ।
রামরাজধানীমাঝে হও সুশোভিত ॥৯॥

১। রঘুনন্দনের+রামের ও সৌমিত্রের+লক্ষণের আনন্দ-কারী। ২। ভল্লুক। ৩। সেনা। ৪। সূর্য্যবংশের কেতু=ধ্বজা স্বরূপ রামচন্দ্র। ৫। বজ্রের ন্যায় সুদৃঢ় দেহ। ৬। দন্ত। ৭। নখ। ৮। ঘানী। ৯। পেষণ করিয়া। ১০। সমূহ। ১১। বধকারী। ১২। যাহা ঘটিবার নহে তাহাকে। ১৩। সহ-

মূল ।

জয়তি মর্কটাধীশ [1]মৃগরাজ বিক্রম মহাদেব
মুদমঙ্গলালয় কপালী । মোহমদকোহ[2] কামাদি
খল [3]সঙ্কুলা ঘোর সংসারনিশি [4]কিরণমালী ॥১॥
জয়তি [5]লসদঞ্জনা[6]-দিতিজকপি কেশরী
কশ্যপ [7]প্রভব জগদার্ত্তিহর্ত্তা । লোকলোকপ[8]
কোক কোকনদ শোকহর [9]হংস হনুমান
কল্যাণকর্ত্তা ॥২॥
জয়তি সুবিশাল বিকরালবিগ্রহ বজ্রসার
সর্ব্বাঙ্গ ভুজ দণ্ডভারী । কুলিশনখদশন বর
লসত, [10]বালধিবৃহদ, [11]বৌরি শস্ত্রাস্ত্রধর
[12]কুধরধারী ॥৩॥
জয়তি জানকী শোচ সন্তাপমোচন, রাম
লছমণানন্দবারিজ[13] বিকাশী । কীশ কৌতুক
কেলি, [14]লূমলঙ্কাদহন, দলন কানন, তরুণ
তেজরাশী ॥৪॥

জেই ঘটন যোগ্য । ১৪ । বীর । ১৫ । বর্ণনা করে । ১৬ ।
ত্রাসহরণকারী ।

১ । সিংহ । ২ । ক্রোধ । ৩ । সমন্বিত । ৪ । রবি ।
৫ । শোভিত । ৬ । অঞ্জনা রূপিনী অদিতির গর্ভজাত । ৭ ।
কপি কেশরী রূপ কশ্যপের ঔরসজাত । ৮ । লোকপাল ৯ । রবি ।
১০ । লাঙ্গুল । ১১ । বৈরি নাশ জন্য অস্ত্রশস্ত্র ধারণকারী । ১২ ।
গিরিধারী । ১৩ । রাম লক্ষ্মণের আনন্দরূপ পদ্ম । ১৪ । লুমে-
পুচ্ছে লঙ্কা দহনকারী ।

অনুবাদ।

জয় [১]মরকাধীশ [২]সিংহবলশালী।
মহাদেব মুদ শুভ [৩]আলয় [৪]কপালী ॥
কাম-ক্রোধ মদ মোহ খল সমন্বিত।
ঘোর ভব [৫]রজনীর রবি সমুদিত ॥১॥
কেশরী কশ্যপ যেন অঞ্জনা অদিতি।
পিতা মাতা [৬]তব, [৭]হর জগত-[৮]আরতি ॥
কোক-লোক-লোকপ-কমল-[৯]শোকহারী
রবি সম তুমি হনুমান! শুভকারী ॥২॥
জয় সুবিশাল বিকরাল তনুধারী।
বজ্রসার সরবাঙ্গ ভুজদণ্ড ভারী ॥
[১০]কুলিশ দশন নখ শোভে মনোহর।
লাঙ্গুল বৃহত, অস্ত্রশস্ত্র গিরিধর ॥৩॥
জানকীর শোকতাপ করহ বিনাশ ॥
রামলক্ষ্মণের [১১]মুদবারিজ বিকাশ ॥
[১২]কপিকেলিচ্ছলে পুচ্ছে লঙ্কায় দহন।
কার, করি তেজরাশি! কাননে দলন ॥৪॥

১। মর্কটের+বানরে অধীশ+রাজা। ২। সিংহের ন্যায় বলশালী। ৩। মুদের+আনন্দের, শুভের=মঙ্গলের আলয়। ৪। শিবের নাম। ৫। ভব=সংসার রূপ রজনী=রাত্রি নাশ করিতে উদিত রবি স্বরূপ। ৬। (রবিরূপ) তোমার (কেশরী রূপ কশ্যপ পিতা ও অঞ্জনা রূপিনী অদিতি মাতা)। ৮। জগতের আর্ত্তি (পীড়া)। ৯। লোকরূপ কোক=চক্রবাক ও লোকপ—লোকপাল রূপ কমলের শোকহরণকারী। ১০। বজ্রসম কঠিন। ১১। আনন্দ রূপ পদ্ম। ১২। কপি ক্রীড়া ছলে।

মূল।

জয়তি [1]পাথোধি পাষাণ [2]জলযানকর।
[3]জাতুধান প্রচুর হর্ষ [4]হাতা। দুষ্টরাবণ
কুম্ভকরণ [5]পাকারিজিত মর্ম্মভিত কর্ম্ম
[6]পরিপাকদাতা ॥৫॥

জয়তি ভুবনৈকভূষণ, বিভীষণবরদ,
বিহিত কৃত রাম সংগ্রাম [7]সাকা। পুষ্পকা
রূঢ় [8]সৌমিত্র সীতা সহিত ভানুকুলভানু-
কীরতিপতাকা ॥৬॥

জয়তি [9]পরযন্ত্রমন্ত্রাভিচারগ্রসন[10],
কারমণ কূট [11]কৃত্যাদি হন্তা। শাকিনী
ডাকিনী পূতনা প্রেত বৈতাল ভূত
প্রথম যূথ [12]জন্তা ॥৭॥

জয়তি বেদান্তবিত বিবিধ বিদ্যা বিশদ,
বেদবেদাঙ্গবিদ ব্রহ্মবাদী। জ্ঞান বৈরাগ
বিজ্ঞানভাজন বিভব, বিমলগুণগণত
শুকনারদাদী ॥৮॥

জয়তি কালগুণকর্ম্মমায়ামথন[13] [14]নিশ্চল
জ্ঞানব্রত সত্যরত ধর্ম্মচারী। সিদ্ধ সুরবৃন্দ
যোগীন্দ্রসেবিত সদাদাস তুলসী প্রণত
[15]ভয়তমারী ॥৯॥

১। জলধি। ২। সেতু। ৩। রাক্ষস। ৪। নাশক। ৫। ইন্দ্রজিত। ৬। ফল। ৭। সহায়তা। ৮। লক্ষ্মণ। ৯। শত্রু। ১০। প্রাণী। ১১। জীব হিংসক দেবতাদি। ১২। জয়কারী। ১৩। নাশকারী। ১৪। দৃঢ়। ১৫। ভয়রূপ তমের—অন্ধকারের অরি—শত্রু (সূর্য্য স্বরূপ)।

অনুবাদ ।

সাগরে পাষাণ সেতু বন্ধনকারক ।
রাক্ষসের পরচুর হরষ নাশক ॥
কুম্ভকর্ণ-ইন্দ্রজিত রাবণের ভারী ।
মর্ম্মভেদ করি কর্ম্মফলদানকারী ॥৫॥
[১]ভুবনভূষণ বিভীষণ [২]বরদাত ।
করিলে রামের রণে অতি সহায়তা ॥
লক্ষ্মণ জানকী সহ চড়ি পুষ্পযান ।
রামের [৩]কীরতিকেতু হও শোভমান ॥৬॥
শত্রুকৃত যন্ত্রমন্ত্র [৪]অভিচার গ্রাসী ।
[৫]কারমণকারী হিংস্র দেবতা বিনাশী ॥
শাকিনী ডাকিনীযূথ ভূত প্রেত ভারী ।
পূতনা বৈতাল [৬]পরমথ জয়কারী ॥৭॥
বেদাঙ্গবেদান্তবেদবিদ হনুমান ।
ব্রহ্মবাদী বিশদ বিবিধ বিদ্যাবান ॥
বিরাগ বিজ্ঞান জ্ঞান বিভবভাজন ।
শুকনারদাদিগণে চারুগুণগণ ॥৮॥
জয় কালগুণকর্ম্মমায়ানাশকারী ।
দৃঢ় জ্ঞানব্রত সত্যরত ধর্ম্মাচারী ॥
সিদ্ধ সুর যোগীন্দ্রের সেব্য রবিধর ।
পরণত তুলসীর [৭]ভয়তম হর ॥৯॥

১। ভুবনের ভূষণ স্বরূপ। ২। বিভীষণকে বরদানকারী। ৩। কীর্ত্তির কেতু—নিশান স্বরূপ। ৪। উচ্চাটন আদি। ৫। যন্ত্রমন্ত্র দ্বারা হত্যাকারী। ৬। প্রমথ—শিবের চর বিশেষ। ৭। ভয়রূপ অন্ধকার।

মূল।

জয়তি মঙ্গলাগার সংসারভারাপহার
বানরাকার বিগ্রহ [১]পুরারী রামরোষানল-
জ্বালমালামিষ[২] [৩]ধ্বান্তচর [৪]শলভসংহার-
কারী ॥১॥
জয়তি [৫]মরুদঞ্জনা [৬]মোদমন্দির নতগ্রীব
সুগ্রীবদুঃখৈকবন্ধো। [৭]জাতুধানোদ্ধত-
[৮]ক্রুদ্ধকালাগ্নিহর সিদ্ধসুরসজ্জনানন্দসিন্ধো ॥২॥
জয়তি রুদ্রাগ্রণী বিশ্ববিদ্যাগ্রণী বিশ্ববিখ্যাত
[৯]ভট [১০]চক্রবর্ত্তী। সামগাতাগ্রণী কাম-
জেতাগ্রণী রামহিত [১১]রামভক্তানুবর্ত্তী ॥৩॥
জয়তি [১২]সংগ্রাম-জয় রামসন্দেশহর[১৩]
[১৪]কৌশলাকুশল কল্যাণভাষী। রাম-
[১৫]বিরহার্কসন্তপ্ত ভরতাদি নরনারী-
শীতলকরণ [১৬]কল্পশাখী ॥৪॥
জয়তি সিংহাসনাসীন সীতারমণ
নিরখি নির্ভর হরষ নৃত্যকারী। রাম-
সংভাজশোভা সহিত সর্ব্বদা তুলসী
মানস রামপুরবিহারী ॥৫॥

১। ত্রিপুরারি। ২। ভাগে। ৩। নিশাচর। ৪। পতঙ্গ। ৫। মরুৎ—অনিল। ৬। আনন্দ। ৭। যাতুধান—নিশাচর। ৮। নাশকারী। ৯। বীর। ১০। শিরোমণি। ১১। রামের ভক্তের অনুবর্ত্তী—ধ্বজাকেতু পশ্চাৎ গমনকারী। ১২। রণজেতা। ১৩। বাহক। ১৪। কৌশলা—অযোধ্যা। ১৫। রামের বিরহ রূপ। অর্ক—রবি। ১৬। কল্পশাখী—কল্পতরু।

অনুবাদ ।

জয় [১]ভবভারহারী মঙ্গল-আগার ।
জয় ত্রিপুরারি তনু বানর-আকার ॥
রাম রোষানল শিখামালা [২]ভাগে ভারী ।
নিশাচর পতঙ্গ সকল নাশকারী ॥১॥
[৩]অনিল ও অঞ্জনার আনন্দ আগার ।
[৪]নতগ্রীব সুগ্রীবের দুঃখে বন্ধু [৫]সার ॥
নিশাচর স্বরূপ কালাগ্নি নাশকারী ।
সিদ্ধসুর সজ্জনের সুখসিন্ধু ভারী ॥২॥
[৬]রুদ্রাগ্রণী [৭]বিশ্ববিখ্যাগ্রণী বলি গণি ।
ভুবনবিখ্যাত তুমি বীরশিরোমণি ॥
[৮]সামগাতাগ্রণী [৯]কামজেতাগ্রণীবর ।
রামবন্ধু রামভকতের অনুচর ॥৩॥
রণজেতা শ্রীরামের [১০]সন্দেশ বাহক ।
অযোধ্যার কুশলমঙ্গল [১১]বিভাষক ॥
রামের [১২]বিরহ রবি দগ্ধ নরনারী ।
কল্পতরুছায়ালম সুশীতলকারী ॥৪॥
সিংহাসনাসীন সীতারমণে হেরিয়া ।
নৃত্যকর অতিশয় হরষে মাতিয়া ॥
সদা সহ রাজবেশধারী রঘুবর ।
[১৩]তুলসামানসরামপুরে কেলি কর ॥৫॥

১। ভবের + সংসারের ভার হরণকারী। ২। রামের রোষ-রূপ অনলের শিখামালাচ্ছলে। ৩। পবন। ৪। দুঃখে গ্রীবানত

মূল।

জয়তি [১]বাতসঞ্জাত বিখ্যাতবিক্রম
বৃহদ্‌বাহু বলবিপুল [২]বালধিবিশালা।
[৩]জাতরূপাচলাকার [৪]বিগ্রহ [৫]লপত [৬]লুম
[৭]বিদ্যুল্লতাজ্বালমালা ॥১॥
জয়তি [৮]বালার্কবরবদন পিঙ্গলনয়ন
কপিসকর্কশজটাজূটধারা[৯]। বিকট
ভ্রুকুটী [১০]বজ্রদশন নখবৈরিমদ-
মত্তকুঞ্জরপুঞ্জকুঞ্জরারী[১১] ॥২॥

যার নতশির ৫। একমাত্র অকপট। ৬। রুদ্রের মধ্যে শ্রেষ্ঠ। ৭। বিশ্বে বিদ্বানগণের মধ্যে মুখ্য। ৮। সামবেদ গানকারীদের মধ্যে শ্রেষ্ঠ। ৯। কামদেবকে জয়কারীদের মধ্যে শ্রেষ্ঠ। ১০। সংবাদ। ১১। কথক। ১২ বিরহরূপ রবি দ্বারা দগ্ধ। ১৩। তুলসীর মানস+মনরূপ রামের পুরী অযোধ্যায়।

১। বাতজাত+বায়ুসুত। ২। লাঙ্গুল। ৩। জাতরূপের+সুবর্ণের অচলের+পর্ব্বতের ন্যায় আকার। ৪। তনু। ৫। শোভে। ৬। লাঙ্গুল। ৭। বিদ্যুল্লতার ন্যায় দীপ্তিমান। ৮। বাল+প্রাতঃকালীন অর্কের+সূর্য্যের ন্যায় দীপ্তিমান শ্রেষ্ঠ বদন। ৯। সমূহ। ১০। বজ্রের ন্যায় কঠিন। ১১। বৈরীর+শত্রুর মদ+গর্ব্বরূপ কুঞ্জর পুঞ্জকে+করী সমূহকে নাশ করিতে কুঞ্জ-রারি+সিংহ স্বরূপ।

অনুবাদ।

বিখ্যাত বিক্রম বায়ুসুত জয় জয়।
বিশাল ল্যাঙ্গুল বাহু বল অতিশয় ॥
শোভে তনু সুবর্ণের গিরিবর হেন।
ঝলকে লাঙ্গুল [1]সৌদামিনীমালা যেন ॥১॥
[2]বালরবিপ্রভ মুখ [3]পিঙ্গল নয়ন।
[4]কপিশ কর্কশ জটা শিরে সুশোভন ॥
বিকট ভ্রূকুটি [5]বজ্র নখর [6]দশন।
[7]বৈরীমদমত্তকরীনাশে [8]পঞ্চানন ॥২॥

১। সৌদামিনীর=বিদ্যুতের মালা। ২। বাল=প্রাতঃ-কালীন রবি=সূর্য্য তাহার ন্যায় প্রভা=দীপ্তি বিশিষ্ট। ৩। নীল পীত মিশ্রিত বর্ণ। ৪। কৃষ্ণ ও পীত মিশ্রিত বর্ণ। ৫। বজ্রের ন্যায় কঠিন। ৬। দন্ত। ৭। বৈরীর=শত্রুর মদ=গর্ব্বরূপ মত্ত-করী=মত্ত হস্তী নাশে=নাশ করিতে। ৮। সিংহ স্বরূপ।

মূল।

জয়তি ১ভীমার্জুনব্যালসূদনগর্বহর*,
ধনঞ্জয়-রথত্রাণকেতুঃ২। ভীষম-
দ্রোণকরণাদিপালিতকালদৃক-
সুযোধন-চমুনিধনহেতুঃ৩॥৩॥

১। ভীম, অর্জ্জুন ও ব্যালসূদনের+গরুড়ের গর্ব্ব হরণকারী। (ব্যাল+সর্প, সূদন+বধকারী)। ২। ধনঞ্জয়ের+অর্জ্জুনের রথের ত্রাণকারী+রক্ষাকারী কেতু+ধ্বজা স্বরূপ। ৩। ভীষ্ম দ্রোণ ও কর্ণ আদি দ্বারা পালিত+রক্ষিত কালদৃক+কালের—যমের ন্যায় দৃষ্টিকারী সুযোধনের+দুর্য্যোধনের চমূ+সৈন্য নিধন করিতে কারণ স্বরূপ।

*যখন পাণ্ডবগণ বনে গিয়াছিলেন তখন একদিন ভীমসেন দেখিলেন যে এক অতি বৃদ্ধ বানর লাঙ্গুলে রাস্তা বন্ধ করিয়া ঘুমাই-তেছে। ভীম নির্ভয়ে তাহার নিকট গিয়া তর্জ্জন গর্জ্জন করিয়া তাহার নিদ্রা ভঙ্গ করিলে সে ভীমকে বলিল তুমি কেন আমার নিদ্রা ভঙ্গ করিলে ভীম বলিল রাস্তা ছাড়িয়া দাও। বানর বলিল আমি বৃদ্ধ উঠিতে অলস হইতেছে তুমি লাঙ্গুল সরাইয়া চলিয়া যাও। ভীম পুচ্ছ সরাইবার জন্য অনেক চেষ্টা করিল কিন্তু পুচ্ছ নড়াইতে পারিল না তাহাতে ভীমের দর্প চূর্ণ হইলে সে যখন করযোড়ে প্রার্থনা করিল তখন হনুমান রাস্তা ছাড়িয়া দিলেন।

অনুবাদ।

ভীমার্জ্জুন গরুড়ের গরব সংহারী।*
কেতুরূপে ধনঞ্জয়রথরক্ষাকারী ॥
ভীষ্ম দ্রোণকরণরক্ষিত কাল সম।
জয় দুর্য্যোধনসেনা বধহেতু যম ॥৩॥

---

*কুরু পাণ্ডবের যুদ্ধকালীন শ্রীকৃষ্ণ অর্জ্জুনের রথের পতাকায় হনুমানকে বসাইয়া দিয়াছিলেন। কর্ণের সহিত যুদ্ধকালীন অর্জ্জুনের মনে গর্ব্ব হয় যে তাঁহার বাণে কর্ণের রথ এক ক্রোশ দূরে গিয়া পড়িতেছে। আর কর্ণের বাণে তাহার রথ সামান্য মাত্র বিচলিত হইতেছে। সেই দর্প চূর্ণ করিবার জন্য শ্রীকৃষ্ণ হনুমানকে সঙ্কেত করায় হনুমান রথ ছাড়িয়া দিলে কর্ণের বাণে অর্জ্জুনের রথ বহুদূরে গিয়া পড়িল তখন অর্জ্জুন বিস্ময়ান্বিত হইয়া কারণ জিজ্ঞাসা করিলে শ্রীকৃষ্ণ বলিলেন হনুমান ক্ষণেকের জন্য তোমার রথ ছাড়িয়া দেওয়ায় আমি থাকা সত্ত্বেও তোমার রথ দূরে গিয়া পড়িল সুতরাং তোমার অভিমান বৃথা।

একবার ভগবান গরুড়কে বলিলেন তুমি শীঘ্র হনুমানকে লইয়া আইস। গরুড় গিয়া হনুমানকে বলিল ভগবান আপনাকে ডাকিতেছেন শীঘ্র আমার সহিত চলুন। হনুমান বলিল তুমি চল আমি পশ্চাতে যাইতেছি। তোমার আগেই পঁহুছিব। ইহা শুনিয়া গরুড়ের মনে অহঙ্কার হওয়ায় সে অধিক দ্রুত চলিতে লাগিল কিন্তু সে আসিয়া যখন দেখিল যে হনুমান তাহার অনেক আগে আসিয়া পঁহুচিয়াছে তখন তাহার সেই গর্ব্ব চূর্ণ হইল।

মূল ।

জয়তি [১]গজরাজদাতার [২]হরতার
সংসার সঙ্কটদনুজদর্পহারী ।
[৩]ইতি অতি ভীতি গ্রহপ্রেতচৌরানল-
ব্যাধিবাধাশমন [৪]ঘোরমারী ॥৪॥
জয়তি নিগমাগম ব্যাকরণকরণ [৫]লিপি
কাব্য [৬]কৌতুককলাকোটিসিন্ধো। সাম-
গায়ক ভক্তকামদায়ক [৭]বামদেব
[৮]শ্রীরামপ্রিয়প্রেমবন্ধো ॥৫॥
জয়তি [৯]ঘর্মাংশুসন্দগ্ধসম্পাতি
নব পক্ষলোচনদিব্যদেহদাতা ।
কাল কলি পাপ সন্তাপ [১০]সঙ্কুল
সদা প্রণত তুলসীদাসতাতমাত ॥৬॥

১। গজরাজ্যদাতা। ২। হর্ত্তা। ৩। অতিবৃষ্টি, অনাবৃষ্টি, শলভ, মূষিক খগ ও রাজার আগমন এই ষড়বিধ ভয়। ৪। মহামারী। ৫। লিপিকারক টীকাকার। ৬। অলঙ্কার। ৭। মহেশ্বর। ৮। শ্রীরামের প্রেমপ্রিয় বন্ধু। ৯। ঘর্ম+গরম অংশু+কিরণ যার—সূর্য্য তাহা দ্বারা সন্দগ্ধ+সন্তাপিত। ১০। কলিকালের পাপতাপ সমন্বিত।

অনুবাদ।

জয় [১]গতরাজ্যদাতা ভবদুখহারী।
জয় জয় [২]দনুজদরপ নাশকারী॥
ইতি [৩]ভীতিগ্রহ প্রেত চৌরানলভারী।
ব্যাধি বাধা ঘোর মহামারী নাশকারী॥৪॥
ব্যাকরণ নিগম-আগম-টীকাকার।
কাব্য-অলঙ্কার-কোটি-কলা-[৪]পারাবার॥
[৫]সামগাতা [৬]ভক্তকামদাতা মহেশ্বর।
প্রেমপ্রিয় শ্রীরামের প্রিয় বন্ধুবর॥৫॥
রবি করে দগ্ধ সম্পাতির [৭]নব ভারী।
সুপক্ষ লোচন দিব্য দেহ দানকারী॥
কলিপাপতাপে সদা তাপিত অন্তর।
[৮]পরণত তুলসীর মাতা পিতাবর॥৬॥

১। সুগ্রীব ও বিভীষণের গত রাজ্য পুনঃ দানকারী। ২। দনুজের+রাক্ষসের দর্প+গর্ব্ব। ৩। অতিবৃষ্টি+আদি যত বিধ-ভয়। কোটি কলার+বিস্তার পারাবার=সাগর। ৫। সামবেদ গানকারী। ৬। ভক্তের মনোরথ পূর্ণকারী। ৭। নূতন। ৮। প্রণতঃ।

মূল ।

জয়তি [১]নির্ভরানন্দসন্দোহ কপি-
[২]কেশরী [৩]কেশরীসুবন ভুবনৈকভরতা ।
দিব্য [৪]ভূম্যঞ্জনামঞ্জুলাকরমণে ভক্ত-
সন্তাপচিন্তাপহরতা ॥১॥

জয়তি ধর্মার্থকামাপবর্গদ[৫] বিভো ব্রহ্ম
লোকাদি বৈভববিরাগী । বচনমানস
কর্মসত্যধর্মব্রতী জানকীনাথচরণানুরাগী ॥২॥

জয়তি বিহগেশবলবুদ্ধিবেগতি-
মদমথন [৬]মনমথমথন ঊর্দ্ধরেতা ।
মহানাটকনিপুণ কোটিকবিকুল-
তিলক গানগুণগরবগন্ধর্ব-জেতা ॥৩॥

জয়তি মন্দোদরীকেশকর্ষণ বিদ্যমান
দশকণ্ঠ [৭]ভটমুকুট মানী ।
ভূমিজাদুঃখসঞ্জাতরোষান্তকৃত[৮]
যাতনা জন্তুকৃত যাতুধানী ॥৪॥

জয়তি রামায়ণ শ্রবণ সঞ্জাত
রোমাঞ্চ লোচন সজল শিথিল বাণী ।
রামপদপদ্মমকরন্দমধুকর পাহি
দাসতুলসী শরণশূলপাণী ॥৫॥

---

১ । নির্ভর+অতিশয় আনন্দের—সুখের সন্দোহ—রাশি । ২ । কপি শ্রেষ্ঠ । ৩ । কেশরী সুত । ৪ । হে অঞ্জনারূপ ভূমির মঞ্জুল—সুন্দর গর্ভরূপ আকর জাত মণি । ৫ । অপবর্গদ—মোক্ষ-দাতা । ৬ । মন্মথ+মদন । ৭ । বীর শিরোমণি । ৮ । অন্ত-কৃত—যম কর্তৃক কৃত ।

অনুবাদ ।

কপিশ্রেষ্ঠ আনন্দের রাশি অতিশয় ।
ভুবনভরতা কেশরীর সুত জয় ॥
অঞ্জনারূপিনী ধরা [১]গরভ আকর ।
তাহে ভক্ততাপহারী চিন্তামণিবর ॥১॥
ধর্ম্ম অর্থ কাম মোক্ষদাতা বিভো ! জয় ।
ব্রহ্মলোকবৈভবে বিরাগী অতিশয় ॥
কায়মনোবাক্যে সত্যধর্ম্মব্রতাচারী ।
জানকীনাথের পদে অনুরাগী ভারী ॥২॥
[২]খগেশের বলবুদ্ধি [৩]বেগমদহারী ।
[৪]মদনমথন জয় [৫]ঊর্দ্ধরেতা ভারী ॥
নাটকনিপুণ কবিকুলের [৬]তিলক ।
গানগুণে গন্ধর্ব্বের গরব নাশক ॥৩॥
জয় মন্দোদরীকেশ [৭]করষণকারী ।
দশানন বিদ্যমানে, [৮]বীরমানী ভারী ॥
দেখি জানকীর দুঃখ রোষভরে ভারী ।
নিশাচরে যমের [৯]যাতনা দানকারী ॥৪॥
জয়বীর [১০]শ্লথবাণী সজল লোচন ।
রোমাঞ্চিত কলেবর শুনি রামায়ণ ॥
রামপাদপদ্ম [১১]মধুপানে [১২]মধুকর ।
জয় [১৩]শূলপাণি তুলসীকে রক্ষা কর ॥৫॥

১। অঞ্জনার গর্ভ। ২। গরুড়ের। ৩। বেগ—দ্রুতগমন জনিত মদ+গর্ব্ব হরণকারী। ৪। মদনের—কামদেবের মথন—

মূল।

জাকে গতি হৈ হনুমানকী। তাকী
[1]পৈজ [2]পূজি আই য়হ রেখা কুলিশ
পাষাণকী ॥১॥
অঘটিত ঘটনি সুঘট বিঘটনি
ঐসী [3]বিরুদাবলী নহিঁ আনকী।
সুমিরত সঙ্কট শোচ বিমোচনি
মূরতি [4]মোদনিধানকী ॥২॥
তাপর সানুকূল গিরিজাহর
লষণ রাম অরু জানকী। তুলসী
কপিকী কৃপাবিলোকনি [5]খানি
সকল কল্যাণকী ॥৩॥

বিনয় পত্রিকা (৩১)

মূল। (রাগ গৌরী)

জাকিহৈ [6]তমকি তাকী [7]ওর কো।
জাকো হৈ সবভাঁতি ভরোসো
কপি কেশরী [8]কিশোরকো ॥১॥

কারী—বিনাশকারী। ৫। জিতেন্দ্রিয়। ৬। শ্রেষ্ঠ। ৭। কর্ষণ-কারী। ৮। অভিমানী। ৯। নরক যন্ত্রণা। ১০। গদগদ বাক্য বিশিষ্ট। ১১। রামের পদরূপ পদ্মের মধু পান করিতে। ১২। ভ্রমর। ১৩। ত্রিশূলধারী।

১। পণ। ২। পূর্ণ হয়, পূরে। ৩। যশ পংক্তি। ৪। হর্ষ। ৫। খনি। ৬। রোষ করি। ৭। পানে। ৮। কেশরীর কিশোর—পুত্র কপি—হনুমান।

অনুবাদ

হনুমান গতি যার পূরে তার পণ।
কুলিশ [১]পাষাণরেখা না মিটে যেমন ॥১॥
[২]সুঘটে বিগাড়ে যেহ [৩]অঘটে ঘটায়।
ধরাতলে হেন যশ আন কেবা পায়॥
স্মরণে সঙ্কট শোক হয় বিমোচন।
[৪]হরষ নিধান অতি মূরতি শোভন ॥২॥
তাহার উপরে সানুকূল উমাহর;
জানকী লক্ষ্মণ আর প্রভু রঘুবর ॥
তুলসি! কপির অতি কৃপাবলোকন;
সমুদয় কল্যাণের [৫]খনি সুশোভন ॥৩॥

বিনয় পত্রিকা (৩১)

অনুবাদ।

তাকাইবে রোষকরি কেবা [৬]পানে তার;
[৭]কেশরীকিশোর কপি ভরসা যাহার ॥১॥

১। বজ্র ও পাষাণের রেখা—চিহ্ন। ২। যাহা সহজে ঘটি-য়াছে যথা বালী ও রাবণের রাজ্য লাভ; ৩। যাহা ঘটিবার নহে যথা সুগ্রীব ও বিভীষণের রাজ্য লাভ। ৪। হর্ষের—আনন্দের নিধান—আলয়। ৫। আকর। ৬। দিকে। ৭। কেশরী নামক বানরের পুত্র হনুমান।

মূল

জন রঞ্জন অরিগণ গঞ্জন মুখভঞ্জন-
খল [১]বলজোর কো। বেদ পুরাণ
প্রগট পুরুষারথ সকল সুভট
[২]শিরমোঁর কো ॥২॥
উথপে থপন, অপে উথপন,
পণ [৩]বিবুধ বৃন্দ [৪]বন্দি ছোরকো।
জলধি লাঙ্ঘি দহি লঙ্ক প্রবল
বল দলন নিশাচর ঘোর কো ॥৩॥
জাকো বাল বিনোদ সমুঝি জিয়
ডরত দিবাকর [৫]ভোরকো। জাকী
চিবুক [৬]চোট চূরণ কিয়ে রদমদ
কুলিশ কঠোরকো ॥৪॥
লোকপাল অনুকূল বিলোকিবো
চহত বিলোচন [৭]কোরকো। সদা
অভয় জয় মুদমঙ্গলময় জো
সেবক [৮]রণরোরকো ॥৫॥
ভক্তকামতরু নাম রাম পরিপূরণ
চন্দ চকোরকো। তুলসী ফলচারোঁ
করতল, জস গাবত গই- [৯]বহোর কো ॥৬॥

১। অতিশয় বলশালী। ২। বীর শিরোমণি। ৩। দেবতা। ৪। কারাবদ্ধ। ৫। প্রাতঃকালীন। ৬। আঘাত দ্বারা। ৭। কোণের। ৮। রণে রোর—প্রস্তর বৎ কঠিন। ৯। গই—হারান বস্তু, বহোরকো—পুনঃ দানকারীর (যশ)

অনুবাদ।

দাসের রক্ষক অরিগণনাশকারী।
খলমুখ ভঙ্গকারী কেবা বলী ভারী॥
বেদ ও পুরাণে পুরুষার্থ পরচার।
বীর শিরোমণি বলি কে বিদিত আর॥২॥
[১]উত্থাপিতে স্থাপন, [২]স্থাপিতে উত্থাপন।
করে মুক্ত দেবগণে কেবা করি পণ॥
কে দহিত লঙ্কা করি জলধি লঙ্ঘন।
করিত কে ঘোর বলী রাক্ষসে দলন॥৩॥
[৩]বালকবিনোদ যাঁর করিয়া স্মরণ।
অদ্যাপিও [৪]বালরবি অতিভীতমন॥
যাঁহার চিবুকাঘাত করিল চূরণ।
[৫]কুলিশের [৬]রদমদ অতীব ভীষণ॥৪॥
লোচনের কোণে অনুকূল দৃষ্টি তব।
সতত যাচিঞা করে লোকপাল সব॥
রণে সুকঠিন বীর তব দাস চয়।
সদা মুদশুভময় জয়ী নিরভয়॥৫॥
তুমিহ চকোর, পূর্ণচন্দ্র যেন রাম।
ভকতের কামতরু সম তব নাম॥
তুলসি! সে চারি ফল করতল পায়।
হারানিধিদানকারী যশ যেবা গায়॥৬॥

১। রাজ্যচ্যুত সুগ্রীব ও বিভীষণকে। ২। রাজ্যে স্থাপিত বালী ও রাবণকে। ৩। বাল্য ক্রীড়া—হনুমান বাল্য ক্রীড়া

মূল।

ঐসী তেহি ন বূঝিয়ে হনুমান [১]হঠীলে।
সাহব কহূঁ ন রামসে, তোসে ন [২]উসীল ॥১॥
তেরে দেখত সিংহকে শিশু [৩]মেঢ়ক
[৪]লীলে। জানত হৌঁ কলি তেরেউ [৫]মনু
গুণগণ [৬]কীলে ॥২॥
হাঁক সুনত দশকন্ধকে ভয়ে [৭]বন্ধন
[৮]ঢীলে। সো [৯]বলু গয়ো [১০]কিধোঁ ভয়ো
অব [১১]গরবগহীলে ॥৩॥
সেবক কো পরদা ফটে তুম সমরথ
[১২]সীলে। অধিক আপুতে আপুনো
শুনি মান [১৩]সহীলে ॥৪॥
[১৪]সাসতি তুলসীদাসকী শুনি সুযশ
তুহীলে। তিহুঁ কাল তিনকো ভলো
জে [১৫]রামরঁগীলে ॥৫॥

হলে প্রাতঃকালীন সূর্য্যকে পক্বফল মনে করিয়া গ্রাস করিতে গিয়াছিল। ৪। প্রাতঃকালীন সূর্য্য। ৫। বজ্রের। ৬। দন্তের গর্ব। ৭। আনন্দ ও মঙ্গলময়।

১। একগুঁয়ে—অর্থাৎ যাহা করিতে প্রতিজ্ঞা কর তাহা সাধন না করিয়া ক্ষান্ত হওনা সুতরাং আমার বিনয় শুনিতেছ না ইহা ঠিক হইতেছে না। ২। বন্ধু। ৩। মণ্ডুক। ৪। গ্রাস করিতেছে। ৭। দেহের বন্ধন। ৮। শিথিল। ৯। বল, শক্তি। ১০। কোথা। ১১। গর্বগ্রাজ্জ অভিমানী। ১২। সেলাই করিয়া দাও। ১৩। সহ্যরতা করিতে। ১৪। শাস্তি (পীড়া) ১৫। রামের অনুরাগে অনুরাগী।

অনুবাদ।

হেন বুঝা হনুমান উচিত না হয়।
হইয়াও সমরথ না শুন বিনয় ॥
কোথাও নাহিক প্রভু রামের সন্ধান।
তব সম বন্ধু মোর নাহি কেহ আন ॥১॥
সিংহের শিশুকে করে [১]মণ্ডুক গরাস।
তোমার সাক্ষাতে, মনে নাহিক তরাস ॥
জানিতেছি ঘোর কলি তব গুণগণ।
মোহিত করিয়া যেন করিল হরণ ॥২॥
নাদ শুনি তব এককালে দশানন।
লঙ্কায় হইয়াছিল অতি ভীত মন ॥
এবে কোথা গেল সেই তোমার শকতি।
চুপ করি আছ কেন অভিমানে অতি ॥৩॥
ফাটিয়াছে সেবকের পরদা এখন।
সমরথ তুমি মাত্র করিতে [২]সীবন ॥
আপনার দপে তুমি আপনা হইতে।
শুনিতে মানিতে বেশী সাহায্য করিতে ॥৪॥
তুলসীদাসের পীড়া শুনি অতঃপর।
লাভ কর তুমিও সুযশ মনোহর।
ত্রিকালে তাহার ভাল হইবে নিশ্চয়।
রামরাগে অনুরাগী যেহ সদা হয় ॥৫॥

১। ভেক—বাদসাহ (বাদসাহ তুলসীদাসকে রামকে দেখাইতে বলেন এবং তুলসীদাস আদেশ অমান্য করায় কারাগারে তাঁহাকে আবদ্ধ করিলে তুলসীদাস এই পত্রিকা রচনা করেন।)

২। সেলাই—আমার যে পর্দা কাটিয়াছে অর্থাৎ আমি যে রামের

মূল।

সমরথ ১সুবন সমীরকে রঘুবীর-
পিয়ারে। মোপরকীবী তোহি জো
করি লেহি ভিয়ারে ॥১॥
তেরী মহিমাতে চলৈঁ চিঞ্চিণী ২চিঁয়ারে।
অঁধিয়ারো মেরীবার কৈঁ্যা ত্রিভুবন উজিয়ারে ॥২॥
কেহি করনী জন জানিকৈ সনমান কিয়ারে।
কেহি অঘ ঔগুণ আপনে করি ৩ডারিদিয়ারে ॥৩॥
খাই খেঁচী ৪মাঁগ মৈঁ তেরো নাম লিয়ারে।
তেরে বল বলি আজ লৌঁ জগ জাগি জিয়ারে ॥৪॥
জৌঁ তোসেঁ হোতৌ ফিরৌঁ মেরো হেত
হিয়ারে। তৌ কৈঁ্যা বদন দেখাবতো
কহি বচন ইয়ারে ॥৫॥
তোসোঁ জ্ঞান নিধান কো সরবজ্ঞ
বিয়ারে। হোঁ সমুঝত সাইঁ দ্রোহকী
গতি ছার ছিয়ারে ॥৬॥
তেরে স্বামী রামসে স্বামিনী সিয়ারে।
তহঁ তুলসীকো কৌন কো কাকো তাকি-
য়ারে ॥৭॥

সেবক হইয়াও বাদসাহকে রামের কোন কীর্ত্তি চমৎকার কীর্ত্তি দেখাইতে পারিলাম না তাহা তুমি দেখাইয়া দাও।

১। সুত। ২। চিঞ্চাবীজ। ৩। ফেলিয়া দিয়াছ ত্যাগ করিয়াছ। ৪। ভিক্ষা।

অনুবাদ।

সমরথ বায়ুসুত ! রামপ্রিয় অতি।
কর ভ্রাতঃ ! তোমার কর্ত্তব্য মোর প্রতি ॥১॥
তব মহিমায় তুচ্ছ [১]চিঞ্চাবীজগণ।
চলি যায় বিশ্বে যেন রজত কাঞ্চন ॥
ত্রিভুবনে কর তুমি আলোক প্রচার।
আমার বেলায় কেন করহ আঁধার ॥২॥
কি করমে [২]জন জানি সম্মান করিলে।
কি পাপে [৩]আপন করি পুনশ্চ তজিলে ॥৩॥
ভিক্ষা মাঁগি খাই করি নাম পরচার।
জগতে জাগিয়া বাঁচি প্রতাপে তোমার।
হইত আমার হিয়া কারণ তাহার ॥
তা হ'লে কি দেখাইতে পারিতাম মুখ ॥৪॥
বন্ধু সম কহিয়া তোমায় নিজ দুঃখ ॥৫॥
হইয়াছে কেবা বল জ্ঞানের নিধান।
সরবজ্ঞ অন্তর্য্যামী তোমার সমান ॥
বুঝিতেছি করিবেক স্বামী দ্রোহীগণ।
ক্ষারবিষ্ঠাময় ঘোর নরকে গমন ॥৬॥
রাম সীতা সম স্বামী স্বামিণী তোমার।
যথা তথা তুলসীর বন্ধু কেবা আর ॥৭॥

১। চিঞ্চা—তেঁতুল বীজ—কাই বীজ। ২। দাস। ৩। আপনার প্রিয়দাস করিয়া। ৪। দ্রোহী।

মূল।

অতি [১]আরত অতি [২]স্বারথী অতি দীন
দুখারী। ইনকো [৩]বিলগ না মানিয়ে
বোলহিঁ ন বিচারী ॥১॥
লোকরীতি দেখী মুনী ব্যাকুল নরনারী।
অতি বরষৈ অনবরষেউ দেহিঁ দৈবহিঁ
গারী ॥২॥
না কহি [৪]আয়ে নাথসোঁ [৫]সাঁসতি [৬]ভয়ভারী।
কহি আয়ো কীবী ক্ষমা নিজ [৭]ওর নিহারী ॥৩॥
[৮]সমৈ [৯]সাঁকরে সুমিরিয়ে সমরথহিতকারী।
সো সববিধি [১০]উবর করৈ অপরাধ বিসারী ॥৪॥
[১১]বিগরী সেবককী সদা সাহবহি সুধারী।
তুলসীপর তেরী কৃপা [১২]নিরুপাধি
[১৩]নিরারী ॥৫॥

১। আর্ত্ত। ২। স্বার্থপর। ৩। পৃথক। ৪। কহা নাহি যায়—নাসিকায় আসিয়া শ্বাস রোধ হইতেছে। ৫। শাস্তি, পীড়া। ৬। কলির ভয়। ৭। দিকে। ৮। সময়ে। ৯। সঙ্কটে। ১০। উদ্ধার। ১১। বিকৃত। ১২। অকপট। ১৩। বিশেষ।

অনুবাদ।

দীন দুঃখী স্বার্থপর [1]আর্ত্ত অকিঞ্চন।
না মান [2]পৃথক এরা বিচারি না কর ॥১॥
দেখি শুনি এই রীতি লোকের ভিতরে।
সমুদায় নরনারী ব্যাকুল অন্তরে ॥
নাহি বরষিলে কিম্বা বরষিলে অতি।
বিধাতাকে গালি দেয় না করি যুকতি ॥২॥
কলিপীড়া ভয়ভারি কহা নাহি যায়।
শ্বাসরোধ হইতেছে আসি নাসিকায়।
তাই কহিতেছি নাথ! হইয়া কাতর।
আপনার পানে চাহি দাসে ক্ষমা কর ॥৩॥
স্মরে লোক সঙ্কট সময় আগমনে।
অতিশয় সমরথ হিতকারী জনে ॥
সেই সমরথ জন সকল প্রকারে।
অপরাধ ভুলি নিজ আশ্রিতে উদ্ধারে ॥৪॥
[3]বিকৃত সেবকে সদা পরন্তু তাহার।
বিশুদ্ধ করিয়া তায় করেন উদ্ধার ॥
তাহাতে তুমিহ কর তুলসীর প্রতি।
বিশেষ করিয়া অকপট কৃপা অতি ॥৫॥

---

১ পীড়িত। ২। সকলেই একরূপ দোষে দোষী অর্থাৎ ইহারা সকলেই বিচার না করিয়া কহে সুতরাং ইহাদের দোষ ধরা উচিত নয়। ৩। বিকার প্রাপ্ত।

মূল।

কটু কহিয়ে [১]গাঢে [২]পরে সুনু [৩]সমুঝি
[৪]সুসাই। করহিঁ [৫]অনভলেউকো ভলো
আপনী ভলাই ॥১॥
সমরথ [৬]শুভ জো পাবই বীর [৭]পীর
পরাই। তাহি তকৈ সব জ্যোঁ নদী
বারিধি ন বুলাই ॥২॥
অপনে অপনেকো ভলো চহৈ লোগ-
[৮]লুগাই। ভাবে জো জেহি তেহি ভজে
শুভ অশুভ [৯]সগাই ॥৪॥
[৯]বাঁহরোল দৈ থাপিয়ে জো নিজ [১০]বরিয়াই।
বিনসেবা সোঁ পালিয়ে সেবককী নাই ॥৪॥
চূক চপলতা মেরিয়ৈ তূ বড়ো বড়াই।
হোত আদরে [১১]ঢীঠ হৈ অতি নীচ নিচাই ॥৫॥
বন্দি [১২]ছোর [১৩]বিরুদাবলী নিগমাগম গাই।
[১৪]নীকো তুলসীদাসকো তেরিয়ৈ নিকাই ॥৬॥

১। সঙ্কটে। ২। পড়িয়া। ৩। সুস্বামী। ৪। অধমেরো। ৫। হিতকারী। ৬। পীড়া। ৭। নরনারী। ৮। সম্বন্ধ। ৯। অভয়বচন। ১০। মহিমায়। ১১। ধৃষ্ট। ১২। বন্দিমুক্তকরণ। ১৩। যশ সমূহ। ১৪। হিত।

অনুবাদ।

সঙ্কটে পড়িয়া কটু কহিলে বচন।
সুস্বামী বুঝেন তাহা করি [1]শরণ॥
অধমেরো ভাল অতি করেন সাধন।
আপনার শুভগুণে সাধু মহাজন॥১॥
হিতকারী সমরথ ধীর যেই জন।
তাঁহাকে পাইলে পীড়া করে পলায়ন॥
কেবল তাঁহার পানে সকলে তাকায়।
অনাহূত নদী যেন বারিধিকে ধায়॥
আপন আপন মনোমত ভাল ভারী।
চাহে ধরাতলে সমুদয় নরনারী॥
যাকে যাহা ভাল লাগে ভজে সেহ তায়।
তার সনে শুভাশুভ সম্বন্ধ পাতায়॥
আপনার মহিমায় করি নিজ [2]জন।
[3]থাপিলা যাহাকে দিয়া অভয়বচন॥
[4]সেবন [5]বিহনে তায় দাসের মতন।
আপনার গুণে প্রভো! করহ পালন॥৪॥
আমারি [6]ভরম আমি চপলতাময়।
তোমারি মহত্ব তুমি বড় অতিশয়॥
আদর করিলে নীচ ধৃষ্ট অতি হয়।
নীচতা করয়ে সদা যেহ নীচাশয়॥৫॥
বন্দিমুক্তকরণ তোমার সুকরম।
সততই গান করে নিগম আগম॥
তুলসীদাসের হিত হইল সাধিত।
তোমারি মহিমা তায় হইবে সূচিত॥৬॥

১। স্মরণ। ২। দাস। ৩। স্থাপন করিলা। ৪। সেবা করণ ৫। ব্যতীত। ৬। ভ্রম। ৭। উদ্ধত। ৮। কারারুদ্ধ।

মূল । (রাগ গৌরি)

মঙ্গল মূরতি মারুত নন্দন ।
সকল অমঙ্গল মূল নিকন্দন ॥১॥
পবনতনয় সন্তন হিতকারী ।
হৃদয় বিরাজত অবধবিহারী ॥২॥
মাতু পিতা গুরু গণপতি সারদ ।
শিবা সমেত শম্ভু শুক নারদ ॥৩॥
চরণবন্দি বিনবৌঁ সরকাহূ ।
দেহু রামপদ নেহনিবাহূ ॥৪॥
বন্দৌঁ রাম লষণ বৈদেহী ।
জে তুলসীকে পরম সনেহী ॥৫॥

বিনয় পত্রিকা (৩৭)

দণ্ডক

লক্ষ্মণজীকী স্তুতি ।

লাল [১]লাড়িলে লষণ হিত হো [২]জনকে ।
সুমিরে সঙ্কটহারী সকল সুমঙ্গলকারী
পালক কৃপাল অপনে পণকে ॥১॥
[৩]ধরণীধরণহার, ভঞ্জনভুবনভার, অবতার
সাহসী সহসফণকে । [৪]সত্যসঙ্গ সত্যব্রত,
পরম ধরমরত, নিরমল করম বচন মনকে ॥২॥
রূপকে নিধান, ধনুবাণপাণি তূণ কটি
মহাবীর বিদিত [৫]জিতৈয়া বড়ে রণকে ।
সেবকসুখদায়ক সবল [৪]সবলায়ক
গায়ক জানকীনাথ গুণগণকে ॥৩॥

১। প্রিয় । ২। রামচন্দ্রের । ৩। কর্তা । [illegible] স্বামী ।
৫। যোদ্ধা ।

বিনয় পত্রিকা (৩৬)

অনুবাদ।

মঙ্গল মুরতি জয় মারুত নন্দন।
সমুদয় অমঙ্গল মূল-বিনাশন ॥১॥
পবন তনয় সাধুগণ হিতকারী।
হৃদয়ে বিরাজমান কোশল বিহারী ॥২॥
মাতা পিতা গুরু গণপতি সারদার।
নারদ ও শুক শম্ভু সহিত শিবার ॥৩॥
চরণ বন্দিয়া করি সকলে বিনতি।
রামপদে সনেহ নির্বাহ কর অতি ॥৪॥
সীতারাম সহ করি লক্ষণে বন্দন।
যাঁরা তুলসীর অতি সনেহ ভাজন ॥৫॥

বিনয় পত্রিকা (৩৭)

অনুবাদ।

প্রিয়তম শ্রীলক্ষণ দাস [১]হিতকারী।
স্মরণ করিলে অতি সুসঙ্কটহারী ॥
কৃপাবান সমুদয় মঙ্গল কারক।
[২]সত্যসঙ্গ আপনার প্রতিজ্ঞা পালক ॥১॥
[৩]ধরাধারী ভঙ্গকারী ভুবনের ভার।
সাহসী সহস্রফণা [৪]শেষ অবতার।
সত্যসন্ধ সত্যব্রত ধর্ম্মে রত মতি।
কায়মনোবাক্য সদা নিরমল অতি ॥২॥
রূপের নিধান করে ধনুবাণ-ধর।
কটিদেশে তূণ রণজয়ী বীরবর ॥
সবল সুযোগ্য দাস [৫]আনন্দদায়ক।
জানকীনাথের গুণগণের গায়ক ॥৩॥

১। শ্রীরামের দাসের হিতকারী। ২। দৃঢ় প্রতিজ্ঞ। ৩। পৃথিবী ধারণকারী। ৪। অনন্ত নাগ। ৫। দাসের আনন্দদানকারী।

মূল।

[১]ভাবতে ভরতকে সুমিত্রা সীতাকে [২]চুলাবে
চাতক চতুর রামশ্যামঘনকে। অনুজ
উর্ম্মিলাকে, সুলভ সনেহ বশ [৩]ধনীধম
তুলসীসে নিরধনকে ॥৪॥

বিনয় পত্রিকা (৩৮)

মূল। (রাগ ধনশ্রী)

জয়তি লছমনানন্ত ভগবন্ত ভূধর
ভুজগরাজ ভুবনেশ ভূভারহারী।
[৪]প্রলৈ পাবক মহাজ্বাল- [৫]মালাবমন
শমন সন্তাপ লীলাবতারী ॥১॥
জয়তি দাশরথি সমর সমরথ সুমিত্রা-
সুবন শত্রুসূদন রামভরতবন্ধো।
চারু চম্পাকবরণ, বসন ভূষণ ধরণ,
দিব্যতর ভব্য লাবণ্যসিন্ধো ॥২॥
জয়তি [৬]গাধেয়-গৌতম-জনক-সুখ-
জনক বিশ্বকণ্টক কুটিল কোটিহন্তা।
বচনচয় চাতুরী-পরশুধর গরহর
সর্ব্বদা রামভদ্রানুগন্তা ॥৩॥
জয়তি সীতেশসেবাসরস বিষয়রস নিরস
নিরুপাধিধুরধর্মধারী। বিপুল বলমূল
শার্দ্দূলবিক্রম জলদনাদমর্দনমহাবীরভারী ॥৪॥
জয়তি সংগ্রামসাগর ভয়ঙ্করতরণ রাম-
হিতকরণ বরবাহুসেতু। উরমিলারমণ
কল্যাণমঙ্গলভবন দাস তুলসীদোষ-
দমন হেতু ॥৫॥

১। প্রিয়। ২। প্রিয়। ৩। রামভক্তিরূপ ধনে।
৪। প্রলয়ের ৫। শিখা। ৬। বিশ্বামিত্র।

অনুবাদ।

প্রিয় ভরতের আর সীতা সুমিত্রার।
রাম শ্যামঘন তুমি চাতক তাহার॥
সুলভ সনেহবশে উর্ম্মিলার পতি।
রামভক্তিধনে ধনী তুলসীর প্রতি॥৪॥

বিনয় পত্রিকা (৩৮)

অনুবাদ।

ভূধর ভুজগরাজ ভূভার হরণ।
ভুবনেশ ভগবান অনন্ত লক্ষ্মণ॥
প্রলয়ে পাবকশিখা করহ বমন।
অবতরি কর তাপ লীলায় শমন॥১॥
রণপুট দশরথ সুমিত্রার সুত।
ভরতশত্রুঘ্নরামবন্ধু গুণযুত॥
বসন ভূষণ ভব্য করহ ধারণ।
লাবণ্যসাগর চারু চম্পকবরণ॥২॥
গাধেয়-গৌতম-জনকের সুখকারী।
বিশ্বের কণ্টক কোটি কুটিল সংহারী॥
বাক্যবাণে পরশুধরের গর্ব্ব হর।
সদা রামভদ্র-অনুগামী সহচর॥৩॥
সনেহ সরস সীতাপতি সেবাকারী।
নীরস বিষয়রসে ধর্ম্মধুরধারী॥
বিক্রম শার্দ্দূল সম বল মূল ভারী।
মহাবীর মেঘনাদ মরদনকারী॥৪॥
সংগ্রামসাগর ঘোর করিতে তরণ।
রামহিত বাহু সেতু করিলে বন্ধন॥
উর্ম্মিলারমণ মঞ্জ মঙ্গল ভবন।
তুলসীদাসের দোষদমনকারণ॥৫॥

মূল। (ভরতজীকী স্তুতি)

জয়তি ¹ভূমিজারমণপদকঞ্জ ²মকরন্দ
রসরসিক মধুকর ভরতভূরি-ভাগী।
ভুবনভূষণভানুবংশভূষণ ভূমিপালমণি
রামচন্দ্রানুরাগী ॥১॥
জয়তি বিবুধেশধনদাদিদুর্লভ মহারাজ
সম্রাজ সুখপদবিরাগী। খড়্গধারাব্রতী
প্রথম রেখাপ্রগট শুদ্ধমতিযুবতি পতি-
প্রেম পাগী ॥২॥
জয়তি ³নিরুপাধি ভক্তিভাব ⁴যন্ত্রিত
হৃদয় বন্ধুহিত চিত্রকূটাদ্রিচারী।
পাদুকানৃপ সচিব ⁵পুহুমিপালক পরম
ধর্মধুরধীর বরবীর ভারী ॥৩॥
জয়তি সঞ্জীবিনীসময়সঙ্কট হনূমান
ধনুবাণ মহিমা বখানী। বাহুবল বিপুল
⁶পরমিত পরাক্রম অতুল গূঢ়মতি
⁷জানকীজান জানী ॥৪॥
জয়তি ¹রণঅজির গন্ধর্বগণগরবহর
ফিরকিয়ে রামগুণগাথগাতা। মাণ্ডবী
চিত্তচাতক ⁹নবাম্বুদবরণ শরণতুলসী-
দাস অভয়দাতা ॥৫॥

১। বাহু বলে মেঘনাদকে বধ করিয়া রণ-সাগর পার হইবার পক্ষে রামের হিতের জন্ত যে সেতু করিয়া দিলে।

১। সীতারমণ। ২। মধু। ৩। নিষ্কাম। ৪। বশীকৃত। ৫। পৃথিবী। ৬। প্রমাণিত। ৭। জানকীর প্রাণ (পতি)। ৮। অঙ্গন। ৯। নবঘন।

অনুবাদ। (ভরত-স্তুতি)

শ্রীরামপতি-চরণকমল মধু পান।
করিছেন ভরত মধুকর ভাগ্যবান।
অনুকূল ত্রিভুবন ভুবনভূষণ।
ভূমিপালমণি রামপদে রত মন ॥১॥
১বিধুধেশ ২ধনদের দুরলভ অতি।
সাম্রাজ্যের সুখ ভোগে বিরত সুমতি ॥
৩খড়্গধারাব্রতীমাঝে প্রথমে গণন।
৪শুদ্ধমতীনারী ৫পতিপ্রেমে নিমগন ॥২॥
নিষ্কাম ভকতিভাবে রাম হিয় ভারী।
৬বন্ধুহেতু চিত্রকূটে বিচরণকারী ॥
৭পাদুকানৃপের মন্ত্রী ভূমি পাল ভারী।
ধীরবীর পরম ৮ধরমধুরধারী ॥৩॥
সঞ্জীবনী আনয়ন কালে হনুমান।
করে অতি ধনুর্বাণ মহিমা বাখান ॥
বাহুর বিপুল বল তাহে প্রমাণিত।
বল গূঢ় গতিমাত্র রামের বিদিত ॥৪॥
৯রণাঙ্গনে গন্ধর্ব্বগণ বিনাশি ভারী।
করিলেন তায় রামগুণগানকারী ॥
চাতক সাধুবীচিত্ত তোষে নবঘন।
ভয়হারি! লয় দাস তুলসী শরণ ॥৫॥

১। ইন্দ্র। ২। কুবেরের। ৩। অতি কঠিন ব্রতধারী।
৪। (ভরতের) মতিরূপ নারী। ৫। পতি রামচন্দ্রের প্রেমে।
৬। ব্যস্ত। ৭। পাদুকা রূপ রাজার। ৮। ধর্মরূপ ভার
ধারণকারী। ৯। রণভূমিতে।

মূল। (শত্রুঘ্নজীকী স্তুতি)

জয়তি জয় শত্রুকরি [1]কেশরী শত্রু হন
[2]শত্রুতম [3]তুহিনহর [4]কিরণকেতু। দেব
[5]মহিদেব মহি ধেনু [6]সেবক সুজন সিদ্ধ
মুনি সকল কল্যাণ হেতু ॥১॥
জয়তি সর্বাঙ্গ সুন্দরসুমিত্রা [7]সুবন
বিখ্যাত [8]ভরতানুগামী। বর্মচর্মাসি
ধনুবাণতূণীরবর[9] শত্রুসঙ্কটশমন[10]
যৎপ্রণমামী ॥২॥
জয়তি লবণাম্বুনিধিকুম্ভ-[11]সম্ভব
মহা দনুজ দুর্জনদবন[12] [13]দুরিতহারী।
লছমনানুজ ভরতরামসীতাচরণ-
রেণুভূষিত ভাল তিলকধারী ॥৩॥
জয়তি শ্রুতিকীর্তিবল্লভ[14] সুদুর্লভ
সুলভ [15]নমতনর্মদ[16] ভক্তভক্তিদাতা।
দাস তুলসী চরণ [17]শরণ [18]সীদত
বিভো পাহি দীনার্তসন্তাপহাতা ॥৪॥

১। শত্রুরূপ করীর পক্ষে কেশরী সিংহ স্বরূপ। ২। অন্ধ-কার। ৩। তুষার। ৪। রবি। ৫। ব্রাহ্মণ। ৬। দাস। ৭। সুত। ৮। ভরতের অনুচর। ৯। ১০। নাশকারী। ১১। অগস্ত্য। ১২। বিনাশন। ১৩। পাপহারী। ১৪। নাথ। ১৫। প্রণত। ১৬। সুখদ। ১৭। আশ্রিত। ১৮। পীড়া পায়। ১৯। হার্তা।

অনুবাদ (শত্রুঘ্ন স্তুতি)

জয় জয় [১]শত্রুকরীহরি [২]শত্রুহন।
রবি সম [৩]শত্রুতমতুষারহরণ॥
দেব মহী ধেনু দাস ব্রাহ্মণ সুজন।
সিদ্ধ মুনি সকলের কল্যাণকারণ॥১॥
সুমিত্রার সুত জয় সর্ব্বাঙ্গসুন্দর।
ভুবন বিখ্যাত ভরতের অনুচর॥
[৪]বর্ম [৫]চর্ম [৬]অসি ধনুর্ব্বাণ তূণধারী।
প্রণমামি শত্রুর সঙ্কট নাশকারী॥২॥
[৭]লবণাম্বুনিধির অগস্ত্য [৮]শোষকারী।
[৯]দনুজ-দুর্জন বিনাশক পাপহারী॥
লক্ষ্মণ-অনুজ! রামভরতসীতা।
চরণের রেণু [১০]ভালে তিলক তোমার॥৩॥
জয় [১১]শ্রুতিকীর্ত্তিনাথ পাপী [১২]দুরন্ত।
[১৩]ভক্তভক্তিদাতা [১৪]নতসুখদ সুলভ॥
তুলসীচরণাশ্রিত পায় পীড়া ভারী।
পাহি বিভো! দীনের [১৫]আরতিতাপহারী॥৪॥

১। শত্রুরূপ করীর—হস্তির পক্ষে হরি—সিংহ স্বরূপ। ২। শত্রুঘ্ন। ৩। শত্রু রূপ তম—অন্ধকার ও তুষার—হিম হরণকারী। ৪। দেহত্রাণ সাঁজোয়া। ৫। ঢাল। ৬। তরবারি। ৭। লবণাসুর রূপ অম্বুনিধির—সাগরের। ৮। শুষ্ককারী। ৯। দৈত্য। ১০। কপালে। ১১। শ্রুতিকীর্ত্তির পতি। ১২। পাপীর দুর্লভ। ১৩। ভক্তকে—দাসকে ভক্তি—রামভক্তি দানকারী। ১৪। নতের সুখদ ও সুলভ। ১৫। পীড়া।

মূল ।

জানকীজীকী স্তুতি (রাগ কেদারা)

কবহুঁক অম্ব অবসর পাই ।
মেরিয়ো [১]সুধি দ্যাইবী কছু করুণ
কথা চলাই ॥১॥
দীন সব অঙ্গহীন [২]ছীন মলীন
[৩]অঘীঅঘাই । নাম লৈ ভরৈ উদর
এক প্রভু দাসীদাস কহাই ॥২॥
[৪]বূঝিহৈঁ সো হৈ কৌন কহিবী নাম
দশা জনাই । শুনত রামকৃপালুকে
মেরি [৫]বিগরিয়ো বনি- [৬]জাই ॥৩॥
জানকী জগজননি জনকী কিয়ে
বচন সহাই । তরৈ তুলসীদাস ভব
তব নাথ গুণগণ গাই ॥৪॥

(৪২)

কবহুঁ সময় সুধি দ্যাইবো মেরী মাতু
জানকী । [৭]জন কহাই নাম লেত হৌঁ কিয়ে
পণ চাতক জ্যোঁ প্যাস প্রেম পানকী ॥১॥
সরল প্রকৃতি আপু জানিয়ে করুণা
নিধানকী । নিজগুণ অরিকৃত [৮]সনহিত্তো
দাসদোষ সুরতিচিত রহত ন দিয়ে দানকী ॥২॥
বাণি বিসারণশীলহৈঁ মানদ অমানকী
তুলসীদাস ন বিসারিয়ে মনক্রম বচন
জাকে সপনেহুঁ গতি ন আনকী ॥৩॥

১। স্মরণ। ২। ক্ষীণ। ৩। পাপী। ৪। পুছিবেন।
৫। বিগড়ন। ৬। শুধরিবে। ৭। দাস। ৮। অহিত্তো।

অনুবাদ ।

যবে মাতঃ ! অবসর পাইবে কখন ।
করুণ বচনে মোর করায়ো স্মরণ ॥১॥
প্রভো ! তব [1]দাসীদাস পাপী এক দীন ।
তব নাম লয়ে করে উদর পূরণ ॥২॥
পুছিবেন যবে বল সেহ কোন জন ।
নাম দশা কহি মাতঃ জানাবে তখন ॥
কৃপাল শ্রীরাম মাত্র করিলে শ্রবণ ।
শুধরি যাইবে মোর সব [2]বিগড়ন ॥৩॥
জননি ! বচনে মাত্র সহায়তা পেয়ে ।
তুলসী তরিবে ভব [3]নাথগুণ গেয়ে ॥৪॥

(৪২)

সময়ে কখনো মাতঃ ! স্মরণ আমার ।
করাইয়ো দয়া করি পতিকে তোমার ॥
দাস করাইয়া নাম লই অনুক্ষণ ।
[4]প্রেমপান পণ মোর চাতক যেমন ॥১॥
সরল গভীর প্রভু করুণাআগার ।
অবিদিত নহে তব স্বভাব তাঁহার ॥
নিজগুণ অরিকৃত অহিতো কখন ।
দাসদোষ [5]কিস্বাদান না রহে স্মরণ ॥২॥
বিস্মরণশীল প্রভু [6]মানদ [7]অমানী ।
আনে মান দিয়া ভুলি যান সেই বাণী ॥
না ভুলিয়ো তুলসীকে প্রভু ভগবান ।
কায়মনোবাক্য যার নাহি [8]গতি আন ॥৩॥

১। তোমার দাসী তুলসীর দাস। ২। দোষ। ৩। তোমার নাথ রামের গুণ। ৪। প্রেমরূপ স্বাতিবিন্দু পান। ৫। অপরকে

মূল । (শ্রীরামচন্দ্রজীকী স্তুতি)

জয়তি সচ্চিতব্যাপকানন্দ যৎ ব্রহ্ম
[1]বিগ্রহ [2]ব্যক্তলীলাবতারী । [3]বিকল
ব্রহ্মাদি সুরসিদ্ধ সংকোচবশ বিমল
গুণগেহ নরদেহধারী ॥১॥
জয়তি [4]কৌশলাধীশ কল্যাণ কোশল-
[5]সুতা কুশল [6]কৈবল্যফল চারুচারী ।
বেদবোধিত[7] কর্মধর্ম, ধরণী ধেনু-বিপ্র
সেবক-সাধু-মোদ, কারী ॥২॥
জয়তি ঋষিমখপাল শমনসজ্জনশাল[8]
শাপবশ মুনিবধুশাপহারী । ভঞ্জি
ভবচাপ দলিদাপ[9] ভূপাবলী সহিত
ভৃগুনাথ নতমাথ ভারী ॥৩॥
জয়তি ধার্মিকধুরধারী রঘুবীর গুরুমাতু-
পিতুবন্ধুবচনানুসারী । চিত্রকূটাদ্রি
দণ্ডকবিপিন ধন্যকৃত পুণ্যকানন-
বিহারী ॥৪॥

বরদান । ৬ । অপরকে মানদানকারী । ৭ । অভিমান রহিত ।
৮ । উপায়, আশ্রয় ।

১ । মূর্ত্তি । ২ । প্রকাশিত । ৩ । ব্যাকুল । ৪ । কোশ-লের—অযোধ্যার অধীশ—রাজা দশরথ । ৫ । কৌশল্যা ।
৬ । মোক্ষফল । ৭ । বিহিত । ৮ । শূল । ৯ । দর্প ।

অনুবাদ।

সচ্চিত-ব্যাপকানন্দ ব্রহ্ম ধরি দেহ।
লীলাহেতু অবতরি প্রকাশিত যেহ।
ব্যাকুল ব্রহ্মাদি সুর সিদ্ধগণে হেরি।
অবতীর্ণ [১]গুণগেহ নরতনু ধরি ॥১॥
দশরথ কৌশল্যার অতি শুভকর।
[২]চারি মোক্ষফল সম অতি মনোহর ॥
বেদের বিহিত কর্ম-ধরম-আচারী।
ধরা ধেনু-বিপ্র-দাস-সাধু-[৩]মোদকারী ॥২॥
[৪]ঋষিমখপাল [৫]সাধুশূলনাশকারী।
শাপবশীভূত মুনিবধূশাপহারী[৬] ॥
ভাঙ্গি [৭]ভবচাপ [৮]ভূপদরপদমিলে।
ভৃগুনাথ সহ মাথা নোয়ায় সকলে ॥৩॥
জয় রঘুবীর ধীর [৯]ধর্মধুরধারী।
মাতাপিতা গুরুবন্ধুবচনানুসারী ॥
চিত্রকূট বিন্ধ্যাচল দণ্ডক কানন।
করিয়াছ পূত ধন্য করি বিচরণ ॥৪॥

১। গুণের গৃহ। ২। চারি মোক্ষফল যথা—সারূপ্য, সাযুজ্য, সালোক্য, সামীপ্য। ৩। আনন্দ। ৪। ঋষির—বিশ্বামিত্রের মখের—যজ্ঞের পাল—রক্ষক। ৫। সাধুর শূল—পীড়া। ৬। মুনিবধুর—অহল্যার অভিশাপ হরণকারী। ৭। শিবধনু। ৮। ভূপগণের দর্প। ৯। ভার।

অনুবাদ।

জয়তি [১]পাকারিসুতকাককরতুতি ফল-
লানি খনি গর্ত্ত [২]গোপিত বিরাধা।
দিব্যদেবীবেষ দেখি লখি নিশিচরী
জনু [৩]বিড়ম্বিতকরী [৪]বিশ্ববাধা ॥৫॥
জয়তি খরত্রিশিরদূষণ চতুর্দশসহস
সুভট মারীচ সংহারকরতা। গীধ-
শবরী ভক্তিবিবশ করুণাসিন্ধু
চারত [৫]নিরুপাধি ত্রিবিধার্তিহরতা ॥৬॥
জয়তি মদঅন্ধ কু-কবন্ধবধ বালি
বলশালি বধকরণ সুগ্রীবরাজা।
সুভট মর্কট ভালু কটক সংঘট সজত
নমত পদ রাবণানুজ নিবাজা ॥৭॥
জয়তি [৬]পাথোধিকৃত সেতু কৌতুক
হেতু কালমনঅগম লই ললকি লঙ্কা।
সকুল সানুজ সদল দলিত দশকণ্ঠরণ,
লোকলোকপ কিয়ে রহিতশঙ্কা ॥৮॥
জয়তি সৌমিত্রি সীতা সচিব সহিত
চলে পুষ্পকারূঢ় নিজ রাজধানী।
দাস তুলসী মুদিত অবধবাসী সকল
রাম ভে ভূপ বৈদেহিরাণী ॥৯॥

১। ইন্দ্র। ২। প্রোথিত। ৩। ভর্ৎসিত। ৪। বিশ্বের বাধা স্বরূপ রাবণ। ৫। কলঙ্কহীন। ৬। সাগর।

অনুবাদ।

কাকরূপ [১]শক্রসুতে কর্মফল দিলে।
বিরাধে গরত্ত খনি প্রেথিত করিলে ॥
দেবীবেশে [২]নিশাচরী করি দরশন।
কুরূপা করিয়া কর রাবণে ভর্ৎসন ॥৫॥
চতুর্দশ সহস্র সুযোদ্ধার সনে।
বধিলে মারীচ খর ত্রিশির দূষণে ॥
গৃধ্র ও শবরী ভক্তিবশ কৃপাভারী।
চরিত্র কলঙ্কহীন ত্রয়তাপহারী ॥৬॥
মদঅন্ধ কুকবন্ধে নিধন করিলে।
সুগ্রীব বালিকে বধি রাজ্য দান দিলে ॥
সাজাইলে ঋক্ষকপিসেনা বীরভারী।
পদানত [৩]রাবণানুজের হিতকারী ॥৭॥
কৌতুক সাগরে সেতু করিয়া বন্ধন।
লঙ্কা জয় করিলে [৪]অগম্যকালমন ॥
সকুলে সদলে দলি [৫]সানুজরাবণে।
শঙ্কাহীন করিলে লোকপলোকগণে ॥৮॥
সহ মন্ত্রীগণ সব সীতা ও লক্ষ্মণ।
করিলে পুষ্পকে চড়ি পুরে আগমন ॥
তুলসী! মুদ্রিত অতি অযোধ্যার বাসী।
হইলেন রাজা রাম রাণী সীতা আসি ॥৯॥

১। ইন্দ্রসুত—জয়ন্তকে। ২। সূর্পনখাকে। ৩। বিভীষণের। ৪। কালের মনেরো অগম্য। ৫। অনুজ কুম্ভকর্ণসহ।

মূল।

জয়তি রাজরাজেন্দ্র রাজীবলোচন
রাম নাম কলি কামতরু [১]শ্যামশালী ;
[২]অনয়অম্ভোধিকুম্ভজ নিশাচর নিকর-
[৩]তিমির ঘন ঘোর খর [৪]কিরণমালী ॥১॥

জয়তি মুনি দেবনরদেব [৫]দশরথকে
দেবমুনিবন্দ্য কিয়ে [৬]অবধবাসী। লোক-
[৭]নায়ক কোকশোকসঙ্কটশমন ভানুকুল-
কমলকানন বিকাশী ॥২॥

জয়তি [৮]শিঙ্গার [৯]সরতামরসদাম[১০] দ্যুতিদেহ,
গুণগেহ বিশ্বোপকারী। সকল সৌভাগ্য
সৌন্দর্য্য সুষমারূপ [১১]মনোভব কোটি-
গরবাপহারী ॥৩॥

জয়তি [১২]শুভগ সারঙ্গ [১৩]সুনিষঙ্গ [১৪]সায়ক
শক্তিচারুচর্ম্মাসি বরবর্মধারী। ধর্ম-
ধুর ধীর রঘুবীর ভুজবল অতুল হেলয়া
দলিত ভূভারভারী ॥৪॥

১। শোভমান। ২। অনীতি। ৩। তমঃ। ৪। অংশুমান। ৫। দাশরথি। ৬। অযোধ্যাবাসী। ৭। লোকপাল। ৮। শৃঙ্গার। ৯। সরোজ। ১০। মালা। ১১। কামদেব ১২। সুন্দর। ১৩। বাণ।

অনুবাদ।

জয় [১]রাজরাজেন্দ্র [২]রাজীব বিলোচন।
রাম নাম কামতরু শ্যামল বরণ ॥
অনীতি অম্ভোধি-[৩]পানে [৪]কুম্ভজ সমান।
ঘোর [৫]নিশাচরতমনাশে [৬]অংশুমান ॥১॥
নরমুনিদেবদেব[৭] দাশরথি জয়।
করিলে অযোধ্যাবাসী দেব-পূজনীয়[৮] ॥
লোকপালকোকশোকসঙ্কটশমন[৯]।
ভানুকুলকমলকানন[১০]বিকাশন ॥২॥
[১১]শৃঙ্গাররসসরে [১২]সরোজের দেহ।
জয়তি বিশ্বোপকারী জয় গুণগেহ ॥
সকল সৌভাগ্যযুত সৌন্দর্য সদন।
কোটি কোটি কামদেবগর্বনাশন ॥৩॥
[১৩]সুন্দরসারঙ্গ তূণ বাণ শর ভারী।
[১৪]চারুচর্ম শক্তি অসি বম বর্মধারী ॥
ভুজবল অতুল ধরমধুরধারী[১৫]।
হেলায় দলন কর ভূমিভারভারী ॥৪॥

১। রাজারোরাজা তাহার ইন্দ্র—রাজা স্বরূপ। ২। পদ্ম। ৩। অনীতিরূপ অম্ভোধি—সাগর পান করিতে। ৪। অগস্ত্য। ৫। নিশাচর রূপ তম—অন্ধকার। ৬। সূর্য্য। ৭। নর মুনি ও দেবতার দেবতা। ৮। দেবতার পূজনীয়। ৯। লোকপালরূপ কোকের—চক্রবাকের সঙ্কট শমন—নাশকারী। ১০। সূর্য্য বংশরূপ পদ্মবন বিকাশকারী। ১১। শৃঙ্গার রস রূপ সরোবর। ১২। পদ্মের ন্যায়। ১৩। ধনু। ১৪। ঢাল। ১৫। ধর্মের ভার ধারণকারী।

মূল।

জয়তি [১]কলধৌত মণি মুকুট কুণ্ডল
তিলক ঝলক ভণিভাল বিধুবদন-
শোভা। দিব্য ভূষণ বসন পীত উপবীত
কিয় ধ্যান কল্যাণভাজন ন কোভা ॥৫॥
জয়তি ভরত সৌমিত্রি শত্রুহন সেবিত
[২]সুমুখ সচিবসেবকসুখদ সর্বদাতা।
অধম আরত দীন পতিত পাতক
[৩]পীন [৪]সকৃত নতমাত্র কহ পাহি [৫]পাতা ॥৬॥
জয়তি জয় ভুবন দশচারি যশ
[৬]জগমগ ত পুণ্যময় ধন্য জয় রামরাজ
চরিত সুরসারত কবিমুখ্য গিরিনি-
সরিত পিবত মজ্জত মুদিত [৮]সতসমাজ ॥৭॥
জয়তি বরণাশ্রমাচারপর নারিনর
সত্যসম দম দয়াদানশীলা। বিগত
দুখদোষ সন্তোষ সুখ সর্ব্বদা, শুনত
গাবত রামরাজলীলা ॥৮॥
জয়তি বৈরাগ্য বিজ্ঞান [৯]বারাং নিধে
নমতনর্মদ পাপতাপহর্ত্তা। দাস-
তুলসী চরণশরণ সংশয়হরণ দেহি
অবলম্ব বৈদেহিভর্ত্তা ॥৯॥

১। সুবর্ণ। ২। প্রসন্নমুখ। ৩। স্থূল, অতি। ৪। এক-বার। ৫। রক্ষাকারক। ৬। দীপ্তিপায়। ৭। লীলারূপ সুরধনী। ৮। সাধু সমাজ। ৯। বারাংনিধি—সমুদ্র।

অনুবাদ।

মণিযুক্ত সুবর্ণের মুকুট কুণ্ডল।
সুতিলক বিধুমুখ করে ঝল ঝল ॥
পীত উপবীত দিব্য বসন ভূষণ।
ধ্যান করি কেনা হয় কল্যাণ ভাজন ॥৫॥
ভরতাদি সেবিত প্রসন্ন মুখভারী।
[১]সচিবসেবকে সর্ব সুখ দানকারী ॥
অধম আরত দীন অতি পাপী জন।
"পাহি" কহি নতমাত্র করেন রক্ষণ ॥৬॥
চতুর্দশ ভুবনে সুযশ দীপ্তিমান।
জয় রাম রাজা ধন্য অতি পুণ্যবান ॥
কবিগিরি- [২]নিঃসরিত লীলা-সুরধুনী[৩]।
মুদিত মজ্জনে পানে সাধু-সভা গুণী ॥৭॥
রামরাজ্যে নরনারী বর্ণাশ্রমাচারী।
সত্যশম দম দয়া দানশীল ভারী ॥
দুখ দোষগতে নিত্য সুখী তুষ্টমন।
রামরাজলীলা গান করিয়া শ্রবণ ॥৮॥
বৈরাগ্যবিজ্ঞানাম্বুধে[৪]! জয়তি জয়তি।
নরতনর্মদ[৫] পাপতাপহারী অতি ॥
সীতানাথ! লয় পদে তুলসী শরণ।
অবলম্ব দেহ তায় সংশয়হরণ ॥৯॥

১। মন্ত্রী ও দাসকে। ২। কবি-বাল্মীকিরূপ গিরি হইতে নিঃসরিত—নির্গত। ৩। লীলারূপ সুরধুনী—গঙ্গা। ৪। হে

মুল। (রাগ গৌরী)

শ্রীরামচন্দ্র কৃপাল ভজু মন [১]হরণ-
ভবভয়দারুণং। [২]নবকঞ্জ লোচন
কঞ্জমুখ করকঞ্জ পদকঞ্জারুণং ॥১॥
কন্দর্প অগণিত অমিত ছবি নব-
নীলনীরদসুন্দরং। পট পীত মানহুঁ
তড়িত [৩]রুচি [৪]শুচি নৌমি জনক সুতা
বরং ॥২॥
ভজু দীনবন্ধু দিনেশ দানবদৈত্য-
বংশনিকন্দনং। [৬]রঘুনন্দ [৭]আনন্দকন্দ
কোশলচন্দ দশরথনন্দনং ॥৩॥
শিরমুকুটকুণ্ডল তিলক চারু
[৮]উদার অঙ্গ বিভূষণং। আজানুভুজ
শরচাপধর সংগ্রামজিত খরদূষণং ॥৪॥
ইতি বদত তুলসীদাস শঙ্কর শেষ-
মুনিমনরঞ্জনং[৯]। মমহৃদয়কঞ্জ[১০] নিবাস
করু কামাদি খলদলগঞ্জনং[১১] ॥৫॥

বৈরাগ্য ও বিজ্ঞানের অম্বুধি—সাগর। ৫। প্রণতের সুখদ। ৬। সংশয়হারী।

১। হরণকারক। ২। পদ্ম। ৩। সুন্দর। ৪। পবিত্র। ৫। বিনাশী। ৬। রঘুকুলের আনন্দদাতা। ৭। আনন্দ বর্ষণ-কারী কন্দ—মেঘ। ৮। সুন্দর। ৯। রঞ্জনকারী। ১০। হৃদয় পদ্ম। ১১। বিনাশকারী।

অনুবাদ।

কৃপালু শ্রীরামচন্দ্র ভজ সদা মন।
ঘোর ভবভয় যিনি করেন হরণ ॥
নব পদ্ম সম [১]কর বদন লোচন।
[২]অরুণ কমল সম যুগল চরণ ॥১॥
অসংখ্য [৩]মদন যিনি ছবি মনোহর।
নব নীল [৪]নীরদেব শরীর সুন্দর ॥
পীত পট মনে হয় [৫]তড়িত শোভন।
প্রণমামি সুপবিত্র [৬]জানকীরমণ ॥২॥
দীনবন্ধু দীপ্তিমান [৭]দিনেশ যেমন।
দৈত্যকুল বিনাশীকে করহ ভজন ॥
ভজ রঘুকুলানন্দে আনন্দের [৮]ঘনে।
[৯]কৌশলের চন্দ্রে দশরথের নন্দনে ॥৩॥
মস্তকে মুকুট কর্ণে কুণ্ডল [১০]মকর।
ললাটে তিলক অঙ্গে ভূষণ সুন্দর ॥
আজানুলম্বিত ভুজে [১১]শরচাপধারী।
সমরে [১২]দূষণ-খরে পরাজয়কারী ॥৪॥
প্রভো! শম্ভু [১৩]শেষ মুনিমনসুরঞ্জক!।
কহিছে তুলসীদাস হইয়া যাচক ॥
আমার হৃদয়পদ্মে করহ নিবাস।
মদনাদি খলদলনাশী শ্রীনিবাস ॥৫॥

১। হস্ত। ২। ঈষৎ রক্তবর্ণ। ৩। কামদেব। ৪। নীরদ—মেঘ + ইব—সম। ৫। বিদ্যুৎ। ৬। জানকীর পতি। ৭।

মূল। (রাগরামকেলী)

সদা রাম জপু রাম জপু রাম জপু
রাম জপু রাম জপু মূঢ় মন বারবারং।
সকল সৌভাগ্য সুখখানি[১] জিয়জানি
শঠ মানি বিশ্বাস [২]বদ বেদ সারং ॥ ১॥
কৌশলেন্দ্র নবনীলকঞ্জাভতন[৩]
মদনরিপুকঞ্জহৃদে চঞ্চরীকং।
জানকীরধন[৪] সুখভবন ভুয়নৈক[৫]
প্রভু সমর [৬]ভঞ্জন পরম [৭]কারুণীকং ॥ ২॥
দনুজবনধূমধুজ[৮] পীন আজানু
ভুজদণ্ডকোদণ্ড[৯] বর চণ্ডবাণং
অরুণকর চরণ মুখ [১০]নৈন রাজীব
গুণঐন[১১] বহুমৈন[১২] শোভা নিধানং ॥৩॥
বাসনাবৃন্দ কৈরব[১৩] দিবাকর কাম-
ক্রোধমদকঞ্জকাননতুষারং।
লোভ অতিমত্তনাগেন্দ্রপঞ্চাননং
ভক্ত হিতহরণ সংসার ভারং ॥৪॥

সূর্য্য। ৮। মেঘকে। ৯। অযোধ্যার। ১০। মকরাকৃতি। ১১। ধনু। ১২। দূষণ ও খর নামক রাক্ষসকে। ১৩। শেষ—অনন্ত।

১। খনি। ২। জপ। ৩। তন—তনু। ৪। রমণ। ৫। ভুবনের একমাত্র। ৬। বিনাশক। ৭। দয়াময়। ৮। ধূমধ্বজ—অগ্নি। ৯। চাপ। ১০। নয়ন। ১১। গুণের অয়ন—আলয়। ১২। কামদেব। ১৩। কৈরব—কুমুদিনী।

অনুবাদ।

শুন শুন শুন মূঢ় মানস আমার।
রাম রাম রাম জপ সদা বারবার ॥
সকল [১]সৌভাগ্যখনি শঠ! মনে জানি।
জপ [২]বেদসার নাম পরতীতি মানি ॥১॥
[৩]কোশলেন্দ্র নবনীল [৪]কঞ্জ সম দেহ।
[৫]কামারি-হৃদয়পদ্মে [৬]চঞ্চরীক এহ ॥
ভুবনেক প্রভু সীতাপতি সুখালয়।
রণে খল বিনাশক অতি দয়াময় ॥২॥
দাবাগ্নি [৭]দনুজবনে [৮]পীন ভুজদণ্ড।
আজানুলম্বিত তাহে চাপ শর [৯]দণ্ড ॥
অরুণ [১০]রাজীব সম সুখপদ [১১]কর।
গুণালয় [১২]বহুকাম জিনি শোভা ধর ॥৩॥
[১৩]মুদিতে [১৪]বাসনা-কুমুদিনী দিবাকর।
কামাদি সরোজ বন নাশে হিম ধর ॥
লোভরূপ মত্তগজ নাশে [১৫]পঞ্চানন।
[১৬]ভক্তহিত ভবভার করিতে হরণ ॥৪॥

১। সৌভাগ্যের খনি—আকর। ২। বেদের সার। ৩। অযোধ্যাপতি। ৪। পদ্ম। ৫। মহাদেব। ৬। অলি। ৭। দনুজ—দৈত্য রূপ বনে। ৮। স্থূল। ৯। তীক্ষ্ণ। ১০। পদ্ম। ১১। হস্ত। ১২। কামদেব। ১৩। মুদ্রিত—সঙ্কুচিত করিতে। ১৪। বাসনা রূপ কুমুদিনী—ছোট সুঁদী। ১৫। সিংহ। ১৬। ভক্তের হিতকারী বন্ধু।

মূল।

কেশবং ক্লেশহং কেশবন্দিতপদ [১]দ্বন্দ্ব-
মন্দাকিনী মূল ভূতং। সর্ব্বদানন্দ [২]সন্দোহ
মোহাপহং ঘোর সংসার [৩]পাথোধিপোতং ॥৫॥
শোক সন্দেহ [৪]পাথোদ [৫]পটলাবিলং
পাপপর্ব্বত কঠিন কুলিশরূপং।
[৬]সন্তজন কামধুক ধেনু বিশ্রামপদ
নাম কলিকলুষভঞ্জন অনূপং ॥৬॥
ধর্ম্মকল্পদ্রুমারাম [৭]হরিধামপথি
সম্বলং মূলমিদমেব একং। ভক্তি
বৈরাগ্য বিজ্ঞান শম দান দম নাম-
আধীন সাধন অনেকং ॥৭॥
তেন তপ্তং হুতং দত্তমেবাখিলং
তেন সর্ব্বং কৃতং [৮]কর্ম্মজালং। যেন
শ্রীরামনামামৃতং পান কৃত [৯]মনিশম-
[১০]নবদ্যশবলোক্য কালং ॥৮॥
শ্বপচ খল ভিল্ল যমনাদি হরিলোক
গত নাম বল বিপুল মতিমলিন-
[১২]পরশী। ত্যাগি সব আশ সন্ত্রাস
ভবপাশ [১৩]অসিনিশিত হরিনাম
জপু দাসতুলসী ॥৯॥

১। যুগ। ২। রাশি। ৩। পাথোধি—জলধি (পাথঃ—জল) ৪। জলদ। ৫। পটল—সমূহ+আবিল—বায়ু। ৬। সাধু। ৭। হরিধাম যাইবার পথে। ৮। জলে সমূহ। ৯। অনিশং—সদা। ১০। অনবদ্য পূত। ১১। চণ্ডাল। ১২। মলা স্পর্শকারী। ১৩। খর।

অনুবাদ।

কেশব কলেশহারী [1]কেশপ্রপূজিত।
পদযুগ যাহে মন্দাকিনী নিঃসৃত ॥
সদানন্দরাশি প্রভু মোহনাশকারী।
ঘোর ভবনিধি তরিবারে [2]পোত ভারী ॥৫॥
শোকও [3]সন্দেহঘন নাশে [6]কুলিশ যেমন ॥
[7]সাধুকামধেনুর [8]বিশ্রামপদ রাম।
কলির [9]কলুষনাশী অনুপমনাম।
ধর্ম [10]কল্পদ্রুমের [11]আরাম রাম নাম।
এক [12]মূল সম্বল যাইতে হরি ধাম ॥
ভকতি বৈরাগ্য শম দম ও বিবেক।
নামের অধীন সব সাধন অনেক ॥৭॥
জপ হোম দান আদি সব কর্ম্মগণ।
একমাত্র রাম নামে করহ সাধন ॥
ঘোর [13]কালে হেরি পূত নাম সাধে যেহ।
রামনামামৃত পান করে সদা সেহ ॥৮॥
চণ্ডাল যবন খলমতি [14]ভিল্লগণ।
নামবলে হরিলোকে করিল গমন ॥
[15]ভজিআশ ভবত্রাসনাশী [16]অসি [17]খর।
তুলসি ! রামের নাম সদা জপ কর ॥৯॥

১। ক—ব্রহ্ম+ঈশ মহাদেব কর্ত্তৃক পূজিত। ২। তরী। ৩। শোক ও সন্দেহরূপ ঘন—মেঘ। ৪। বায়ু। পাপরূপ অচল। ৬ বজ্র। ৭। সাধুরূপ কামধেনুর। ৮। বিশ্রামপদ। ৯। পাপনাশকারী। ১০। ধর্ম্মরূপ কল্পতরু। ১১। বাগান। ১২। প্রধান। ১৩। কলিকালকে। ১৪। ভীল জাতি। ১৫। বিষয় কমনা। ১৬। তরবারি। ১৭। তীক্ষ্ণ।

মূল।

ঐসী [১]আরতী রাম রঘুবীরকী করহি মন।
হরণদুখদ্বন্দ্ব গোবিন্দ আনন্দঘন ॥১॥
অচরচররূপ হরি সর্ব্বগত সর্ব্বদা
বসত ইতি বাসনা ধুপ দীজৈ। দীপ
নিজ [২]বোধ গত কোহমনমোহ তম প্রৌঢ়
অভিমান চিত্তবৃত্তি [৩]ছীজৈ ॥২॥
ভাব অতিসে বিশদ প্রবর নৈবেদ্য শুভ
শ্রীরমণ পরম সন্তোষকারী। প্রেম-
তাম্বুল গতশূল সংশয় সকল বিপুল
ভব বাসনা বীজহারী ॥৩॥
অশুভ শুভকর্ম্মঘৃত পূর্ণ [৪]দশাবর্ত্তিকা
ত্যাগ পাবক সতোগুণ প্রকাশং।
ভক্তি বৈরাগ্য বিজ্ঞান দীপাবলী
অর্চি [৫]নীরাজনং [৬]জগনিবাসং ॥৪॥
বিমল হৃদিভবন কৃত শান্তি পর্য্যঙ্ক
শুভ শয়ন বিশ্রাম শ্রীরামরায়া।
ক্ষমা করুণাপ্রমুখ তত্র পরিচারিকা
যত্র হরি তত্র নহি ভেদ মায়া ॥৫॥

১। ছয় উপচারে পূজন যথা—ধুপ, দীপ, নৈবেদ্য তাম্বুল, আরতী ও শয়ন। ২। আত্মজ্ঞান। ৩। নাশকর, হ্রাসকর। ৪। বাতি। ৫। নীরাজন। ৬। জগতের আধার। ৭। ভেদকারী।

অনুবাদ ।

রামের আরতি হেন কর সদা মন ।
দ্বন্দ্বদুখনাশী[1] রাম [2]চিদানন্দঘন ॥১॥
[3]সদাবাসী [4]সর্ব্বগত হরিচরাচর ।
[5]বাসনা স্বরূপ এই দাও ধূপ বর ॥
[6]আত্মবোধদীপে নাশি ক্রোধআদিতম[7] ।
গাঢ় [8]অভিমানবাতি করহ [9]ভসম ॥২॥
অতি নিরমল ভাব নৈবেদ্য প্রবর ।
রমারমণের অতিশয় প্রিয়কর ॥
সনেহতাম্বুল[10] সব [11]শূলনাশকারী ।
বিপুল সংশয় [12]ভববাঞ্ছাবীজহারী ॥৩॥
শুভাশুভ কর্ম্মঘৃতলিপ্ত বাতি দশ ।
ত্যাগানলে জ্বালি [13]সত্ব করহ প্রকাশ ॥
জ্বালি ভক্তি বৈরাগ্য বিজ্ঞান দীপগণ ।
জগতাধারক [14]অর্চি কর [15]নীরাজন ॥৪॥
হৃদয় ভবনে [16]শান্তিপর্য্যঙ্ক পাতিয়া ।
বিশ্রাম করাও রামে সুখে শোয়াইয়া ॥
ক্ষমাও করুণা আদি দাসী তথা ভারী ।
যথা হরি তথা নাহি মায়া ভেদকারী ॥৫॥

১। শীতোষ্ণ, রাগদ্বেষ আদি দুঃখনাশকারী। ২। চৈতন্য ও আনন্দবর্ষণকারী মেঘ। ৩। নিত্য বিদ্যমান। ৪। সর্ব্বব্যাপী। ৫। জ্ঞান। ৬। আত্মজ্ঞানরূপ প্রদীপে। ৭। অন্ধকার। ৯। ভস্ম। ১০। প্রেমরূপ তাম্বুল। ১১। পীড়া। ১২।

মূল।

ইহৈ আরতী নিরত সনকাদি শুক
শেষ শিব দেব রিষি অখিল
মুনি তত্ত্বদরশী। করৈ সোই তরৈ
পরিহরৈ কামাদিমল বদতি ইতি
অমলমতি-দাস তুলসী ॥৬॥

(৪৮)

হরতি সব আরতী আরতী রামকী :
[১]দহনদুখদোষ [২]নির্মূলিনী কামকী ॥১॥
[৩]শুভগ সৌরভ ধূপ দীপ বর মালিকা।
উড়ত অঘবিহঁগ শুনি তাল [৪]করতালিকা ॥২॥
ভক্ত হৃদভবন অজ্ঞাতমহারিণী ॥
বিমল বিজ্ঞানময় তেজ বিস্তারিণী ॥৩॥
[৫]মোহমদকোহ [৬]কঁলিকঞ্জ হিম-যামিনী[৭]।
মুক্তিকী দূষিকা দেহ [৮]দুতি [৯]দামিনী ॥৪॥
প্রণতজনকুমুদবন [১০]ইন্দু-করজালিকা।
তুলসি অভিমান মহিষেশ বহুকালিকা ॥৫॥

সংসারের বাঞ্ছারূপ বীজ হরণকারী। ১৩। সত্বগুণ। ১৪। অর্চনা করিয়া। ১৫। আরতি। ১৬। শান্তিরূপ পালক।

১। দগ্ধকারিণী। ২। নির্মূলকারিণী। ৩। সুন্দর। ৪। করতালি। ৫। ক্রোধ। ৬। কলিকালের ক্লেশ। ৭। শীতকালীন রাত্রি। ৮। দ্যুতি। ৯। সৌদামিনী। ১০। চন্দ্রের কিরণমালা।

অনুবাদ ।

শুক সনকাদি [১]শেষ শিব ঋষি যত ।
তত্ত্বদর্শী সবে এই আরতি নিরত ॥
যেহ করে সেই তরে কাটে ভবপাশ ।
কহে ইহা তুলসী [২]অমলমতিদাস ॥৬॥

(৪৮)

রামের [৩]আরতি সব [৪]আরতিকে হরে ।
[৫]দুখদোষ [৬]দহি কামমূলনাশ করে ॥১॥
সুন্দর সৌরভযুত ধূপ দীপ মাল ।
[৭]অঘখগ পলায় শুনিয়া [৮]করতাল ॥২॥
হরে [৯]ভক্তহৃদালয়ে [১০]মোহতমরাশি ।
বিমল বিজ্ঞানময় তেজ পরকাশি ॥৩॥
নাশিতে মোহ নলিকঞ্জ[১১] শিশির-যামিনী[১২] ;
মুকুতির [১৩]দূতি [১৪]দেহদ্যুতি [১৫]সৌদামিনী ॥৪॥
পরণত জন যেন কুমুদকানন ;
করিতে প্রফুল্ল ভায় শশাঙ্ককিরণ ॥
[১৬]মহিমেশ তুলসীর অভিমান জাল ।
নাশিতে তাহায় বহু [১৭]কালিকা করাল ॥৫॥

১। অনন্ত। ২। অমলমতি শুক সনকাদির দাস। ৩। নীরাজন। ৪। আর্তিকে, পীড়াকে। ৫। পাপ। ৬। দগ্ধ করি। ৭। পাপ রূপ পক্ষী। ৮। হাততালি। ৯। ভক্তের হৃদয়রূপ আলয়। ১০। মোহ—অজ্ঞানরূপ তম—অন্ধকার রাশি ১১। পদ্ম। শীতকালীন রাত্রি। ১৩। বার্তাবাহিনী। ১৪।

মূল। (হরিশঙ্করী পদ)

দনুজবনদহন[২] গুণগহন[৩] গোবিন্দ
নন্দাদি আনন্দ দাতাঽবিনাশী[৪]।
শম্ভু শিব রুদ্র শঙ্কর ভয়ঙ্কর
ভীম ঘোর [৫]তেজায়তন ক্রোধরাশী ॥১॥
অনন্ত [৬]ভগবন্ত [৭]জগদন্ত অন্তক-
[৮]ত্রাসশমন [৯]শ্রীরমণ ভুবনাভিরামং।
[১০]ভূধরাধীশ জগদীশ ঈশান বিজ্ঞান-
ঘন জ্ঞান কল্যাণধামং ॥২॥
বামনা ব্যক্ত পাবন [১১]পরাবরবিভো
প্রগট পরমাত্মা প্রকৃতি স্বামী।
চন্দ্রশেখর শূলপাণি হর অনঘ
অজ অমিত [১২]অবিচ্ছিন্ন বৃষভেশগামী ॥৩॥
নীল জলদাভতনু শ্যাম বহুকামচ্ছবি
রাম রাজীবলোচন কৃপালা। কম্বু-
কর্পূর ধবল নির্ম্মল [১৩]মৌলি জটা।
[১৪]সুরতটিনি সিত [১৫]সুমনমালা ॥৪॥

দেহের দ্যুতি—কান্তি। ১৫। বিদ্যুৎ। ১৬। মহিষাসুর। ১৭। চণ্ডিকা।

১। দৈত্য। ২। অনল। ৩। গুণের গহন—বন। ৪। অবিনাশী—অমর। ৫। তেজালয়। ৬। ষড়ৈশ্বর্য্যশালী। ৭। ভবনাশকারী। ৮। অন্তকের—কালের ত্রাস—ভয়, শমন—হারী। ৯। শ্রীপতি। ১০। ভূধরের—কৈলাসের, অধীশ—পতি। ১১। চরাচর। ১২। পূর্ণ। ১৩। শিরে। সুরধুনী। ১৫। পুষ্প মালা।

অনুবাদ।

[১]গোবিন্দ গুণের বন দৈত্যবনানল[২]।
নন্দাদির সুখদাতা অমর [৩]অমল॥
শম্ভু শিবরুদ্র ভীম ঘোর ভয়ঙ্কর।
তেজালয় ক্রোধরাশি অপিচ [৪]শঙ্কর॥
অনন্ত ঐশ্বর্য্যশালী ভবনাশকারী।
শ্রীপতি লোকাভিরাম কাল ভয়হারী॥
[৫]ভবেশ কৈলাশপাত ঈশান সমান।
বিজ্ঞানের [৬]ঘন জ্ঞান কল্যাণের ধাম॥২॥
বামন অব্যক্ত পূত চরাচর বিভু[৭]।
[৮]প্রকট পরমাত্মা প্রকৃতির প্রভু॥
শশাঙ্কশেখর শূলপাণি অজহর।
[৯]অনঘ [১০]অমিত পূর্ণ বৃষ যান বর॥৩॥
নীল [১১]জলদাভতনু শ্যাম অভিরাম।
রাজীবলোচন, শোভা জিনি বহু কাম॥
কম্বু [১২]কর্পূরের বপু নির্ম্মল ধবল।
শিরে জটা [১৩]সুরধুনী সিত[১৪] পুষ্পমাল॥৪॥

১। ইন্দ্রিয়ের চৈতন্য কারক। ২। দৈত্যরূপ বন নাশে, অনল—অগ্নি, স্বরূপ। ৩। মলাহীন। ৪। শুভকারী। ৫। ভবের—সংসারের ঈশ। ৬। মেঘ। ৭। প্রভু। ৮। ব্যক্ত। ৯। নিষ্পাপ। ১০। পরিমাণ হীন। ১১। নীল জলদের—মেঘের ন্যায় আভা—কান্তি যার। ১২। কর্পূরের ইব—মত। ১৩। গঙ্গা। ১৪। শুভ্র।

মূল।

বসন কিঞ্জল্কধর চক্র [১]সারঙ্গদর
কঞ্জ কৌমদকী অতি বিশালা।
মার করি মত্ত মৃগরাজ[২] ত্রৈনৈন[৩] হর
নৌমি অপহরণ সংসার জ্বালা ॥৫॥
কৃষ্ণ [৪]করুণাভবন দবনকালীয় খল
বিপুল কংসাদি নির্ব্বংশকারী ॥ ত্রিপুর-
মদ ভঙ্গ কর মত্ত গজ চর্মধর অন্ধকো-
রসগ্রসন [৫]পন্নগারী ॥৬॥
ব্রহ্ম ব্যাপক অকল সকল পর পরম-
হিত জ্ঞানগোতীত গুণবৃত্তিহরতা।
সিন্ধুসুত গর্বগিরিব্রজ গৌরীশ ভব
দক্ষমখ [৬]অখিল বিধ্বংসকরতা ॥৭॥
ভক্তিপ্রিয় ভক্তজন কামধুক ধেনু হরি
[৭]হরণ দুর্ঘট বিকট বিপত্তি ভারী।
সুখদ [৮]নর্মদ বরদ বিরজ [৯]অনবদ্যাখিল
বিপিন আনন্দবীথিন্‌বিহারী ॥৮॥
রুচির হরিশঙ্করী নামমন্ত্রাবলী
দ্বন্দ্বদুখহরণি আনন্দ [১০]খানী। বিষ্ণু-
শিবলোক সোপান সম সর্বদা বদত
তুলসীদাস [১১]বিশদ বাণী ॥৯॥

১। চাপ। ২। সিংহ। ৩। ত্রিনেত্র। ৪। কৃপালয়। ৫। গরুড়। ৬। সম্পূর্ণ। ৭। হরণকারী। ৮। আনন্দদানকারী। ৯। অনবদ্য—অনঘ। ১০। খনি। ১১। বিমল।

অনুবাদ।

কিঞ্জল্ক [১]বসন চক্রচাপ [২]দর ধারী।
করে [৩]কঞ্জ [৪]কৌমদকী সুবিশাল ভারী।
সিংহ সম [৫]মারমত্ত করী নাশকারী॥
নমামি ত্রিনেত্র হর ভবজালহারী॥৫॥
[৬]কালীয়দমন কৃষ্ণ কৃপালয় ভারী।
কংসাদি বিপুল খল নিরবংশকারী॥
ত্রিপুর গরবনাশী গজচর্ম্মধারী।
গরুড়ের অন্ধক [৭]উরগে গ্রাসকারী॥৬॥
[৮]অকল ব্যাপক সবপর পরহিত।
গুণবৃত্তিহারী[৯] ব্রহ্মজ্ঞান গবাতীত[১০]॥
সিন্ধুসুত[১১] গর্ব্বগিবিনাশী বজ্র ভারী।
গৌরীপতি ভব দক্ষমখধ্বংশকারী॥৭॥
ভক্তিপ্রিয় হরি ভক্ত কোম ধেনু ভারী।
দুরঘট বিকট বিপত্তিনাশকারী॥
বরদ বিরজ সুখ মোদকারী ভারী।
অনঘ আনন্দবনবীথিতে[১২] বিহারী॥৮॥
এই হরিশঙ্করী রুচির মন্ত্রমণি।
দন্দ্ব দুখহারী খলু আনন্দের খনি॥
বিষ্ণু শিবলোকের সোপান সমমনে।
ভাবহ, তুলসী কহে বিমল বচনে॥৯॥

১। কিঞ্জল্কের—পদ্মকেশরের ন্যায় পীত বসন। ২। শঙ্খ। ৩। পদ্ম। ৪। গদা। ৫। কামদেব। ৬। কালীয়নাগ

মূল ।

ভানুকুল কমল রবি কোটি [১]কন্দর্পচ্ছবি
কাল কলিব্যালমিব বৈন তেয়ং । প্রবল
ভুজদণ্ড পরচণ্ড [২]কোদণ্ডধরতূণবরবিশিখ[৩]
বলমপ্রমেয়ং ॥১॥

অরুণ রাজীবদলনেন[৪] সুষমাআয়ন
শ্যাম [৫]তনকান্তিবর বারিদাভং । তপ্ত
কাঞ্চন বস্ত্র শস্ত্র বিদ্যানিপুণ সিদ্ধসুর-
সেব্য [৬]পথোজনাভং ॥২ ।

অখিল লাবণ্যগৃহ বিশ্ববিগ্রহং[৭] পরম
প্রৌঢ় গুণগূঢ় মহিমা [৮]উদারং । দুর্দ্ধর্ষ
দুস্তর দুর্গ স্বর্গ অপবর্গপতি ভগ্নসংসার
[৯]পাদপকুঠারং ॥৩॥

শাপবশ মুনিবধূমুক্তকৃত বিপ্রহিত
যজ্ঞ রক্ষণপক্ষ [১০]পক্ষকরতা । জনক-
নৃপ [১১]সদসি শিবচাপ ভঞ্জন উগ্রভার্গব-
গর্বগরিমাপহরতা ॥৪॥

দমনকারী । ৭ । অন্ধক নামক উরগকে—সর্পরূপ দৈত্যকে । ৮ । কলা—অংশহীন । ৯ । রজোগুণাদির বৃত্তি—বাসনা হরণ-কারী । ১০ । জ্ঞান ও ইন্দ্রিয়ের অতীত । ১১ । জলন্ধর । ১২ । কাশীর গলিতে ।

১ । কামদেব । ২ । চাপ । ৩ । শর । ৪ । নয়ন । ৫ । তনুর কান্তি—শোভা । ৬ । পদ্মনাভ । ৭ । তনু । ৮ । অপার । ৯ । পাদপ—তরু । ১০ । ভক্ত পক্ষ । ১১ । সভায় ।

অনুবাদ।

ভানুকুলকমলবিকাশে[১] রবি সম।
কোটি কাম জিনি [২]ছবি অতি মনোরম ॥
কলিকাল যেন [৩]ব্যাল ঘোর মহাকায়।
[৪]বৈনতেয় সম রাম গ্রাসিতে তাহায় ॥
প্রচণ্ড ভুজদণ্ডে শরচাপধারী।
কটিতে [৫]নিষঙ্গ বল [৬]অপ্রমেয় ভারী ॥১॥
[৭]অরুণ [৮]রাজীবদল সদৃশ নয়ন।
[৯]বারিদাভ শ্যামতনু সুষমা-অয়ন[১০] ॥
শস্ত্রবিদ্যাপটু [১১]পট তপ্তকাঞ্চন[১২]।
পদ্মনাভ, সেবে সদা সুর সিদ্ধগণ ॥২॥
লাবণ্যের গৃহ তনু অখিল সংসার।
[১৩]প্রৌঢ় অতি গুণ [১৪]গূঢ় মহিমা অপার ॥
[১৫]দুর্দ্ধর্ষ [১৬]দুস্তর দুর্গ স্বর্গ মোক্ষ দ্বার।
কটিতে সংসারতরু শাণিত কুঠার ॥৩॥
শাপবশ [১৭]মুনিবধূ মুক্ত করি পুন।
ভক্তপক্ষ [১৮]বিপ্রমখ রক্ষণে নিপুণ ॥
জনক সভায় শিবচাপ ভঙ্গকারী।
উগ্রভার্গবের[১৯] গর্বগরিমাপহারী ॥৪॥

১। ভানুকুল—সূর্য্যবংশরূপ কমলকে—পদ্মকে বিকাশ করিতে। ২। শোভা। ৩। সর্প। ৪। গরুড়। ৫। তূণ। ৬। অসীম। ৭। ঈষৎ লাল বর্ণ। ৮। পদ্মের দল—পাবড়ি। ৯। বারিদের—মেঘের, আভা—কান্তি বিশিষ্ট। ১০। সুষমার—সৌন্দর্য্যের অয়ন—আলয়। ১১। বস্ত্র। ১২। তপ্ত স্বর্ণ—পোড়া সোণা। ১৩। চতুর। ১৪। গুপ্ত। ১৫। অজেয়। ১৬। কঠিন। ১৭। অহল্যা। ১৮। বিপ্রের—বিশ্বামিত্রের মখ—যজ্ঞ। ১৯। পরশুরামের।

মূল।

গুরুগিরাগৌরব অমর সুদুস্ত্যজ রাজ্যত্যক্ত
সহিত সৌমিত্রি ভ্রাতা। সঙ্গ জনকাত্মজা
[১]মনুজমনুসৃত্য অজ দুষ্টবধনিরত ত্রৈলোক্য-
ত্রাতা ॥৫॥
দণ্ডকারণ্য কৃত পুণ্য পাবনচরণ হরণ-
মারীচমায়াকুরঙ্গং। বালিবলমত্ত গজরাজ
ইব [২]কেশরী সুহৃদ সুগ্রীব দুখরাশি ভঙ্গং ॥৬॥
রিক্ষ [৩]মর্কট বিকট [৪]সুভট [৫]উদ্ভট সমর শৈল-
[৬]সঙ্কাশ রিপুত্রাসকারী। বদ্ধ [৭]পাথোধি সুর-
নিকর মোচন সকুল দলন দশশীস ভুজ-
বীশ ভারী ॥৭॥
দুষ্ট বিবুধারিসংঘাত অপহরণ মহিভার
অবতার কারণ অনূপং। অমল [৯]অনবদ্য
অদ্বৈত নির্গুণ সগুণ ব্রহ্ম সুমিরামি নর-
ভূপরূপং ॥৮॥
শেষ শ্রুতি [১০]সারদা শম্ভু নারদ সনকগণত
গুণ অন্ত নহিঁ তব চরিত্রং। সোই রাম
[১১]কামারিপ্রিয় [১২]অবধপতি সর্বদা দাস তুলসী
ত্রাস নিধি-[১৩]বহিত্রং ॥৯॥

১। মনুজকে—মানবকে অনুসরণ করিয়া। ২। সিংহ। ৩। কপি। ৪। সুযোদ্ধা। ৫। প্রসিদ্ধ। ৬। সদৃশ। ৭। জলধি। ৮। বিবুধারি—রাক্ষস, সংঘাত—সমূহ। ৯। দোষহীন। ১০। বাণী। ১১। কামারির—শিবের—প্রিয়। ১২। অযোধ্যাপতি। ১৩। বহিত্র—তরণি।

অনুবাদ।

গুরুগিরাগৌরব[১] করিতে সুরক্ষণ।
অমরদুস্ত্যজ[২] রাজ্য করিলা ত্যাগন ॥
সহিত সৌমিত্রিসীতা মানবের মত।
অজ ত্রৈলোক্যের ত্রাতা দুষ্ট বধে রত ॥৫॥
[৩]পূত পদে পূত কৃত দণ্ডক কানন।
মারীচ কপট মৃগে-করিলা নিধন ॥
বালি বল-মত্তগজনাশে[৪] [৫]হরি ভারী।
সুহৃদ সুগ্রীব দুখরাশি নাশ কারী ॥৬॥
[৬]ঋক্ষ কপি বিকট সহায় বীর ভারী।
সমরে [৭]অচল সম রিপুত্রাস কারী ॥
সিন্ধু বাঁধি মুক্ত করিলেন সুরগণে।
সকলে দলিয়া বিশভুজ দশাননে ॥৭॥
দুষ্ট নিশাচরগণ মহা মহী ভার।
নিধন কারণ অনুপম অবতার ॥
নিরমল অদোষ [৮]অদ্বৈত [৯]নিরগুণ।
নরভূপরূপ ব্রহ্মে স্মরিনু [১০]সগুণ ॥৮॥
সনক নারদ শম্ভু বাণী শ্রুতি [১১]শেষ।
লীলা গুণ কহি নারে করিবারে শেষ ॥
শিবপ্রিয় রাম অযোধ্যার নৃপমণি।
তুলসীর [১২]ত্রাসনিধি তরিতে [১৩]তরণি ॥৯॥

১। গুরুর—পিতার, গিরা—বাক্য, তাহার গৌরব। ২। অমরেরো দুঃখে ত্যাগ করিবার যোগ্য। ৩। পবিত্র। ৪। বালীর বলরূপ মত্ত গজকে নাশ করিতে। ৫। সিংহ। ৬। ভল্লুক। ৭। পর্ব্বত। ৮। অদ্বিতীয়। ৯। সত্ত্বাদি গুণ রহিত। ১০। রূপধারী অবতার। ১১। অনন্ত। ১২। ত্রাস—জন্ম মরণ জনিত ভয়রূপ নিধি—সাগর। ১৩। নৌকা।

মূল।

[১]জানকীনাথ রঘুনাথ রাগাদি [২]তমতরণি
[৩]তারুণ্যতনু তেজধামং। সচ্চিদানন্দ আনন্দ-
কন্দাকরং বিশ্ববিশ্রাম রামাভিরামং ॥১॥
নীল নববারিধর[৪] [৫]সুভগ শুভকান্তিকর
পীত কৌষের বর বসনধারী। রত্নহাটক[৬]
জটিত মুকুটমণ্ডিত [৭]মৌলি ভানুশত সদৃশ
[৮]উদ্যোতকারী ॥২॥
শ্রবণ কুণ্ডল ভাল তিলক ভ্রূরুচির অতি
অরুণ অম্ভোজলোচন বিশালং। বক্র
[৯]অবলোক ত্রৈলোক্য-শোকাপহং মার-
[১০]রিপুহৃদয়মানসমরালং ॥৩॥
নাসিকা চারু সুকপোল [১১]দ্বিজবজ্রদ্যুতি
অধর বিম্বোপমা মধুর হাসং। [১২]কণ্ঠদর
চিবুকবর বচন গম্ভীরতর সত্যসংকল্প
সুরত্রাসনাশং ॥৪॥
[১৩]সুমন সুবিচিত্র নব তুলসিকাদলযুতং
মৃদুল বনমাল উর [১৪]ভ্রাজমানং। ভ্রমত
আমোদবশ মত্ত মধুকরনিকর মধুরতর
মুখর কুর্বন্তিগানং ॥৫॥

১। সীতানাথ। ২। তম—অন্ধকার। ৩। তরুণ। ৪। নীরদ। ৫। শোভন। ৬। হাটক—স্বর্ণ। ৭। শির। ৮। দ্যুতিমান। ৯। বিলোকন। ১০। মাররিপু—শিব। ১১। বজ্রের—হীরার ন্যায় দ্যুতি—কান্তি বিশিষ্ট। ১২। দরের—শঙ্খের ন্যায় কণ্ঠ—গ্রীবা ১৩। পুষ্প। ১৪। শোভমান।

অনুবাদ।

সীতানাথ রঘুনাথ রাগাদি আঁধার।
নাশি [১]তরণি তনু তেজের আগার ॥
সচ্চিত আনন্দাকর[২] [৩]বিশ্বের বিশ্রাম।
দৃশ্যকারী অতিশয় [৪]অভিরাম রাম ॥১॥
[৫]নব নীল [৬]নীরদ সমান সুশোভন।
শুভকরী কান্তি পীত [৭]কৌষয় বসন ॥
সুবর্ণ মাণিকময় মুকুটে মণ্ডিত।
শিরদেশ [৮]ভানুশত সম বিভাসিত ॥২॥
করণে কুণ্ডল [৯]ভালে তিলক শোভন।
ভ্রূবিশাল অরুণ [১০]অম্ভোজ বিলোচন ॥
ত্রৈলোক্যের [১১]শোকাপহ বক্র বিলোকন।
[১২]শিবহৃদিমানসরে [১৩]মরাল শোভন ॥৩॥
নাসিকা [১৪]কপোল চারু [১৫]দ্বিজ [১৬]মণিভাস।
বিম্বোপমাধর অতি সুমধুর হাস ॥
[১৭]কম্বুকণ্ঠ চারুচিবি[১৮] গম্ভীর বচন।
[১৯]সত্যসন্ধ সুরগণত্রাস বিনাশন ॥৪॥
কুসুম তুলসীদলে গাথা মনোহর।
বনমালা শোভে হৃদে মৃদুল সুন্দর ॥
মত্ত মধুকরগণ আমোদে প্রচুর।
ঘুরি ঘুরি গান করিতেছে সুমধুর ॥৫॥

১। সূর্য্য। ২। আনন্দের আকর—খনি। ৩। সংসারের। ৪। মনোরম। ৫। নূতন। ৬। মেঘ। ৭। রেশমী।

মূল।

[১]সুভগ শ্রীবৎস কেয়ুর কঙ্কনহার কিঙ্কিণী
রটনি কটিতট রসালং। বামদিশি জনক-
[২]জাসীন সিংহাসনং কনকমৃদু [৩]বল্লিবত
তরু তমালং ॥৬॥
আজানু ভুজদণ্ড কোদণ্ড মণ্ডিত
বামবাহু দক্ষিণ পাণিবাণ মেকং।
অখিল মুনি নিকর সুরসিদ্ধ গন্ধর্ববর
নমত নরনাগ [৪]অবনিপ অনেকং ॥৭॥
অনবদ্য অবচ্ছিন্ন সর্বজ্ঞ সর্বেশ খলু
[৫]সর্বতোভদ্রদাতাহসমাকং[৬]। প্রণত
[৭]জনখেদবিচ্ছেদ[৮] বিদ্যানিপুণ নৌমি
শ্রীরাম সৌমিত্রিসাকং[৯] ॥৮॥
যুগল পদপদ্মসুখসদ্ম[১০] পদ্মালয়ং[১১] চিহ্ন
কুলিশাদি শোভাতি ভারী। হনুমন্তহৃদ
বিমল কৃত পরম মন্দির সদা দাস তুলসী-
শরণ শোকহারী ॥৯॥

৮। সূর্য্য। ৯। কপালে। ১০। পদ্ম। ১১। শোকনাশ-কারী। ১২। শিবের হৃদয় রূপ মান সরোবরে। ১৩। হংস। ১৪। গণ্ড—গাল। ১৫। দন্ত। ১৬। মণির—হীরার ন্যায় ভাস—দীপ্তিমান। ১৭। শঙ্খগ্রীব। ১৮। দাড়ি। ১৯। সত্য প্রতিজ্ঞ।

১। শোভন। ২। জনকজা—সীতা। ৩। বল্লী—লতা। ৪। ভূপ। ৫। সর্বতো ভদ্রদাতা—সবিশেষ কল্যাণ দাতা। ৬। অস্মাকম—আমাদের। ৭। জন—দাস। ৮। বিচ্ছেদ—নিবারণ। ৯। সাকং—সহ। ১০। সুখসদ্ম—সুখের সদ্ম আলয়। ১১। পদ্মার—লক্ষ্মীর আলয়।

অনুবাদ।

হৃদয়ে [১]শ্রীবৎস [২]করে [৩]কেয়ূর [৪]কঙ্কণ।
গলে হার কটিতটে কিঙ্কিণী [৫]বচন॥
বামদেশে সিংহাসনে সীতা সুশোভিত।
কোমল কনকলতা তমালে মিলিত॥৬॥
আজানু লম্বিত ভুজ অতি শোভমান।
বামকরে [৬]কোদণ্ড দক্ষিণ করে বাণ॥
মুনি সুর সিদ্ধ সব গন্ধর্ব [৭]নিকর।
করে পরণাম বহু ভূপ নাগ নর॥৭॥
[৮]অনবদ্য [৯]অবচ্ছিন্ন সর্বজ্ঞ সর্বেশ।
মোদের কল্যাণদাতা [১০]খলু সবিশেষ॥
দাসখেদ-নিবারণ [১১]বিদ্যায় নিপুণ।
শ্রীরামে [১২]সৌমিত্রি সহ [১৩]নমি পুন পুন॥৮॥
[১৪]পদ্মালয় পাদপদ্ম যুগ সুখালয়।
[১৫]কুলিশাদি চিহ্ন তায় শোভে অতিশয়॥
বিমল হৃদয়ে হনুমানের আপন।
মন্দির করিলা যেহ অতি সুশোভন॥
সেই শোকহারীপদে পরম [১৬]পাবন।
লইলা তুলসীদাস সতত [১৭]শরণ॥৯॥

১। বিষ্ণুর বক্ষঃস্থিত শুক্লবর্ণ দক্ষিণাবর্ত্ত লোমাবলী। ২। হস্তে ৩। বাজু। ৪। হস্তাভরণ বিশেষ। ৫। কিঙ্কিণীর—ঘুঙুরের রটন—বাদন। ৬। ধনু। ৭। সমূহ। ৮। পাপরহিত। ৯। অখণ্ড। ১০। নিশ্চয়। ১১। দাসের খেদ—দুঃখ নিবারণ করিবার বিদ্যায়। ১২। লক্ষ্মণ। ১৩। প্রণাম

মূল।

[1]কৌশলাধীশ জগদীশ জগদেকহিত
অমিত গুণ বিপুল বিস্তার লীলা। গায়ন্তি
তব চরিত সুপবিত্র শ্রুতি শেষ শুক শম্ভু
সনকাদি মুনি [2]মননশীলা ॥১॥
[3]বারিচর [4]বপুষধর ভক্ত নিস্তার পর ধরণি
কৃত [5]নাব মহিমাতি গুর্বী সকল যজ্ঞাংশ-
ময় [7]উগ্র [8]বিগ্রহ ক্রোড়ে [9]মরদি দনুজেশ
উদ্ধরণ উর্বী ॥২॥
কমঠ অতি বিকট তনু কঠিন পৃষ্ঠোপরি
[10]ভ্রমত মন্দর কণ্ডুসুখ মুরারী। প্রগট কৃত
অমৃত [11]গোইন্দিরা ইন্দু [12]বৃন্দারকাবৃন্দ-
আনন্দকারী ॥৩॥
[13]মনুজ মুনি সিদ্ধ সুর নাগ [14]ত্রাসক দুষ্ট
দনুজ দ্বিজধর্মমরজাদহরতা। অতুল
[15]মৃগরাজবপু ধরিত বিদ্দরিত অরি ভক্ত-
প্রহলাদ অহলাদ করতা ॥৪॥

করি। ১৪। পদ্মার—লক্ষ্মীর আলয়। ১৫। বজ্রাদি। ১৬। পবিত্র। ১৭। আলয়।

১। অযোধ্যার রাজা। ২। ধ্যানশীল। ৩। মীন। ৪। বপু। ৫। তরী। ৬। অপার। ৭। বিকট। ৮। আকার। ৯। মর্দ্দি। ১০। ঘর্ষণে। ১১। কামধেনু। ১২। দেবগণ। ১৩। নর। ১৪। ত্রাসকারী। ১৫। নৃসিংহ-মূর্ত্তি।

অনুবাদ।

[১]জগহিত জগদীশ রাজা অযোধ্যার ;
নিজগুণে করলীলা বিপুর বিস্তার ॥
গায় শ্রুতি শেষ পূত চরিত তোমার।
ধ্যানশীল সনকাদি শম্ভু শুক আর ॥১॥
মীন-বপু[২] ধরি ভক্তে করিতে নিস্তার।
ধরাকে করিলে তরী মহিমা অপার ॥
সকল [৩]যজ্ঞাংশময় বিকট আকার।
ক্রোড়ে [৪]মর্দ্দি [৫]দৈত্যে [৬]উর্ব্বী করিলে উদ্ধার ॥২॥
বিকট কমঠতনু-ধারি[৭] পৃষ্ঠোপর।
মন্দর ঘর্ষণে [৮]কণ্ডুসুখ বোধ কর ॥
অমৃত [৯]ইন্দিরা [১০]ইন্দু কামধেনু আর।
দেবগণানন্দকারী করিলে প্রচার ॥৩॥
নর মুনি সিদ্ধ সুরনাগ ত্রাসকারী।
দুষ্ট [১১]দৈত্যে দ্বিজধর্ম্মমরযাদহারী[১২] ।
ধরিয়া নৃসিংহ বপু করি বিদারণ।
করিলে প্রহ্লাদ ভক্তে আনন্দে মগন ॥৪॥

১। জগতের হিতকরী। ২। মীনের—মৎস্যের, বপু—শরীর। ৩। সম্পূর্ণ যজ্ঞের অংশে পূর্ণ। ৪। মর্দ্দন করি। ৫। হিরণ্যাক্ষ। ৬। পৃথিবীকে। ৭। হে কমঠের—কচ্ছপের দেহধারী। ৮। চুলকান—সুখ। ৯। লক্ষ্মী। ১০। চন্দ্র। ১১। হিরণ্যকশিপুকে। ১২। দ্বিজের তথা ধর্ম্মের মর্য্যাদা হরণকারী।

মূল।

ছলন বলি কপট [১]বটুরূপ বামন ব্রহ্মভুবন
পর্য্যন্ত পদতীনি করণং। চরণনখনীর
ত্রৈলোকপাবন পরম বিবুধজননী দুসহ
[২]শোকহরণং ॥৫॥
ক্ষত্রিয়াধীশ করিনিকরনর-কেশরী[৩] পরশুধর
[৪]বিপ্রশশীজলদরূপং। বীশভুজদণ্ডদশ
শীষ খণ্ডন চণ্ডবেগশায়ক নৌমি রামভূপং ॥৬॥
তুমি [৫]ভরভারহর প্রগট পরমাতমা ব্রহ্ম নর-
রূপধর ভক্ত হেতু। বৃষ্ণিকুলকুমুদরাকেশ
রাধারবন কংসবংশাটবী [৬]ধূমকেতু ॥৭॥
প্রবল পাষণ্ড মহিমণ্ডলাকুল দেখি
নিন্দাকৃত অখিল মখ কর্ম্ম [৭]জালং।
শুদ্ধ বোধৈকঘন জ্ঞানগুণধাম অজ
[৮]বোধ অবতার বন্দে কৃপালং ॥৮॥
কালকলি জনিত মলমলিন মন সর্ব্ব
নর মোহননিশিনিবিড় [৯]জমনান্ধকারং।
বিষ্ণুযশপুত্র কলকী দিবাকর উদিত
দাস তুলসীহরণ বিপতিভারং ॥৯॥

১। ব্রহ্মচারীরূপ। ২। শোকহরণকারী—অর্থাৎ ইন্দ্রের রাজ্য যাহা বলি লইয়াছিল তাহা ইন্দ্রকে প্রত্যর্পণ করিয়া দেবমাতা অদিতির শোক হরণ করিলে। ৩। নৃপতিরূপ করী সমূহকে নাশ করিতে নরসিংহ স্বরূপ। ৪। শশী—শস্য, শালি। ৫। ভারী ৬। ধুমকেতু—বহ্নি। ৭। জাল—সমূহ। ৮। বুদ্ধ। ৯। জমন—যবন।

অনুবাদ।

বলিরে ছলিতে ধরি বামন আকার।
ত্রিপদে ভুবনত্রয় কর অধিকার॥
পদনখনীরে গঙ্গা ত্রৈলোক্য পাবনী।
উপজে করিলে সুখী [১]বিবুধজননী॥৫॥
ক্ষত্রকরী [২]নাশে [৩]হরি [৪]পরশুধারক॥
[৫]জলদেব [৬]বিপ্রশালি পালনকারক॥
বিশ্বভুজ দশশির-খণ্ডনকারক।
[৭]চণ্ডবেগ [৮]শায়কে নমামি ভূপালক॥৬॥
প্রকাশ [৯]পরমাতমা নররূপধারী।
ভক্ত হেতু হরিবারে ভূমিভার ভারী॥
বৃষ্ণিকুলকুমুদের[১০] [১১]রাকেশ যেমন।
কংসবংশাটবীবহ্নি[১২] রাধিকারমণ॥৭॥
প্রবল পাষাণ্ডকুল হেরি ধরাতল।
নিন্দিলে অখিল [১৩]মখ করম সকল॥
অজ শুদ্ধ বোধঘন জ্ঞানগুণধাম।
বন্দি কৃপানিধি বুদ্ধ অবতার রাম॥৮॥
কলিজাতহেতু মন মলিন সবার।
মোহ নিশি যবন নিবিড় অন্ধকার॥
বিষ্ণুযশ পুত্ররূপ কল্কী দিবাকর।
[১৪]উদি দাসতুলসী বিপত্তি ভার হর॥৯॥

১। দেবমাতা অদিতি। ২। ক্ষত্র রূপ করী নাশ করিতে। ৩। সিংহ। ৪। পরশুরাম। ৫। মেঘের ন্যায়। ৬। বিপ্র-রূপ শালি—ধান্য। ৭। প্রচণ্ড বেগ—গতি শীল। ৮। বাণকে। ৯। পরমাত্মা। ১০। বৃষ্ণিকুল রূপ কুমুদের—সুঁদির। ১১। পূর্ণচন্দ্র। ১২। কংসের বংশরূপ অটবী—বন নাশিতে বহ্নি—অগ্নি স্বরূপ। ১৩। যজ্ঞ। ১৪। উদিত হইয়া।

মূল।

সকল সৌভাগ্যপ্রদ [১]সর্বতোভদ্রনিধি
সর্ব সর্বেশ [২]সর্বাভিরামং। [৩]সর্বহৃদি-
[৪]কঞ্জ [৫]মকরন্দ মধুকর রুচিররূপ ভূপাল-
মণি নৌমি রামং ॥১॥
সর্ব সুখধাম গুণগ্রাম [৬]বিশ্রাম-পদ
নাম [৭]সর্বাসপদমতি পুনীতং। নির্মলং
শান্তি সুবিশুদ্ধ [৮]বোধায়তন ক্রোধমদ-
হরণ করুণানিকেতং ॥২॥
[৯]অজিত [১০]নিরূপাধি [১১]গোতীতমব্যক্ত
বিভুমেক মনবদ্যসজমদ্বিতীয়ং। প্রকৃতং
প্রকট পরমাতমাপর্মহিত প্রেরকানন্ত
বন্দে তুরীয়ং ॥৩॥
ভূধরং সুন্দরং শ্রীবরং মদনমদমথন
সৌন্দর্য্যসীমাতিরম্যং। দুঃপ্রাপ্য
দুঃপ্রেক্ষ দুস্তর্ক্য দুষ্পার সংসারহর
সুলভ [১২]মৃদুভাবগম্যং ॥৪॥

১। সর্বপ্রকারে শুভের আকর। ২। সব লোকের সুখদাতা ৩। সর্ব—শিব। ৪। কঞ্জ—পদ্ম। ৫। মকরন্দ—মধু। ৬। বিশ্রামদায়ক। ৭। সর্বাস্পদং—সকলের আস্পদ—স্থান। ৮। বোধের—জ্ঞানের আয়তন—স্থান। ৯। অজেয়। ১০। উপাধি—মায়া—রহিত। ১১। গোতীতং—গো—ইন্দ্রিয় তাহার অতীত। ১২। মৃদুভাব—প্রীতি তদ্দারা প্রাপ্য।

অনুবাদ ।

সকল সৌভাগ্যপ্রদ সর্ব-শুভাকর[১] ।
সর্ব সরবেশ সব সুখদাতা বর ॥
শিব হৃদিপদ্ম মধু-পানে[৩] মধুকর ।
নমি ভূপমণি রাম চারুরূপধর ॥১॥
বিশ্রামদায়ক গুণগ্রাম সুখধাম ।
সকল আস্পদ অতি পূত তব নাম ॥
নিরমল শান্ত সুবিশুদ্ধ বোধময় ।
ক্রোধমদহরণকারক কৃপালয় ॥২॥
[৪]অপ্রকট [৫]অমায়িক অজেয় [৬]গোপর ।
অজ অদ্বিতীয় অনবদ্য [৮]বিভুবর ॥
প্রকট [১০]প্রাকৃতরূপে অনন্ত প্রেরক ।
[১১]তুরীয় পরমাত্মা মঙ্গল কারক ॥৩॥
[১২]ভূধর [১৩]শ্রীবর চারু [১৪]মানমদহর ।
সৌন্দর্য্যের সীমা অতিশয় মনোহর ॥
দুষ্প্রাপ্য [১৫]দুষ্প্রেক্ষ্য তুমি দুস্তর্ক্য দুষ্পার ।
সুলভ সুপ্রীতিগম্য হরহ সংসার ॥৪॥

১। শুভের আকর—খনি। ২। বিশ্বরূপ। ৩। শিবের হৃদয় রূপ পদ্ম তাহার মধুপান করিতে। ৪। অপ্রকাশ। ৫। মায়া রহিত। ৬। ইন্দ্রিয়াতীত। ৭। দোষ হীন। ৮। সমর্থ। ৯। প্রকাশিত। ১০। নররূপে। ১১। নির্গুণ ব্রহ্ম। ১২। ভূমি ধারণকারী অনন্ত নাগ। ১৩। লক্ষ্মীপতি। ১৪। মানের—মানের, মদ,—গর্ব্ব, হর—হারী। ১৫। দুর্দর্শনীয় ১৬। তর্কের অতীত।

মূল।

সত্যকৃত সত্যরত সত্যব্রত সর্ব্বদা
[১]পুষ্ট সন্তুষ্ট সঙ্কষ্টহারী। ধর্মবর্মনি
ব্রহ্ম-কর্মবোধৈক[২] বিপ্রপূজ্য ব্রহ্মণ্যজন-
প্রিয় মুরারী ॥৫॥
নিত্য নির্মম নিত্যমুক্ত নির্মান হরি জ্ঞান-
ঘন সচ্চিদানন্দমূলং। সর্ব্বরক্ষক সর্বভ-
ক্ষকাধ্যক্ষ কূটস্থ গূঢ়ার্চি ভক্তানুকূলং ॥৬॥
সিদ্ধ সাধকসাধ্য বাচ্য বাচক রূপ মন্ত্র-
জাপকজাপ্য সৃষ্টিস্রষ্টা। পরম-কারণ[৩]
[৪]কঞ্জনাভ জলদাভতন সগুণ নির্গুণ
সকল দৃশ্য দ্রষ্টা ॥৭॥
ব্যোমব্যাপক বিরজ ব্রহ্মবরদেশ বৈকুণ্ঠ-
বামন বিমল [৬]ব্রহ্মচারী। সিদ্ধ বৃন্দারকারন্দ-
বন্দিত সদা খণ্ডি [৭]পাষণ্ড নির্মূলকারী ॥৮॥
পূরণানন্দ [৮]সন্দোহ অপহরণ সম্মোহ
সজ্ঞান গুণ [৯]সন্নিপাতং। বচন মনকর্ম-
গত শরণ তুলসীদাস ত্রাস [১০]পাথোধিইব
[১১]কুম্ভজাতং ॥৯॥

১। দিব্য দেহধারী। ২। ব্রহ্ম—বেদ, কর্ম—মীমাংসা তৎবোধে—জ্ঞানে, এক—অদ্বিতীয়। ৩। [illegible]। ৪। পদ্মনাভ। ৫। সৃষ্টিকারী। ৬। বটু। ৭। পাষণ্ড। ৮। সন্দোহ—রাশি। ৯। সন্নিপাতং—সমূহ। ১০। পাথোধি—উদধি। ১১। অগস্ত্য

অনুবাদ।

সত্যরত সত্যব্রত সত্য স্থষ্টিকারী।
সদা তুষ্ট কষ্ট হর দিব্য দেহ ধারী॥
বেদকর্ম বোধে এক ধর্মবর্মধারী।
মুরারি ব্রহ্মণ্য পূজ্য [১]জনপ্রিয় ভারী॥৫॥
[২]নির্মম মুকুন্দ নিত্য হরি জ্ঞানঘন।
[৩]নির্মান সচ্চিদানন্দ সরব কারণ॥
[৪]সরবভক্ষকাধ্যক্ষ সর্ব রক্ষাকারী।
[৫]কূটস্থ [৬]গূঢ়ার্চি ভকতানুকূল ভারী॥৬॥
[৭]সাধ্য ও সাধক সিদ্ধ বাচ্য ও বাচক।
স্থষ্টি স্রষ্টা তুমি [৮]মন্ত্র জাপ্য ও জাপক॥
সর্বমূল পদ্মনাভ [৯]ঘনতনুধারী।
সগুণ নির্গুণ সব দৃশ্য দৃষ্টিকারী॥৭॥
[১০]বিরাজ [১১]ব্যাপক-ব্যোম ব্রহ্ম [১২]বরদেশ।
বৈকুণ্ঠ বামন বটু বিমল অশেষ॥
সদা সিদ্ধ [১৩]বৃন্দারকাবৃন্দপূজ্য ভারী।
পাষণ্ডে খণ্ডন করি নিরমলকারী॥৮॥
পূর্ণানন্দ রাশি তুমি করহ হরণ।
সম্মোহ অজ্ঞান রজ আদি গুণগণ॥
কায়মনোবাক্যে লয় তুলসী শরণ।
[১৪]অগস্ত্যের ত্রাসোদধি করহ শোষণ॥৯॥

১। জন—ভক্ত। ২। মমতাশূন্য। ৩। মানহীন—অভিমান শূন্য। ৪। সর্বভক্ষের—যমের, অধ্যক্ষ—স্বামী। ৫। নির্বিকার। ৬। গূঢ়—গুপ্ত, অর্চি—তেজ, বিশিষ্ট। ৭। সাধনীয়—ব্রহ্ম। ৮। ওঁ আদি। ৯। ঘনের—মেঘের ন্যায় আভা বিশিষ্ট দেহধারী। ১০। রজোহীন। ১১। আকাশের ন্যায় ব্যাপক। ১২। বরদ—শিবাদি+ঈশ। ১৩। দেবতাগণের পূজ্য। ১৪। অগস্ত্যের মত।

মুল।

বিশ্ববিখ্যাত বিশ্বেশ [১]বিশ্বায়তন
[২]বিশ্বমরজাদ ব্যালারিগামী।
ব্রহ্ম বরদেশ [৩]বাগীশ ব্যাপক বিমল
বিপুল বলবান [৪]নির্বাণস্বামী ॥১॥
প্রকৃতি মহতত্ত্ব শব্দাদি গুণ দেবতা
ব্যোম [৫]মরুদগ্নি অমলাম্বু উর্বী।
বুদ্ধি মন ইন্দ্রিয়া প্রাণচিত্তাতমা[৬] কাল
পরমাণু চিচ্ছক্তি গুর্বী ॥২॥
সর্বসেবাত্র স্বত্রূপ ভূপালমণি
ব্যক্তমব্যক্ত গতভেদ বিষ্ণো।
ভুবন ভবদঙ্গ [৭]কামারিবন্দিতপদদ্বন্দ্ব[৮]
[৯]মন্দাকিনী জনক জিষ্ণো ॥৩॥
আদি [১০]মধ্যান্ত ভগবন্ত ত্বং সর্বগত-
মীশ পশ্যন্তি যে ব্রহ্মবাদী। যথা
পট তন্তু ঘট মৃত্তিকা সর্পস্রগ [১১]দারু-
করি কনক [১২]কটকাঙ্গদাদী ॥৪॥
গূঢ় গম্ভীর গর্বঘ্ন গূঢ়ার্থবিৎ গুপ্ত
গোতীত গুরু জ্ঞান জ্ঞাতা। জ্ঞেয় জ্ঞান-
প্রিয় প্রচুর গরিমাগার সংসারকর
পার দাতা ॥৫॥

১। বিশ্বায়লয়। ২। বিশ্বের মর্য্যাদা। ৩। বাণীপতি। ৪। মুক্তিদাতা। ৫। মরুৎ—বায়ু+অগ্নি। ৬। আতমা—আত্মা। ৭। কামারি—শিব। ৮। দ্বন্দ্ব—দ্বয়। ৯। জাহ্নবী। ১০। আদি মধ্য ও অন্ত সর্বকালে। ১১। দারুকরী। ১২। কটক—বলয় অঙ্গদ—বাজু।

অনুবাদ।

বিশ্বালয় বিশ্বখ্যাতি প্রভো বিশ্বস্বামী।
বিশ্বের [১]মর্য্যাদা তুমি [২]উরগারিগামী ॥
ব্যাপক বরহ্ম [৩]বরদেশ ধানীপতি।
বিমল বিমুক্তিদাতা বলবান অতি ॥১॥
তুমিহ প্রকৃতি মহত্তত্ব শব্দ গুণ।
ব্যোম বায়ু অগ্নি [৪]অমলাম্বু [৫]উর্বীপুন ॥
ইন্দ্রিয় পরাণ চিত্ত আত্মা বুদ্ধি মন।
গুরবী [৬]চিচ্ছক্তি কাল পরমাণুগণ ॥২॥
এ সরব তব রূপ নৃপমণি শুন।
তুমি বিষ্ণো ব্যক্তাব্যক্ত গত ভেদ পুন ॥
ভবদঙ্গ ভুবন কমল-পদদ্বয়।
জাহ্নবীজনক [৭]জিষ্ণো শিব-পূজ্য হয় ॥৩॥
তোমায় সরবকালে ব্রহ্মবাদীগণ।
সর্ব্বগত ঈশ রূপে হেরয়ে এমন ॥
সর্পে [৮]প্রগ ঘটে মাটী পটে তন্তু বোনা।
দারুর করীতে দারু অলঙ্কারে সোনা ॥৪॥
তুমিহ গূঢ়ার্থবিদ গূঢ় ও গম্ভীর।
গর্ব্বঘ্ন [৯]গোতীত গুরু জ্ঞান জ্ঞাতা ধীর ॥
জ্ঞেয় জ্ঞানপ্রিয় তুমি গরিমা-আগার।
সক্ষম করিতে পার অপার সংসার ॥৫॥

১। শেষ সীমা—অর্থাৎ বিশ্ব তোমাতেই শেষ বা লয় হয়। ২। উরগারি—গরুড় তৎপৃষ্ঠে গমনকারী। ৩। বরদ—শিব

মূল।

সত্য [১]সঙ্কল্প অতি কল্পকল্পান্তকৃৎ[২]
কল্পনাতীত অহিতল্পবাসী।
[৩]বনজলোচন [৪]বনজনাভ [৫]বনদাভবপু
[৬]বনচরধ্বজ কোটি লাবণ্য রাশী ॥৬॥
সুকর দুঃকর দুরারাধ্য দুর্ব্যসনহর
দুর্গ দুর্দ্ধর্ষ দুর্গার্ত্তিহর্ত্তা। [৭]বেদগর্ভা-
র্ভকাদভ্রগুণগর্ব [৮]অর্বাগপরগর্বনির্বা-
[৯]পকর্ত্তা ॥৭॥
ভক্ত অনুকূল ভবশূল নির্মূলকরতূল
অঘ নাম পাবক সমানং। তরল তৃষ্ণা-
তমী তরণি ধরণীধরণ শরণভয়হরণ
করুণানিধানং ॥৮॥
বহুল বৃন্দারকাবৃন্দ [১০]বন্দারুপদদ্বন্দ্ব
[১১]মন্দারমালোরধারী। পাহি সামীশ
সন্তাপসঙ্কুল সদা দাস তুলসী
প্রণত রাবণারী ॥৯॥

তাঁহার ঈশ—প্রভু। ৪। অনল- নির্মল+অম্বু—বারি। ৫। ধরা। ৬। চিৎ—জ্ঞান+শক্তি। ৭। জিষ্ণু—সর্বজেতা তৎ সম্বোধনে। ৮। মালা। ৯। গো—ইন্দ্রিয়, তাহার অতীত।

১। মনোরথ। ২। কল্পনাশী। ৩। বনজ—কমল, বন—জল। ৪। পদ্মনাভ। ৫। বনদ—ঘন, তাহার ন্যায় আভা-যুক্ত, বপু—তনু, শ্যাম—বর্ণ। ৬। বনচর—জলচর অর্থাৎ মকর ধ্বজায় যাহার অর্থাৎ কামদেব। ৭। বেদগর্ভ—ব্রহ্মা+অর্ভক—সুত+আদভ্র—বহুত। ৮। পরা ও অপরা নামক ব্রহ্ম বিদ্যার গর্ব। ৯। খর্বকারী। ১০। পূজ্য। ১১। মন্দার মালা উরে—বক্ষে ধারণকারী।

অনুবাদ।

[১]সত্যমনোরথ [২]অতিকল্প কল্পনাশী।
কল্পনা-অতীত তুমি [৩]অহিতল্পবাসী॥
কমললোচন পদ্মনাভ ঘনশ্যাম।
লাবণ্যের রাশি বপু যিনি কোটিকাম॥৬॥
[৪]দুর্গ দুরারাধ্য তুমি [৫]সুকর [৬]দুষ্কর।
[৭]দুর্দ্ধর্ষ [৮]দুর্গার্ত্তিহারী [৯]দুর্ব্যসনহর॥
পরা ও অপরা নাম ব্রহ্মবিদ্যাগর্ব।
ব্রহ্মপুতগণের করহ তুমি খর্ব॥৭॥
ভকতের অনুকূল ভবশূলনাশী।
বহ্নি সম নাশে নাম অঘ তুলারাশী॥
[১০]তৃষ্ণাতমী নাশিতে [১১]তরণি ধরাধারী।
করুণানিধান আশ্রিতের ভয়হারী॥৮॥
বন্দে [১২]বৃন্দারকাবৃন্দ যুগল চরণ।
হৃদয়ে মন্দারমালা করহ ধারণ॥
সন্তাসঙ্কুল দাস তুলসী সতত।
পাহি রাবণারি! মোকে হইনু প্রণত॥৯॥

১। যাঁহার মনোরথ সদা সত্যে পরিণত হয়। ২। অতি-কল্প—মহাকল্প অর্থাৎ যখন ব্রহ্মার আয়ু পূর্ণ হয় এবং কল্প—ব্রহ্মার একদিন এই উভয়েরই নাশকরী। ৩। অহি—অনন্তনাগ, তল্প—শয্যা, তাহাতে বাসী—শায়ী। ৪। প্রাপ্ত হওয়া কঠিন। ৫। ভক্তের জন্য শুভ কর্মকারী। ৬। দুষ্টের জন্য মন্দ কর্ম-কারী। ৭। যাঁহার কোনরূপ অপমান বা অনিষ্ট করা যায় না। ৮। কঠিন দুঃখ হরণকারী। ৯। মদপান পরস্ত্রী গমনাদি মন্দ কর্ম্ম হরণকারী। ১০। তৃষ্ণারূপ তমী—রাত্রি। ১১। সূর্য্য। ১২। দেবতাসমূহ।

মূল।

[১]সন্তসন্তাপহর বিশ্ব বিশ্রামকর
রাম কামারি [২]অভিরামকারী।
শুদ্ধ বোধায়তন সচ্চিদানন্দঘন
সজ্জনানন্দবর্দ্ধন[৩] খরারী ॥১॥
শীল সমতাভবন বিষমতামতিশমন
রাম [৪]রমারমণ রাবণারী। খড়্গকর-
চর্মবর বর্মধর রুচির কটি তূন
শর শক্তি [৫]সারঙ্গধারী ॥২॥
[৬]সত্যসন্ধান [৭]নির্বাণপ্রদ সর্বহিত
সর্বগুণ জ্ঞান বিজ্ঞানশালী। সঘন
তম ঘোর সংসারভর শর্বরী[৮] নাম
দিবসেশ[৯] খর কিরণমালী ॥৩॥
তপন তীক্ষ্ণ তরুণ তীব্র তাপঘ্ন
তপরূপ [১০]তন ভূপ তমপর তপস্বী।
মানমদমদন[১১] মৎসর মনোরথ মথন।
মোহ অম্ভোধিমন্দর মনস্বী ॥৪॥
বেদবিখ্যাত বরদেশ বামন বিরজ
বিমল [১২]বাগীশ বৈকুণ্ঠস্বামী। কাম-
ক্রোধাদিমর্দ্দন[১৩] [১৪]বিবধনক্ষমা শান্ত-
[১৫]বিগ্রহ [১৬]বিহগরাজগামী ॥৫॥

১। সাধু। ২। আনন্দদাতা। ৩। বর্দ্ধনকারী। ৪। শ্রী। ৫। ধনু। ৬। সত্যব্রত। ৭। মুক্তি। ৮। নিশা। ৯। রবি। ১০। তনু। ১১। নাশ। ১২। বাণীপতি। ১৩। বিনাশক। ১৪। বর্দ্ধনকারী। ১৫। রূপ, মূর্ত্তি। ১৬। বিহগেশ।

অনুবাদ ।

সাধুর সন্তাপহর, বিশ্বের বিশ্রামকর
শ্রীরাম কামারি-মনোহারী[1] ।
বিশুদ্ধ [2]বোধায়তন, সচ্চিদানন্দঘন[3]
খরারি সজ্জনানন্দকারী ॥১॥

শ্রীশ সমতা আবাস, বিষমতা কর নাশ
রাবণারি [4]শ্রীরমণকারী ।
করে অসি [5]চর্ম্মবর, শর শক্তি ধনুর্ধর
কটিতে [6]নিষঙ্গ বর্মধারী ॥২॥

মুক্তিপ্রদ সত্যব্রত সকলের হিতে রত
জ্ঞান ও বিজ্ঞান [8]গুণশালী ।
[9]তম পূর্ণ ভবভার, নিশা ঘোর অন্ধকার
নাম রবি [10]খরকরমালী ॥৩॥

[11]তীক্ষ্ণ তপনকারী, তরুণ ত্রিতাপহারী
[12]তমোপর ভূপতি তপস্বী ।
মানমদ [13]মোহমার মৎসরের পারাবার
মথিত মন্দর ও মনস্বী ॥৪॥

বেদখ্যাত [14]বরদেশ [15]বিরজ বামন বেশ
বাণীপতি বৈকুণ্ঠের স্বামী[16]।
কাম ক্রোধ বিনাশক, ক্ষমাগুণ বরধক
শান্তরূপ [17]বিহগেশ-গামী ॥৫॥

১। কামারির—শিবের মন হরণকারী। ২। বোধের—আত্মজ্ঞানের আয়তন—স্থান। ৩। সচ্চিদানন্দ বর্ষণকারী মেঘ। ৪। শ্রী—লক্ষ্মী। ৫। ঢাল। ৬। তূণ। ৭। আত্মজ্ঞান। ৮। সুশীলতাদিগুণ। ৯। অহঙ্কার। ১০। প্রখর কিরণমালা যুক্ত। ১১। তীক্ষ্ণ। ১২। অবিদ্যার অতীত। ১৩। কাম।

মূল।

পরম পাবন [১]পাপপুঞ্জমুঞ্জাটবী
অনল ইব নিমিষ নির্ম্মূল কর্ত্তা।
ভুবন ভূষণ দূষণারি ভুবনেশ ভূনাথ
শ্রুতি [২]মাথ জয় ভুবনভর্ত্তা ॥৬॥
অমল অবিচল [৩]অকল [৪]সকল
সন্তপ্ত-কলি [৫]বিকলতাভঞ্জনানন্দ রাশী।
উরগনায়কশয়ন[৬] তরুণপঙ্কজনয়ন
ক্ষীরসাগরঅয়ন[৭] সর্ব্ববাসী ॥৭॥
সিদ্ধ কবি [৮]কোবিদানন্দদায়ক পদদ্বন্দ্ব
মন্দাত্মমনুজৈর্দুরাপং। যত্র সম্ভূত
অতি পূতজলসুরসরী দর্শনাদেব
অপহরতি পাপং ॥৮॥
নিত্য নির্ম্মুক্ত [৯]সংযুক্তগুণ নির্গুণা-
নন্ত ভগবন্ত নিয়মিক নিয়ন্তা।
বিশ্ব পোষণ ভরণ বিশ্বকারণ-
[১০]করণ শরণ তুলসীদাসত্রাসহন্তা ॥৯॥

১৪। বরদাতা শিব ও ব্রহ্মার ঈশ। ১৫। রজোগুণহীন। ১৬। বর্দ্ধক। ১৭। বিহগেশের গরুড়ের পৃষ্ঠে গমনকারী।

১। মুঞ্জ—শর, অটবী—বন। ২। শ্রুতির—বেদের, মাথা—শির। ৩। কলাহীন, সম্পূর্ণ। ৪। সমুদয়কলাযুক্ত, পূর্ণ। ৫। কলির তাপে সন্তপ্ত জীবের বিকলতা—ব্যাকুলতা ভঞ্জনকারী—নাশকারী। ৬। শয্যা। ৭। আলয়। ৮। কোবিদ—সুধী, পণ্ডিত। ৯। সদ্‌গুণ। ১০। কর্ত্তা।

অনুবাদ।

অতিশয় [১]সুপাবন [২]পাপপুঞ্জমুঞ্জবন
অনলের ক্ষণে কর লয়।
ভুবন ভূষণ ভারি, ভুবনেশ দূষণারি
শ্রুতিশির[৪] ভূভরত্তা জয় ॥৬॥
নিরমল অবিচল, [৫]কলাহীন [৬]পূর্ণকল
সুখরাশি কলিতাপনাশশী।
[৭]উরগেশ শয্যা তব, নয়ন [৮]পঙ্কজ [৯]নব
ক্ষীরোদধি গেহ সর্ববাসী ॥৭॥
সুধী সিদ্ধ কবিচয়, সুখদাতা পদদ্বয়
দুষ্প্রাপ্য [১০]মনুজ-মন্দাত্মার।
যাহা হতে সমুদ্ভূত, [১১]সুরসরী অতি পূত
দৃষ্টি মাত্রে হরে পাপ ভার ॥৮॥
[১২]নিরগুণ নিত্যমুক্ত, অনন্ত সদ্গুণযুক্ত
ভগবান নায়ক নিয়ন্তা।
বিশ্বের [১৩]কারণকর্ত্তা, পোষণকারক ভর্ত্তা
তুলসী শরণত্রাস [১৪]হন্তা ॥৯॥

১। পবিত্রকারী। ২। পাপরাশি। ৩। শরবন। ৪। বেদের মস্তক স্বরূপ। ৫। অংশ হীন, অখণ্ড। ৬। সমস্ত কলায়—অংশে পূর্ণ। ৭। অনন্তনাগ। ৮। পদ্ম। ৯। সদ্য প্রস্ফুটিত। ১০। মন্দাত্মা মানবের। ১১। গঙ্গা। ১২। রজ আদি গুণ রহিত। ১৩। উপাদান। ১৪। তুলসীর শরণ—আশ্রয় ও ত্রাস—ভবভয় হরণকারী।

মূল।

দনুজসূদন দয়াসিন্ধু [১]সন্তাপহন
দহন দুর্দোষ দুঃপাপহরতা[২]। দুষ্টতা-
দমন [৩]দমভবন দুঃখৌঘহর[৪] দুর্গ
দুরবাসননাশ করতা ॥১॥
ভূরিভূষণ ভানুমন্ত ভগবন্ত [৫]ভবভঞ্জনা-
ভয়দ ভুবনেশ ভারী। ভাবনাতীত [৬]ভববন্দি
ভবভক্তহিত[৭] ভূমি [৮]উদ্ধরণ [৯]ভূধরণ-
ধারী ॥২॥
বর বদন বনদাভ [১০]বাগীশ বিশ্বাত্মা
বিরজ বৈকুণ্ঠমন্দির বিহারী। ব্যাপক
ব্যোমবন্দারু[১১] বামন বিভো ব্রহ্মবিদ্
ব্রহ্মচিন্তাপহারী ॥৩॥
সহজ সুন্দর সুমুখ সুমন [১২]শুভ সর্বদা
শুদ্ধ সর্বজ্ঞ স্বচ্ছন্দচারী। সর্বকৃত
[১৩]সর্বভৃত সর্বজিত সর্বহিত সত্য সঙ্কল্প
কল্পান্তকারী ॥৪॥

১। সন্তাপহারী। ২। হরতা—হর্ত্তা, নাশকারী। ৩। ইন্দ্রিয়ের সংযমকারী দম গুণের ভবন—আকর। ৪। দুঃখরাশি নাশকারী। ৫। ভবভঞ্জন—ভবভয়হারী। ৬। ভববন্দ্য। ৭। হিতকারী। ৮। উদ্ধারকারী। ৯। ভূধরণ—ভূধর। ১০। বাগীপতি। ১১। বন্দ্য। ১২। শুভকারী। ১৩। সর্বধারী।

অনুবাদ ।

দনুজসূদন[১] দয়াসিন্ধু দম্ভহারী ।
দুর্দ্দোষদহন[২] দুষ পাপ নাশকারী ॥
দুষ্টতাদমন দমগুণের আকর ।
[৩]দুর্গ দুর্ব্বাসনা দুঃখরাশি নাশকর ॥১॥
[৪]ভাস্বমন্ত [৫]ভগবন্ত ভবভয়হারী ।
ভূরি বিভূষণধারী [৬]ভুবনেশ-ভারী ॥
ভাবনা অতীত ভব ভক্তহিতকারী ।
ভববন্দ্য ভুউদ্ধারী [৮]ভূমিধরধারী ॥২॥
বাণীপতি [৯]বনদাভ সুবদন ভারী ।
বিশ্বাত্মা [১০]বিরজ বিভু বৈকুণ্ঠবিহারী ॥
[১১]ব্যোমের ব্যাপক বন্দ্য খর্ব্বরূপধারী ।
ব্রহ্মবিদ ব্রহ্ম নিজে চিন্তাদূরকারী ॥৩॥
মুথ মন [১২]সহজ সুন্দর শুভকারী ।
সর্বজ্ঞ সর্বদা শুদ্ধ স্বচ্ছন্দ আচারী ॥
সর্ব্বস্রষ্টা সর্ব্বজেতা সর্ব্বহিতকারী ।
কল্পান্তকারক [১৩]সত্যসঙ্গ [১৪]সর্ব্বধারী ॥৪॥

১। দৈত্যনাশক। ২। দুর্দোষ দগ্ধকারী। ৩। কঠিন। ৪। সূর্য্য সম প্রকাশমান। ৫। ষড়ৈশ্বর্য্যশালী। ৬। ভুবনেশ—ব্রহ্মা শিব-আদি—তদপেক্ষাও ভারী—বড়। ৭। ভবের—মহাদেবের, বন্দ্য—পূজ্য। ৮। ভূমিধর—গোবর্দ্ধন পর্ব্বত, ধারী—ধারণকারী। ৯। বনদ—জলদ, মেঘ, তাহার ন্যায় আভাযুক্ত। রজোগুণহীন। ১১। আকাশের মত। ১২। স্বাভাবিক। ১৩। সত্য প্রতিজ্ঞ। ১৪। বিশ্বম্ভর।

মূল।

নিত্য নির্ম্মোহ নির্গুণ নিরঞ্জন নিজা-
[১]নন্দ নির্বাণ নির্ব্বাণদাতা। [২]নির্ভরানন্দ
[৩]নিঃকম্প [৪]নিঃসীম নির্মুক্ত [৫]নিরুপাধি
নির্ম্মম বিধাতা ॥৫॥
মহা মঙ্গলমূল মোদ [৬]মহিমায়তন
মুগ্ধ মধুমথন মাদন অমানী। মদন-
মর্দন মদাতীত মায়ারহিত [৭]মঞ্জুমা-
নাথ পাথোজ পানী ॥৬॥
কমললোচন কলা কোষ [৮]কোদণ্ডধর
কোশলাধীশ কল্যাণ রাশী। যাতুধান
প্রচুর মত্তকরিকেশরী ভক্তমনপুণ্য
আরণ্যবাসী ॥৭॥
অনঘ অদ্বৈত অনবদ্য অব্যক্ত অজ
অমিত অবিকার আনন্দসিন্ধো[৯]।
অচল [১০]অনিকেত [১১]অবিরল অনাময়
অনারম্ভ অম্ভোদনাদঘ্নবন্ধো ॥৮॥
দাসতুলসী খেদখিন্ন আপন্ন ইহ
শোকসম্পন্ন [১৩]অতিসে সভীতং। প্রণত
পালক রাম পরম করুণাধাম পাহি
সামুর্বিপতি দুর্বিনীতং ॥৯॥

১। আপন আত্মায় পূর্ণ আনন্দকারী। ২। পূর্ণ আনন্দ স্বরূপ। ৩। অচল। ৪। অসীম। ৫। মায়া রহিত। ৬। আয়তন—স্থান। ৭। শোভন। ৮। কোদণ্ড ধনু। ৯। আনন্দের—সুখের, সিন্ধু পারাবার। ১০। অগেহ। ১১। নিরন্তর। ১২। অনাদি। ১৩। অতিশয়।

অনুবাদ।

নিরগুণ নিরমোহ নিত্য [১]নিরঞ্জন।
[২]নির্ব্বাণ নির্বাণদাতা আনন্দ পূরণ ॥
অচল অসীম পূর্ণানন্দরূপ নিত।
নির্মুক্ত নির্মম বিধিমায়া বিরহিত ॥৫॥
[৩]মোদমহিমার স্থান শুভমূলভারী।
মানদ অমানী [৪]মুগ্ধ [৫]মধুনাশকারী ॥
মায়াহীন সদাতীত মদন [৬]মর্দ্দন।
[৭]মানাথ [৮]পাথোজপাণি স্বরূপ শোভন ॥৬॥
কমললোচন [৯]কলাকোষ ধনুর্ধর।
কল্যাণের রাশি [১০]কোশলের অধীশ্বর ॥
যাতুধান [১১]মত্তকরীনাশে [১২]পঞ্চানন।
ভক্তমন পুণ্যারণ্য আবাস ভবন ॥৭॥
অনঘ অদ্বৈত [১৩]অনবদ্য অবিকার।
অমিত অব্যক্ত অজ সুখ পারাবার ॥
অচল অগেহ [১৪]অনাময় নিরন্তর।
অনাদি [১৫]অম্ভোদনাদহন্তাবন্ধুবর ॥৮॥
খেদ খিন্ন মহাপন্ন [১৬]ইহ অতিশয়।
সভীত তুলসীদাস শোকাকুল হয় ॥
প্রণত পালক অতি করুণার ধাম।
দুর্ব্বিনীত মোরে [১৭]পাহি উর্বিপতি রাম ॥৯॥

১। মায়া রহিত। ২। মোক্ষ স্বরূপ। ৩। আনন্দ। ৪। মুর্খ। ৫। দৈত্য বিশেষ। ৬। কাম নাশক। ৭। রমানাথ। ৮। পদ্ম। ৯। কলার—৬৪ বিস্তার কোষ ভাণ্ডার। ১০। অযোধ্যার। ১১। রাক্ষস। ১২। সিংহ। ১৩। নির্দোষ। ১৪। নীরোগ। ১৫। অম্ভোদ নাদের—মেঘনাদের,

মূল।

দেহি সতসঙ্গ নিজ অঙ্গ [১]শ্রীরঙ্গ ভব-
ভঙ্গকারণ শরণ শোকহারী। জে
তু ভবদঙ্‌ঘ্রি[২]পল্লব সমাশ্রিত সদা
ভক্তিরত বিগত সংশয় মুরারী ॥১॥
অসুর সুর নাগনর যক্ষ গন্ধর্ব্ব খগ
রজনীচর সিদ্ধ জে চাপি [৩]অন্যে। সন্ত
সংসর্গ [৪]ত্রৈবর্গপর পরমপদ প্রাপ
নিঃপ্রাপ্য গতি অয়ি প্রসন্নে ॥২॥
বৃত্র বলিবাণ প্রহ্লাদময় ব্যাধ গজ
গৃদ্ধ দ্বিজবন্ধু [৫]নিজধর্মত্যাগী। সাধু-
পদ সলিল নির্ধূত কল্মষ সকল
স্বপচ যবনাদি [৬]কৈবল্যভাগী ॥৩॥
শান্ত নিরপেক্ষ নির্ম্মম নিরাময় অগুণ
[৭]শব্দব্রহ্মৈক পরব্রহ্মজ্ঞানী। দক্ষ
সমদৃক্‌ স্বদৃক্‌ বিগত অতি স্বপরমহি
পরমরতি বিরতি তব চক্রপাণী ॥৪॥
বিশ্ব উপকার রহিত ব্যগ্রচিত সর্ব্বদা
ত্যক্ত মদমন্যু কৃত-পুণ্যরাশী। যত্র
তিষ্ঠন্তি তত্রৈব অজ সর্ব্বহরি সহিত
গচ্ছন্তি ক্ষীরাব্ধিবাসী ॥৫॥

হন্তার—বিনাশকের, বন্ধু—ভ্রাতা। ১৬। সংসারে। ১৭। রক্ষা কর। ১৮। ধরাপতি।

১। শ্রীবিহারী। ২। অঙ্‌ঘ্রি—চরণ। ৩। অন্য, অপর ৪। ত্রয়বর্গ—ধর্ম অর্থ কাম, তাহার পরে। ৫। বিধর্মী। ৬। মোক্ষ ভাগী। ৭। শব্দ ব্রহ্ম—বেদ, তাহার জ্ঞানে, এক—অদ্বিতীয়। ৮। শিব।

অনুবাদ।

দেহ সৎসঙ্গ [১]নিজঅঙ্গ [২]শ্রীবিহারী।
[৩]ভবভঙ্গকারণ শরণ [৪]শোকহারী॥
মুরারি! বিগতভ্রম ভক্তিরত নিত॥১॥
অসুর গন্ধর্ব যক্ষ নাগ সুরনর।
সিদ্ধসুর নিশাচর যে চাপে অপর॥
অপ্রাপ্য [৫]পরমাপদ ত্রয়বর্গ পার।
সাধুসঙ্গে লভিয়াছে প্রসাদে তোমার॥২॥
বৃত্র বলি বাণ ব্যধ গজ গৃধ্র [৬]ময়।
প্রহলাদ বিধর্ম্মী [৭]দ্বিজবন্ধু সমুদয়॥
বিধৌত [৮]কলুষ সাধুচরণ সলিলে।
মোক্ষভাগী যবনাদি [৯]শ্বপচ সকলে॥৩॥
নির্গুণ নির্মম [১০]নিরপেক্ষ নিরাময়।
বেদ-পরব্রহ্মজ্ঞানী শান্ত অতিশয়॥
বিগত স্বপরমতি[১১] সমদৃক অতি।
[১২]স্বদৃক তোমার পদে চক্রপাণি! রতি॥৪॥
বিশ্বহিত হেতু যার সদা ব্যগ্রচিত্ত।
[১৩]মদমন্যু তজি যেহ পুণ্য করে নিত॥
সেই সাধুমতি যেথা করে অধিষ্ঠান।
[১৪]অজ শিব সহ হরি সদা তথা যান॥৫॥

১। তোমার সহিত মিলনের একমাত্র অঙ্গ—সাধন। ২। রমা রমণ। ৩। মুক্তির কারণ। ৪। শরণাগতের শোক হরণ কারী। ৫। মোক্ষ। ৬। ময়দানব। ৭। অজামিল। ৮।

মূল।

বেদ [১]পয়-সিন্ধু সুবিচার মন্দর মহা
অখিল মুনিবৃন্দ নির্ম্মথন করতা।
[২]সারু সংসঙ্গমুদ্ধৃত্য ইতি নিশিতং
বদত শ্রীকৃষ্ণ [৩]বৈদর্ভিভরতা ॥৬॥
শোক সন্দেহ ভয় হর্ষতম [৪]তর্ষগণ
সাধু সদ্যুক্তি বিচ্ছেদকারী[৫]। যথা
রঘুনাথ [৬]সায়ক নিশাচর চমূ[৭] নিচয়
নির্দলনপটু বেগভারী ॥৭॥
যত্র কুত্রাপি মম জন্ম নিজকর্ম্মবশ
ভ্রমত জগ যোনি সঙ্কট অনেকম।
তত্র ত্বদ্ভক্তি সজ্জন সমাগম সদা
ভবতু মে রাম বিশ্রাম মেকম ॥৮॥
প্রবল ভবজনিত ত্রৈব্যাধিভেষজ
ভগতি ভক্ত [৮]ভৈষজ্যমদ্বৈতদরশী।
সন্ত ভগবন্ত অন্তর নিরন্তর নহী
কিমপিমতিমলিন কহ দাসতুলসী ॥৯॥

কালিত—পাপ। ৯। চণ্ডাল। ১০। কোনরূপ বাসনা হীন। ১১। আত্মার পর মতি শূন্য। ১২। আপন স্বরূপ দৃষ্টিকারী। ১৩। ক্রোধ। ১৪। ব্রহ্মা।

১। ক্ষীর সিন্ধু। ২। সার, অমৃত। ৩। বৈদর্ভির—রুক্মিণীর, ভর্ত্তা—পতি। ৪। তর্ষ—বাসনা। ৫। নয়কারী। ৬। বাণ। ৭। রাক্ষস সেনা। ৮। ভৈষজ্য—বৈদ্য।

অনুবাদ।

ক্ষীর সিন্ধু বেদ তায় বিচার [১]মন্দর।
নির্মথনকারী সমুদয় মুনিবর॥
মথন করিয়া তাহে করিলা উদ্ধৃত।
কহেন রুক্মিণীপতি সৎসঙ্গ অমৃত॥৬॥
সন্দেহ বাসনা শোক হর্ষ তম ভয়।
সাধুর সযুক্তি সবে করে হেন লয়॥
নিশাচর সেনা যেন শ্রীরামের বাণ।
দলন করিতে পটু অতি বেগবান॥৭॥
নিজ কর্ম্মবশে জন্ম যত্র কুত্র হয়।
কভু যোনি ভ্রমি দুঃখ সহি অতিশয়॥
তোমার ভকতি তত্র সাধু-সমাগম[২]।
হউক সতত মোর [৩]বিশ্রাম পরম॥৮॥
[৪]ভবজ [৫]ত্রৈব্যাধি, বৈদ্য [৬]ভেষজ তাহার।
[৭]অদ্বৈতদরশী ভক্ত ভকতি তোমার॥
সাধু ভগবান কিছু নাহিক [৮]অন্তর।
মন্দমতি তুলসী কি কহিবে অপর॥৯॥

১। মন্দর পর্ব্বত। ২। সাধুর সমাগম—মিলন। ৩। আরাম। ৪। সংসার জনিত। ৫। আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক পীড়া। ৬। ঔষধ। ৭। চরাচরে একমাত্র ভগবানকে দর্শন করে যে। ৮। প্রভেদ।

মূল।

দেহি অবলম্ব করকমল কমলারমণ
[1]দমন-দুখ শমন সন্তাপভারী। অজ্ঞান-
[2]রাকেশ গ্রাসন বিধুন্তুদ গর্ব্ব কাম [3]করি-
মত্তহরি দূষণারী ॥১॥
বপুষ [4]ব্রহ্মাণ্ডসু প্রবৃত্তি লঙ্কাদুর্গ
রচিত মন দনুজময়রূপধারী। বিবিধ
কোশৌঘ[5] অতি রুচির মন্দির নিকর
সত্বগুণ প্রমুখ [6]ত্রৈকটক কারী ॥২॥
[7]কুনপ অভিমান সাগর ভয়ঙ্কর ঘোর
বিপুল [8]অবগাহ দুস্তর অপারম্। নক্র
রাগাদি সঙ্কুল মনোরথ সকল
সঙ্গ [9]সঙ্কল্পবীচী বিকারম ॥৩॥
মোহ [10]দশ-মৌলি তদভ্রাত অহঙ্কার
[11]পাকারিজিত কাম বিশ্রামহারী।
লোভ অতিকায় [12]মৎসর মহোদর
দুষ্ট ক্রোধ পাপিষ্ঠ [13]বিবুধান্তকারী ॥৪॥

১। দুঃখ নাশকারী। ২। অজ্ঞানরূপ পূর্ণচন্দ্র। ৩। করী।
৪। শরীররূপ ব্রহ্মাণ্ডে। ৫। কোশ+ওঘ—সমূহ—কোশচয়।
৬। সেনাপতিত্রয়। ৭। কুনপ—শরীর। ৮। অথাহ, গভীর।
৯। বিষয়াসক্তি। ১০। দশশির। ১১। ইন্দ্রজিত। ১২।
মেঘ। ১৩। দেবান্তক।

অনুবাদ ।

[১]করকঞ্জাশ্রয় দেহ, কমলা রমণ ।
দুঃখনাশকারী অতি সন্তাপশমন ॥
গ্রাসিতে অজ্ঞানবিধু ! [২]বিধুন্তুদ ভারি ।
কামমদ করীনাশে [৩]হরি দূষণারি ॥১॥
ব্রহ্মাণ্ডে শরীর রূপ প্রবৃত্তিনিচয় ।
লঙ্কা দুর্গ রূপ, রচিয়াছে [৪]মন-ময় ॥
রুচির মন্দির তাহে নানা [৫]কোশচয় ।
সত্বাদি ত্রিগুণ হয় সেনাপতিত্রয় ॥২॥
শরীরাভিমান ঘোর বিপুল সাগর ।
গভীর ভীষণ অতি অপার দুস্তর ॥
রাগাদি সঙ্কুল মনোরথ সমুদায় ।
বিষয়াসকতি [৬]নক্র বীচিমালা তায় ॥৩॥
মোহ দশশির গর্ব [৭]ভ্রাতা তার বাম ।
বিশ্রামনাশক তাহে ইন্দ্রজিত কাম ॥
লোভ অতিকায় দ্বেষ দুষ্ট সহোদর ।
ক্রোধ তায় পাপী দেবান্তক নিশাচর ॥৪॥

১। করপদ্মরূপ আশ্রয়। ২। রাহু। ৩। সিংহ। ৪। মনরূপ ময়দানব। ৫। পঞ্চকোশ যথা :—অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময়। ৬। কুমীর। ৭. কুম্ভকর্ণ।

মূল।

ঘোষ দুর্মুখ দম্ভ খর অকম্পান কপট
দর্প [১]মনুজাদ মদ শূলপাণী। অমিত
বল পরম দুর্জ্জয় নিশাচর নিকর সহিত
ষড় বর্গ [২]গো [৩]যাতুধানী ॥৫॥
জীব [৪]ভবদঙ্ঘ্রি সেবক বিভীষণ বসত
মধ্য [৫]দুষ্টাটবী গ্রসিত চিঁতা। নিয়ম
যম সকল সুরলোক লোকেশ
লঙ্কেশ বশ নাথ অত্যন্ত ভীঁতা ॥৬॥
জ্ঞান [৬]অবধেশ [৭]গৃহগেহিনী ভক্তি শুভ
তত্র অবতার ভূভারহরতা। ভক্ত সঙ্কট
অবলোকি পিতুবাক্যকৃত গমন কিয়
গহন বৈদেহিভরতা ॥৭॥
কৈবল্য সাধন অখিল ভালু মর্কট বিপুল
জ্ঞান সুগ্রীব কৃত জলধিসেতু। প্রবল
বৈরাগ্য দারুণ প্রভঞ্জনতনয় বিষয়
বনভবনমিব [৮]ধূমকেতু ॥৮॥
দুষ্ট দনুজেশ নির্ব্বংশকৃত দাসহিত
বিশ্ব দুখহরণ বোধৈকরাশী। অনুজ
নিজ জানকী সহিত হরি সর্বদা দাস–
তুলসী হৃদয় কমলবাসী ॥৯॥

১। নামক রাক্ষস। ২। ইন্দ্রিয়। ৩। নিশাচরী। ৪। অঙ্ঘ্রি–পদ। ৫। অটবী—বন। ৬। অবধের অযোধ্যার, ঈশ—রাজা, দশরথ। ৭। গৃহস্বামিনী—কৌশল্যা। ৮। অগ্নি।

অনুবাদ।

দুরমুখ দ্বেষ খর দম্ভ অতিশয়।
অকম্পন ছল [১]শূলপাণি মদ হয় ॥
মোহাদি রাক্ষস ছয় পরম দুর্জয়।
সহিত ইন্দ্ররূপী নিশাচরী রয় ॥৫॥
বিভীষণ রূপ জীব তব পদমূল।
[২]দুষ্ট-বন-মধ্যে বসি সেবে চিন্তাকুল ॥
সুরলোক নিয়ম, সংযম লোকপতি।
[৩]মোহ-লঙ্কেশের বশে নাথ! ভীত অতি ॥৬॥
ভকতি কৌশল্যা, জ্ঞান দশরথ আর।
জনমি তথায় হর মোহাদি ভূভার ॥
জ্ঞান [৪]পিতৃবাক্য [৫]ভক্ত-কষ্ট দরশনে।
বৈদেহিভরতা কর গমন [৬]গহনে ॥৭॥
সহ ঋক্ষকপি সব [৭]কৈবল্য-সাধন।
করুক [৮]সুগ্রীব-জ্ঞান সেতুর বন্ধন ॥
প্রবল বৈরাগ্যরূপ পবননন্দন।
দহুক [৯]বিষয়কোশকাননভবন ॥৮॥
দুষ্ট দনুজেশে করি সকুলে নিধন।
বোধরাশি বিশ্বদুখ করহ হরণ ॥
অনুজ জানকী সহ শ্রীরাম সদলে।
সদা বস তুলসীর হৃদয় কমলে ॥৯॥

১। নামক রাক্ষস। ২। দুষ্ট রাক্ষসগণরূপ বন মধ্যে। ৩। মোহরূপ রাবণের। ৪। জ্ঞানরূপ পিতা দশরথের বাক্যে। ৫।

মূল।

দীন উদ্ধরন রঘুবর্জ করুণা ভবন
শমন সন্তাপ [১]পাপৌঘহারী। বিমল
[২]বিজ্ঞান-বিগ্রহ অনুগ্রহরূপ ভূপবর
[৩]বিবুধনর্মদ খরারী ॥১॥
সংসার [৪]কান্তার অতি ঘোর গম্ভীর ঘন-
গহন তরু [৫]কর্ম্মসঙ্কুল মুরারী। বাসনাবল্লি
[৬]খরকণ্টকাকুল বিপুল নিবিড় [৭]বিটপাটবী
কঠিন ভারী ॥২॥
বিবিধ চিত্তবৃত্তি খগনিকর [৮]সেনোলুক
কাকবকগৃদ্ধ ভড়ামিষ অহারী। অখিল
খল নিপুনচ্ছল [৯]ছিদ্র-নিরখত সদা জীব-
জন পথিকমন খেদকারী ॥৩॥
ক্রোধকরিমত্তমৃগরাজ [১০]কন্দর্পমদদর্পবৃক
ভালু অতি উগ্রকরমা। মহিব মৎসর ক্রুর
লোভ শূকররূপা [১১]ফেরুচ্ছল দম্ভ মার্জার-
ধরমা ॥৪॥

জীবরূপ ভক্তের কষ্ট। ৬। হৃদয়রূপ বনে। ৭। মুক্তির সাধনা। ৮। জ্ঞানরূপ সুগ্রীব। ৯। বিনয়রূপ অশোক কানন ও পঞ্চকোশরূপ লঙ্কার ভবন সকল।

১। পাপ+ওঘ=পাপসমূহ, হারী—হরণকারী। ২ রূপ, মূর্ত্তি। ৩। বিবুধগণের—সুরগণের, নর্মদ—সুখদ। ৪। কানন। ৫। কর্ম্মরূপ তরুতে পূর্ণ। ৬। তীক্ষ্ণ কণ্টকাকীর্ণ। ৭। বৃক্ষেরবন। ৮। সেন—বাজ পক্ষী+উলুক। ৯। ছিদ্রান্বেষী। ১০। কাম। ১১। শৃগাল।

অনুবাদ।

[১]রঘুবর্য্য কৃপালয় দীনোদ্ধারকারী।
সন্তাপশমনকারী পাপরাশিহারী॥
বিমল বিজ্ঞানরূপ কৃপার মূরতি।
খরারি ভূপেশ [২]সুরসুখদাতা অতি॥১॥
গম্ভীর গহন ঘোর সংসার কানন।
মুরারী! করমরূপ তরুতে [৩]পূরণ॥
তাহাতে [৪]বাসনাবল্লী [৫]কণ্টকাকীরণ॥
বিপুল নিবিড় অতি কঠিন কানন॥২॥
চিত্তবৃত্তি নানা কাক বক গৃধ্রচয়।
[৬]উলূক আমিষভোজী বাজপক্ষী হয়॥
ছিদ্রান্বেষী ছলপটু বহু খলগণ।
সদা [৭]খিন্নকরে [৮]জীব-পথিকের মন॥৩॥
কাম [৯]মৃগরাজ ক্রোধ মত্ত [১০]করী হয়।
মদ দর্প [১১]বৃক [১২]ঋক্ষ উগ্র অতিশয়॥
মৎসর মহিষ লোভ শূকর আকার।
শঠতা শৃগাল দম্ভ দাম্ভিক [১৩]মর্জ্জার॥৪॥

১। রঘুকুল শ্রেষ্ঠ। ২। সুরগণের সুখদাতা। ৩। পূর্ণ। ৪। বাসনারূপ বল্লী-লতা। ৫। কণ্টকে আকীর্ণ—পূর্ণ। ৬। পেচক। ৭। দুঃখিত। ৮। জীবরূপ পথিকের। ৯। সিংহ। ১০। হস্তি। ১১। নেকড়িয়া বাঘ। ১২। ভালুক। ১৩। বিড়াল।

মূল।

কপট [১]মর্কট বিকট ব্যাঘ্র-[২]পাপমুখ
দুখদ [৩]মৃগব্রাত উৎপাতকরতা। হৃদয়
অবলোকি য়হ শোক শরণাগতং
পাহি মা পাহি ভো বিশ্বভরতা ॥৫॥
প্রবল অহঙ্কার [৪]দুরঘট [৫]মহীধর মহামোহ
গিরিগুহা নিবিড়ান্ধকারম। চিত্তবেতাল
মনুজাদ মন প্রেতগণ রোগ [৬]ভোগৌঘ
বৃশ্চিক বিকারম ॥৬॥
বিষয়সুখ লালসা দংশ মশকাদি
খল ভিল্লি রূপাদি সব সর্প স্বামী।
তত্র আক্ষিপ্ত তব বিষয়মায়া নাথ অন্ধ
মৈঁ মন্দ ব্যালাদগামী ॥৭॥
[৭]ঘোর অবগাহি [৮]ভবআপগা পাপজল
[১০]পূর দুষ্প্রেক্ষ্য দুস্তর অপারা। মকর
[১১]ষড়বর্গ গোনক্র চক্রাকুলাকূল শুভ
অশুভদুখ তীব্র ধারা ॥৮॥
সকল [১২]সঙ্কট [১৩]পোচ শোচবশ সর্বদা
দাস তুলসী বিষম [১৪]গহন গ্রস্তম। [১৫]ত্রাহি
রঘুবংশভূষণ কৃপাকর কঠিন কাল
বিকরাল [১৬]কলিত্রাস-ত্রস্তম ॥৯॥

১। কপি। ২। পাপরূপ ব্যাঘ্রের মুখ। ৩। মৃগসমূহ। ৪। অলঙ্ঘ্য। ৫। অচল। ৬। ভোগ+ওঘ—সমূহ। ৭। ভয়ঙ্কর। ৮। গভীর। ৯। ভবনদী। ১০। পূর্ণ। ১১। কামাদি ষড়রিপু। ১২। একত্র হইয়া। ১৩। নীচমতি। ১৪। ক্লেশ। ১৫। রক্ষ। ১৬। কলির ত্রাসে—ভয়ে, ত্রস্ত—ভীত।

অনুবাদ।

ছল কপি পাপ-ব্যাঘ্র-মুখ ভয়ানক।
সাধুমৃগে দুঃখদাতা উৎপাত কারক ॥
হৃদয়ে বিলোকি এই শোক ভয়ানক।
লইনু শরণ [১]পাহি বিশ্বের পালক ॥৫॥
অলঙ্ঘ্য অচল পরবল অহঙ্কার।
মহামোহ গিরিগুহা নিবিড়ান্ধকার।
মম [২]মনুজাদ চিত্ত বেতাল যেমন।
রোগ ভোগ বিকার বৃশ্চিক প্রেতগণ ॥৬॥
[৩]দংশ মশকাদি [৪]ভিল্ল আর সর্পগণ।
লালসা বিষয়সুখে তাহাতে যেমন ॥
তথায় আমিহ তব বিষম মায়ায়।
[৫]আক্ষিপ্ত [৬]ব্যালাদগামি! মন্দ অন্ধ হায় ॥৭॥
পাপজলপূর্ণ ভবনদী ভয়ঙ্কর।
গভীর অপার অতি [৭]দুষ্প্রেক্ষ্য [৮]দুস্তর ॥
ষড়্‌রিপু মকর [৯]গোনক্র [১০]চক্রাকুল।
দুখ তীব্রধারা শুভাশুভ দুইকুল ॥৮॥
একত্র হইয়া এই নীচ মতি।
রক্ষ রঘুকুলমণি করুণা করিয়া।
কঠিন করাল [১১]কলিভয়ে ভীত হিয়া ॥৯॥

১। রক্ষা করুন। ২। রাক্ষস। ৩। ডাঁশ। ৪। ভীল। ৫। আকৃষ্ট। ৬। ব্যালাদ—গরুড়, তাহাতে গমনকারী। ৭। দুঃখে প্রেক্ষ্য—দর্শনীয়। ৮। দুঃখে তরণীয়। ৯। গো—ইন্দ্রিয়

মূল।

[১]নৌমি নারায়ণং নরং করুণায়নং
জ্ঞানমূলম। অখিল সংসার উপকার-
[২]কারণং সদয় হৃদয় তপনিরত প্রণতানু-
[৩]কূলম ॥১॥
শ্যাম নব [৪]তামরসদামদ্যুতি বপুষচ্ছবি
কোটি [৫]মদনার্ক অগণিত প্রকাশম।
তরুণ রমণীয় [৬]রাজীবলোচন ললিত
বদন রাকেশ-[৭]করনিকরহাসম ॥২॥
সকল [৮]সৌন্দর্য্যনিধি বিপুল গুণধাম
বিধি বেদবুধশম্ভুসেবিত অমানম।
অরুণ পদকঞ্জ[৯] [১০]মকরন্দ মন্দাকিনী [১১]মধুপ
মুনিবৃন্দ কুর্বন্তি পানম ॥৩॥
[১২]শক্রপ্রেরিত ঘোর মদনমদভঙ্গকৃত
[১৩]ক্রোধগত বোধরত ব্রহ্মচারী। মার্কণ্ডেয়
[১৪]মুনিবর্য্যহিত কৌতুকী বিনহিঁ কল্পান্ত প্রভু
প্রলয়কারী ॥৪॥

রূপ নক্র—কুমীর। ১০। চক্র—জলের আবর্ত্ত, তাহাতে আকুল ব্যাপ্ত। ১১। কলিকালের ভয়ে।

১। প্রণমামি। ২। কারণ—কারী। ৩। প্রণতের—দাসের, অনুকুল। ৪। তামরসের—কমলের, দামের—মালার, ন্যায় দ্যুতি—কান্তি। ৫। মদন—কামদেব, অর্ক—ভাস্কর। ৬। রাজীব—কমল। ৭। রাকেশের—পূর্ণচন্দ্রের, করনিকর—কিরণ সমূহ। ৮। সুষমাধার। ৯। কঞ্জ—পদ্ম। ১০। মধু। ১১। অলি। ১২। শক্র—ইন্দ্র। ১৩। ক্রোধহীন। ১৪। মুনিবর।

অনুবাদ।

করযোড়ে প্রণমামি নরনারায়ণ।
বিজ্ঞানের মূল প্রভু করুণা-অয়ন[১] ॥
অখিল সংসারউপকারী অতিশয়।
[২]তপরত [৩]দাসহিত সদয় হৃদয় ॥১॥
নব শ্যামকমলের তনু মনোহর।
শোভে জিনি কোটি কাম অসংখ্য [৪]ভাস্কর ॥
তরুণ কমল যেন সুন্দর লোচন।
[৫]রাকেশবদনে হাস্য কিরণ যেমন ॥২॥
সকল সুষমাধার অতি গুণবান।
[৬]অমানী বিধাতা বেদ শম্ভু সেব্যমান ॥
অরুণ চরণ পদ্মমধু বহমান।
গঙ্গাবারি মুনি [৭]অলিবৃন্দ করে পান ॥৩॥
ইন্দ্রের প্রেরিত [৮]কামমদভঙ্গকারী।
ক্রোধহীন [৯]বোধরত প্রভু ব্রহ্মচারী ॥
মুনিবর মার্কণ্ডের সহিত [১০]বিহারী।
কল্পান্তবিহনে[১১] প্রভু [১২]প্রলয়কারী ॥৪॥

১। স্থান। ২। তপস্যায় রত। ৩। দাসের হিতকারী। ৪। সূর্য্য। ৫। রাকেশ-পূর্ণচন্দ্র সদৃশ বদনে। ৬। অভিমান রহিত। ৭। মুনিরূপ ভ্রমরগণ। ৮। কামদেবের গর্ব ভঙ্গকারী। শুদ্ধ জ্ঞানী। ১০। লীলাকারী। ১১। বিনা। ১২। প্রলয়।

মূল।

পুণ্যবন শৈলসরি বদরিকাশ্রম সদাসীন
পদ্মাসনং একরূপং। সিদ্ধযোগীন্দ্র
[1]বৃন্দারকানন্দপ্রদ [2]ভদ্রদায়কদরশ[3]
অতি অনূপং ॥৫॥
মান মনভঙ্গ চিতভঙ্গ মদ ক্রোধ
লোভাদি পর্বত দুর্গ ভুবনভরতা;
দ্বেষ মৎসর রাগ প্রবল [4]প্রভূহ প্রতি
ভূরি নির্দয় ক্রূর কর্মকরতা ॥৬॥
বিকটতর বক্র ক্ষুরধার প্রমদা তীব্র
[5]দর্প [6]কন্দর্প গর [7]খড়্গধারা। ধীর গম্ভীর
মন পীরকারক তত্র কে [8]বরাকা বয়ং
[9]বিগতসারা ॥৭॥
পরম [10]দুর্ঘট পন্থ খল অসঙ্গত
সাথ নাথ নহিঁ হাথ বর বিরতিযষ্টী।
[11]দরশনারত দাস [12]ত্রসিত মায়াপাশ
[13]ত্রাহি হরিত্রাহি দাস [14]জান [15]কষ্টী ॥৮॥
দাস তুলসী দীন ধর্মসম্বলহীন শ্রমিত
অতি খেদমতি [16]মোহনাশী। দেহি
অবলম্ব ন বিলম্ব [17]অম্ভোজকর চক্রধর
তেজবল [18]শর্মরাশী ॥৯॥

১। বৃন্দারকা—দেবতা। ২। মঙ্গলকারক। ৩। দর্শন। ৪। বিঘ্ন। ৫। বিলোকন। ৬। কাম-বিষ। ৭। অসি-ধার। ৮। ক্ষুদ্র। ৯। সার বল-হীন। ১০। দুর্গম। ১১। দর্শনের জন্য আর্ত্ত—ব্যাকুল। ১২। ভীত। ১৩। রক্ষ। ১৪। জানিয়া। ১৫। আর্ত্ত। ১৬। মোহে নাশ করিয়াছে। ১৭। করকমল। ১৮। শর্ম—সুখ।

অনুবাদ।

পূত শৈল ১সরীযুক্ত বদরীকাননে।
একরূপে সমাসীন সদা পদ্মাসনে॥
সিদ্ধ-যোগী দেবতার আনন্দদায়ক।
অনুপম দরশন মঙ্গল কারক॥৫॥
২মান ৩মনভঙ্গ মদ ৩চিতভঙ্গ সম।
লোভাদি ভুবনভর্ত্তা! অচল দুর্গম॥
রাগ দ্বেষ মৎসর প্রবল বিঘ্ন ৪প্রতি।
ক্রূর কর্ম্মকরী নিরদয় পশু অতি॥৬॥
ক্ষুরধার ৫প্রমদার বক্র বিলোকন।
কামবিষ অসিধার ৬শানিত যেমন॥
পীড়া দেয় ধীরও গম্ভীর মনে অতি।
কোথা লাগে তথায় মোদের ক্ষুদ্রমতি॥৭॥
পরম দুর্গম পথ খল সাথে তাতে।
নাহিক বিরতি-যষ্টীবর৭ নাথ! হাতে॥
৮দরশনাকুল দাস ভীত মায়াপাশে।
জানিয়া ৯আরত অতি রক্ষ হরিদাসে॥৮॥
ধরমসম্বলহীন দীন অতি দাস।
শ্রমিত ১০খেদিত মোহে মতি করে নাশ॥
১১অবলম্ব দেহ কর কমল তোমারী।
ত্বরা তেজবল সুখরাশি চক্রধারী॥৯॥

১। নদী। ২। অভিমান। ৩। পর্বত বিশেষের নাম যাহা বদরীকাশ্রমের পথে মনকে ভঙ্গ করে অর্থাৎ বদরীনাথের দর্শন সম্বন্ধে হতাশ করে। ৪। প্রত্যেক। ৫। স্ত্রীলোকের।

মূল।

সকল [১]সুখকন্দ আনন্দবন [২]পুণ্যকৃত
বিন্দুমাধব দ্বন্দ্ববিপত্তিহারী। যস্যাঙ্ঘ্রি-
[৩]পাথোজ অজ শম্ভু সনকাদি শুক
শেষে মুনিবৃন্দ অলি নিলয়কারী ॥১॥
অমল [৪]মর্কত শ্যাম কাম শতকোটি-
[৫]চ্ছবি পীত পট তড়িতইব জলদনীলম্।
অরুণ [৬]শতপত্র-লোচন বিলোকনি চারু
প্রণতজনসুখদ করুণাদ্র্শীলম্[৭] ॥২॥
কালগজরাজ মৃগরাজ দনুজেশবনদহন-
পাবক মোহনিশি [৮]দিনেশম্। চারিভুজ
চক্র [৯]কৌমদকী [১০]জলদ [১১]দর সরসিজোপরি
যথা রাজহংসম্ ॥৩॥
মুকুট কুণ্ডল তিলক [১২]অলক [১৩]আলিব্রাত
ইব ভ্রুকুটি [১৪]দ্বিজ অধরবর চারু নাসা।
রুচির [১৫]সুকপোল দরগ্রীব [১৬]সুখসীঁব
হরি ইন্দুকরকুন্দমিব মধুরহাসা ॥৪॥

৬। ধারাল। ৭। বিরতি—বৈরাগ্যরূপ শ্রেষ্ঠ যষ্টী—লাঠী। ৮। দর্শনের জন্য ব্যাকুল। ৯। আর্ত্ত—পীড়িত। ১০। দুঃখিত। ১১। আশ্রয়।

১। সুখবর্ষণকারী কন্দ—মেঘ। ২। পূত। ৩। যাঁর অঙ্ঘ্রি—চরণ রূপ পাথোজে—কমলে। ৪। মরকত—মণি বিশেষ—তাহার ন্যায় শ্যামবর্ণ। ৫। ছবি—শোভা। ৬। শত পত্র—কমল-সদৃশ লোচন। ৭। শীল—চরিত্র। ৮। দিনেশ—তপন ৯। গদা বিশেষ। ১০। পদ্ম। ১১। শঙ্খ। ১২। কেশ ১৩। ব্রাত—সমূহ। ১৪। দন্ত। ১৫। কপোল—গণ্ড। ১৬। সীঁব—সীমা।

অনুবাদ।

আনন্দের বন সব সুখদানকারী।
পূত বিন্দুমাধব বিপত্তি [১]দ্বন্দ্বহারী ॥
চরণ কমলে যাঁর [২]অজ শম্ভু [৩]শেষ
সনকাদি [৪]অলি করে [৫]নিলয় বিশেষ ॥১॥
কোটি কাম জিনি শ্যাম তনু শোভা পায়।
[৬]তড়িত [৭]জলদে যেন পীত পট [৮]কায় ॥
[৯]অরুণকমলনেত্রে চারু বিলোকন।
চরিত [১০]করুণাসিক্ত [১১]প্রণতরঞ্জন ॥২॥
[১২]কালকরীনাশে [১৩]হরি [১৪]দনুজেশ-বন।
দহিতে পাবক মোহনিশির [১৫]তপন ॥
চারিভুজে চক্র গদা পদ্ম শঙ্খ হেন।
[১৬]সরসিজোপরি শোভে রাজহংস যেন ॥৩॥
মুকুট কুণ্ডল কিবা কেশ অলি সম।
ভ্রুকুটি অধর দন্ত নাসা মনোরম ॥
সুখসীমা [১৭]শঙ্খগ্রীব চারু গণ্ডদ্বয়।
[১৮]শশীকর কুন্দসম হাস্য মধুময় ॥৪॥

১। রাগ দ্বেষ। ২। ব্রহ্মা। ৩। অনন্ত নাগ। ৪। ভ্রমর। ৫। নিবাস। ৬। বিদ্যুৎ। ৭। মেঘে। ৮। দেহে। ৯। ঈষৎ লাল। ১০। দয়ার্দ্র। ১১। প্রণতের—দাসের—মনোরঞ্জনকারী। ১২। কালরূপ করীকে নাশিতে। ১৩। সিংহ স্বরূপ। ১৪। দনুজের—দৈত্যের—ঈশ—পতি রূপ বন। ১৫। সূর্য্য। ১৬। কর রূপ পদ্মের উপরে। ১৭। শঙ্খের ন্যায় গ্রীব বিশিষ্ট। ১৮। জ্যোৎস্না।

মূল।

[১]উরসি বনমাল সুবিশাল নবমঞ্জরী
[২]ভ্রাজ শ্রীবৎস লাঞ্ছন উদারম্।
পরম ব্রহ্মণ্য অতি ধন্য [৩]গতমন্যু অজ
অমিত বল বিপুল মহিমা অপারম্ ॥৫॥
হার কেয়ূর কর কনক কঙ্কন রতন
জটিত মনি মেখলা কটি প্রদেশম্ ॥৫॥
যুগল পদ নূপুরামুখর [৪]কলহংসবত
শুভগ সর্ব্বাঙ্গ সৌন্দর্য্য বেশম্ ॥৬॥
সকল সৌভাগ্য সংযুক্ত [৫]ত্রৈলোক্যশ্রী
[৬]দচ্ছদিশি রুচির [৭]বারীশকন্যা। বসত
[৮]বিবুধাপগা নিকট তট সদনবর নৈন
নিরখন্তি নরতেহতি ধন্যা ॥৭॥
অখিল মঙ্গল ভবন নিবিড় সংশয়
শমন দমন [৯]বৃজনাটবী কষ্টহরতা।
বিশ্বধৃত বিশ্বহিত অজিত গোতীত
শিব বিশ্বপালন হরণ বিশ্বকরতা ॥৮॥
জ্ঞান বিজ্ঞান বৈরাগ্য ঐশ্বর্য্যনিধি সিদ্ধি
অনিমাদি দে ভূরিদানম্। গ্রসত ভব
ব্যাল অতি ত্রাস তুলসীদাস ত্রাহি শ্রীরাম
উরগারিযানম্ ॥৯॥

১। হৃদয়ে। ২। শোভে। ৩। রোষহীন। ৪। কল
হংসের—রাজহংসের, বত—তুল্য। ৫। ত্রৈলোক্যের—ত্রিভু-

অনুবাদ।

বিশাল হৃদয়ে নব মঞ্জরী সহিত।
বনমালা [১]শ্রীবৎসলাঞ্ছন সুশোভিত ॥
পরম [২]ব্রহ্মণ্য রোষহীন ধন্য অতি।
অপার মহিমা অজ অমিত শকতি ॥৫॥
হৃদে হার হৈম করে কেয়ূর কঙ্কন।
মণিযুত কটিতে মেখলা সুশোভন ॥
নূপুর চরণে যুগ মরাল সমান।
সর্বাঙ্গ সুন্দর সুন্দরতা মূর্ত্তিমান ॥৬॥
সকল সৌভাগ্যযুত ত্রৈলোক্যসুষমা ॥
শোভয়ে দক্ষিণদিকে মনোরমা রমা ॥
বসতি জাহ্নবীতটে সুভবনে বর।
নয়নে নিরখে যেহ ধন্য সেই নর ॥৭॥
অখিল মঙ্গলালয় সংশয় শমন।
কষ্টহারী পাপবন করহ দহন ॥
বিশ্বধারী [৩]বিশ্বহিত অজেয় [৪]গোপার।
বিশ্ব করি পালি পুন করহ সংহার ॥৮॥
বৈরাগ্য বিজ্ঞান জ্ঞান ঐশ্বর্য্য নিধান।
অনিমাদি সিদ্ধি সব কর ভূরি দান ॥
গ্রাস করে [৫]ভবব্যাল ত্রস্ত অতি ত্রাসে।
তার [৬]উরগারিযান তুলসীর দাসে ॥৯॥

বনের, শ্রী—সুষমা। ৬। দক্ষিণদিকে। ৭। রমা। ৮। জাহ্নবী। ৯। ব্রজন—পাপ+অটবী—বন।

১। শ্রীবৎসরূপ লাঞ্ছনা—চিহ্ন। ২। ব্রাহ্মণের আদরকারী। ৩। বিশ্বের হিতকারী। ৪। গো—ইন্দ্রিয়, তাহার পার—অতীত ৫। ভবরূপ সর্প। ৬। উরগারি—গরুড়, যান—বাহন যাঁর।

মূল।

ইহৈ পরম ফল পরম[১] বড়াই। নখশিখ রুচির বিন্দুমাধবছবি নিরখহিঁ নয়ন [২]অঘাই ॥১॥

[৩]বিশদ কিশোর [৪]পীন সুন্দর বপু শ্যাম সুরুচি অধিকাই। [৫]নীলকঞ্জ [৬]বারিদ তমাল মণি ইহু তনুতে দ্যুতি-পাই ॥২॥

মৃদুল চরণ শুভ চিহ্ন [৭]পদজ নখ অতি অদ্ভুত উপমাই। অরুণ নীল [৮]পাথোজ প্রসব জনু মনিযুত [৯]দল সমুদাই ॥৩॥

[১০]জাতরূপ মণিজটিত মনোহরনূপুর জন সুখদাই। জনু হরড়ব হরি বিবিধ রূপ ধরি রহে বর ভবন বনাই ॥৪॥

কটিতট [১১]রটতি চারু কিঙ্কিনিবর অনুপম বরণি ন জাই। হেম জলদ-কলকলিনমধ্য জনু [১২]মধুকর মুখর সোহাই ॥৫॥

উর বিশাল ভৃগু চরণ চারু অতি সূচত কোমলতাই। কঙ্কন চারু বিবিধ ভূষণ বিধি রচি নিজ কর [১৩]মণ্ডুলাই ॥৬॥

১। গৌরব। ২। তৃপ্ত হয়। ৩। নির্ম্মল। ৪। পুষ্ট। ৫। নীলপদ্ম। ৬। ঘন। ৭। অঙ্গুলি। ৮। কমল। ৯। পল্লব। ১০। হৈম। ১১। রব করে। ১২। অলি। ১৩। মন দিয়া।

অনুবাদ।

ইহাই পরম ফল গৌরব পরম।
মাধবের [১]নখশির [২]ছবি মনোরম॥
নয়নে নেহারি যবে জীবের হৃদয়।
হইবে পরমানন্দ পূর্ণ অতিশয়॥১॥
নির্ম্মল কিশোর পুষ্ট শ্যামল সুন্দর।
শোভে অতি বিন্দু মাধবের [৩]বপু বর॥
নীলপদ্ম [৪]ঘন মণি বিটপী তমাল।
এই তনু হতে দ্যুতি লভিয়াছে ভাল॥২॥
শুভ চিহ্ন গণ শোভে চরণে মৃদুল।
অঙ্গুলি নখর অতি অদ্ভুত অতুল॥
প্রসব করেছে নীল [৫]অরুণ কমল।
যেন রম্য মণিযুত পল্লব সকল॥৩॥
মণি বিজড়িত [৬]হৈম নূপুর সুন্দর।
[৭]জনমনসুখদাতা অতি মনোহর॥
[৮]হর ভয়ে [৯]হরি যেন নানারূপ ধরি।
লুকাইয়া রহে বর সুভবন করি॥৪॥
কটিতটে কিঙ্কিনির চারু রব হয়।
কহা নাহি যায় অনুপম অতিশয়॥
হৈম [১০]সরসিজ-কলকলির ভিতর।
রব করে অলি যেন মুখর সুন্দর॥৫॥
বিশাল হৃদয়ে ভৃগুচরণ অঙ্কিত।
শোভে অতি কোমলতা করিয়া সূচিত॥
কঙ্কন সুচারু শোভে বিবিধ ভূষণ।
স্বকরে রচেছে বিধি যেন দিয়া মন॥৬॥

১। আপাদ মস্তক। ২। শোভা। ৩। দেহ। ৪। মেঘ। ৫। ঈষৎ লাল। ৬। স্বর্ণ নির্ম্মিত। ৭। ম্মাস্ব।

মূল।

গজ মণিমালবীচ [১]ভ্রাজত কহি জাত
ন পদিক [২]নিকাই। জনু [৩]উড়ুগণ মণ্ডল
[৪]বারিদপর নবগ্রহরচী [৫]অথাই ॥৭॥
ভুজগভোগ ভুজদণ্ড [৬]কঞ্জ দর চক্র গদা
বন [৭]আই। শোভা [৮]সীব গ্রীব চিবুকাধর
বদন অমিত [৯]চ্ছবি ছাই ॥৮॥
কুলিশ কুন্দ-কুড্মল[১০] দামিনি দ্যুতি দশনন্
দেখ লজাই। নাসা নৈন [১১]কপোল
ললিত শ্রুতি কুণ্ডল ভ্রূমোহি [১২]ভাই ॥৯॥
কুঞ্চিত কচ শির মুকুট ভালপর তিলক
কহোঁ সমুঝাই। অলপ তড়িত যুগরেখ
ইন্দুমহঁ রহি তজি চঞ্চলতাই ॥১০॥
নির্ম্মল পীত [১৩]দুকূল অনুপম উপমা হিয়
ন সমাই। বহু মণিযুক্ত গিরি নীল শিখর-
পর কনক বসন রুচিরাই ॥১১॥
[১৪]দচ্ছভাগ অনুরাগ সহিত ইন্দিরা অধিক
ললিতাই। হেমলতা জনু তরুতমাল
[১৫]ঢিঁগ নীল [১৬]নিচোল [১৭]ওঢ়াই ॥১২॥
শত সারদা শেষ শ্রুতি মিলি করি
শোভা কহিন [১৮]সিরাই। তুলসিদাস মতি
মন্দ দ্বন্দ্বরত কহৈ কৌনবিধি গাই ॥১৩॥

৮। হরের—শিবের ভয়ে। ৯। কামদেব। ১০ সরসিজের—পদ্মের, কল—সুন্দর, কলির—কুঁড়ির।

১। শোভে। ২। সুন্দর। ৩। তারাগণ। ৪। [illegible]পরে। ৫। বসিবার স্থান। ৬। পদ্ম। ৭। শোভিতেছে। ৮। সীমা। ৯। সুষমা। ১০। কুড্মল—কলি। [illegible] গণ্ড, গাল। ১২। ভাল লাগে। ১৩। অম্বর। ১৪। দক্ষিণে। ১৫। পাশ। ১৬। বাস। ১৭। পরিধান করি। ১৮। শেষ [illegible]

অনুবাদ।

সুন্দর [১]পদক [২]গজমণির মালায়।
মাঝে মাঝে শোভে কিবা কহা নাহি যায়॥
[৩]ঘনপরে তারকামণ্ডলের ভিতরে।
নবগ্রহ গৃহকরি যেন বাস করে॥৭॥
[৪]ভুজগের [৫]ভোগ যেন ভুজদণ্ড বর।
তাহে শোভে অতি পদ্ম চক্র [৬]গদাধর॥
শোভা সীমা গ্রীবাদেশ [৭]চিবুক অধর।
অমিত সুষমা ছায় বদন সুন্দর॥৮॥
দেখিয়া দশনদ্যুতি [৯]দামিনী লুকায়।
[১০]কুন্দকলি [১১]কুলিশ অতীব লজ্জা পায়॥
নাসিকা নয়ন সুললিত দুই গাল।
[১২]ভ্রূশ্রুতি কুণ্ডলযুত লাগে মোর ভাল॥৯॥
শিরে [১৩]কচ কুঞ্চিত মুকুট মনোহর।
বুঝি হেন শোভে [১৪]ভালে তিলকসুন্দর॥
তড়িতের যেন দুই রেখা ক্ষুদ্র অতি।
শশীপরে রহে তজি চঞ্চলতা গতি॥১০॥
নিরমল পীতাম্বর অতি অনুপম।
উপমা না আসে তার হিয়ামাঝে মম॥
যেন বহু মণিযুত নীল গিরিপরে।
কনকবসন মনোহর শোভা করে॥১১॥
ইন্দিরা দক্ষিণে শোভে অনুরাগভরে।
অধিক অধিক অতি শোভা তায় করে॥
যেন হেমলতা তরু তমালের পাশ।
শোভিতেছে পরিধান করি নীল [১৫]বাস॥১২॥

১। কণ্ঠ ভূষণ। ২। গজ মুক্তার। ৩। মেঘের উপরে। ৪। সর্পের। ৫। দেহ। ৬। শঙ্খ। ৭। দাড়ি। ৮।

সে শোভা। [১৬]সারদা শেষ শত শ্রুতিগণ।
নারিবে করিতে [১৭]শেষ করি বরণন॥
[১৮]মন্দমত তুলসী অতীব মন্দমন।
কিরূপে গাইয়া তাহা করিব পূরণ॥১৩॥

মূল।

মন ইতনোহীয় তনুকো পরম ফলু।
সব অংগ [১]সুভগ বিন্দুমাধবছবি
তজি সুভাউ অবলোক এক [২]পলু॥১॥
তরুণ অরুণ অম্ভোজ চরণ মৃদু
নখদ্যুতি হৃদয় তিমিরহারী। কুলিশ
কেতু যব জলজ [৩]রেখ বর অঙ্কুশ
মনগজবশকারী॥২॥
কনক জটিত মণি নূপুর মেখল
কটিতট রটতি মধুর বাণী। ত্রিবলী
উদর গঁভীর নাভিসার জহঁ উপজে
বিরঞ্চি জ্ঞানী॥৩॥
উর বনমাল পদিক অতি শোভিত
[৪]বিপ্রচরণ [৫]চিতকঁহ করষৈ। শ্যাম-
[৬]তামরসদামবরণ বপু পীতবসন
শোভা বরষৈ॥৪॥
করকঙ্কন কেয়ূর মনোহর দেতি
মোদ মুদ্রিক [৭]ন্যারী গদা কঞ্জ দর
চারু চক্রধর নাগশুণ্ড সম ভুজ চারী॥৫॥

দাঁতের জ্যোতি। ৯। বিদ্যুৎ। ১০। কুন্দ পুষ্পের কুঁড়ি। ১১। হীরা। ১২। কর্ণ। ১৩। কেশ। ১৪। কপালে। ১৫। বস্ত্র। ১৬। বাণী। ১৭। অনন্ত নাগ। ১৮। মন্দ—রাগ দ্বেষ।

১। শোভন। ২। পল, ক্ষণ। ৩। শ্রেষ্ঠ চিহ্ন। ৪। ভৃগুপদচিহ্ন। ৫। জনমন। ৬। শ্যাম, তামরসের—কমলের, দাম—গুচ্ছ, তাহার বর্ণ—আভা বিশিষ্ট। ৭। মুদ্রা। ৮ অদ্ভুত॥

অনুবাদ।

এই তনু ধারণের ইহাই কেবল।
দেখহ বিচারি মন পরম সুফল॥
বিন্দুমাধবের সর্ব্বাঙ্গ সুশোভন।
হের ত্যজি চঞ্চল স্বভাব এইক্ষণ॥১॥
[1]তরুণ-অরুণাম্বুজপদ মৃদু ভারী।
[2]নখদ্যুতি হৃদয়তিমির নাশকারী॥
চিহ্নবর যব [3]কেতু [4]কুলিশ [5]জলজে।
অঙ্কুশ সমান বশ করে [6]মনগজে॥২॥
পদে মণি বিজড়িত কনকনূপুর।
কটিতে মেখলা বটে বাণী সুমধুর॥
উদরে [7]ত্রিবলী সুগভীর [8]নাভিসর।
উপজিলা ধাতা যথা অতি জ্ঞানীবর॥৩॥
বক্ষে বনমালা দোলে পদকশোভন।
ভৃগুপদচিহ্ন [9]করযয়ে [10]জনমন॥
শ্যাম-কমলাভ[11] বর বপুর উপরে।
পীতাম্বর শোভা অতি বরষণ করে॥৪॥
কেয়ূর কঙ্কন করে শোভে মনোহর।
দেয় [12]মোদ অতিশয় [13]মুদ্রা স্বতন্তর॥
নাগশুণ্ড সম চারি ভুজ মনোহর।
ধরেন সুচারু চক্র গদা [14]কঞ্জ [15]দর॥৫॥

১। তরুণ—নব, অরুণ—ঈষৎ লাল, অম্বুজের—পদ্মের, সদৃশ পদ—চরণ। ২। নখের জ্যোতি। ৩। ধ্বজা। ৪। বজ্র।

মূল।

[1]কম্বুগ্রীব [2]ছবিসীঁব চিবুক [3]দ্বিজ অধর
অরুণ উন্নতনাসা। নব [4]রাজীবনৈন
[5]শশী-আনন সেবক সুখদ [6]বিশদ হাস্য ॥৬॥
রুচির [7]কপোল [8]শ্রবণ কুণ্ডল শির
মুকুট সুতিলক ভাল [9]ভ্রাজৈ। ললিত
ভ্রুকুটি সুন্দর [10]চিতবনি [11]কচ নিরখি
মধুপ-অবলী[12] লাজৈ ॥৭॥
রূপ শীল গুণ [13]খানি [14]দচ্ছদিশি সিন্ধু-
সুতা রতপদ সেবা। জাকী কৃপাকটাক্ষ
চহত শিব বিধি মুনি [15]মনুজ দনুজ
দেবা ॥৮॥
তুলসীদাস ভবত্রাস মিটৈ তব জব মতি
ত্রোহি স্বরূপ [16]অটকৈ। নাহিঁত দীন মলীন
হীন সুখ কোটি জন্ম ভ্রমি ভ্রমি [17]ভটকৈ ॥৯॥

৫। পদ্ম চিহ্নে। ৬। মনরূপ গজকে। ৭। রেখাত্রয়। ৮। নাভিরূপ সরোবর। ৯। কর্ষণ করে, হরণ করে। ১০। দাসের মন। ১১। নীলপদ্মের আভাযুক্ত। ১২। আনন্দ। ১৩। আংটী। ১৪। পদ্ম। ১৫। শঙ্খ।

১। শঙ্খ। ২। শোভা সীমা। ৩। দশন। ৪। নলিন-নয়ন। ৫। চন্দ্রমুখ। ৬। মনোহর। ৭। গণ্ড। ৮। কর্ণ। ৯। শোভে। ১০। বিলোকন। ১১। কেশ। ১২। অলিগণ। ১৩। আকর। ১৪। দক্ষিণ দিকে। ১৫। নর। ১৬। তোমার সহিত লাগিবে। ১৭। বিপথে গমন করণ।

অনুবাদ।

শোভা সীমা শঙ্খ গ্রীবা ¹চিবুক ²দশন।
অধর অরুণ নাসা উচ্চ সুশোভন॥
নবীন ³নলিননেত্র চন্দ্র মুখবর।
সেবক সুখদ হাস্য অতি মনোহর॥৬॥
করণে কুণ্ডল গণ্ড শোভে মনোহর
মস্তকে মুকুট ⁴ভালে সুতিলক বর।
ললিত ভ্রূকুটি মনোহর বিলোকন।
কেশ হেরি লাজ পায় অতি অলিগণ॥৭॥
অতিশয় রূপ শীল গুণের আকর।
দক্ষিণে ⁵সাগর-সুতা সেবে পদবর॥
সতত যাচয়ে কৃপাকটাক্ষ যাঁহার।
দেব দৈত্য নর মুনি শিব বিধি আর॥৮॥
মিটিবেক তুলসীর ভবভয় তবে।
লাগিবে স্বরূপে এই প্রেমে মতি যবে॥
নতুবা মলিন দীন সুখহীন মন।
করিবে জনম কোটি বিপথে ভ্রমণ॥৯॥

১। দাড়ি। ২। দাঁত। ৩। পদ্মনেত্র। ৪। কপালে।
৫। রমা।

মূল। (রাগ বসন্ত)

বন্দৌ রঘুপতি করুণা নিধান।
জাত [১]ছুটৈ ভব ভেদ জ্ঞান ॥১॥
রঘুবংশকুমুদ সুখপ্রদ নিশেশ।
সেবিত [২]পদ পঙ্কজ [৩]অজ মহেশ ॥২॥
নিজ ভক্ত হৃদয় [৪]পাথোজ ভৃঙ্গ।
লাবণ্য [৫]বপুষ অগণিত অনঙ্গ ॥৩॥
অতি প্রবল মোহতমমারতণ্ড[৬]।
অজ্ঞান [৭]গহন পাবক প্রচণ্ড ॥৪॥
অভিমান সিন্ধু কুম্ভজ উদার।
[৮]সুররঞ্জন [৯]ভঞ্জন-ভূমিভার ॥৫॥
রাগাদি সর্পগণ পন্নগারি।
[১০]কন্দর্পনাগ [১১]মৃগপতি মুরারি ॥৬॥
[১২]ভবজলধিপোত [১৩]চরণারবিন্দ।
জানকীরমণ [১৪]আনন্দকন্দ ॥৭॥
হনুমন্ত প্রেমবাপীমরাল[১৫]।
[১৬]নিঃকাম [১৭]কামধুক-গো, দয়াল ॥৮॥
ত্রৈলোক্য তিলক গুণ গহন রাম।
কহ তুলসীদাস বিশ্রাম ধাম ॥৯॥

১। নাশ হয়। ২। চরণ কমল। ৩। বিধাতা। ৪। পাথোজ—কমল। ৫। বপুষ—বপুর। ৬। মার্ত্তণ্ড। ৭। বন। ৮। সুরসুখদাতা। ৯। ভঞ্জকারী। ১০। কন্দর্প-করী। ১১। মৃগেন্দ্র। ১২। তরী। ১৩। চরণকমল। ১৪। আনন্দ বর্দ্ধন। ১৫। সর। ১৬। নিষ্কামী ১৭। কাম-ধেনু।

অনুবাদ ।

বন্দি রঘুপতি করুণানিধান ।
যাহাতে হইবে নাশ [১]ভবে ভেদ জ্ঞান ॥১॥
রঘুকুলকুমুদের[২] সুখদ [৩]নিশেশ ।
চরণকমল সেবে বিধাতা মহেশ ॥২॥
ভকত হৃদয়কমলের প্রভু ভৃঙ্গ ।
বপুর লাবণ্য জিনে অসংখ্য অনঙ্গ ॥৩॥
অতি পরবল [৪]মোহতমের [৫]মার্ত্তণ্ড ।
দহিতে অজ্ঞানবন পাবক প্রচণ্ড ॥৪॥
অভিমান সিন্ধুপানে [৬]কুম্ভজ উদার ।
সুরসুখদাতা ভঙ্গকারী ভূমি ভার ॥৫॥
রাগাদি পন্নগগণ-নাশে[৭] [৮]পন্নগারি ।
নাশিতে [৯]কন্দর্পকারী [১০]মৃগেন্দ্র মুরারি ॥৬॥
[১১]ভবনিধিতারে তরী কমল চরণ ।
[১২]আনন্দ-বরষী [১৩]ঘন জানকীরমণ ॥৭॥
মরাল [১৪]মারুতিপ্রেমসরে রঘুপতি ।
নিষ্কামীর কামধেনু দযাবান অতি ॥৮॥
[১৫]ত্রিলোকতিলক [১৬]গুণগহন শ্রীরাম ।
কহেন তুলসীদাস বিশ্রামের ধাম ॥৯॥

১। চরাচরে। ২। রঘুকুল রূপ কুমুদের—সুঁদীর। ৩। নিশা+ঈশ—চন্দ্র। ৪। মোহরূপ তমের অন্ধকারের। ৫। সূর্য্য। ৬। অগস্ত্য। ৭। সর্পগণ নাশিতে। ৮। গরুড়। ৯। কন্দর্প—কাম রূপ করী—হস্তি। ১০। সিংহ। ১১।

মূল। (রাগ ভৈরব)

রাম রাম রটু রাম রাম রটু রাম রাম
জপু জীহা। রামনাম [১]নবনেহ [২]মেহকো
মন [৩]হটি হোহি [৪]পপীহা ॥১॥
সব সাধনফর কূপসরিত সর সাগর-
সলিল নিরাশা। রামনামরতি বাতি
সুধা শুভ [৫]সীকর প্রেম পিয়াসা ॥২॥
গরজি তরজি পাষাণ বরসি [৬]পবি
প্রীতি পরখি জিয় জানৈ অধিক
অধিক অনুরাগ উমঁগ উর পর পর-
মিতি পহিচানৈ ॥৩॥
রামনাম গতি রামনাম মতি রামনাম
অনুরাগী। হ্বৈ গায় হৈঁ, জে হোহিঁগে
আগে তেই ত্রিভুবন গণিয়ত বড়ভাগী ॥৪॥
[৭]এক-অঙ্গ-মগ অগম গরনকর বিলম্বু
ন [৮]চ্ছিন চ্ছিন চ্ছাহৈঁ। তুলসী হিত
অপনো অপনী দিশি নিরূপধি
[৯]নেম [১০]নিবাহৈঁ ॥৫॥

ভবসাগর পার করিতে। ১২। আনন্দ বর্ষণকারী। ১৩। মেঘ। ১৪। মারুতির—হনুমানের প্রেমরূপ সরোবরে। ১৫। ত্রিলোকের ভূষণ।

১। স্নেহ, প্রেম। ২। মেঘের। ৩। পণ করি। ৪। চাতক। ৫। বিন্দু। ৬। বজ্র। ৭। একাঙ্গ—মগ—অর্থাৎ এক রামে অনন্য মতি হইয়া উপাসনা করার পথ। ৮। ক্ষণে ক্ষণে ৯। নিয়ম। ১০। পালনে।

অনুবাদ।

রট রাম রাম　　　　রট রাম রাম
জপ রাম রাম জিহ্বা মোর।
[১]নামপ্রেম [২]নবঘন,　　চাতক হওনা মন
তজি কাম পণ করি ঘোর ॥১॥
সব সাধনার ফল　　কূপ-[৩]সর-[৪]সরী-জল
সিন্ধু সলিলের তজি আশা।
রাম নামে রাত মন, [৫]স্বাতিসুধা [৬]বিন্দুগণ
বাড়াইয়া প্রেমের পিপাসা ॥২॥
গরজন তরজন,　　[৭]পবিশিলা বরষণ
করি প্রীতি পরীক্ষা করিবে।
তাহাতেও ক্ষণে ক্ষণে, উথলিলে প্রীতিমনে
প্রীতি অতি জানিতে পারিবে ॥৩॥
রামনাম [৮]একগতি,　　সদা রামনামে মতি
রামনামে অনুরাগী যেহ।
হইয়াছে চরাচরে,　　আছে, হইবেক পরে
ত্রিভুবনে ভাগ্যবান সেহ ॥৪॥
সাধন অনন্যমতি,　　[৯]মারগ [১০]অগম অতি
বিলম্ব না কর ক্ষণে ক্ষণে।
তুলসি! আপন হিত,　সাধিত হইবে নিত
[১১]নিরুপাধি নিয়ম পালন ॥৫॥

১। রামনামে প্রেম। ২। নূতন মেঘ। ৩। সরোবর।
৪। নদী। ৫। স্বাতি-নক্ষত্রে মেঘের সুধাসম জলকণা। ৬।

মূল।

রাম জপু রাম জপু রাম জপু [১]বাবরে
ঘোর [২]ভবনীরনিধি নাম নিজ [৩]নাবরে ॥১॥
একহী সাধন সব রিদ্ধি সিদ্ধি সাধিরে।
গ্রাসে কলিরোগ যোগ সংযম সমাধিরে ॥২॥
ভলো জোহৈ [৪]পোচ জোহৈ [৫]দাহিনো
জো [৬]রামরে। রামনামহীসোঁ অন্ত
সবহীকো কামরে ॥৩॥
জগ [৭]নভবাটিকা রহী হৈ ফলফুলিরে।
ধুবাঁ কেসে [৮]ধৌরহর দেখি তু ন
ভুলিরে ॥৪॥
রামনাম ছাঁড়ি জো ভরো সো করৈ
ঔররে। তুলসী [৯]পরোসো ত্যাগি
মাঁগৈ [১০]কূর [১১]কৌররে ॥৫॥

গণনা কর। ৭। বজ্র। ৮। একমাত্র আশ্রয়। ৯। মার্গ, পথ। ১০। দুর্গম। ১১। নিঃস্বার্থ, অকপট।

১। অরে বাতুল। ২। ভবরূপ নীরনিধি—সাগর। ৩। তরী। ৪। মন্দ। ৫। সরল। ৬। কুটিল। ৭। আকাশে স্থিত বাগিচা। ৮। মহল, সৌধ। ৯। পরিবেষিত অন্ন। ১০। মূঢ়। ১১। মুখ পূর্ণ, মুষ্টি।

অনুবাদ।

জপরে [১]বাতুল জপ রাম রাম রাম।
ঘোর [২]ভবনিধি, নিজ [৩]তরী রামনাম ॥১॥
একই সাধনে সব ঋদ্ধি সিদ্ধি [৪]সাধি।
কলি গ্রাসিয়াছে যোগ সংযম সমাধি ॥২॥
ভাল যেবা মন্দ যেবা কুটিল সরল
সকলেরি অন্তে রামনামে হয় ফল ॥৩॥
বিশ্ব যেন [৫]ফলফুল-বাগিচা গগনে।
[৬]ধুম হেরি সৌধ বলি না গণিও মনে ॥৪॥
রামনাম ছাড়ি আন আশা করে যেহ।
তজি [৭]পরচুর মূঢ় মুষ্টি মাগে সেহ ॥৫॥

১। পাগল মন। ২। ভবসাগর। ৩। আপনার নৌকা যখনি ইচ্ছা ভবসাগর পার হইবার জন্য ব্যবহার করিতে পারিবে। ৪। সাধন করি, লাভ করি। ৫। ফলফুল সমন্বিত বাগান আকাশে থাকা যেমন অলীক সেইরূপ এই বিশ্ব অলীক। ৬। উত্থিত ধুম যেমন সৌধের অর্থাৎ অট্টালিকা আকার ধারণ করায় অট্টালিকা বলিয়া ভ্রম হয় মাত্র কিন্তু উহা মিথ্যা সেইরূপ এই বিশ্ব মিথ্যা। ৭। প্রচুর অন্ন।

মূল।

রামনাম জপু [১]জিয় সদা সানুরাগ রে।
কলিন বিরাগ যোগ যাগ তপ ত্যাগ রে ॥১॥
[২]রাম-সুমিরণ সব বিধিহীকো রাজ রে।
রামকো [৩]বিসারিবো [৪]নিষেধশিরতাজ রে ॥২॥
রামনাম মহামণি ফণি [৫]জগজাল রে।
মণি লিয়ে ফণি জিয়ৈ ব্যাকুল [৬]বিহাল
রে ॥৩॥
রামনাম কামতরু দেত ফল চারি রে।
কহত পুরাণ বেদ পণ্ডিত [৭]পুরারি রে ॥৪॥
রামনামপ্রেম [৮]পরমারথকো সার রে।
রামনাম তুলসীকো জীবন আধার রে ॥৫॥

১। মন। ২। রামের স্মরণ। ৩। রামকে বিস্মরণ। ৪। নিষেধের শিরোমণি। ৫। ভবজাল। ৬। দুঃখে মৃতবৎ। ৭। ত্রিপুরারি। ৮। ধর্ম্মের।

অনুবাদ।

সদা [১]সানুরাগে মন রামনাম [২]জপ।
কলিতে [৩]বিরাগ যোগ নাহি [৪]ত্যাগ তপ ॥১॥
সকল বিধির [৫]রাজা রামের স্মরণ।
নিষেধের [৬]শিরোমণি রামকে ভুলন ॥২॥
[৭]ভবজাল [৮]ফণী রামনাম মহামণী।
মণিকে লইলে দুঃখে [৯]মরিবেক ফণী ॥৩॥
রামনাম কামতরু দেয় ফল [১০]চারি।
কহয়ে পুরাণ বেদ [১১]বুধ [১২]ত্রিপুরারি ॥৪॥
রামনামে প্রেম অতি ধরমের সার।
রামনাম তুলসীর জীবন আধার ॥৫॥

১। অনুরাগের সহিত। জপ কর। ৩। বৈরাগ্য। ৪। দান। ৫। অর্থাৎ রামকে স্মরণ করা সর্বশ্রেষ্ঠ বিধি। ৬। অর্থাৎ রামকে স্মরণ না করা, ভুলিয়া থাকা সর্বশ্রেষ্ঠ নিষেধ। ৭। সংসারের মায়াজালে। ৮। সর্প। ৯। অর্থাৎ রামের নাম লইলে ভব পাশ ছিন্ন হইবে। ১০। ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ। ১১। পণ্ডিত। ১২। মহাদেব।

মূল।

রাম রাম রাম [১]জীহ [২]জৌলোঁ তূন জপিহৈ
[৩]তৌলোঁ তু [৪]কহূঁহী জাই [৫]তিহুঁ তাপ
তপিহৈ ॥১॥
[৬]সুরসরিতীর বিনুনীর দুখ পাইহৈ।
[৭]সুরতরুতরে তোহি দারিদ [৮]সতাইহৈ ॥২॥
[৯]জাগত [১০]বাগত সপনে নহি সুখ সোই
হৈ। জনম জনম যুগ যুগ জগ রোইহৈ ॥৩॥
[১১]ছুটিবেকো যতন বিশেষ বাঁধো জায়গো।
হ্বৈহৈ বিষ ভোজন জো সুধা সানি
খায় গো ॥৪॥
তুলসী তিলোক তিহুঁ কাল [১২]তোসে
দীনকো। রামনামহীকী গতি জৈসে
জল মীনকো ॥৫॥

১। জিহ্বা। ২। যদবধি। ৩। তদবধি। ৪। স্বর্গাদি কোথাও। ৫। ত্রিতাপ। ৬। গঙ্গাতীরে। ৭। কল্পতরু-তলে। ৮। দহিবে, পীড়া দিবে। ৯। জাগরণে। ১০। ভ্রমণে। ১১। ছাড়াইতে। ১২। তোমার মত।

অনুবাদ।

জিহ্বা তুমি রাম রাম রাম না জপিলে।
[১]ত্রিতাপে তাপিত হবে কোথাও যাইলে ॥১॥
গঙ্গাতীরে নীর বিনা যাতনা পাইবে।
কল্পতরুতলে তোকে দারিদ্র্য দহিবে ॥২॥
স্বপনেও জাগরণে সুখ না লভিবে।
যুগে যুগে জন্ম জন্ম জগতে কান্দিবে ॥৩॥
[২]ছাড়াইতে যত্ন করি অতি বাঁধা যাবে।
খাদ্য হবে বিষ যদি সুধা পানি খাবে ॥৪॥
[৩]ত্রিলোকে [৪]ত্রিকালে তুলসীর মত দীন।
নামের আশ্রিত, যেন সলিলের মীন ॥৫॥

১। আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক পীড়ায়।
২। ভবজাল হইতে মুক্ত করিতে। ৩। স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে।
৪। ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমানে।

মূল।

সুমির [১]সনেহসোঁ তু নাম রামরায়কো।
[২]সম্বর [৩]নিসম্বরকো সখা অসহায়কো ॥১॥
[৪]ভাগহৈ [৫]অভাগেহকো গুণ গুণহীনকো।
[৬]গাহক গরীবকো দয়াল দান দীনকো ॥২॥
কুল অকুলীনকো শুন্যোহৈ বেদ [৭]সাখিহৈ।
[৮]পাঁগুরকো হাথ পাঁয় [৯]আঁধরেকো আঁখি
হৈ ॥৩॥
মায় বাপ [১০]ভূখেকো অধার নিরাধারকো
সেতু ভবসাগরকো [১১]হেতু সুখসারকো ॥৪॥
পতিতপাবন রামনাম [১২]সো ন দূসরো।
সুমিরি সুভূমি ভয়ো তুলসী সো উষরো ॥৫॥

১। সনেহ সহিত। ২। সম্বল। ৩। নিঃসম্বলের—দীনের। ৪। ভাগ্য। ৫। অভাগ্যের। ৬। অনুগ্রহকারী। ৭। সাক্ষী। ৮। পঙ্গুর। ৯। অন্ধের। ১০। ক্ষুধিতের। ১১। কারণ অর্থাৎ দাতা। ১২। সো—সম, তুল্য।

অনুবাদ।

[১]সনেহ সহিত মন রাজারামে স্মর।
দীনের সম্বল অসহায়-[২]সখাবর ॥১॥
অভাগ্যের ভাগ্যদাতা নির্গুণের গুণ।
[৩]গরীবানুগ্রহকারী [৪]দীনদানী পুন ॥২॥
[৫]অকুলের কুলদাতা করি শরবণ।
পঙ্গুর চরণ কর অন্ধের নয়ন ॥৩॥
ক্ষুধিতের মাতা পিতা [৬]নিরাধারাধার।
ভবসাগরের সেতু দেন [৭]সুখসার ॥৪॥
পাপীত্রাতা নাহি রামনাম [৮]বরাবর।
হইল সুভূমি স্মরি তুলসী [৯]উষর ॥৫॥

১। স্নেহ, প্রেম। ২। অসহায়ের, বর—শ্রেষ্ঠ, সখা। ৩। গরীবের প্রতি অনুগ্রহকারী অর্থাৎ যাহার যজ্ঞাদি করিবার অর্থ নাই সেও এই রামনাম জপ করিয়া যজ্ঞাদির ফল প্রাপ্ত হয়। ৪। দীনের সম্বন্ধে অত্যন্ত দাতা। ৫। যাহার কুল নাই—যেমন বাল্মীকি ব্যাধ হইয়াও নাম প্রভাবে ব্রহ্মর্ষি হইয়াছিলেন; ৬। নিরাধারের—আধার হীনের, আধার—আশ্রয়। ৭। সুখের সার—মুক্তি। ৮ সমান। ৯। মরুভূমি।

মূল।

ভলো ভলী ভাঁতে হৈ জো মেরে [১]কহে
[২]লাগিহৈ। মন রামনামসোঁ সুভায়
অনুরাগিহৈঁ ॥১॥
রামনামকো প্রভাউ জানি [৩]জূড়ী আগিহৈ।
সহিত সহাই কলিকাল ভীরু ভাগিহৈ ॥২॥
রামনামসোঁ বিরাগ যোগ জপ জাগিহৈ।
রামবিধি ভালহূ ন কর্ম্মদাগ দাগিহৈ ॥৩॥
রামনামমোদক সনেহসুধা পাগিহৈ।
পাই পরিতোষ তূ ন দ্বার দ্বার [৪]বাগিহৈ ॥৪॥
রামনাম-কামতরু জোই জোই মাঁগিহৈ।
তুলসীদাস স্বারথ পরমারথো
ন [৫]খাঁগিহৈ ॥৫॥

১। কথায়। ২। চলিবে। ৩। শীতে—জাড়ে।
৪। ঘুরিবে। ৫। অভাব হইবে।

অনুবাদ।

চলিলে কথায় মোর শুভ ফল পাবে।
রামনামে রত মন হইবে স্বভাবে ॥১॥
শীতে বহ্নি যেন নামপ্রভাব জানিবে।
[১]সহায় সহিত ভীরু [২]কলি পলাইবে ॥২॥
রামনামে যোগ জপ বিরাগ [৩]জাগিবে।
[৪]বামবিধি[৫] [৬]ভালে নাহি [৭]কর্ম্মদাগ দিবে ॥৩॥
রামনাম-মোদক [৮]পাগিলে প্রেম দিয়া।
পাবে পরিতোষ দ্বারে দ্বারে না ঘুরিয়া ॥৪॥
রামনামকল্পতরুপাশে যে মাগিবে।
স্বারথ পরমারথ তুলসি! পাইবে ॥৫॥

১। কাম ক্রোধ লোভ মোহ আদি সৈন্য। ২। কলিকাল। ৩। মনে উদয় হইবে। ৪। প্রতিকূল। ৫। বিধাতা। ৬। কপালে। ৭। শুভাশুভ কর্ম্মফলের চিহ্ন। ৮। প্রস্তুত করিলে।

মূল।

[1]ঐসেহু [2]সাহবকী [3]সেবাসোঁ হোত
চোররে। আপনী ন বূঝি ন [4]কহৈ
কো [5]রাঁড়ু [6]রোরবে ॥১॥
মুনিমনঅগম সুগম মাই বাপসো।
কৃপাসিন্ধু সহজ সখা সনেহী [7]আপসো ॥২॥
লোক বেদ বিদিত বড়ো ন রঘুনাথসো।
সব দিন সবদেশ সবহিকে সাথ সো ॥৩॥
[8]স্বামী সর্বজ্ঞসোঁ চলৈন চোরী [8]চারকী।
প্রীতি পহিচানি য়হ রীতি দরবারকী ॥৪॥
কায় ন কলেশ লেশ লেত মান [9]মনকী।
সুমিরে সকুচি রুচি [10]জোগবত জনকী ॥৫॥
[11]রীঝে বশ হোত [12]খীঝে দেত নিজ
ধামরে। ফলত সকল ফল কামতরু
নামরে ॥৬॥

১। হেন। ২। প্রভুর। ৩। সেবায়। ৪। কারো কথা। ৫। অকর্ম্মণ্য ৬। প্রস্তর খণ্ড। ৭। স্বভাবতঃ। ৮। দাসের। ৯। মনের (প্রীতি)। ১০। যোগান। ১১। প্রেমে। ১২। রোষে।

অনুবাদ।

হেন [১]প্রভুসেবা ভজি যাও যেন চোর।
কারো কথা নাহি শুন বুদ্ধি নাহি তোর ॥১॥
মা [২]বাপের সুগম অগম-মুনিমন।
কৃপাসিন্ধু [৩]স্নেহী সখা স্বভাবে আপন ॥২॥
কহে লোক বেদ বৃহত্তম রঘুনাথে।
সবদেশে সবদিন সকলের সাথে ॥৩॥
[৪]সর্ব্বজ্ঞ স্বামীর পাশে চুরী নাহি চলে।
[৫]দরবাররীতি, প্রীতি জানি দাস বলে ॥৪॥
[৬]কায়াক্লেশ নাহি, মানি-লন প্রীতি মনে।
সঙ্কোচে যোগান রুচি দাসের [৭]স্মরণে ॥৫॥
প্রেমে বশ হন রোষে দেন নিজধাম।
ফলে সমুদায় ফল, কল্পতরু নাম ॥৬॥

১। প্রভুর সেবা। ২। নিজ মা বাপের অর্থাৎ কৌশল্যা দশরথের। ৩। স্নেহবান। ৪। অন্তর্যামী। ৫। রামের দরবারের এই রীতি যে মনের প্রীতি জানিয়াই দাস বলিয়া গণ্য করেন। ৬। রামের সেবায় কায়ার কোন ক্লেশ নাই কেবল মনের প্রীতি দেখিয়াই সঙ্কোচে দাসের কামনা সফল করেন। ৭। স্মরণ করিলে।

মূল।

ত্রিবিধ তাপ [৬]সন্দেহ শোক [৭]সংশয়
ভয় হারি ॥১॥

---

১ । আরাধনা কর । ২ । সাধন করিলে । ৩ । নাশ করি ।
৪ । কাম । ৫ নির্বাহ করিয়া । ৬ । পাপ ভোগে সন্দেহ ।
৭ । সংসার সত্য বলিয়া সংশয় ।

অনুবাদ।

মহাবীরে আরাধনা করহ এখন।
লভিবে সকল সিদ্ধি করিলে সাধন ॥
করিবেন সমুদয় কামনা পূরণ।
সকলেই জানে ইহা সুরনরগণ ॥১॥
ক্ষণেকো বিলম্ব নাহি করহ এখন।
ত্বরা গুরুউপদেশ করিয়া গ্রহণ ॥
সেই মহা বীজমন্ত্র করহ জপন।
জপেন মহেশ যাহা অন্তরে আপন ॥২॥
প্রেমরূপ বারিতে করহ তরপণ।
সহজ সনেহরূপ [১]হবিতে [২]হবন ॥
সংশয় [৩]সমিধ দিয়া জ্বালি [৪]ক্ষমানল।
বলিদান কর নিজ মমতা সকল ॥৩॥
অঘনাশ করি করিবেন বশ মন।
করিবেন কাম মদ সব বিনাশন ॥
আত্মজ্ঞান রূপ সুখ করি আকর্ষণ।
সন্তোষসম্পদ করিবেন আনয়ন ॥৪॥
এইরূপে যেই জন করিবে ভজন।
রঘুপতি সহ তার হইবে মিলন ॥
ধরিল তুলসীদাস এবে সেই পথ।
[৫]নিরবহি করি লহ প্রভো রঘুনাথ ॥৫॥

বিনয় পত্রিকা (১০৯)

অনুবাদ।

করুণা না কর হরে! কেন দুখহারি!।
নাশিতে দেবের দুখ হইল মুরারি ॥
পাপভোগে সন্দেহ [৬]ত্রিবিধ তাপহারী।
[৭]সংসারে সংশয় [৮]ভয় শোক নাশকারী ॥১॥

১। ঘৃতে। ২। হোম। ৩। যজ্ঞকাষ্ঠ। ৪। ক্ষমা

মূল ।

১ইক কলিকাল জনিত ২মল মতিমন্দ
মলিন মন। তেহিপর প্রভু নহি
কর ৩সঁভার কেহিভাঁতি জিবৈ জন ॥২॥
সবপ্রকার সমরথ প্রভো মই সববিধি
দীন। য়হ জিয় জানি দ্রবহু নহী মৈঁ
৪করমবিহীন ॥৩॥
ভ্রমত অনেক যোনি রঘুপতি, পতি
আনন মোরে। দুখ সুখ সহৌঁ,
রহৌঁ সদা শরণাগত তোরে ॥৪॥
তোসম দেব ন কোউ কৃপালু,
সমুঝৌ মনমাহীঁ। তুলসীদাস
হরি তোষিয়ে সোসাধন নাহীঁ ॥৫॥

বিনয় পত্রিকা (১১০)

মূল ।

কহু কেহি কহিয়ে কৃপানিধে ভবজনিত
বিপতি অতি। ইন্দ্রিয় সকল বিকল সদা
নিজ নিজ ৫সুভাউ ৬রতি ॥১॥

রূপ অনল। ৫। নিব্বাহ, সমাপ্তি। ৬। আধ্যাত্মিক, আধি দৈবিক, আধিভৌতিক। ৭। সংসার সত্য বলিয়া। ৮। যম-পীড়ার ভয়।

১। একে। ২। পাপে। ৩। রক্ষা। ৪। ভাগ্যহীন। ৫। স্বভাবে। ৬। বিষয়ে আসক্তি।

অনুবাদ।

কলিকালজাত পাপে একে মন্দ মতি।
তাহাতে কুকরমে মলিন মন অতি ॥
তদুপরে প্রভু নাহি করহ রক্ষণ।
কিরূপে বাঁচিবে বল এই দীন জন ॥২॥
সকল প্রকারে প্রভো। সমরথ তুমি।
সকল প্রকারে দীন হই অতি আমি ॥
জানিয়াও ইহা মনে দয়া নাহি কর।
কেবল আমার ভাগ্য দোষে রঘুবর ॥৩॥
ভ্রমি বহু যোনি আমি শুন রঘুপতি।
নাহি ভাবিয়াছি মনে কভু আন পতি ॥
সহিয়াছি দুখসুখ বহু বার বার।
রহিয়া শরণাগত সতত তোমার ॥৪॥
বুঝিয়াছি মনে আমি তোমার সমান।
[১]তোষিবে তুলসীদাস [২]হরে! তব মন।
নাহি করিয়াছে কভু সেরূপ সাধন ॥৫॥

বিনয় পত্রিকা (১১০)

অনুবাদ।

কৃপানিধে! কাহাকে কহিব বল আর।
ভবজাত অতিশয় বিপত্তি আমার ॥
ইন্দ্রিয় সকল ব্যাকুলিত সদা অতি।
করিতে বিষয়ে নিজ স্বভাবে [৩]সুরতি ॥১॥

১। যাহাতে তুষ্ট করিবে। ২। হরির সম্বোধনে। ৩। আসক্তি।

বিনয় পত্রিকা (১১০)

মূল।

জে সুখ সম্পতি স্বরগ নরক [১]সন্তত
সঁগ লাগী। হরি পরিহরি সোই যতন
করত মন মোর অভাগী ॥২॥
মৈঁ অতি দীন দয়ালু দেব শুনি
মন অনুরাগে। জোন দ্রবহু রঘুবীর
ধীর কাহে ন দুখ লাগে ॥৩॥
যদ্যপি মৈঁ অপরাধ ভবন [২]দুখশমন
মুরারে। তুলসিদাযকহঁ আশ ইহৈ
বহু পতিত উধারে ॥৪॥

বিনয় পত্রিকা (১১১)

মুল।

কেশব কাহ ন জাই কা কহিবে।
দেখত তব রচনা বিচিত্র অতি
সমুঝি মনহিঁ মন রহিয়ে ॥১॥
[৩]শূন [৪]ভীতিপর চিত্র রঙ্গ নহিঁ
[৫]তনুবিনু লিখা [৬]চিতেরে। ধোয়ে
মিটে ন [৭]মরেভীতি, দুখ পাইয়া
এহি [৮]তন হেরে ॥২॥

১। সতত। ২। দুঃখহারী। ৩। শূন্য। ৪। ভিত্তির উপর। ৫। তনুহীন। ৬। চিত্রকর। ৭। মরণের ভয়। ৮।· ইহার পানে।

অনুবাদ।

স্বরগে নরকে সুখ সম্পত্তির সাথ।
সতত লাগিয়া রহে [১]তারা রঘুনাথ ॥
পরিহরি করি হরে! তোমার চরণ।
অভাগা [২]মানসো সেই করয়ে যতন ॥২॥
দীনে দয়াবান দেব, শুনি দীনমন।
হইয়াছে অনুরাগে চরণে লগন ॥
যদি নাহি দয়া কর ধীর রঘুবর।
কেন না হইবে মোর দুঃখ ঘোরতর ॥৩॥
যদ্যপিও হই আমি পাপালয় অতি।
তুমিহ মুরারি দুঃখহারী রঘুপতি ॥
ইহাই কেবল আশা তুলসীর মনে।
করিয়াছ উদ্ধার পতিত বহু জনে ॥৪॥

বিনয় পত্রিকা (১১১)

অনুবাদ।

কি কহি কেশব! আমি কহা নাহি যায়।
দেখি তব বিচিত্র রচনা সমুদায় ॥
অতিশয় বিস্মিত হইয়া দরশনে।
চুপ করি রহি বুঝি আপনার মনে ॥১॥
[৩]রঙ্গবিনা মাত্র শূন্য [৪]ভিত্তির উপরে।
তনুহীন চিত্রকর এই চিত্র করে ॥
ধুইলেও নাহি মিটে [৫]মরণের ভয়।
চাহিলে ইহার পানে দুখ অতি হয় ॥২॥

১। ইন্দ্রিয় সকল। ২। আমার মনও। ৩। রং ব্যতীত। ৪। আধারের, বুনিয়াদের। ৫। চিত্র জড় বিধায় তাহার মরণের ভয় নাই কিন্তু এই চিত্রে চেতন বিধায় ইহার মরণের ভয় আছে।

মূল ।

[১]রবিকরনীর বসৈ অতি দারুণ মকর
রূপ তেহিমাহীঁ । বদনহীন সো গ্রসৈ
চরাচর পান করন জে জাহীঁ ॥৩॥
কোউ কহ সত্য ঝূট কহ কোউ [২]যুগ
প্রবল করি মানে । তুলসিদাস [৪]পরিহরৈ
তীনি ভ্রম সো আপন পহিচানে ॥৪॥

বিনয় পত্রিকা (১১২)

মূল ।

কেশব কারণ কৌন গুসাইঁ ।
জে অপরাধ [৩]অসাধ জানি মোহি
তজেহু অজ্ঞকী নাইঁ ॥১॥
পরম পুনীত সন্ত কোমলচিত
তিনহিঁ তুমহিঁ [৫]বনিয়াই । তৌ কত
বিপ্র ব্যাধ গণিকহি তারেহু কছু
রহী [৫]সগাই ॥২॥
কাল করম গতি অগতি জীবকী
সব হরি হাথ তুম্হারে । সোই
কছু করহু হরহু মমতা মম
ফিরহুঁ ন তুমহিঁ বিসারে ॥৩॥

---

১ । মরীচিকা রূপ সেই নীরে । ২ । ঈশ্বর ও ভব । ৩ । অসাধু । ৪ । মিলন হয় । ৫ । সম্বন্ধ ।

অনুবাদ।

মরীচিকা রূপ সেই [1]নীরের ভিতরে।
কালরূপ দারুণ মকর বাস করে ॥
মুখহীন সেহ গ্রাস করে চরাচরে।
যেবা যায় জলপান করিবার তরে ॥৩॥
কেহ কহে সত্য [2]ভব, মিথ্যা কহে কেহ।
ঈশ ভব দুই সত্য কহে কেহ কেহ ॥
এই তিন ভ্রম যে করয়ে বরজন।
তুলসি! চিনিতে পারে স্বরূপ আপন ॥৪॥

বিনয় পত্রিকা (১১২)

অনুবাদ।

কেশব! কি অপরাধে কিসের কারণ।
অসাধু ভক্তের মত কর বরজন ॥১॥
যদি অতি পূত সাধু সুকোমল মন।
কেবল তাদের সহ তোমার মিলন ॥
তবে কেন [3]বিপ্র [4]ব্যাধে আর [5]গণিকায়।
তারিলে ছিল কি কিছু সম্বন্ধ তাহায় ॥২॥
জীবের করম কাল সুগতি অগতি।
সকলি তোমার হাতে হের রঘুপতি ॥
সেই কিছু কর, হর মমতা আমার।
যাহ'তে ফিরি ভুলি তোমায় আবার ॥৩॥

১। সংসাররূপ জলের। ২। সংসার। ৩। অজামিল। ৪। বাল্মীকিকে। ৫। বেশ্যা পিঙ্গলাকে।

মূল।

জো তুম তজহু ভজোঁ ন আন প্রভু য়হ
[1]প্রমাণ পণ মোরে। মনবচ করম নরক
সুরপুর জহঁ তহঁ রঘুবীর [2]নিহোরে ॥৪॥
যদ্যপি নাথ উচিত ন হোত অস প্রভুসোঁ
করৌঁ [3]ঢিঠাই। তুলসীদাস [4]সীদত
নিশিদিন দেখত তুম্‌হরী নিঠুরাই ॥৫॥

বিনয় পত্রিকা (১১৩)

মূল।

মাধব অব ন [5]দ্রবহু কেহি লেখে।
প্রণতপাল পণ তোর, মোর পণ
জিয়উঁ কমলপদ দেখে ॥১॥
জয়লগি মৈঁন দীন, দয়ালু তৈঁ, মৈঁন দাস,
তৈঁ স্বামী। তব লগি জো দুখ সহেউঁ,
কহেউঁ নহিঁ, যদ্যপি অন্তরযামী ॥২॥
তৈঁ উদার, মৈঁ কৃপণ, পতিত মৈঁ, তৈঁ পুনীত,
শ্রুতি গাবৈ। বহুত [6]নাত রঘুনাথ তোহি
মোহি অব ন তজে [7]বনিয়াবৈ ॥৩॥
জনক জননি গুরু বন্ধু সুহৃদ পতি
সব প্রকার হিতকারী। দ্বৈতরূপ তমকূপ
পরৌঁ নহি অস কছু [8]যতন [9]বিচারী ॥৪॥

১। দৃঢ়। ২। ভজিবে। ৩। ধৃষ্টত। ৪। দুঃখিত। ৫। দয়া কর। ৬। সম্বন্ধ। ৭। যাইবে। ৮। উপায়। ৯। চিন্তা কর।

অনুবাদ।

যদি তুমি তজ না ভজিব আনে আর।
প্রভো! এই দৃঢ় পণ অন্তরে আমার॥
নরক স্বরগপুরে যাইব যথায়।
করম বচন মনে ভজিব তোমায়॥৪॥
যদ্যপি উচিত নহে নাথ কদাচন।
প্রভুর সহিত হেন ধৃষ্টতা করণ॥
দিবারাতি তুলসী দুঃখিত অতি মনে।
তব নিষ্ঠুরতা অতিশয় দরশনে॥৫॥

বিনয় পত্রিকা (১১৩)

অনুবাদ।

মাধব! না দয়াকর মোরে কি কারণ।
প্রণতপালক বলি তব দৃঢ় পণ॥
আমার কেবল নাথ! মনে এই পণ।
বাঁচিব কমলপদ করি দরশন॥১॥
যাবত না হই দাস দীন অতি আমি।
নাহি হও অতীব দয়ালু প্রভু তুমি॥
তাবত না কহি দুখ সহি যাহা আমি।
যদিও অন্তরযামী হও প্রভু তুমি॥২॥
তুমিহ [১]উদার, আমি কৃপণ পতিত।
পতিতপাবন তুমি গায় [২]শ্রুতি নিত॥
বহুত সম্বন্ধ নাথ তোমায় আমায়।
তজা নাহি য়ায় এবে তাহা সমুদায়॥৩॥
পিতা মাতা গুরু ভ্রাতা মিত্র আর পতি
সকল প্রকারে তুমি হিতকারী অতি॥
দ্বৈতরূপ তমকূপে[৩] না হয় পতন।
এমন উপায় কিছু করহ চিন্তন॥৪॥

১। দাতা। ২। বেদ। ৩। দ্বৈতরূপ অর্থাৎ তোমা

মুল।

শুন [১]অদভ্র করুণা, বারিজলোচন,
মোচন ভয় ভারী। তুলসিদাস প্রভু
তব প্রকাশ বিনু [২]সঁসৈ [৩]টরে ন [৪]টারী ॥৫॥

বিনয় পত্রিকা (১১৪)

মুল।

মাধব মো সমান জগমাহীঁ। সববিধি
হীন মলীন দীন অতি লীন বিষয়
কোউ নাহীঁ ॥১॥
তুম সম হেতুরহিত কৃপাল আরতহিত
ঈশ ন [৫]ত্যাগী। মৈঁ দুখশোককরিকল
কৃপাল কেহি কারণ দয়া ন লাগী ॥২॥
নাহিঁন কচ্ছু ঔগুণ তুম্হার অপরাধ
মোর মৈঁ মানা। জ্ঞান ভবন তনু দিয়হু
নাথ সোউ পায় ন মৈঁ প্রভু জানা ॥৩॥
বেণু [৬]কীল [৭]শ্রীখণ্ড বসন্তহি দূষণ
[৮]মৃষা লগাবৈ। সাররহিত হতভাগ্য
সুরভিতুপল্লব সো কহু কিমি পাবৈ ॥৪॥
সব প্রকার মৈঁ কঠিন মৃদুল হরি দৃঢ় বিচার
জিয় মোরে। তুলসিদাস প্রভু মোহশৃঙ্খলা
[৯]চ্ছুটিহি তুম্হার [১০]চ্ছোরে ॥৫॥

ছাড়া অপরকে পরব্রহ্ম জ্ঞান করণ অন্ধকার কূপে।

১। অতি। ২। সংশয়। ৩। নাশ হয়। ৪। নাশিলে। ৫। দানী। ৬। করীর। ৭। চন্দন। ৮। বৃথা। ৯। ছুটিবেক। ১০। ছুটাইলে।

অনুবাদ।

তব অতি কৃপা শুন বারিজ লোচন।
ভবভয় অতিশয় করয়ে মোচন॥
তুলসি হিয়ায় বিনা তব পরকাশ।
নাশিলে [১]সংশয়তম নাহি হয় নাশ॥৫॥

বিনয় পত্রিকা (১১৪)

অনুবাদ।

মাধব! জগত মাঝে আমার সমান।
[২]সববিধি-হীন দীন নাহি কেহ আন॥
মলিন বিষয়ে লীন অতিশয় মতি।
মো সম অপর কেহ নাহি রঘুপতি॥১॥
বিনাহেতু তব সম অতি কৃপাবান।
আরতের বন্ধু দানী প্রভু নাহি আন॥
শোকদুঃখে বিকল আমি হে কৃপাময়।
কি কারণে মোর প্রতি দয়া নাহি হয়॥২॥
ইহাতে তোমার প্রভু নাহি দোষ কিছু।
মানিয়া লইনু অপরাধ মোর [৩]নিছু॥
জ্ঞানালয় শরীর দিয়াছ নাথ তুমি।
তাহা পেয়ে প্রভুকে না চিনিলাম আমি॥৩॥
[৪]করীর ও [৫]বেণু উভে [৬]বসন্ত চন্দনে।
বৃথা দোষারোপ করে নিজ নিজ মনে॥
হতভাগ্য সারহীন অতিশয় তায়।
[৭]পল্লব [৮]সুরভি কহ কি প্রকারে পায়॥৪॥
আমিহ কঠিন অতি সকল প্রকারে।
তুমিহ মৃদুল হরি আমার বিচারে॥
তুলসিদাসের প্রভু মোহের শৃঙ্খল।
ছুটিবেক ছুটাইলে তুমিহ কেবল॥৫॥

১। সংসার সত্য কি মিথ্যা এই সংশয় রূপ তম + অন্ধকার।

মূল।

মাধব মোহপাশ কোঁ [১]টূটৈ।
বাহর কোটি উপায় করিয় অভ্যন্তর
গ্রন্থি ন [২]ছূটৈ ॥১॥
ঘৃত পূরণ [৩]করাহ অভ্যন্তরগত শশি-
প্রতিবিম্ব দিখাবৈ। ইন্ধন অনল লগাই
কল্পশত [৪]ঔটত নাশ ন পাবৈ ॥২॥
তরুকোটরমহঁ বস বিহঁগ তরুকাটৈ
মরৈ ন জৈসে। সাধন করিয় [৫]বিচারহীন
মন শুদ্ধ হোই নহিঁ তৈসে ॥৩॥
অন্তর মলিন বিষয় মন অতি তন
পাবন করিয় [৬]পখারে। মরই ন উরগ
অনেক যতন বল্মীকি বিবিধবিধি মারে ॥৪॥
তুলসিদাস হরিগুরুকরুণাবিনু
বিমল বিবেক ন হোই। বিনু বিবেক
সংসার ঘোর [৭]নিধিপার ন পাবৈ কোই ॥৫॥

২। সকল, নিধি—সাধন, হীন—রহিত। ৩। কেবল। ৪। বাঁশের অঙ্কুর। ৫। বাঁশ। ৬। বসন্ত ঋতুকে। ৭। পাতা। ৮। সুগন্ধ।

১। ছিঁড়িবে। ২। খুলিবে না। ৩। কটাহ। ৪। সিদ্ধ করিলে। ৫। বিচার—আত্মজ্ঞান, হীন—বিনা। ৬। ধুইয়া। ৭। পারাবার।

অনুবাদ।

মোহপাশ মাধব! কিরূপে ছিঁড়ে বল।
বাহিরে করিলে কোটি উপায় সকল॥
অন্তরে [১]অজ্ঞানগ্রন্থি লাগিয়াছে যাহা।
আত্মজ্ঞানবিনা কভু খুলিবেনা তাহা॥১॥
ঘৃতে পরিপূর্ণ কোন [২]কটাহ ভিতরে।
পূর্ণচন্দ্র প্রতিবিম্ব দেখাইলে পরে॥
শতকল্প লাগাইয়া অনল [৩]ইন্ধন।
সিজাইলে নাশ তাহা পায় কি কখন॥২॥
তরুর কোটরে খগ বাস করে যেহ।
তরুকে কাটিলে কভু মরিবেনা সেহ॥
করিলেও তেন নানা বাহিরে সাধন।
আত্মজ্ঞানবিনা নাহি শুদ্ধ হয় মন॥৩॥
অন্তরে মলিন মন [৪]বিষয়াভিভূত।
শরীর ধুইয়া চাহ করিবারে পূত॥
অনেক যতন করিলেও নাহি মরে।
[৫]বল্মীকি-আঘাতে [৬]নাগ তাহার ভিতরে॥৪॥
[৭]হরিগুরুকৃপাবিনা কভু নাহি হয়।
বিমল বিবেক হৃদে তুলসি! উদয়॥
বিবেকবিহনে ঘোর [৮]ভবপারাবার।
না পারে কেহই কভু হইবারে পার॥৫॥

১। অজ্ঞান রূপ গাঁট। ২। কড়া। ৩। জ্বালানি কাষ্ঠ।
৪। বিষয়ে—ইন্দ্রিয় গ্রাহ্য বস্তুতে, অভিভূত—বিহ্বল। ৫। উই-

মূল ।

মাধো ১অসি তুম্হার য়হ মায়া । কার
উপায় পচি মরিয় তরিয় নহিঁ জবলগি
করহু ন ২দায়া ॥১॥
শুনিয় গুনিয় সমুঝিয় সমুঝাইয় ৩দশা
হৃদয় নহিঁ আবৈ । ৪জেহি অনুভববিনু
মোহজনিত ভব দারুণ বিপতি ৫সতাবৈ ॥২॥
ব্রহ্ম পিয়ূষ মধুর শীতল জোপৈ মন
সোরস পাবৈ । তৌ কত ৬মৃগজলরূপ
বিষয়কারণ নিশিবাসর ধাবৈ ॥৩॥
জেহিকে ভবন বিমল চিন্তামণি সো কত
কাঁচ ৭বটোরৈ । সপনে ৮পরবশপরৈ
জাগি দেখত কেহি জাই ৯নিহোরৈ ॥৪॥
জ্ঞান ভক্তি সাধন অনেক সব সত্য
ঝূট কছু নাহীঁ । তুলসিদাস হরিকৃপা
মিটৈ ভ্রম য়হ ভরোস মন মাহীঁ ॥৫॥

পোকাকৃত মৃত্তিকার স্তূপকে আঘাত করিলে। ৬। সর্প। ৭। হরি ও গুরুর কৃপা ব্যতিরেকে। ৮। ভবরূপ—সংসাররূপ, পারাবার—সাগর।

১। এমন গাঢ়। ২। দয়া। ৩। মায়ার বিচিত্র গতি। মায়াগতি। ৫। পীড়া দেয়। ৬। মরীচিকা রূপ। ৭। সংগ্রহ করিবে। ৮। বাঁধা যায়। ৯। ছাড়িয়া দিতে নিবেদন করিবে।

অনুবাদ।

এই তব মায়া গাঢ় মাধব এমন।
মরিলেও পচি করি বিবিধ যতন॥
তরিতে না পারে কেহ [১]মায়াপারাবার।
যাবত না কর তুমি করুণা অপার॥১॥
শুনি গুণি বুঝি নিজে বুঝাই অপরে।
মায়ার বিচিত্র গতি মনে নাহি [২]ধরে॥
অনুভব বিনা সেই ঘোর মায়াগতি।
মোহজাত [৩]ভবদুঃখ পীড়া দেয় অতি॥২॥
[৪]ব্রহ্মামৃত মধুর শীতল অতি তায়।
যদি মন একবার সেই রস পায়॥
তবে কেন মরীচিকা [৫]বিষয়কারণ।
ধাইবে দিবস নিশি মোর এই মন॥৩॥
নিরমল চিন্তামণি যাহার ভবনে।
সংগ্রহ করিবে কাচ সেহ কি কারণে॥
স্বপনে যদিচ কেহ কভু বাঁধা যায়।
জাগি দেখে "ছাড়ি দিতে নিবেদিবে কায়"॥৪॥
জ্ঞান ভক্তি সাধন অনেক, সমুদয়।
মিথ্যা নহে কিছু, সত্য সকলই হয়॥
ভরসা ইহাই এক তুলসি-হিয়ায়।
মিটিবেক ভ্রম এই হরির কৃপায়॥৫॥

১। মায়ারূপ সাগর। ২। অর্থাৎ মন একাগ্র হইয়া ব্রহ্মে লগ্ন না হওয়ায় মায়ার গতি বুঝিতে পারে না। ৩। জন্ম মরণ আদি সংসারে দুঃখ—বিপত্তি। ৪। ব্রহ্মরূপ অমৃত। ৫। মরীচিকা-রূপ অর্থাৎ মিথ্যা বিষয়ের জন্য।

মূল।

হে হরি কবন দোষ তোহি দীজৈ।
জেহি উপায় সপনেহুঁ দুরলভ
[1]গতি সোই নিশি বাসর কীজৈ ॥১॥
জানত অরথ অনর্থরূপ [2]তমকূপ
পরব যহি লাগে। তদপি ন তজত
শ্বান অজ খর [3]জোঁ ফিরত বিষয়
অনুরাগে ॥২॥
ভূতদ্রোহ কৃত [4]মোহবশ্য হিত আপন মৈঁন
বিচারো। [5]মদমৎসর অভিমান জ্ঞানরিপু
ইনমহঁ [6]রহনি অপারো ॥৩॥
বেদ পুরাণ শুনত সমুঝত রঘুনাথ
সকল জগ ব্যাপী। [7]বেধত নহিঁ [8]শ্রীখণ্ড
বেণু ইব [9]সারহীন মন পাপী ॥৪॥
মৈঁ অপরাধ সিন্ধু করুণাকর জানত
অন্তরযামী। তুলসীদাস ভবব্যালগ্রসিত
তব শরণ উরগরিপুগামী ॥৫॥

১। সুগতি। ২। তমরূপ + অজ্ঞানরূপ কূপে। ৩। যেন। ৪। মোহবশে। ৫। ঈর্ষ্যা। ৬। লগ্ন হইয়া থাকা। ৭। ভেদ করে। ৮। চন্দন। ৯। জ্ঞানহীন, মূঢ়।

অনুবাদ।

তোমায় কি দোষ দিব হরি ! আমি অতি।
যে উপায়ে স্বপনেও দুর্লভ সুগতি ॥
হের দিবানিশি আমি করিতেছি তাই।
ইহাতে তোমার কিছুমাত্র দোষ নাই ॥১॥
[১]অরথ অনর্থরূপ জানিতেছি মনে।
পড়িব অজ্ঞানকূপে ইহার কারণে ॥
[২]শ্বান [৩]অজ [৪]খর যেন তব মোর মন।
বিষয়ানুরাগে সদা করিছে ভ্রমণ ॥২॥
মোহবশে [৫]ভূতদ্রোহ করিতেছি নিত।
বিচার না করি মনে আপনার হিত ॥
ঈর্ষা মদ অভিমান [৬]জ্ঞানরিপুগণ।
ইথে মন পড়ি রহে হইয়া মগন ॥৩॥
বেদ ও পুরাণে শুনি বুঝ নিজ মনে।
রঘুনাথ ব্যাপিয়া রহেন ত্রিভুবনে ॥
[৭]বেণু ভেদ নাহি করে চন্দন যেমন।
পাপী মূঢ় মনে মোর না [৮]ধরে তেমন ॥৪॥
অপরাধ সিন্ধু আমি জান দয়াময়।
যেহেতু অন্তরযামী তুমি অতিশয় ॥
[৯]ভবব্যালগ্রস্ত দাস তুলসী এখন।
[১০]উরগারিগামি ! তব লইয়া শরণ ॥৫॥

১। অর্থ+বিষয়, ইন্দ্রিয় গ্রাহ্য বস্তু। ২। কুকুর। ৩। ছাগ। ৪। গাধা। ৫। জীবহিংসা। ৬। জ্ঞানের বৈরী সকল। ৭। বাঁশ—চন্দনের গন্ধ সকল বৃক্ষে প্রবেশ করিয়া তাহা-দিগকে চন্দনবৎ করে কিন্তু বাঁশে লাগে না। ৮। অর্থাৎ রঘুনাথ সর্ব্বব্যাপী হইয়াও আমার মনে স্থান পান না। ৯। সংসাররূপ সর্পের দ্বারা গ্রস্ত। ১০। হে গরুড় পৃষ্ঠে গমনকারী।

মূল ।

হে হরি কবন যতন সুখ মানহুঁ ।
জ্যোঁ [১]গজদশন তথা মম করণী সব
প্রকার তুম জানহুঁ ॥১॥
জো কচ্ছু কহিয় কহিয় ভবসাগর
তরিয় [২]বৎসপদ জৈসে । [৩]রহনি আনি
বিধি কহিয় আন হরিপদসুখ
পাইয় কৈসে ॥২॥
দেখত চারু ময়ূর [৪]বৈন শুভ বোল
সুধাইব সানী । সবিষ উরগ অহার
নিঠুর অস য়হ করণী য়হ বাণী ॥৩॥
অখিল জীববৎসল নিরমৎসর চরণকমল
অনুরাগী । তে তোহি প্রিয় রঘুবীর
ধীরমতি অতিশয় [৫]নিজপরত্যাগী ॥৪॥
যদ্যপি মম ঔগুণ অপার সংসার যোগ্য
রঘুরায়া । তুলসিদাস নিজ গুণ বিচারি
করুণানিধান করুদায়া ॥৫॥

১। গজের+হস্তীর, দশন+দন্ত, কেবল লোক দেখান কোন কার্য্যকর নহে। ২। বাছুরের পা। ৩। আচরণ। ৪। বচন। ৫। "আত্মপর" ত্যাগী।

অনুবাদ।

হরি! ১সুখমানিবে কি করিলে যতন।
গজের দশন যেন আমার করণ॥
সববিধি মাত্র লোকে দেখাবার তরে।
জান তুমি কপটতা কেবল অন্তরে॥১॥
যাহা কিছু কহ যদি করিবারে পায়।
তরিবে গোষ্পদ যেন ভবপারাবার॥
কহি একরূপ, আনরূপ আচরিলে।
২হরিপদসুখ বল কি করিয়া মিলে॥২॥
দেখিতে ময়ূর অতিশয় মনোহর।
বলে সুধামাখা যেন বচন সুন্দর॥
৩সবিষ ৪সরপে খায় নিঠুর এমন।
একরূপ বাণী আনরূপ আচরণ॥৩॥
ঈর্ষাহীন, জীব সব প্রিয় অতি যার।
অনুরাগী অতি পদকমলে তোমার॥
রঘুবীর! সেই ধীরমতি অতিশয়।
৫আত্মপরত্যাগী, সেই প্রিয় তব হয়॥৪॥
যদ্যপিও অবগুণ অপার আমায়।
৬সংসারের যোগ্য অতিশয় রঘুরায়!॥
কৃপালয়! বিচারি আপন গুণগণ।
দয়াকরি তুলসীকে করহ মোচন॥৫॥

১। সুখী অর্থাৎ প্রসন্ন হইবে। ২। হরির চরণ লাভ জনিত সুখ। ৩। বিষাক্ত। ৪। সর্পকে। ৫। আত্ম পর জ্ঞান-শূন্য। ৬। সংসারে দুঃখ ভোগ করিবার যোগ্য।

মূল।

হে হরি কবন যতন ভ্রম ভাগৈ।
দেখত শুনত বিচারত যহ মন
নিজ সুভাউ নহি ত্যাগৈ॥১॥
ভক্তি জ্ঞান সকল সাধন যহি [১]লাগি
উপাই। কোউ ভল কহউ দেউ কছু
কোউ অসি বাসনা হৃদয়তে ন জাই॥২॥
জেহি নিশি সকল জীব [২]সুতহিঁ তব
কৃপাপাত্র জন জাগৈ। নিজ করণী
বিপরীত দেখি মোহি সমুঝি মহা ভয়
লাগৈ॥৩॥
যদ্যপি ভগ্নমনোরথ বিধিবশ সুখ [৩]ইচ্ছিত
দুখ পাবৈ। চিত্রকার করহীন যথা
স্বারথ বিনু চিত্র বনাবৈ॥৪॥
হৃষীকেশ শুনি [৪]নাউঁ জাউঁ বলি
অতি ভরোস জিয় মোরে। তুলসিদাস
ইন্দ্রিয় সম্ভব দুখ [৫]হরে-বনিহ প্রভু
তোরে॥৫॥

১। এই মনকে বশ করিতে। ২। নিদ্রা যায়। ৩। ইচ্ছা করি। ৪। নাম। ৫। হরণ করিতে পারিবে।

অনুবাদ ।

মন হরি কি প্রকার করিলে যতন ।
ভব সত্য এই ভ্রম করে পলায়ন ॥
দেখি শুনি বিচার করিয়া এই মন ।
আপন স্বভাব নাহি করে বরজন ॥১॥
ভক্তি জ্ঞান বিবিধ সাধন সমুদায় ।
মনকে করিতে বশ কেবল উপায় ॥
বলুক উত্তম, কিছু দেউক আমায় ।
অন্তরে বাসনা এই কভু নাহি যায় ॥২॥
যে [১]নিশিতে নিদ্রা যায় জীব সমুদায় ।
তব কৃপাপাত্র জন জাগি রহে তায় ॥
বিপরীত দেখি আমি আপন করণ ।
বুঝি [২]ভবভয়ে ভীত অতিশয় মন ॥৩॥
বিধিবশে যদ্যপিও ভগ্নমনোরথ ।
সুখ ইচ্ছা করি তবু দুখ পাই নাথ ! ॥
করহীন চিত্রকর স্বারথ যেমন ।
বিনা চিত্র করি চাহে করিতে সাধন ॥৪॥
[৩]হৃষীকেশ নাম তব শুনি [৪]শরবণে ।
হইয়াছে ভরসা অতীব মোর মনে ॥
ইন্দ্রিয় সম্ভব দুখ তুলসীর অতি ।
পারিবে হরিতে তুমি প্রভু রঘুপতি ॥৫॥

১। মোহরূপ রাত্রিতে। ২। চৌরাশি লক্ষ যোনি ভ্রমণরূপ ভয়ে। ৩। হৃষীক—ইন্দ্রিয়+ঈশ—ঈশ্বর অর্থাৎ ইন্দ্রিয়ের স্বামী।
৪। শ্রবণে

মূল।

হে হরি কসন হরহু ভ্রম ভারী।
যদ্যপিও ১মৃষা সত্য ২ভাসৈ জবলগি
ন কৃপা তুম্হারী ॥১॥
অরথ ৩অবিদ্যমান জানিয় ৪সংসৃতি
নহিঁ জোই গোসাইঁ। বিনু বাঁধে নিজ হঠ
শঠ পরবশ পরই ৫কীরকী নাঁই ॥২॥
সপনেউ ব্যাধি বিবিধ বাধা, জনু মৃত্যু
উপস্থিত আই। বৈদ অনেক উপায় করৈ
জাগে বিনু ৬পীর ন জাই ॥৩॥
শ্রুতি গুরু সাধু স্মৃতি সম্মত ৭য়হ
দৃশ্য সদা দুখকারী। তেহি বিনুতজে
ভজে বিনু রঘুপতি বিপতি ৮সকৈ
কো ৯টারী ॥৪॥
বহু উপায় সংসার তরণকহঁ বিমল ১০গিরা
১১শ্রুতি গাবৈ। তুলসিদাস "১২মৈঁমোর"
গয়ে বিন জিউ সুখ কবহুঁ ন পাবৈ ॥৫॥

১। মিথ্যা। ২। বিভাসিত হয়। ৩। নশ্বর। ৪। ভবভয়। ৫। তিতিরের মত। ৬। পীড়া। ৭। এই সংসার। ৮। পারিবে। ৯। এড়াইতে। ১০। বচনে। ১১। বেদ। ১২। আমি ও আমার এই অহঙ্কার।

অনুবাদ।

হরণ না কর হরি কিসের কারণে।
ভব সত্য এই ভাবি ভ্রম মোর মনে ॥
যদিও মিথ্যা, সত্য [১]বিভাসিত হয়।
খণ্ডিত না কর দয়া তুমি দয়াময় ॥১॥
জানিয়াও [২]অরথ নশ্বর অতিশয়।
প্রভো! নাহি হয় মোর ভবভয় লয় ॥
বন্ধন বিহনে শঠ আপনার দোষে।
তিতিবের মত লোভে পড়ে পরবশে ॥২॥
সন্নিকটে উপস্থিত স্বপনে যেমন।
হইলে বিবিধ [৩]বাধা ব্যাধি ও মরণ ॥
করিলেও বৈদ্য আমি অনেক উপায়।
জাগরিত না হইলে পীড়া নাহি যায় ॥৩॥
শ্রুতি স্মৃতি সাধু আর গুরুর সম্মত।
দুখদাতা [৪]দৃশ্যমাত্র সংসার সতত ॥
না ত্যজিলে [৫]তায় না ভজিলে রঘুপতি।
কে পারিবে এড়াইতে বিষম বিপত্তি ॥৪॥
[৬]ভবতরিবার বহু আছয়ে উপায়।
বিমল বচনে যাহা বেদগণ গায় ॥
না গেলে তুলসিদাস ! "[৭]আমি ও আমার"।
পাইবে না সুখ কভু অন্তরে তোমার ॥৫॥

১। প্রকাশিত, প্রতীয়মান। ২। অর্থ, অর্থাৎ ধন স্ত্রী পুত্রাদি। ৩। উপদ্রব। ৪। কেবল দেখিবার যোগ্য। ৫। সংসারের মায়া। ৬। সংসার রূপ সাগর পার হইবার। ৭। অর্থাৎ অহঙ্কার।

মূল।

হে হরি যহ [১]ভ্রম কী অধিকাই।
দেখত শুনত কহত সমুঝত [২]সংশয়
[৩]সন্দেহ ন জাই ॥১॥
জো [৪]জগ [৫]মৃষা তাপত্রয় অনুভব হোই
কহহু [৬]কেহিলেখে। কহি ন জাই
[৭]মৃগবারি সত্য ভ্রমতে দুখ হোই [৮]বিশেষে ॥২॥
শুভগ সেজ সোবত সপনে বারিধি [৯]বূড়ত
ভয় লাগৈ। কোটিহু নাব ন পার পাব সো
জব লগি আপু ন জাগৈ ॥৩॥
[১০]অনাবচার রমণীয় সদা সংসার ভয়ঙ্কর ভারী।
[১১]সম সন্তোষ দয়া বিবেকতে ব্যবহারী
সুখকারী ॥৪॥
তুলসিদাস সববিধি প্রপঞ্চ জগ যদপি ঝুটে
শ্রুতি গাবৈ। রঘুপতি ভক্তি সন্তসংগতিবিনু
কো ভবত্রাস নশাবৈ ॥৫॥

১। সংসার সত্য এই ভ্রম। ২। মিথ্যা সংসারকে সত্য মানা। ৩। সংসার সত্য কি মিথ্যা। ৪। সংসার। ৫। মিথ্যা। ৬। কি কারণে। ৭। মরীচিকা। ৮। বিশেষ। ৯। ডুব। ১০। অবিচারে। ১২। সমতা।

অনুবাদ।

হরি এই ভ্রম কত অধিক আমায়।
দেখি শুনি কহি বুঝি সংশয় না যায় ॥১॥
সংসার যদ্যপি মিথ্যা তবে তাপত্রয়।
কি কারণে জীবমনে অনুভূত হয় ॥
[১]মরীচিকা বারি সত্য কভু নাহি যায়।
ভ্রম হেতু মনে মৃগ দুখ অতি পায় ॥২॥
[২]শোভন শয্যায় সুখে করিয়া শয়ন।
স্বপনে সাগরে ডুবি ভয় পায় মন ॥
পার নাহি পায় কোটি তরণী লইয়া।
যাবত আপনে নাহি উঠয়ে জাগিয়া ॥৩॥
অবিচারে সংসার সতত মনোহর।
দেখিলে বিচার করি ভারি ভয়ঙ্কর ॥
সমতা সন্তোষ দয়া সহ ব্যবহার।
করে যে বিবেকী ভব সুখকর তার ॥৪॥
সববিধি [৩]জগতপ্রপঞ্চ সমুদায়।
যদ্যপিও মিথ্যা বলি বেদগণ গায় ॥
বিনা সাধুসঙ্গ রঘুপতিরে ভকতি।
কে পারিবে নাশিবারে ভব ভয় অতি ॥৫॥

১। সূর্য্যের কিরণ। ২। সুন্দর। ৩। সংসারের প্রপঞ্চ অর্থাৎ ধন ধাম স্ত্রী পুত্র আদি।

মূল।

মৈঁ হরি সাধন করই ন জানী।
জস আময় ভেষজ ন কীন্হ তস
দোষ কহা [১]দিরমানী ॥১॥
সপনে নৃপকহঁ ঘটৈ বিপ্রবধ
বিকল ফিরৈ [২]অঘ লাগে। [৩]বাজিমেধ
শতকোটি করে নহিঁ শুদ্ধ হোই
বিনু জাগে ॥২॥
[৪]স্রগমহঁ সর্প বিপুল ভয়দায়ক প্রগট হোই
অবিচারে। বহু আয়ুধ ধরি বল
অনেক করি হারহি মরই ন মারে ॥৩॥
নিজ ভ্রমতে রবিকরসম্ভবসাগর অতি
ভয় উপজাবৈ। [৫]অবগাহত [৬]বোহিত
নৌকা চড়ি কবহুঁ পার ন পাবৈ ॥৪॥
তুলসিদাস [৭]জগ [৮]আপু সহি
জব লগি নিরমূল ন জাই। তব লগি
কোটি কলপ উপায় করি মরিয়
তরিয় নহিঁ ভাই ॥৫॥

১। ভেষজের। ২। পাপ। ৩। অশ্বমেধ। ৪। মালার।
৫। মগ্ন হইলে। ৬। পোত। ৭। ভব। ৮। আমিত্ব।

অনুবাদ ।

সাধন করিতে নাহি জানি আমি হরি ।
যেমন [১]আময় তেন [২]ভেষজ না করি ॥
আমারি সকল দোষ ইহাতে নিশ্চয় ।
বল ইথে ভেষজের কিবা দোষ হয় ॥১॥
বিপ্রবধ করিলে স্বপনে নরপতি ।
[৩]বিকল হইয়া ফিরে পাপ লাগি অতি ॥
করিলেও স্বপ্নে অশ্বমেধ কোটিশত ।
শুদ্ধ নাহি হয়, নাহি হইলে জাগ্রত ॥২॥
অবিচারে মালায় [৪]সরপ ভ্রম হয় ।
তাহাতে [৫]উপজে মনে ভয় অতিশয় ॥
লইয়া [৬]আয়ুধ বহু, বল করি মারি ।
তাহাতেও নাহি মরে, মনে মানি [৭]হারি ॥৩॥
[৮]রবিকরসম্ভব সাগর অতিশয় ।
ভ্রমহেতু নিজ মনে জনমায় ভয় ॥
হইলে মগন সেই [৯]অকূলপাথারে ।
চড়িয়া তরণী [১০]পোত তরিতে না পারে ॥৪॥
তুলসি ! এ [১১]ভব সহ [১২]আমিত্ব হিয়ায় ।
নিরমূল হইয়া যাবত নাহি যায় ॥
তাবত কল্পকোটি করিয়া উপাই ।
মরিলেও তরিবে না [১৩]ভবনিধি ভাই ॥৫॥

১। রোগ। ২। ঔষধ। ৩। ব্যাকুল। ৪। সর্প। ৫। জন্মে। ৬। অস্ত্র। ৭। পরাজয়। ৮। সূর্য্যের কিরণ উদ্ভব, মরীচিকা। ৯। সাগরে। ১০। জাহাজ। ১১। সংসার। ১২। অহঙ্কার। ১৩। ভবসাগর।

বিনয় পত্রিকা (১২৩)

মূল।

অস কচ্ছু সমুঝি পরত রঘুরায়া।
বিন তব কৃপা দয়াল দাসহিত মোহ
ন চ্ছুটৈ মায়া ॥১॥
বাক্যজ্ঞান অত্যন্ত নিপুণ ভবপার ন
পাবৈ কোই। নিশি গৃহমধ্যে দীপকী
[1]বাতন্থ [2]তম নিবর্ত্ত নহিঁ হোই ॥২॥
জৈসে কোউ ইক দীন দুখিত অতি অশন-
বিহীন দুখ পাবৈ। চিত্র কল্পতরু কামধেনু
গৃহ লিখে ন বিপত্তি নশাবৈ ॥৩॥
ষটরস বহু প্রকার ভোজন কোউ দিন
অরু [3]রৈনি [4]বখানৈ। বিনবোল সন্তোষ
জনিত সুখ খাই সোই পৈ জানৈ ॥৪॥
জবলগি নহিঁ নিজ হৃদি [5]প্রকাশ
অরু বিষয়আস মনমাহীঁ। তুলসিদাস
তবলগি জগযোনি ভ্রমত সপনেহুঁ
সুখ নাহীঁ ॥৫॥

বিনয় পত্রিকা (১২৪)

মূল।

জো নিজ মন পরিহরৈ বিকারা।
তৌ কত দ্বৈতজনিত সংসৃতি দুখ
সংশয় শোক অপারা ॥১॥

১। নিবাইলে। ২। অন্ধকার। ৩। রাত্রি। ৪। মুখে বলে। ৫। আত্মজ্ঞানের প্রকাশ।

অনুবাদ।

রঘুপতি! পারিনু বুঝিতে ইহা কিছু।
না হইলে কৃপালু তোমার কৃপা নিছু॥
দাসহিতকারী! কভু এই চরাচরে।
মিটিবে না মোহ মায়া দাসের অন্তরে॥১॥
হইলেও [১]বাক্যজ্ঞানে অত্যন্ত নিপুণ।
তরিতে নারিবে, কেহ ভবনিধি শুন॥
নিবাইলে গৃহে দীপ নিশিতে যেমন।
ঘোর অন্ধকারে নাহি হয় নিবারণ॥২॥
দীন দুঃখী অতিশয় যেন কোন লোক।
অশনবিহনে পায় অতিশয় শোক॥
কল্পতরু কামধেনু লিখিয়া আগারে।
আপন বিপত্তি সেই নাশিতে না পারে॥৩॥
দিবারাতি ষড়রস ভোজন যেমন।
মুখে বলি সুখ নাহি পায় কোনজন॥
না কহিয়া মুখে, তাহা সেই জন খায়।
সন্তোষজনিত সুখ সেই নিছু পায়॥৪॥
যাবত না হয় হৃদে [২]আত্মপরকাশ।
না উপজে মন মাঝে বিষয়ে [৩]তরাস॥
তাবত তুলসি! বিশ্বযোনি ভরমণে।
পাইবে না সুখ কভু তমিহ স্বপনে॥৫॥

বিনয় পত্রিকা (১২৪)

অনুবাদ।

যদ্যপি আমার মন করে পরিহার।
বিষয়বাসনা রূপ বিকার তাহার॥
তা হলে হইবে কেন তাহার অপার।
[৪]দ্বৈতজাত [৫]ভবভ্রম দুখ শোক আর॥১॥

১। "তত্ত্বমসি" ইত্যাদি বাক্যের জ্ঞানে মতে। ২। আত্ম-

মূল।

শত্রু মিত্র [১]মধ্যস্থ তীনি যে মন কীন্হে
[২]বরিয়াই। [৩]ত্যাগন [৪]গহন উপেক্ষনীয়
অহি [৫]হাটক তৃণকী নাহিঁ ॥২॥
অশন বসন পশু বস্তু বিবিধবিধি
সব মনিমহঁ রহ জৈসে। স্বরগ নরক
চর অচর লোক বহু বসত মধ্য মন
তৈসে ॥৩॥
[৬]বিটপমধ্য [৭]পুতরিকা সূতমহঁ কঞ্চুক
বিনহিঁ বনায়ে। মনমহঁ তথা লীন
নানা [৮]তন প্রগটত অবসর পায়ে ॥৪॥
রঘুপতিভক্তি [৯]বারিচ্ছালিত চিত বিনু
প্রয়াসহী সূঝৈ। তুলসিদাস কহ চিদ-
বিলাস জগ বূঝত বূঝত বূঝৈ ॥৫॥*

জ্ঞানের উদয়। ৩। বাস। ৪-। ৪। রাগদ্বেষাদি হইতে উৎ-পন্ন। ৫। সাংসারিক ভ্রম।

১। উদাসীন। ২। জোরে। ৩। ত্যজ্য। ৪। গ্রহ-ণীয়। ৫। সুবর্ণ। ৬। তরু। ৭। পুত্তলিকা। ৮। তনু। ৯। প্রক্ষালিত।

*অর্থাৎ যাহার রামের প্রতি স্বাভাবিক অকপট ভক্তি হইয়াছে সে ইহা অনায়াসে বুঝিতে পারে কিন্তু জগতের জীব ভজন পূজন আদি কর্ম্ম করিতে করিতে শুদ্ধান্তঃকরণ হইলে তবে এই সচ্চিদা-নন্দের লীলা বুঝিতে পারিবে।

অনুবাদ।

শত্রু মিত্র উদাসীন এই তিন জন।
নিজ ব্যবহারে মন করে সিরজন ॥
ত্যজ্য ও উপেক্ষণীয় গ্রহণীয় তেন।
[১]অহি তৃণ সুবর্ণ ত্রিবিধ বস্তু যেন ॥২॥
নানা পরকার পশু [২]অশন বসন।
মিলে সমুদয় বস্তু মণিতে যেমন ॥
নরক স্বরগ লোক বহু চরাচর।
বসতি করয়ে তেন মনের ভিতর ॥৩॥
পুত্তলিকা তরু মাঝে [৩]কঞ্চুক সূতায়।
গুপ্ত যেন যতক্ষণ গড়া নাহি যায় ॥
তেন নানা তনু গুপ্ত মনের ভিতর।
প্রকাশিত হয় যবে পায় অবসর ॥৪॥*
রঘুপতি ভকতিসলিলে প্রক্ষালিত।
হইলে হেরিবে বিনা পরয়াসে চিত ॥
বুঝিবে [৪]জগত [৫]চিদানন্দের [৬]বিলাস।
বুঝিতে বুঝিতে কহে শ্রীতুলসীদাস ॥৫॥

১। সর্প। ২। খাদ্য দ্রব্য। ৩। কাঁচুলী। ৪। জগতের জীব। ৫। অখণ্ড চিদানন্দ স্বরূপ পরব্রহ্মের। ৬। লীলা।

* অর্থাৎ যেমন সময়ে কাষ্ঠ হইতে নির্ম্মিত হইয়া পুত্তলিকা ও সূত্র হইতে কাঁচুলী প্রকাশিত হয় সেইরূপ এই জীব মনের দ্বারা শুভাশুভ কর্ম্ম করিয়া নর আদি নানা তনু ধারণ করিয়া প্রকাশ পায়।

মূল।

মৈঁ কেহি কহৌঁ বিপতি অতিভারী।
শ্রীরঘুবীর ধীর হিতকারী ॥১॥
মম হৃদে ভবন প্রভু তোরা। তহঁ
বসে আই বহু চোরা ॥২॥
অতি কঠিন করহিঁ [১]বরজোরা। মানহিঁ
নহিঁ বিনয় [২]নিহোরা ॥৩॥
তম মোহ লোভ [৩]অহঁকারা মদ [৪]ক্রোধ
বোধরিপু [৫]মারা ॥৪॥
অতি করহিঁ উপদ্রব নাথা। [৬]মরদহিঁ
মোহি জনে অনাথা ॥৫॥
মৈঁ এক অমিত [৭]বটপারা। কোউ
সুনৈ ন মোর [৮]পুকারা ॥৬॥
[৯]ভাগেহু নহি নাথ [১০]উবারা। রঘুনায়ক
করহু [১১]সঁভারা ॥৭॥
কহ তুলসিদাস শুনু রামা। লূটহিঁ
তসকর তব ধামা ॥৮॥
চিন্তা য়হ মোহি অপারা। অপযশ
নহিঁ হোই তুম্হারা ॥৯॥

১। জোরে অত্যাচার। ২। মিনতি। ৩। অহঙ্কার। ৪। রোষ। ৫। কাম। ৬। মর্দ্দন করে। ৭। চোর। ৮। চীৎকার। ৯। পলাইয়া। ১০ পরিত্রাণ। ১১। রক্ষা।

অনুবাদ।

কহি কারে বিপত্তি আমার ভারি অতি।
তুমি ধীর [১]দাসহিতকারী রঘুপতি ॥১॥
আমার হৃদয় প্রভো! হয় তব ঘর।
তথা আসি বসিয়াছে অনেক [২]তস্কর ॥২॥
করিতেছে জোর করি অত্যাচার ঘোর।
বিনতি মিনতি কিছু নাহি মানে মোর ॥৩॥
তম মোহ লোভ অতিশয় অহঙ্কার।
বোধরিপু ভয়ঙ্কর রে য মদ [৩]মার ॥৪॥
অতিশয় উপদ্রব করিতেছে নাথ!
[৪]মরদন করে মোরে জানিয়া অনাথ ॥৫॥
আমিহ একক প্রভো! অগণিত চোর।
কেহ নাহি শুনিতেছে চীৎকার মোর ॥৬॥
কোথাও পলায়ে নাথ! নাহি পরিত্রাণ।
রক্ষা করি রঘুনাথ রাখ মোর প্রাণ ॥৭॥
কহিছে তুলসিদাস শুন প্রভু রাম।
করিতেছে [৫]লুণ্ঠন তস্কর তব ধাম ॥৮॥
ইহাই অপার চিন্তা হৃদয়ে আমার।
যাহাতে না হয় কোন অযশ তোমার ॥৯॥

১। দাসের হিতকারী। ২। চোর। ৩। কাম। ৪। মর্দন, পীড়ন। ৫। লুঠ, অপহরণ।

বিনয় পত্রিকা (১২৫)

মূল।

মন মেরে মানৈ শিখ মেরী। জো নিজ
ভক্তি চহৈ হরিকেরী ॥১॥
উর আনহিঁ প্রভুকৃত হিত জেতে।
সেবহি তজে [১]আপনপৌচেতে ॥২॥
দুখ সুখ অরু অপমান বড়াই।
সব সম [২]লেখহিঁ বিপতি বিহাই ॥৩॥
শুনু শঠ কালগ্রাসিত য়হ [৪]দেহী।
জনি তেহি লাগি বিদূষহি কেহী ॥৪॥
তুলসিদাস বিনু অসি মতি আয়ে।
মিলহিঁ ন রাম [৫]কপট-লৌলায়ে ॥৫॥

বিনয় পত্রিকা (১২৭)

মূল।

মৈঁ জানী হরিপদ রতি নাহীঁ।
সপনেহুঁ নহি বিরাগ মন মাহী ॥১॥
জে রঘুবীরচরণ অনুরাগে। তিন্হ
সব ভোগ রোগ সম ত্যাগে ॥২॥

১। আপন দেহের অভিমান। ২। ভাবিলে। ৩। যাইবে। ৪। দেহ। ৫। কপটতা করিলে।

অনুবাদ।

আমার সুশিক্ষা এই মান মন মোর।
লভিতে হরির ভক্তি বাঞ্ছা যদি তোর ॥১॥
প্রভুকৃত হিত যত হিয়া মাঝে আন।
সেবা কর তজি নিজ দেহ অভিমান ॥২॥
দুখ সুখ সুগৌরব আর অপমান।
বিপত্তি যাইবে, সবে ভাবিলে সমান ॥৩॥
শুন শঠ কালাগ্রস্ত হয় দেহ এহ।
তার লাগি কাহাকেও দোষ নাহি দেহ ॥৪॥
শুনহ তুলসী হেন মতি না হইলে।
কপটতা করি কভু রাম নাহি মিলে ॥৫॥

বিনয় পত্রিকা (১২৭)

অনুবাদ।

জানি রতি নাহি মোর হরির চরণে।
সপনেও বিরাগ নাহিক মোর মনে ॥১॥
রামের চরণে যার হয় অনুরাগ।
রোগ সম করে সেই ভোগ সব ত্যাগ ॥২॥

১। দেহের গর্ব। ২। সুখ, দুখ, মান, অপমান এই সকলকে। ৩। কালের দ্বারা গ্রস্ত অর্থাৎ নশ্বর।

বিনয় পত্রিকা (১২৭)

মূল।

[1]কামভুজঁগ [2]ডসত জব জাহী। বিষয়-
[3]নীব কটু লগৈ ন তাহী ॥৩॥
[4]অনমঞ্জস অগ হৃদয় বিচারী। বঢ়ত
শোচ নিত নূতন ভারী ॥৪॥
জব কব রামকৃপা দুখ জাই। তুলসিদাস
নহিঁ আন উপাই ॥৫॥

বিনয় পত্রিকা (১২৮)

মূল।

সুমিরু সনেহ সহিত সীতাপতি।
রামচরণ তজি নাহিঁন আন গতি ॥১॥
জপতপতীরথ যোগ সমাধী। কলি
মতি বিকল ন কছু [5]নিরুপাধী ॥২॥
করতহুঁ সুকৃত ন পাপ [6]সিরাহীঁ।
রক্তবীজ জিমি বাঢ়ত জাহীঁ ॥৩॥
হরণি এক অঘ-অসুর-জালিকা।
তুলসিদাস প্রভুকৃপা কালিকা ॥৪॥

১। কামনাগ। ২। দংশন করে। ৩। নিম্ব। ৪। অসামঞ্জস্য, অনুপযুক্ততা। ৫। বাধা হীন, সগুন। ৬। ফুরা হয়ে।

অনুবাদ।

[১]কামনাগ দংশন করয়ে যবে যায়।
না লাগে [২]বিষয়নিম্ব [৩]কটু কভু তায় ॥৩॥
অনুপযুক্ততা এই হৃদয়ে বিচারি।
বাড়ে নিত নব নব শোক মনে ভারি ॥৪॥
যায় যদি দুখ যাবে রামের কৃপায়।
নাহিক তুলসিদাস অপর উপায় ॥৫॥

বিনয় পত্রিকা (১২৮)

অনুবাদ।

স্মরণ সনেহ সহ কর সীতাপতি।
রামের চরণ তজি নাহি আন গতি ॥১॥
জপ তপ যোগ ধ্যান তীরথগমন।
কলিতে সম্ভব নহে, ব্যাকুলিত মন ॥২॥
করিলেও পুণ্য, পাপ নাহি ফুরাইবে।
[৪]রক্তবীজ সেন উহা বাড়িয়া যাইবে ॥৩॥
নাশিতে সক্ষম অঘ-অসুর-জালিকা।
তুলসি! কেবল [৬]প্রভু-করুণা-কালিকা ॥৪॥

১। কামরূপ সর্প। ২। বিষয়রূপ নিম্ব। ৩। তিক্ত। ৪। অসুর বিশেষ। ৫। পাপরূপ অসুর সমূহকে। ৬। প্রভুর করুণারূপ কালী।

মূল।

রুচির রসনা তূ রাম রাম রাম কোঁ না
রটত। সুমিরত সুখ সুকৃত বঢ়ত অঘ
অমঙ্গল [১]ঘটত ॥১॥
বিনুশ্রম কলিকলুষজাল কটু করাল
কটত। দিনকরকে উদয় জৈসে তিমির-
[২]তোম ফটত ॥২॥
যোগ যাগ জপ বিরাগ তপ সুতীরথ
[৩]অটত। বাঁধিবেকো [৪]ভবগয়ন্দ রেণুকী
রজু [৫]বটত ॥৩॥
পরিহরি সুরমণি সুনাম গুঁজা লখি
[৬]লটত। লালচ লঘু তেরো লখি তুলসি
তোহি [৭]হটত ॥৪॥

বিনয় পত্রিকা (১৩০)

মূল।

রাম রাম রাম রাম রাম রাম [৮]জপত।
মঙ্গল মুদ মুদিত হোত কলিমলচ্ছল
[৯]চ্ছপত ॥১॥
কহু কে লহে ফল [১০]রসাল [১১]ববুরবীজ
[১২]বপত। [১৩]হারহিজনি জনম [১৪]জায় গাল-
গূল [১৫]গপত ॥২॥

১। কমিয়া যায়। ২। সমূহ। ৩। ভ্রমণ। ৪। ভব-
করী। ৫। পাকান। ৬। লুব্ধ। ৭। ক্ষুব্ধ। ৮। জপিলে।
৯। যায়। ১০। আম। ১১। বাবলা। ১২। বুনি।
১৩। হারাওনা। ১৪। বৃথা। ১৫। গল্প করিয়া, জল্পনায়।

অনুবাদ ।

রাম রাম কেন নাহি রট জিহ্বা হায় ।
স্মরিলে সুকৃত সুখ বাড়ে, অঘ যায় ॥১॥
কলির [১]কলুষজাল হেলে কাটা যায় ।
রবির উদয়ে যেন তম নাশ পায় ॥২॥
যোগ যাগ জপ তপ তীরথ ভ্রমণ ।
[২]রেণুরজ্জু [৩]ভবকরী বাঁধিতে যেমন ॥৩॥
নামচিন্তামণিত্যজি গুঞ্জা হেরি লোভ ।
দেখি লঘু লোভ মোর তুলসীর ক্ষোভ ॥৪॥

বিনয় পত্রিকা (১৩০)

অনুবাদ ।

রাম রাম রাম রাম জপিলে হিয়ায় ।
[৪]মুদ শুভ হয় [৫]কলি-মল ছল যায় ॥১॥
বাবলার বীজ বুনি আম কেবা পায় ।
[৬]জল্পনায় হারাওনা জনম বৃথায় ॥২॥

১। পাপ রূপ জাল। ২। ধূলির দড়ি। ৩। ভব—সংসার, রূপ. হস্তী। ৪। আনন্দ। ৫। কলিকালের মলা—পাপ, ও ছল—কপটতা। ৬। অনর্থ অনেক কথা কহিয়া।

মূল।

কাল করম গুণ সুভাউ সবকে শীন
[1]তপত। রামনামমহিমাকী চরচা [?]লে
[2]চপাত ॥৩॥
সাধনবিনু সিদ্ধি সকল বিকল লোগ
[3]লপত। কলিযুগ বর [4]বনিজ বিপুল
নামনগর [5]খপত ॥৪॥
নামসোঁ প্রতীতি প্রীতি হৃদয় সুথির
[6]থপাত। পাবন কিয়ে রাবণরিপু
তুলসিহুসে [7]অপত ॥৫॥

বিনয় পত্রিকা (১৩১)

মূল।

পাবন প্রেম রামচরণকমল জনম [8]লাহু
পরম। রামনাম লেত হোত
সুলভ সকল ধরম ॥১॥
যোগ [9]মখ বিবেক বিরতি বেদবিদিত
করম। করিবেকহুঁ কটু কঠোর সুনত
মধুর নরম ॥২॥
তুলসী শুনি জ্ঞান বুঝি ভুলহি জনি
ভরম। তেহি প্রভুকী তু শরণ হোহি
জেহি সবকী [10]সরম ॥৩॥

১। তাপ লেশ। ২। চুপ করিয়া বহে। ৩। যাহেচ্ছার হাত বাড়ায়। ৪। পণ্য। ৫। বিকায়। ৬। স্থাপিত হয়। ৭। অপূত, পাপী। ৮। লাভ। ৯। যাগ। ১০। লজ্জা।

অনুবাদ।

স্বভাব [১]ত্রিগুণ কাল করম সকল।
তাপ দেয় সব শিরে দিয়া নিজ ফল॥
রামনামমহিমাচরচা[২] চলে যথা।
লজ্জিত হইয়া চুপ করি রহে তথা॥৩॥
বিকল সকল লোক সাধন বিহনে।
সিদ্ধিলাভ করিবারে বাঞ্ছা করে মনে॥
কলিজাত ভাল মন্দ [৩]পণ্য সমুদায়।
একমাত্র [৪]রামনামনগরে বিকায়॥৪॥
করিলে প্রতীতি প্রীতি শ্রীরামের নামে।
হৃদয় সুস্থির হয় ত্যজি সব [৫]কামে॥
তুলসীর মত কেবা পাপী অদভুত।
করিলা রাবণ রিপু তাহাকেও পূত॥৫॥

বিনয় পত্রিকা (১৩১)

অনুবাদ।

রামের চরণে যদি পূত প্রেম হয়।
জনম লাভের তাহা লাভ অতিশয়॥
লইলে রামের নাম পাবন পরম।
হইবে সুলভ অতি সকল ধরম॥১॥
যোগ যাগ আদি বেদবিদিত করম।
করিতে কঠোর কটু শুনিতে নরম॥২॥
তুলসি! সাধন ফল নিগমে শুনিয়া।
ভুলিওনা রামে কভু ভরমে পড়িয়া।
লও তুমি এবে সেই প্রভুর শরণ।
করেন সবার লজ্জা যিনি নিবারণ॥৩॥

১। সত্ব, রজঃ, তম। ২। রামের নামের মহিমার চর্চা।
৩। বিক্রেয় দ্রব্য। ৪। রামের নামরূপ নগরে। ৫। কামনাকে।

মুল ।

রামসে [১]প্রীতমকী প্রীতিরহিত জীব।
[২]জায় জিয়ত। জেহি সুখ দুখ মানিলেত
সুখ সে সমুঝ [৩]কিয়ত ॥১॥
জহঁ তহঁ জেহি যোনি জনম মহি পতান
[৪]বিয়ত। তহঁ তহঁ তু বিষয় সুখহি চহত
লহত [৫]নিয়ত ॥২॥
কত বিমোহ লট্যৌ ফট্যৌ গগন মগন
[৬]সিয়ত। তুলসী প্রভু সুযশ গাই ক্যোঁ ন
সুধা পিয়ত ॥৩॥

বিনয় পত্রিকা (১৩৩)

মূল ।

তোসোঁ হৌ ফিরি ফিরি হিত প্রিয়
পুনীত সত্য বচন কহত। শুনি মন গুনি
সমুঝি ক্যোঁ ন সুগম সুমগ [৭]গহত ॥১॥
ছোটো বড়ো [৮]খোটো [৯]খরো জগ জো
জহঁ রহত। অপনে অপনে কো ভলো
কহু জো ন চহত ॥২॥
বিধি লগি লঘু কীট অবধি সুখ সুখী
দুখ [১০]দহত। পশুলোঁ পশুপাল ঈশ
বাঁধত ছোরত [১১]নহত ॥৩॥
[১২]বিষয়মুদ [১৩]নিহার ভার শিরকো কাঁধে
জ্যোঁ বহত যোঁহী জিয় জানি মানি শঠ
তু [১৪]শাসতি সহত ॥৪॥

১। পিয়তমের। ২। বৃথা। ৩। কিরূপ সামান্য। ৪। আকাশে। ৫। নিয়তিতে, ভাগ্যবশে। ৬ সীবন করিতে। ৭। ধর। ৮। মন্দ। ১০। দগ্ধ। ১১। যোতে। ১২। বিষয় সুখ। ১৩ দেখ। ১৪। শাসন।

অনুবাদ।

প্রিয়তম রামপ্রতি প্রীতি না করিলে।
জীবন যাইবে বৃথা জীবিত রহিলে ॥
যে সুখে অতীব সুখ করহ গান।
কিরূপ সামান্য তাহা বুঝহ এখন ॥১॥
যে যোনিতে জনমিবে করমের বশে।
এই ধরাতলে কিম্বা পাতাল আকাশে ॥
তথা তথা চাহিবে বিষয়সুখ যাহা।
লভিবে কেবল নিজ ভাগ্যবশে তাহা ॥২॥
অতিশয় বিমোহে হইয়া [১]নিমগন।
কেন চাহ ছিন্নাকাশ করিতে [২]সীবন ॥
তুলসি ! প্রভুর যশ করি সদা গান।
কেন নাহি চাহ সুধা করিবারে পান ॥৩॥

বিনয় পত্রিকা (১৩৩)

অনুবাদ

জীব ! তোরে বারবার হিতের কারণ।
কহিতেছি পূত প্রিয় যথার্থ বচন ॥
শুনি গুণি বুঝিয়াও আপন [৩]অন্তর।
সুগম [৪]মারগভূমি কেন নাহি ধর ॥১॥
ভাল মন্দ ছোট বড় যথা যেবা রহে।
আপন আপন ভাল বল কেবা চাহে ॥২॥
বিধাতা অবধি লঘু পতঙ্গ পর্য্যন্ত।
সুখে সুখী দুখে দুখী সবাই অত্যন্ত ॥
পালে পশুপাল নিজ পশুকে যেমন।
বাঁধেন ছাড়েন ঈশ যোতেন তেমন ॥৩॥
হেরহ বিষয়সুখ কিঞ্চিত তেমন।
শিরভার কাঁধে বহি আমোদ যেমন ॥
ইহা মনে জানি শঠ করহ গণন *
সহিতেছ তুমি নিত কিরূপ শাসন ॥৪॥

---

(১) নিমগ্ন (২) সেলাই (৩) মনে (৪) মার্গ, পথ * অর্থাৎ পশুপাল যেমন পশুকে রাত্রিতে বাঁধেও প্রাতে ছাড়িয়া দেয় ও সময়ে ২ লাঙ্গলে যোতে সেইরূপ ঈশ্বর জীবকে অবিদ্যারূপী রাত্রিতে বাঁধেন জ্ঞানরূপী প্রাতে ছাড়িয়া দেনও কর্ম্মরূপ লাঙ্গলে যোতেন।

বিনয় পত্রিকা (১৩৩)

মূল।

পায়ে কেহি ঘৃত বিচার [১]হরিণবারি
মহত। তুলসী তকু তাহি শরণ
জাতে সব [৩]লহত॥৫॥

বিনয় পত্রিকা (১৩৪)

মূল

তাতে হোঁ বারবার দেব দ্বার পরি
[৪]পুকার করত। আরতি নতি দীনতা
কহে প্রভু সঙ্কট হরত॥১॥
লোক পাল শোকবিকল রাবণডর
ডরত। কা শুন [৫]সকুচে কৃপালু নর-
শরীর ধরত॥২॥
কৌশিক [৬]মুনিতীয় জনক শোকঅনল
[৭]জরত। সাধন কেহি শীতলভয়ে সো।
ন সমুঝি পরত॥৩॥
[৮]কেবট খগ [৯]সবরি [১০]সহজ চরণকমল
ন রত। [১১]সন্মুখ তোহি হোত নাথ কু-
তরু সুফল [১২]ফরত॥৪॥
বন্ধুবৈর [১৩]কপি বিভীষণ গুরু [১৪]গলানি
[১৫]গরত। সেবা কেহি [১৬]রীঝি রাম কিয়ে
[১৭]সরিস ভরত॥৫॥

---

(১) মরীচিকা (২) মথন করিয়া (৩) সুখলভ করে (৪) চীৎকার (৫) সঙ্কুচিত হইলে (৬) মুনি— পত্নী (৭) দহন হইতে ছিল (৮) নিষাদ (৯) শবরী ১০। স্বভাবতঃ ১১। অনুকূল ১২। ফলে ১৩।— সুগ্রীব ১৪। গ্লানিতে, দুঃখে ১৫। গলিতেছিল, জরিতেছিল ১৬।— প্রসন্ন হইয়া ১৭। সম।

অনুবাদ ।

কেবা পায় ঘৃত মনে করহ বিচার ।
মরীচিকা মথন করিয়া বারবার ॥
তুলসী তাকাও তায় লইতে শরণ ।
যাঁহার কৃপায় সুখ লভে সর্ব্বজন ॥৫॥

বিনয় পত্রিকা (১৩৪)

অনুবাদ

তাহাতেই দেব ! দ্বারেপড়ি বারবার ।
কাতর হইয়া আমি করি চীতকার ॥
কহিলে বিনতি কার দীনতা [১]আরতি ।
সঙ্কট হরহ প্রভো ! কৃপাকার অতি ॥১॥
রাবণের ভয়ে শোকে ব্যাকুলিত মন ।
বিনতি করিল যবে লোক পালগণ ॥
শুনি তাহা হইলে কি সঙ্কুচিত অতি ।
নরদেহ ধরিতে কৃপালু রঘুপতি ॥২॥
মুনি [২]পত্নী [৩]কৌশিক জনক নর পতি ।
দহন হইতেছিল শোকানলে অতি ॥
শীতল হইল কিবা করিয়া সাধন ।
তাহা নাহি পারিতেছি বুঝিতে এখন ॥৩॥
[৪]নিষাদ [৫]শবরী [৬]খগ নাহি স্বভাবত ।
চরণ কমলে তব নাথ ! ছিল রত ॥
হও নাথ তুমিত যখন অনুকূল ।
ফলে কুতরুতে অতি সুমধুর ফল ॥৪॥
সুগ্রীব ও বিভীষণ বন্ধুবৈরি [৭]তায় ।
যখন জরিতেছিল দুঃখিত হিয়ায় ॥
কিবা সেবা লভি রান প্রসন্ন হইয়া ।
করিলে ভরত সম রাজ্যদান দিয়া ॥৫॥

১। অর্ত্তি ২। অহল্যা ৩। বিশ্বামিত্র ৪। গুহক ৫। ব্যাধপত্নী ৬। জটায়ু ৭। ভ্রাতার শত্রুতাচরণে।

মূল

সেবক ভয়ো পবনপূত সাহেব অনু [১]হরন্ত।
তাকো লিয়ে রাম নাম সবকো
[২]সুচর [৩]চরত ।।৬।।
জানে বিন রামরীতি পচি পচি জগত্
মরত। পরিহরি ছল শরণ গয়ে
তুলসিহুসে তরত ॥৭॥

বিনয় পত্রিকা (১৩৫)

মূল (রাগ সূহো বিলাবল)

রাম সনেহীসোঁ তৈঁন সনেহ কিয়ো।
অগম জো অমরনিহুঁ সোতনু তোহিঁ
দিয়ো ।।

ছন্দ

দিয়ো সুকুল জনম শরীর সুন্দর
হেতু জো ফল চারকো। জো পাইপণ্ডিত
পরম পদ পাবত পুরারি মুরারিকো ।।
যহ ভরত খণ্ড সমীপ সুরসরিথল
ভলো সঙ্গতিভলী তেরী কুমতি [৪]কায়র
[৫]কলপবল্লী চহতিহৈ বিষফল ফলী ।।১।।

১। অনুরূপ হইল ২। সুচললে ৩। চল, কৃপাকর ৪। কাপুরুষ
৫। কল্পলতা।

অনুবাদ।

হইয়া কেবল দাস [১]পাবনসন্তান।
হইল সকল গুণে স্বামীর সমান॥
লইলে [২]তাহারনাম রাম! [৩]তারপ্রতি।
সকল প্রকারে তুমি কৃপা কর অতি॥৬॥
না জানিয়া রাম! তব রীতিলোকগণ।
পচি পচি মরে করি বিবিধ সাধন॥
ছল তজি শরণ লইলে পদবরে।
তুলসীর সম পাপী অনায়াসে তরে॥৭॥

বিনয় পত্রিকা (১৩৫)

অনুবাদ

করিলেন। [৪]সনেহ [৫]সনেহী রামপ্রতি।
অকারণ দয়াবান প্রভু রমাপতি।
অমরেরো দুরলভ সে তনু তোমায়।
দিয়াছেন দয়াময় আপন দয়ায়।
চারি ফল পাইবার হেতু মনোরম।
দিয়াছেন নরতনু, সুকুলে জনম॥
যাহা লভি [৬]অরজন করে সুধীবর।
ত্রিপুরারি [৭]মুরারির পদ গুরুতর॥
সুরসরী সমীপে ভরত খণ্ড স্থান।
উত্তম সঙ্গতি [৮]সহইথে বিদ্যমান॥
কাপুরুষ তোমার কুমতি অতিশয়।
কলপলতায় চাহ [৯]ফল বিষময়॥১॥

১। হনুমান ২। হনুমানের ৩। হনুমানের। নাম গ্রহণ কারীর-প্রতি ৪। স্নেহ ৫। স্নেহী, স্নেহবান ৬। অর্জ্জন ৭। মহাদেব ও বিষ্ণুর ৮। এই নরদেহে ৯। জন্ম মরণ রূপ বিষময় ফল।

মূল।

অজহুঁ সমুঝি চিত দৈ শুনু [১]পরমারথ।
হৈ হিত সো জগহুঁ জাহিতে স্বারথ॥
স্বারথহি প্রিয় স্বারথ সো কা তৈঁ কৌন
বেদ বখানই। দেখু খল [২]অহিখেল
পরিহরি সো প্রভুহি [৩]পহিচানই॥ পিতু
মাতু গুরু স্বামী [৪]অপনপৈ [৫]তিয়তনয়
সেবক সখা। প্রিয় লগত জাকে প্রেমসো
[৬]বিনহেত [৭]হিত নহিঁ তৈঁ [৮]লখা॥২॥
দূরি ন সো [৯]হিতু হের হিয়েহীহৈ।
চ্ছলহি চ্ছাঁড়ি সুমিরে চ্ছোহ কিয়েহী
হৈ॥ [১০]কিয়েচ্ছোহ চ্ছায়া কমলকরকী
ভক্তপর [১১]ভজ তেহি ভজৈ। জগদীশ
জীবন জীবকো জো সাজ সব সবকো
সজৈ॥ হরিহি [১২]হরিতা বিধিহি
[১৩]বিধিতা শিবহি [১৪]শিবতা জো দই।
সোই জানকীপতি-মধুর মুরতি
মোদময় মঙ্গলমই॥৩॥

১। পরমার্থবচন ২। অহিসনে খেলা ৩। চেন ৪। আপন-শরীর ৫। স্ত্রী [illegible] বিনাহেতু ৭। হিতকর ৮। লক্ষ্যকর, চেন ৯। হিতকারী ১০। স্নেহ করিয়া ১১। যে ভজে ১২। হরির-পালন কারীগুণ ১৩। উৎপত্তিকারী শক্তি ১৪। সংহার করিবার শক্তি।

অনুবাদ।

ইহা বুঝি এখনো শুনহ দিয়া মন।
হিতকর এই পরমারথ বচন॥
ইহাতে হইবে ইহলোকে অতি হিত।
সংসারেও হইবেক [1]স্বারথ সাধিত॥
হইলে স্বারথমাত্র প্রিয় অতিশয়।
কাহার নিকট উহা মিলিবে নিশ্চয়॥
সেই সব স্বার্থদাতা কেবা হয় বল।
যাহার বাখান করে নিগম সকল॥
[2]অহিসনে খেলা খল করি পরিহার।
চেন সেই প্রভুকে এখনো আপনার॥
পিতা মাতা গুরু স্বামী শরীর আপন।
স্ত্রী পুত্র সেবক সখা ভালবাসে মন॥
যাঁর [3]প্রেমে প্রিয় হয় ইহারা সকল।
[4]বিনাহেতু [5]হিতকরে নাহি চেন খল॥২॥
সেই হিতকারী প্রভু দূরে নাহি হন।
হিয়াতেই আছেন করহ বিলোকন॥
ছল ছাড়ি প্রীতি করি করিলে স্মরণ।
দেখিতে পাইবে তুমি হিয়ায় আপন॥
করেন [6]কমলকরছায়া ভক্তপরে।
যে ভজে তাঁহায়, [7]তিনি ভজেন তাহারে॥
জগদীশ সমুদয় জীবের জীবন।
সাজান সকলে সাজে আপন আপন॥
বিধাতাকে বিধিত্ব হরিকে হরিগুণ।
শিবকে শিবত্ব তাঁর দেন যেহ শুন॥
মধুর মূরতিমান সেই সীতাপতি।
সকল মঙ্গলময় [8]মোদময় অতি॥৩॥

১। ঐশ্বর্য্য আদি স্বার্থ ২। বিষধর রূপ বিষধারণ কারী সংসার রূপ সর্পের সহিত ৩। যাঁর প্রদত্ত প্রেমে ৪। বিনা কারণে স্বভাবতঃ ৫। হিতকারীকে ৬। করপঙ্কের ছায়া ৭। অনুগ্রহ করেন ৮। আনন্দময়।

মূল

ঠাকুর অতিহি বড়োশীল সরল সুঠি।
ধ্যান অগম শিবহুঁ ভেঁট্যো কেবটউঠি ॥
ভরি অঙ্কভেট্যো সজলনয়ন সনেহশিথিল
শরীরসো। সুরসিদ্ধ মুনি কবিকহত কোউ
ন প্রেমপ্রিয় রঘুবীরসো ॥ খগ শবরী
নিশিচর ভালু কপি কিয়ে আপুতে
বন্দিত বড়ো তাপর তিন্হকে সেবাসুমিরি
জিয় জাত জনু সকুচনি গড়ে ॥৪॥
স্বামীকো সুভাব কহ্যো সো জব উর
আনিহৈঁ। শোচ সকল মিটিহৈঁ রাম
ভলো মন মানিহৈঁ ॥ ভলো মানিহৈঁ
রঘুনাথ জোরি জো হাথ মাথো
নাইহৈ। তৎকাল তুলসীদাস
জীবন জন্মকো ফল পাইহৈ ॥
জপি নাম করহি প্রণাম কহি
গুণগ্রাম রামহিঁ ধরি হিয়ে। বিচরহি
অবনি অবনীশ চরণ সরোজ মন
মধুকর কিয়ে ॥ ৫॥

১। মনোরম ২। শিবাদি ৩। ক্রোড় ৪। পূজ্য ৫। সঙ্কোচে
৬। প্রোথিত ৭। জগদীশ্বরের চরণকমলে।

অনুবাদ।

সবচেয়ে বড় অতি প্রভু সীতাপতি।
সরল স্বভাব তাঁর মনোরম অতি॥
মহাদেবো ধ্যান করি যাঁরে নাহি পান।
মিলিতে নিষাদসনে উঠি তিনি ধান
মিলেন ভরিয়া ক্রোড়ে সজল নয়নে।
সনেহে শিথিলদেহ হইয়া আপনে॥
কহে কবি সুর সিদ্ধ মুনি সমুদয়।
রাম সম প্রেমপ্রিয় কেহ নাহি হয়॥
[১]শবরী রাক্ষস খগ ঋক্ষ কপিগণে।
আপনার চেয়ে পূজ্য করিলা ভুবনে॥
তথাপি তাদের সেবা করিয়া স্মরণ।
[২]সঙ্কোচে [৩]প্রোথিত হন অন্তরে আপন॥৪॥
কহিলাম স্বামীর যে স্বভাব শোভন।
ভাবিবে তুমিহ তাহা অন্তরে যখন॥
মিটিয়া যাইবে তব শোক সমুদয়।
রামো মনে মানিবেন ভাল অতিশয়॥
ইহাতেই পরসন্ন হইবেন হরি।
মাথা নোয়াইও যদি যোড় হাত করি॥
লভিবে তুলসীদাস তুমি সেইকাল।
আপন জীবন জানমের [illegible]
[illegible]পি রা[illegible] কহি গুণগ্রাম
অন্তরে ধরিয়া [illegible]মে [illegible] পূরণাম॥
বিচরণ কর সদা সুখে [illegible]ভিলে।
[৫]মনে অলি করি [illegible]শচরণকমলে॥৫॥

১। ব্যাধ পত্নী ২। লজ্জায় ৩। মগ্ন ৪। নিজের [illegible]কে ৫। প্রভু রামচন্দ্রের পাদপদ্মে।

মুল

জিয় জবতে হরি [১]বিলগাম্যো । তব্‌তে দেহ
গেহ নিজ জান্যো ।। মায়াবশ [২]স্বরূপ বিস
রায়ো তেহি ভ্রমসে দারুণ দুখ পায়ো ।।
পায়ো জো দারুণ দুসহ দুখ সুখ
লেশ সুপনেহুঁ নহিঁ মিল্যো । ভবশূল শোক
অনেক জেহি তেহি পন্থ হঠি হঠি চল্যো ।।
বহু যোনি জনম জরা বিপতি মতিমন্দ
হরি জান্যো নহীঁ । শ্রীরামবিনু বিশ্রাম মূঢ়
বিচার লখি পায়ো কহীঁ ।।১।।
আনন্দসিন্ধুমধ্য তব বাসা । বিনুজানে কস
মরসি পিয়াসা ।। [৩]মৃগভ্রমবারি সত্য জিয়
জানী । তহঁ তু মগন ভয়ো সুখ মানী ।। তহঁ
মগন মজ্জসি পানকরি এয়কাল জল
নাহীঁ জহাঁ । নিজ সহজ অনুভব রূপতব
খল ভূলি অব আয়ো তহাঁ ।। নিরমল
নিরঞ্জন নিরবিকার উদার সুখ তৈঁ পরি
হর্যো । [৪]নিহকাজ রাজ [৫]বিহাই নৃপ ইব
সপন কারাগৃহ পর্যো ।।২।।
তৈঁ নিজ কর্ম্মডোরি দৃঢ় কীহ্নী । অপনে
[৬]করন গাঠি গহি দীহ্নী ।। তাতে পরবশ
পর্যো [illegible] । তাফল গর্ভ[illegible]দুখ
আ[illegible] [৭]আগে [illegible] সমূহ সংসৃতি
উদরগত জা[illegible] শির হেঠ উপর
চরণ সঙ্কট বাত নাহিঁ পূছে কোউ ॥

১। হরি হইতে।পৃথক হইয়াই অর্থাৎ হরিকে তজিয়াছ ২। নিজরূপ ৩। মরীচিকা ৪। বিনাকাজে ৫। তজিয়া ৬। করে ৭। [illegible]

অনুবাদ।

ত্যজিয়াছ যদবধি হরিকে রে মন।
বুঝিয়াছ গেহ বলি দেহকে আপন॥
মায়াবশে ভুলিয়াছ [1]নিজরূপ তোর।
সেই ভ্রমে পাইতেছ দুখ অতি ঘোর॥
পাইতেছ সুদারুণ দুঃসহ কলেশ।
স্বপনেও নাহি মিলে কভু সুখলেশ॥
[2]ভবশূল শোক বহু যাহাতে অপার।
সেই পথে গতাগতি কেবল তোমার॥
জনমি যোনিতে বহু বার্দ্ধক্য বিপত্তি।
ভুগিয়াও হারকে না পান মূঢমতি॥
শ্রীরামবিহনে মূঢ় বিশ্রাম কোথায়।
বিচার করিয়া দেখ মিলিবে তোমায়॥১॥
সুখের সাগরমাঝে তোমার বসতি।
না জানি কেমন মর পিপাসায় অতি॥
ভ্রমে মরীচিকা সত্য বলি মনে জানি।
তাহাতে মগন তুমি হও সুখ মানি॥
করিতে মজ্জন পান মগন তথায়।
তিনকালে কভু নাহি সলিল যথায়॥
সহজেই অনুভূত স্বরূপ আপন।
ভুলি খল! আসিয়াছ তথায় এখন॥
নির্বিকার নিরঞ্জন নির্ম্মল উদার।
রে মন এমন সুখ করি পরিহার॥
বিনাকাজে নৃপ যথা রাজত্ব ত্যজিয়া।
[4]কারায় স্বপন রূপ রয়েছ পড়িয়া॥২॥
নিজ করমের ডোরে করিয়াছ মতি।
নিজকরে গাঁঠি দিয়া দৃঢ়তর অতি॥
হতভাগ্য পড়িয়াছ তাহে পরবশে।
তার ফলে গর্ভবাস দুখ অবশেষে॥
অনেক [5]সংসৃতিদুখ পাইবে যা পরে।
জানিতে পারিবে তাহা জননী উদরে॥
মস্তক হইবে নীচে উপরে চরণ।
বিষম সঙ্কটে পুছিবেনা কোনজন॥

[1] সচ্চিদানন্দরূপ [2] জন্মমরণ আদি সংসারের যাতনা [3] বিষয়রূপ মরীচিকা [4] কারাগারে [5] জন্মমরণ জনিত দুঃখ।

মূল।

শোনিত পুরীষ জো মূত্র মল কৃমি কর্দমাবৃত [১]সোবই। কোমল শরীর গঁভীর বেদন শীষ ধুনি ধুনি [২]রোবই ॥৩॥ [৩]তুনিজ করমজাল জহঁ ঘেরা। শ্রীহরি সঁগ তজো নহিঁ তেরো ॥ বহুবিধি প্রতি পালন প্রভু কীন্হেঁ। পরম কৃপালু জ্ঞান তোহিঁ দীন্হে ॥ তোহিঁ দিয়ো জ্ঞান বিবেক জনম অনেককী তব [৪]সুধি ভই। তেহি ঈশকী হোঁ শরণ জাকী বিষম মায়া গুণমই ॥ জেহি কিয়ে [৫]জীবনিকায় বশ রসহীন দিন দিন অতি [৬]নই। সোকরেঁ [৭]বেগি [৮]সঁভার শ্রীপতি বিপতিমহঁ জেহি [৯]মতি দই ॥৪॥

পুনি বহুবিধি গলানি জিয়মানী। অব জগ জাই ভজোঁ চক্রপাণী ॥ ঐসহি করি বিচার চুপ [১০]সাধী ॥ [১১]প্রসব পবন প্রেরেউ [১২]অপরাধী ॥ প্রেরেউ জো পরম প্রচণ্ড [১৩]মারুত কষ্ট নানা তৈঁ সহ্যো। সো জ্ঞান ধ্যান বিরাগ অনুভব যাতনা-পাবক দহ্যো ॥ অতি খেদ ব্যাকুল অবল [১৪]ছিন এক বোলি ন আবঈ। তব [১৫]তীব্র কষ্ট ন জান কোউ সব লোগ হরষিত গাবঈ ॥৫॥

১। শুইবে ২। রোদন করিবে ৩। তোমার ৪। স্মরণ ৫। সমূহ ৬। নবীন ৭। ত্বরা ৮। রক্ষা ৯। সুমতি ১০। করিবে ১১। প্রসবিতে ১২। পাপীকে ১৩। বায়ু ১৪। ক্ষণ ১৫। কঠোর

অনুবাদ।

[১]শোণিত [২]পুরীষ কৃমি মূত্রে মলাকার।
[৩]কর্দমে হইবেক শয়ন তোমার ॥
হইবে কোমল দেহে গভীর বেদন।
মাথা কুটি কুটি তুমি করিবে রোদন ॥৩॥
ঘেরিবে করমজাল তোমায় যথায়।
তজিবেন নাহি হরি তথায় তোমায় ॥
করিবেন বহুবিধি পালন তথায়।
পরম কৃপালু দিয়া বিবেক তোমায় ॥
দিবেন বিবেক জ্ঞান তোরে যবে তথা।
পড়িবেক মনে বহু জনমের কথা ॥
কহিবে "লইব এবে তাঁহারি শরণ।
[৪]গুণময়ী মায়া হয় যাঁহার সৃজন" ॥
যেহ করে জীবগণে বশ [৫]রসহীন।
দিন দিন, রহি নিজে নিতই [৬]নবীন" ॥
করিবেন রক্ষা ত্বরা সেই রমাপতি।
বিপদেও দেন যিনি অতীব সুমতি ॥৪॥
কহিবে [৭]গলানি বহু পুনঃ মনে মানি।
ভজিব জগতে গিয়া এবে চক্র পাণি ॥
এরূপ বিচারি চুপ করিবে যখন।
[৮]প্রেরিবেন [৯]প্রসবিতে প্রাণীকে পবন ॥
পরম প্রচণ্ড বায়ু করিলে প্রেরণ।
বিবিধ যাতনা তুমি সহিবে তখন ॥
সেই জ্ঞান ধ্যান ও [১০]বিরাগ [১১]অনুভব।
যাতানা [১২]পাবক তব [১৩]দহিবেক [১৪]সব ॥
অল্পবল ব্যাকুলিত খেদে অতিশয়।
ধরায় আসিতে তব ক্ষণেকো না হয় ॥
নাহি জানে কেহ তব কঠোর কলেশ।
গান করে লোক সব হরষে বিশেষ ॥৫॥

১। রক্ত ২। বিষা ৩। কর্দমে ৪। সত্ত্বরজঃতমঃ এই ত্রিগুণাত্মক ৫। দুঃখী ৬। নূতন ৭। গ্লানি ৮। প্রেরণ করিবেন ৯। প্রসব করা-ইতে ১০ বৈরাগ্য ১১। স্বরূপ বোধ ১২। যাতনারূপ অগ্নি ১৩। দগ্ধ করিবেক ১৪।। জ্ঞানাদি সকলকে।

মূল।

বালদশা জেতে দুখ পায়ে। অতি অসয়স নাহিঁ জাহিঁ গনায়ে ॥ [১]ছুধা ব্যাধি [২]বাধা ভই ভারী। [৩]বেদন নহিঁ জানে মহতারী ॥ জননী ন জান [৪]পীর সো কেহি হেতু শিশু রোদন করৈ। সোই করৈ বিবিধ উপায় জাতে অধিক তুব ছাতী জারৈ ॥ কুমার শৈশব অরু কিশোর অপার [৫]অঘ কো কহি সকৈ। [৬]বিতরেক তোহি নিরদয় মহা খল আন কহু কো নহি সকৈ ॥৬॥

যৌবন যুবতী সঁগ রঁগ [৭]রাত্যো তব তু মহা মোহমদ মাত্যো ॥ তাত্তে তজি ধরমমর-[৮]যাদা। বিসরে তব সব প্রথম বিষাদ ॥ বিসরে বিষাদ [৯]নিকায় সঙ্কট সমুঝি নহি ফাটত হিয়ো। ফিরি গর্ভগত আবির্ত্ত সংস্থিতি চক্র জেহি হোই সোই কিয়ো ॥ কৃমিভাখ [১০]বিট [১১]পরিণাম তনু তেহি লাগি [১২]জগ বৈরী ভয়ো। পরদার পরধন দ্রোহপর সংসার বাঢ়ৈ নিত নয়ো ॥৭॥

১। ক্ষুধা ২। দুঃখ ৩ ব্যথা ৪। পীড়া ৫। পাপ ৬। ব্যতিরেকে, বিনা ৭। রতিকর ৮। মর্য্যাদা, সীমা ৯ সমূহ ১০। বিষ্টা ১১। শেষ-কালে, মরণে ১২। জগতের।

অনুবাদ।

পাও যত দুখ অতি বালকদশায়।
অনায়াসে তাহা সব গণা নাহিযায় ॥
ক্ষুধা ও ব্যাধিতে দুখ হয় যাহা ভারি।
জননীও না পারেন বুঝিতে বিচারি ॥
সেই পীড়া জননীও না জানিয়া মনে।
ভাবেন কাঁদিছে শিশু কিসের কারণে ॥
বিবিধ উপায় তবে সেই সব করে।
যাহাতে অধিক আরো তব হিয়া [1]জরে ॥
করহ শৈশবকালে [2]কিশোর [3]কৌমারে।
অপার যে সব পাপ কে কহিতে পারে ॥
তোমাবিনা অরে নিরদয় মহা খল।
আন কেবা সহিতে পারিবে তাহা বল ॥৬॥
যৌবনে যুবতী সহ যবে কর [4]রতি।
তাতে মহামোহ মবে তবে তব মতি ॥
ধর্ম্মের সীমা তাহে করিয়া লঙ্ঘন।
পূর্ব্বের [6]বিষাদ [illegible] মন ॥
পূরবের বিষাদ সমুহ ভুলি গিয়া।
[6]পরের সঙ্কট বুঝি নাহি কাটে হিয়া ॥
ঘুরিবে [7]সংসৃতিচক্রে গরভে যাইয়া।
যাহাতে করম সেই করহ ফিরিয়া ॥
বিষ্টা কৃমি ভস্ম হয় যে তনু মরণে।
জগতের বৈরী হও তাহার কারণে ॥
পরদারে পরধনে পরদ্রোহে [8]রতি।
বাড়ে [9]ভবে নিত নিত নব নব অতি ॥৭॥

১। দগ্ধহয় ২। ষষ্ঠবর্ষ হইতে দশম বর্ষ পর্য্যন্ত বয়সে ৩। জন্মাবধি পঞ্চম বর্ষ পর্য্যন্ত বয়সে ৪। রমণ, শৃঙ্গার ৫। পূর্ব্বজন্মের ৬। পরজন্মের ৭। জন্ম মরণ রূপ চক্রে ৮। আসক্তি ৯। সংসারে।

মুল ।

দেখতহী আই [১]বিরুধাই । জো তৈঁ সুপনে হু নাহিঁ বুলাই ॥ তাকে গুণ কছু কহে ন জাহী । সো অব [২]প্রগট দেখু তনমাহীঁ ॥ সোপ্রগট তন জরজর জরাবশ ব্যাধি শূল [৩]সতাঁবই । শির কম্প ইন্দ্রিয়শক্তি প্রতিহত বচন কাহুন [৪]ভাবইঁ ॥ [৫]গৃহপালহুতে অতি-নিরা-[৬]দর খান পান ন পাবই । ঐসিহু দশা ন বিরাগ তহঁ তৃষ্ণা তরঙ্গ বঢ়াবই ॥৮॥

কহি কো সকৈ [৭]মহাভব তেরে । জনমএককে কছুক [৮]গমেরে ॥ চারি [৯]খানি [১০]সন্তত অব-[১১]গাহীঁ । অজহুঁ ন কর বিচার মনমাহীঁ ॥ অজহুঁ বিচার বিকার তজি ভজু রাম [১২]জনসুখদায়কং । ভবসিন্ধু দুস্তর জল-[১৩]রথং ভজু চক্রধর [১৪]সুরনায়কং ॥ বিনহেতু করুণাকর উদার অপার [১৫]মায়াতারণং কৈবল্যপতি জগপতি রমাপতি প্রাণপতি-[১৬]গতিকারণং ॥৯॥

---

১ । জরা ২ । প্রত্যক্ষ ৩ । পীড়া দে[illegible] । ভাললাগে ৫ । কুকুর হইতে ৬ । অপমান ৭ । সব জন্মের কথা ৮ । গণিলাম ৯ । খনি ১০ । সন্তত ১১ । ভ্রমণকর ১২ । দাসসুখদাতা ১৩ । জলযান, তরণী ১৪ । সুরপতি ১৫ । ত্রাণকর্ত্তা ১৬ । গতিদাতা ।